অতএব অর্জ্জুন ইঁহাদের এক এক জনের প্রতিও দৃষ্টিপাত করিতে সমর্থ নহে; সুতরাং এই নরশ্রেষ্ঠেরা মিলিত হইয়া অর্জ্জুনকে বধই করিতে পারিবেন ॥৫৩॥

ভীষ্মদ্রোণকৃপাণাঞ্চ তুল্যঃ কর্ণো মতো মম।
অনুজ্ঞাতশ্চ রামেণ মৎসমোঽসীতি ভারত! ॥৫৪॥
কুণ্ডলে রুচিরে চাস্তাং কর্ণস্থ সহজে শুভে।
তে শচ্যর্থং মহেন্দ্রেণ যাচিতঃ স পরন্তপঃ ॥৫১॥
অমোঘয়া মহারাজ। শক্ত্যা পরমভীময়া।
তস্য শক্ত্যুপগূঢ়স্য কস্মাজ্জীবেদ্ধনঞ্জয়ঃ ॥৫৬॥ (যুগ্মকম্)
বিজয়ো মে ধ্রুবং রাজন্! ফলং পাণাবিবাহিতম্।
বিজয়ো মে ধ্রুবং রাজান্। ফলং পাণাবিবাহিতম্।
অভিব্যক্তঃ পরেষাঞ্চ কৃৎস্নো ভুবি পরাজয়ঃ ॥৫৭॥
অহ্না হ্যেকেন ভীষ্মোঽয়ং প্রযুতং হন্তি ভারত!।
তৎসমাশ্চ মহেষ্বাসা দ্রোণদ্রৌণিকৃপা অপি ॥৫৮॥

ভাবতকৌমুদী

ভীষ্মেতি। রামেণ কর্ণাচার্য্যেণ জামদগ্ন্যেন ॥৫৪॥

কুণ্ডলে ইতি। শচ্যর্থং শচ্যৈ দানার্থম্। শক্ত্যা শক্তিদানাঙ্গীকারেণ যাচিত ইতি সম্বন্ধঃ। তস্য কর্ণস্য, শক্ত্যা উপগূঢস্য রক্ষিতস্য সমীপে ॥৫৫—৫৬॥

বিজয় ইতি। আহিতং স্থাপিতম্। ধ্রুবমভিব্যক্তঃ স্পষ্টঃ ॥৫৭॥

অহ্নেতি।৩ প্রযুতমযুতম্। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

শিষ্যত্বেন পর্য্যচরম্ ॥৩৪-৪৪॥ পার্থিবী পৃথিবীসম্বন্ধিনী পার্থিবানাং বাজ্ঞাং বা ॥৪৫—৫৫॥ শক্ত্যা মূল্যভূতয়া তে কুণ্ডলে যাচিতঃ ॥৫৬॥ তস্য পুবত ইতি শেষঃ ॥৫৭—৫৭॥ তম্

ভরতনন্দন! তা'ব পব আমার ধাবণা এই যে, ভীষ্ম দ্রোণ ও কৃপের তুল্যই কর্ণ। পবশুরাম এই কর্ণকে বলিয়াছিলেন যে, 'তুমি আমাব সমান হইয়াছ' ॥৫৪॥

সুন্দব ও মঙ্গলজনক দুইটী কুণ্ডল কর্ণেব সহজাত ছিল। মহারাজ! ইন্দ্র স্বকীয় অমোঘ ও মহাভয়ঙ্কব শক্তির (অস্ত্রবিশেষের) বিনিময়ে শচীদেবীব জন্য সেই কুণ্ডল দুইটী প্রার্থনা করিয়া লইয়াছিলেন, সুতরাং সেই শক্তিযুক্ত কর্ণেব নিকটে অর্জ্জুন কি প্রকারে জীবিত থাকিবে? ॥৫৫—৫৬॥

অতএব হস্তস্থাপিত ফলের ন্যায় আমার জয় এবং শত্রুগণের সর্ব্বপ্রকারে পবাজয় সুস্পষ্টই বুঝা যাইতেছে ॥৫৭॥

ভবতনন্দন! এই ভীষ্ম এক এক দিনেই দশ হাজাব করিয়া সৈন্য বধ কবিয়া থাকেন; আবার দ্রোণ, কৃপ এবং অশ্বত্থামাও ভীষ্মেবই তুল্য মহাধনুর্দ্ধর ॥৫৮॥

সংশপ্তকানাং বৃন্দানি ক্ষত্রিয়াণাং পরন্তপ ! ।
অর্জ্জুনং বয়মস্মান্ বা নিহন্যাৎ কপিকেতনঃ ॥৫৯॥
তাংশ্চালমিতি মন্যন্তে সব্যসাচিবধে ধৃতাঃ ।
পার্থিবাঃ স ভবাংস্তেভ্যো হ্যকস্মাদ্ব্যথতে কথম্ ॥৬০॥
ভীমসেনে চ নিহতে কোঽন্যো যুধ্যেত ভারত ! ।
পরেষাং তন্মমাচক্ষ্ব যদি বেত্থ পরন্তপ ! ॥৬১॥
পঞ্চ তে ভ্রাতরঃ সর্ব্বে ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ ।
পরেষাং সপ্ত যে রাজন্ ! যোধাঃ সারং বলং মতম্ ॥৬২॥
অস্মাকন্তু বিশিষ্টা যে ভীষ্মদ্রোণকৃপাদয়ঃ ।
দ্রৌণির্বিকর্ত্তনঃ কর্ণঃ সোমদত্তোঽথ বাহ্লিকঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

সমিতি। হে পরন্তপ ! ক্ষত্রিয়াণাং যুদ্ধব্যবসায়িতয়া ক্ষত্রিয়বৃত্তীনামিত্যর্থঃ, অতএব "মৎসংহননতুল্যানাং গোপানামর্বুদং মহৎ। নারায়ণা ইতি খ্যাতাঃ সর্ব্বে সংগ্রামযোধিনঃ।" ইত্যেতৎসপ্তমাধ্যায়গতকৃষ্ণোক্তৌ গোপানামিত্যনেন সহ ন বিরোধঃ। সংশপ্তকানাং তদাখ্যানাং সৈন্যানাং বৃন্দানি, বয়মর্জ্জুনং নিহন্যাম, কপিকেতনঃ অর্জ্জুনো বা অস্মান্ নিহন্যাদিত্যাহুরিতি শেষঃ ॥৫৯॥

তানিতি। সব্যসাচিবধে অলং সমর্থান্। ধৃতা অস্মৎপক্ষে বৃতাঃ ॥৬০॥

ভীমেতি। চকারাদর্জ্জুনে চ। পরেষাং মধ্যে অন্যঃ কো যুধ্যেতেতি সম্বন্ধঃ ॥৬১॥

পঞ্চেতি। যে যোধাঃ পরেষাং সারং শ্রেষ্ঠং বলং মতম, তে সপ্ত ॥৬২॥

অস্মাকমিতি। যে বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ, তান্ শৃণ্বিতি শেষঃ। বিকর্ত্তনো নাম। প্রাগ্-

---

পরন্তপ ! তা'র পর, আমাদের পক্ষভুক্ত যুদ্ধব্যবসায়ী সংশপ্তকসৈন্যেরা বলিয়াছে, যে, 'হয় আমরা অর্জ্জুনকে বধ করিব, না হয় অর্জ্জুন আমাদিগকে বধ করিবেন' ॥৫৯॥

আমাদের পক্ষবর্ত্তী রাজারা মনে করেন যে, সেই সংশপ্তকেরাই অর্জ্জুনবধে সমর্থ হইবে ; সুতরাং আপনি বিনা কারণে কেন তাহাদের ভয় করেন ॥৬০॥

পরন্তপ ভরতনন্দন ! ভীম ও অর্জ্জুন নিহত হইলে, শত্রুদের মধ্যে অন্য কোন্ লোক যুদ্ধ করিবে, তাহা যদি আপনার জানা থাকে, তবে আমার নিকট বলুন ॥৬১॥

রাজা ! যে সকল যোদ্ধা শত্রুপক্ষের প্রধান বল, তাহারা মোটে সাত জন ; পাণ্ডবেরা পাঁচ ভাই এবং ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি ॥৬২॥

কিন্তু আমাদের পক্ষে যাঁহারা প্রধান, তাঁহাদের নাম শুনুন—ভীষ্ম, দ্রোণ,

প্রাগ্‌জ্যোতিষাধিপঃ শল্য আবন্ত্যৌ চ জয়দ্রথঃ।
দুঃশাসনো দুর্ম্মুখশ্চ দুঃসহশ্চ বিশাংপতে! ॥৬৪॥
শ্রুতায়ুশ্চিত্রসেনশ্চ পুরুমিত্রো বিবিংশতিঃ।
শলো ভূরিশ্রবাশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজঃ ॥৬৫॥ (বিশেষকম্)
অক্ষৌহিণ্যো হি মে রাজন্! দশৈকা চ সমাহৃতাঃ।
ন্যূনাঃ পরেষাং সপ্তৈব কস্মান্মে স্যাৎ পরাজয়ঃ ॥৬৬॥
বলং ত্রিগুণতো হেয়ং যোধ্যং প্রাহ বৃহস্পতিঃ।
পরেভ্যস্ত্রিগুণা চেয়ং মম রাজন্ননীকিনী ॥৬৭॥
গুণহীনং পরেষাঞ্চ বহু পশ্যামি ভারত!।
গুণোদয়ং বহুগুণমাত্মনশ্চ বিশাংপতে! ॥৬৮॥
এতৎ সর্ব্বং সমাজ্ঞায় বলাগ্র্যং মম ভারত!।
ন্যূনতাং পাণ্ডবানাঞ্চ ন মোহং গন্তুমর্হসি ॥৬৯॥

ভারতকৌমুদী

জ্যোতিষাধিপো ভগদত্তঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ। আত্মজপদং বিকর্ণে-নৈবান্বিতম্ ॥৬৩—৬৫॥

অক্ষৌহিণ্য ইতি। সপ্তৈবাক্ষৌহিণ্যঃ, অতএব পরেষাং ন্যূনাঃ ॥৬৬॥

বলমিতি। ত্রিগুণতস্তৃতীয়ভাগেন, হেয়ং হীনম্। ত্রিগুণা তৃতীয়ভাগেনাধিকা ॥৬৭॥

গুণেতি। গুণহীনম্ উৎকর্ষাভাবম্। গুণোদয়ম্ উৎকর্ষসম্পদম্ ॥৬৮॥

এতদিতি। বলাগ্র্যং বলাধিক্যম্। ন্যূনতাং বলস্য ॥৬৯॥

কৃপ, অশ্বত্থামা, কর্ণ, সোমদত্ত, বাহ্লিক, প্রাগ্‌জ্যোতিষাধিপতি ভগদত্ত, শল্য, অবন্তি-দেশীয় বিন্দ ও অনুবিন্দ, জয়দ্রথ, দুঃশাসন, দুর্ম্মুখ, দুঃসহ, শ্রুতায়ু, চিত্রসেন, পুরুমিত্র, বিবিংশতি, শল, ভূরিশ্রবা এবং আপনার পুত্র বিকর্ণ ॥৬৩—৬৫॥

রাজা! আমি এগার অক্ষৌহিণী সৈন্য সংগ্রহ করিয়াছি; আর পাণ্ডবদের পক্ষে মাত্র সাত অক্ষৌহিণী সৈন্য সংগৃহীত হইয়াছে; সুতরাং তাহাদের সৈন্য আমাদের সৈন্য অপেক্ষা অত্যন্ত ন্যূন। অতএব আমার পরাজয় হইবে কেন? ॥৬৬॥

বৃহস্পতি বলিয়াছেন—বিপক্ষের বল, তিন ভাগের এক ভাগ ন্যূন হইলেই যুদ্ধ করিবে; সুতরাং রাজা! আমার সৈন্য, শত্রুসৈন্য অপেক্ষা তিন ভাগের এক ভাগ হইতেও অধিক ॥৬৭॥

ভরতনন্দন নরনাথ! আর বিপক্ষের বল বহুভাবে ন্যূন এবং নিজের বল বহুভাবে অধিক দেখিতেছি ॥৬৮॥

ইত্যুক্ত্বা সঞ্জয়ং ভূয়ঃ পর্য্যপৃচ্ছত ভারত ।
বিধিৎসুঃ প্রাপ্তকালানি জ্ঞাত্বা পরপুরঞ্জয়ঃ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগ পর্ব্বণি যানসন্ধৌ দুর্য্যোধনবাক্যে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

—:*:—

দুর্য্যোধন উবাচ ।

অক্ষৌহিণীঃ সপ্ত লব্ধ্বা রাজভিঃ সহ সঞ্জয় ।
কিংস্বিদিচ্ছতি কৌন্তেয়ো যুদ্ধপ্রেপ্সুর্যুধিষ্ঠিরঃ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি । বিধিৎসুর্বিধাতুমিচ্ছুঃ, প্রাপ্তকালানি কালোচিতানি কার্য্যাণি ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অক্ষৌহিণীরিতি । যুদ্ধপ্রেপ্সুর্যুদ্ধং চিকীর্ষুঃ, কিংস্বিদিচ্ছতি কং ভাবমবলম্বতে ॥১॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুনম্ ॥৫৯॥ তেভ্যঃ পাণ্ডবেভ্যঃ ॥৬০—৬৬॥ ত্রিগুণতত্র্যংশেন হীনং ত্রিগুণা ত্র্যংশেনাধিকা ॥৬৭—৬৯॥ বিবিৎসুঃ বিজ্ঞাতুমিচ্ছুঃ, প্রাপ্তকালানি কর্ম্মাণি ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

ভরতনন্দন ! আমার বলের এই সকল উৎকর্ষ এবং পাণ্ডবদের বলের সেই সকল অপকর্ষ জানিয়াও আপনি উদ্বিগ্ন হইতে পারেন না" ॥৬৯॥

ভরতনন্দন জনমেজয় ! শত্রুনগরবিজয়ী দুর্য্যোধন এইরূপ বলিয়া বিপক্ষের অবস্থা জানিয়া তৎকালোচিত কার্য্য করিবার ইচ্ছায় পুনরায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৭০॥

—:*:—

দুর্য্যোধন বলিলেন—"সঞ্জয় ! কুন্তীনন্দন যুধিষ্ঠির যুদ্ধার্থী হইয়া রাজাদের সহিত সাত অক্ষৌহিণী সৈন্য লাভ করিয়া কি ভাব অবলম্বন করিয়াছেন ?" ॥১॥

---

(৭০)…বিবিৎসুঃ—বা ব রা নি ।

সঞ্জয় উবাচ।

অতীব মুদিতো রাজন্! যুদ্ধপ্রেপ্সুর্যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চোভৌ যমাবপি ন বিভ্যতঃ ॥২॥
রথস্তু দিব্যং কৌন্তেয়ঃ সর্ব্বা বিভ্রাজয়ন্ দিশঃ।
মন্ত্রং জিজ্ঞাসমানঃ সন্ বীভৎসুঃ সমযোজয়ৎ ॥৩॥
তমপশ্যাম সন্নদ্ধং মেঘং বিদ্যুদ্যুতং যথা।
সমন্তাৎ সমভিধ্যায় হৃষ্যমাণোঽভ্যভাষত ॥৪॥
পূর্ব্বরূপমিদং পশ্য বয়ং জেষ্যাম সঞ্জয়!।
বীভৎসুর্মাং যথোবাচ তথাঽবৈম্যহমচ্যুত! ॥৫॥

দুর্য্যোধন উবাচ।

প্রশংসস্যভিনন্দংস্তান্ পার্থানক্ষপরাজিতান্।
অনস্যর্জ্জুনে রথে ব্রূহি কথমশ্বাঃ কথং ধ্বজাঃ ॥৬॥

ভাবতকৌমুদী

অতীবেতি। যমৌ নকুলসহদেবাবপি, ন বিভ্যতঃ ন বিভীতঃ ॥২॥
রথমিতি। মন্ত্রম্ অস্ত্রপ্রয়োগমন্ত্রম্, জিজ্ঞাসমানঃ পরীক্ষিতুমিচ্ছন্ ॥৩॥
তমিতি। সন্নদ্ধং যুদ্ধায সজ্জিতম্। সমন্তাৎ সর্ব্বতঃ, সমভিধ্যায বিচিন্ত্য ॥৪॥
পূর্ব্বেতি। পূর্ব্বরূপং পূর্ব্বলক্ষণম্। অবৈমি জানামি, হে অচ্যুত! অধ্যবসায়াদভ্রষ্ট! ॥৫॥
প্রেতি। প্রশংসসি ব্রবীষি, অভিনন্দন্ স্তবন্। কথং কীদৃশাঃ ॥৬॥

সঞ্জয় কহিলেন—"রাজা! যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুন যুদ্ধার্থী হইয়া অত্যন্ত আনন্দিতই হইয়াছেন; নকুল-সহদেবও ভীত নহেন ॥২॥

কিন্তু কুন্তীনন্দন অর্জ্জুন অস্ত্রপ্রযোগেব মন্ত্র পরীক্ষা কবিবার ইচ্ছায় সকল দিক্ আলোকিত কবিয়া দিব্য রথ যোজনা কবিয়াছেন ॥৩॥

আমি যুদ্ধসজ্জিত অর্জ্জুনকে বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় দর্শন কবিলাম। তিনি সকল দিক্ চিন্তা করিয়া আনন্দিত হইয়া বলিলেন—॥৪॥

"সঞ্জয়! আমবা যে জয় করিব, তাহাব এই পূর্ব্বলক্ষণ দেখ।' বস্তুতও অর্জ্জুন আমাকে যেরূপ বলিলেন, আমিও সেইরূপই বুঝিলাম" ॥৫॥

দুর্য্যোধন বলিলেন—"সঞ্জয়! তুমি ত দ্যূতপরাজিত পাণ্ডবদের প্রশংসায় প্রবৃত্ত হইযাই বলিযা আসিতেছ। সে যাহা হউক, এখন বল দেখি—অর্জ্জুনেব রথে কি প্রকার অশ্ব ও কি প্রকার ধ্বজ ?" ॥৬॥

সঞ্জয় উবাচ।

ভৌমনঃ সহ শক্রেণ বহুচিত্রং বিশাংপতে!।
রূপাণি কল্পয়ামাস ত্বষ্টা ধাতা সদা বিভো! ॥৭॥
ধ্বজে হি তস্মিন্ রূপাণি চক্রুস্তে দেবমায়য়া।
মহাধনানি দিব্যানি মহান্তি চ লঘূনি চ ॥৮॥
ভীমসেনানুবোধায় হনুমান্ মারুতাত্মজঃ।
আত্মপ্রতিকৃতিং তস্মিন্ ধ্বজ আরোপয়িষ্যতি ॥৯॥
সর্ব্বা দিশো যোজনমাত্রমন্তরং সতির্য্যগূর্দ্ধঞ্চ রুরোধ বৈ ধ্বজঃ।
সজ্জত্যসৌ তরুভির্নাবৃতোঽপি তথা হি মায়া বিহিতা ভৌমনেন ॥১০॥

ভারতকৌমুদী

ভৌমন ইতি। ভৌমণো বিশ্বকর্ম্মা। বহূনি চিত্রাণি আশ্চর্য্যাণি যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা। রূপাণি প্রকারান্। ত্বষ্টা প্রজাপতিঃ, ধাতা ব্রহ্মা ॥৭॥

ধ্বজ ইতি। মহাধনানি প্রচুরধনব্যয়সাধ্যানি, মহান্তি বিশালানি, লঘূনি ক্ষুদ্রাণি ॥৮॥

ভীমেতি। ভীমসেনস্য অনুরোধায় অনুরোধরক্ষণায়। অয়ং বৃত্তান্তস্তু বনপর্ব্বণি পঞ্চবিংশত্যধিকশততমাধ্যায়ে দ্রষ্টব্যঃ। আরোপয়িষ্যতি যুদ্ধকালে ইতি শেষঃ ॥৯॥

সর্ব্বা ইতি। অন্তরং মধ্যম্। রুরোধ ব্যাপ, ধ্বজো ধ্বজকিরণঃ। আবৃতোঽপি পতাকয়া আচ্ছাদিতোঽপি উত্তোলিতঃ স্থিতোঽপীত্যর্থঃ, অসৌ ধ্বজঃ, তরুভিঃ উপরিস্থতরুশাখাভিঃ সহ ন সজ্জতি গমনকালে ন লগতে। মায়া কৌশলম্ ॥১০॥

সঞ্জয় বলিলেন—"নরনাথ! প্রভু! বিশ্বকর্ম্মা, প্রজাপতি ও বিধাতা ইন্দ্রের সহিত মিলিত হইয়া অর্জ্জুনের রথধ্বজের রূপগুলির কল্পনা করিয়াছিলেন; তাহাতেই তাহার নানাবিধ বৈচিত্র্য হইয়াছে ॥৭॥

তাঁহারা প্রচুর ধনব্যয় করিয়া দেবলোকীয় কৌশলে সেই ধ্বজে অলৌকিক, বিশাল ও ক্ষুদ্র বহুতর রূপ নির্ম্মাণ করিয়াছেন ॥৮॥

পবননন্দন হনুমান্ ভীমসেনের অনুরোধ রক্ষার জন্য যুদ্ধের সময়ে সেই ধ্বজে নিজের প্রতিকৃতি স্থাপন করিবেন ॥৯॥

(আমি যখন দেখিয়াছিলাম, সেই সময়ে) সেই ধ্বজের কিরণ সকল দিকে তির্য্যক্ ও ঊর্দ্ধ একযোজনস্থান আলোকিত করিয়াছিল। সেই ধ্বজ উত্তোলিত থাকিলেও বৃক্ষের শাখার সংলগ্ন হয় না। বিশ্বকর্ম্মা সেইরূপ কৌশলই করিয়াছেন ॥১০॥

(১০)...ন সংসজ্জত্যরুভিঃ সংবৃতোঽপি—বা ব স্না নি।

যথাকাশে শক্রধনুঃ প্রকাশতে ন চৈকবর্ণং ন চ বেদ্মি কিং নু তৎ।
তথা ধ্বজো বিহিতো ভৌমনেন বহ্বাকারং দৃশ্যতে রূপমস্য ॥১১॥
যথাগ্নিধূমো দিবমেতি রুদ্ধা বর্ণান্ বিভ্রত্তৈজসাংশ্চিত্ররূপান্।
তথা ধ্বজো বিহিতো ভৌমনেন ন চেন্তারো ভবিতা নোত বোধঃ ॥১২॥
শ্বেতাস্তস্মিন্ বাতবেগাঃ সদশ্বা দিব্যা যুক্তাশ্চিত্ররথেন দত্তাঃ।
শতং যত্তৎ পূর্য্যতে নিত্যকালং হতং হতং দত্তবরং পুরস্তাৎ ॥১৩॥

ভারতকৌমুদী

যথেতি। বহব আকারা যস্য তৎ। অস্য ধ্বজস্য ॥১১॥

যথেতি। অগ্নিনা যুক্তো ধূমঃ অগ্নিধূমঃ মধ্যপদলোপী সমাসঃ, তৈজসান্ তেজোময়ান্, চিত্ররূপান্ বিচিত্রাকারান্ বর্ণান্, বিভ্রৎ ধারয়ন্ রুদ্ধা ব্যাপ্য, যথা দিবমাকাশম্, এতি গচ্ছতি, তথা তদগ্নিধূমবদেব, ভৌমনেন বিশ্বকর্ম্মণা, ধ্বজো বিহিতঃ। তত্র ধ্বজে ভারো গুরুত্বং ন ভবিতা, উত অথবা, বোধঃ কুত্রাপি গতিব্যাঘাতো ন ভবিতা চ, ইতি চেৎ যদি অহং সম্ভাবয়ামীত্যর্থঃ ॥১২॥

শ্বেতা ইতি। চিত্ররথেন তদাখ্যেন গন্ধর্ব্বেণ। পুরস্তাৎ পূর্ব্বম্, দত্তো বরো যস্মিন্ তৎ, শতং শতং শতসংখ্যকাশ্বসমানবলম্, যত্তৎ অশ্বচতুষ্টয়ম্, বিপক্ষেণ হতং হতং সদপি, নিত্যকালং পূর্য্যতে চতসৃভিঃ সংখ্যাভিরিতি শেষঃ, তদ্গন্ধর্ব্ববরাদেবেতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

অক্ষৌহিণীরিতি ॥১—২॥ মন্ত্রম্ অস্ত্রপ্রযোজকম্, জিজ্ঞাসমানঃ পরীক্ষিতুমিচ্ছন্ ॥৩—৪॥ তথা অবৈমীতি চ্ছেদঃ ॥৫—৬॥ ভৌমনো বিশ্বকর্ম্মা, ধাতা প্রজাপতিঃ ॥৭॥ তে ত্বষ্টৃশক্রধাতারঃ রূপাণি চক্রুঃ ॥৮—৯॥ রুরোধ স্বতেজসেতি শেষঃ ॥১০—১১॥ ভারো রথে, রোধঃ দ্বারাদৌ স্বয়মপি ন ভবেৎ ॥১২॥ যত্তৎ অশ্বানাং শতং হতং পুনঃ পুনঃ কতিপয়াশ্বহননেঽপি

ইন্দ্রধনু যেমন আকাশে প্রকাশ পায়,—তাহা একবর্ণ নহে এবং তাহা যে কি, তাহা আমি জানি না; বিশ্বকর্ম্মাও সেইভাবেই সেই ধ্বজটা নির্ম্মাণ করিয়াছেন; সুতরাং উহার রূপ নানাপ্রকার দেখা যায় ॥১১॥

মিলিত অগ্নি ও ধূম যেমন তেজোময় বিচিত্র আকার ধারণ করিয়া বিস্তৃত হইয়া আকাশে গমন করে, বিশ্বকর্ম্মা অর্জ্জুনের ধ্বজটাকে সেইরূপ করিয়া নির্ম্মাণ করিয়াছেন। উহাতে বিশেষ ভারও হইবে না, কিংবা কোথাও ধাক্কাও লাগিবে না; ইহাই আমি ধারণা করি ॥১২॥

গন্ধর্ব্বরাজ-চিত্ররথ-প্রদত্ত, শ্বেতবর্ণ, বায়ুর ন্যায় বেগবান্ ও সুন্দর চারিটা উৎকৃষ্ট অশ্ব অর্জ্জুনের সেই রথে সংযুক্ত হইয়াছে। পূর্ব্বে গন্ধর্ব্বরাজ চিত্রসেন

---

(১৩) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'ভূম্যন্তরিক্ষে দিবি বা নরেন্দ্র। যেষাং গতির্হীয়তে নাত্র সর্ব্বা' ইতি পাদদ্বয়মধিকং—বা ব বা নি।

তথা রাজ্ঞো দন্তবর্ণা বৃহন্তো রথে যুক্তা ভান্তি তদ্বীর্য্যতুল্যাঃ।
ঋক্ষপ্রখ্যা ভীমসেনস্য বাহা রথে বায়োস্তুল্যরূপা বভূবুঃ ॥১৪॥
কল্মাষাঙ্গাস্তিত্তিরিচিত্রপৃষ্ঠা ভ্রাত্রা দত্তাঃ প্রীয়তা ফাল্গুনেন।
ভ্রাতুর্বীরস্য স্বৈস্তুরঙ্গৈর্বিশিষ্টা মুদা যুক্তাঃ সহদেবং বহন্তি ॥১৫॥
মাদ্রীপুত্রং নকুলং ত্বাজমীঢ়ং মহেন্দ্রদত্তা হরয়ো বাজিমুখ্যাঃ।
সমা বায়োর্বলবন্তস্তরস্বিনো বহন্তি বীরং বৃত্রশত্রুং যথেন্দ্রম্ ॥১৬॥
তুল্যাশ্চৈভির্বয়সা বিক্রমেণ মহাজবাশ্চিত্ররূপাঃ সদশ্বাঃ।
সৌভদ্রাদীন্ দ্রৌপদেয়ান্ কুমারান্ বহন্ত্যশ্বা দেবদত্তা বৃহন্তঃ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ সঞ্জয়বাক্যে ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তথেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, দন্তবর্ণা দন্তবৎ শুভ্রকান্তয়ঃ। তদ্বীর্য্যতুল্যাঃ অর্জ্জুনাশ্বসমানবলা অশ্বাঃ। ঋক্ষপ্রখ্যা ভল্লূকসমানকৃষ্ণবর্ণাঃ, বাহা অশ্বাঃ ॥১৪॥

কল্মাষেতি। কল্মাষাঙ্গা নানাবর্ণগাত্রাঃ, তিত্তিরিপক্ষিবৎ চিত্রাণি পৃষ্ঠানি যেষাং তে। ফাল্গুনেন অর্জ্জুনেন। বিশিষ্টাঃ প্রধানীকৃতাঃ ॥১৫॥

মাদ্রীতি। আজমীঢ়ম্ অজমীঢ়বংশজাতম্। হরয়ঃ অশ্বাঃ, বাজিমুখ্যা অশ্বপ্রধানাঃ। বায়োঃ সমাঃ সমানাঃ, তরস্বিনো বেগবন্তো বলবন্তশ্চ ॥১৬॥

ভারতভাবদীপঃ

দিব্যপ্রভাবাৎ শতং পূর্য্যতে যতঃ পুরস্তাদ্দত্তবরম্ ॥১৩॥ তথা অমরাঃ রাজ্ঞো দন্তবর্ণাঃ শ্বেতাঃ রথে যুক্তা অশ্বাঃ ভান্তি, ঋক্ষপ্রখ্যাঃ সপ্তর্ষিতুল্যতেজসঃ। ঋক্ষা ইতি হ স্ম বৈ পুরা সপ্ত

এইরূপ বর দিয়াছিলেন যে, ঐঅশ্বগুলি শত অশ্বের বল ধারণ করিবে এবং যখন যখন শত্রুপক্ষ উহার কোন কোনটাকে বধ করিবে, তখন তখনই সেই সেইটা পূর্ণ হইবে ॥১৩॥

আর রাজা যুধিষ্ঠিরের রথে দন্তের ন্যায় শুভ্রবর্ণ, বিশালাকৃতি এবং অর্জ্জুনের অশ্বের ন্যায় বলবান্ চারিটা অশ্ব সংযুক্ত হইয়া শোভা পাইতেছে। তা'র পর, ভীমসেনের রথে ভল্লূকের ন্যায় কৃষ্ণবর্ণ এবং বায়ুর ন্যায় বেগবান্ চারিটা অশ্ব সংযুক্ত হইয়াছে ॥১৪॥

অর্জ্জুন সন্তুষ্ট হইয়া যেগুলি দিয়াছেন, সেগুলির অঙ্গ সকল বিচিত্র এবং পৃষ্ঠ তিত্তিরিপক্ষীর ন্যায় নানাবর্ণ, আর যেগুলি বীরভ্রাতা অর্জ্জুনের নিজের অশ্ব অপেক্ষাও উৎকৃষ্ট, সেই আনন্দিত অশ্বগুলি সহদেবকে বহন করিতেছে ॥১৫॥

বায়ুর ন্যায় বলবান্ ও বেগবান্ ইন্দ্রপ্রদত্ত উৎকৃষ্ট অশ্বগণ বৃত্রহন্তা ইন্দ্রেরই তুল্য বীর অজমীঢ়বংশজাত মাদ্রীপুত্র নকুলকে বহন করিতেছে ॥১৬॥

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

কাংস্তত্র সঞ্জয়াপশ্যঃ প্রীত্যর্থেন সমাগতান্।
যে যোৎস্যন্তে পাণ্ডবার্থে পুত্রস্য মম বাহিনীম্ ॥১॥

সঞ্জয় উবাচ।

মুখ্যমন্ধকবৃষ্ণীনামপশ্যং কৃষ্ণমাগতম্।
চেকিতানঞ্চ তত্রৈব যুযুধানঞ্চ সাত্যকিম্ ॥২॥

ভারতকৌমুদী

তুল্যা ইতি। বয়সা বিক্রমেণ চ এভিরর্জ্জুনাশ্বৈস্তুল্যাঃ, মহাজবা মহাবেগাঃ, চিত্ররূপাশ্চ সদশ্বাঃ, সৌভদ্রাদীন্ অভিমন্যুপ্রভৃতীন্ কুমারান্, অপরে চ দেবৈর্দত্তা দেবদত্তাঃ, বৃহন্তো বিশালাঃ অশ্বাঃ, দ্রৌপদেয়ান্ কুমারান্ বহন্তি ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কানিতি। অপশ্যস্ত্বম্। পাণ্ডবানাং প্রীত্যর্থেন প্রীতিজননার্থেন হেতুনা ॥১॥

মুখ্যমিতি। চেকিতানং নাম কঞ্চিদ্বীরম্, যুযুধানং নাম, সাত্যকিং সত্যকপুত্রম্ ॥২॥

ভারতভাবদীপঃ

ঋষীনাচক্ষত” ইতি শতপথশ্রুতেঃ। পাঠান্তরে ঋশ্যো মৃগভেদঃ ॥১৪—১৬॥ দেবদত্তাঃ চিত্ররথেন দত্তাঃ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৬॥

আর বয়সে ও বিক্রমে এই অশ্বগুলিরই তুল্য এবং মহাবেগশালী ও বিচিত্রবর্ণ উৎকৃষ্ট অশ্বগণ অভিমন্যুপ্রভৃতি কুমারগণকে এবং দেবতাপ্রদত্ত বৃহৎ অশ্ব সকল দ্রৌপদীর পুত্রগণকে বহন করিতেছে” ॥১৭॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—“সঞ্জয়! যাহারা পাণ্ডবদের জন্য আমার পুত্রের সৈন্যের সহিত যুদ্ধ করিবে, সেরূপ পাণ্ডবপ্রীত্যর্থে আগত কাহাদিগকে সেখানে দেখিলে?” ॥১॥

সঞ্জয় বলিলেন—“বৃষ্ণি ও অন্ধকবংশশ্রেষ্ঠ কৃষ্ণ, চেকিতান এবং সত্যকনন্দন যুযুধান সেখানে আসিয়াছেন দেখিয়াছি ॥২॥

পৃথগক্ষৌহিণীভ্যাং তৌ পাণ্ডবানভিসংশ্রিতৌ।
মহারথৌ সমাখ্যাতাবুভৌ পুরুষমানিনৌ ॥৩॥
অক্ষৌহিণ্যাথ পাঞ্চাল্যো দশভিস্তনয়ৈর্বৃতঃ।
সত্যজিৎপ্রমুখৈর্বীরৈর্ধৃষ্টদ্যুম্নপুরোগমৈঃ ॥৪॥
দ্রুপদো বর্দ্ধয়ন্ মানং শিখণ্ডিপরিপালিতঃ।
উপায়াৎ সর্ব্বসৈন্যানাং প্রতিচ্ছাদ্য তদা বপুঃ ॥৫॥ (যুগ্মকম্)
বিরাটঃ সহ পুত্রাভ্যাং শঙ্খেনৈবোত্তরেণ চ।
সূর্য্যদত্তাদিভির্বীরৈর্মদিরাক্ষপুরোগমৈঃ ॥৬॥
সহিতঃ পৃথিবীপালো ভ্রাতৃভিস্তনয়ৈস্তথা।
অক্ষৌহিণ্যৈব সৈন্যানাং বৃতঃ পার্থং সমাশ্রিতঃ ॥৭॥ (যুগ্মকম্)
জারাসন্ধির্মাগধশ্চ ধৃষ্টকেতুশ্চ চেদিরাট্।
পৃথক্ পৃথগনুপ্রাপ্তৌ পৃথগক্ষৌহিণীবৃতৌ ॥৮॥

ভারতকৌমুদী

পৃথগিতি। তৌ চেকিতানযুযুধানৌ। পুরুষমানিনৌ মহাপুরুষম্মন্যৌ ॥৩॥

অক্ষৌহিণ্যেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজঃ। মানং যুধিষ্ঠিরস্য গৌরবম্, শিখণ্ডিনা তদাখ্যেন পুত্রেণ পরিপালিতঃ। প্রতিচ্ছাদ্য বর্ম্মণা আবার্য্য ॥৪—৫॥

বিরাট ইতি। সূর্য্যদত্তমদিরাক্ষৌ বিরাটভ্রাতরৌ। পার্থং যুধিষ্ঠিরম্ ॥৬—৭॥

জারেতি। জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ সহদেবঃ। অনুপ্রাপ্তৌ আগতৌ ॥৮॥

মহারথ বলিয়া বিখ্যাত ও মহাবীরাভিমানী সেই চেকিতান ও যুযুধান এক এক অক্ষৌহিণী সৈন্যের সহিত আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন ॥৩॥

পাঞ্চালাধিপতি দ্রুপদরাজা ধৃষ্টদ্যুম্ন ও সত্যজিৎপ্রভৃতি দশ জন পুত্রে পরিবেষ্টিত এবং শিখণ্ডিকর্ত্তৃক রক্ষিত হইয়া, বর্ম্মদ্বারা সকল সৈন্যের শরীর আবৃত করাইয়া তাহাদের এক অক্ষৌহিণী লইয়া, যুধিষ্ঠিরের গৌরব বৃদ্ধি করিবার জন্য উপস্থিত হইয়াছেন ॥৪—৫॥

বিরাটরাজা ও শঙ্খ উত্তরনামক দুই পুত্র এবং বীর সূর্য্যদত্ত ও মদিরাক্ষপ্রভৃতি ভ্রাতৃগণের সহিত এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া আসিয়া যুধিষ্ঠিরকে আশ্রয় করিয়াছেন ॥৬—৭॥

জরাসন্ধের পুত্র সহদেব এবং চেদিরাজ ধৃষ্টকেতু—ইহারা দুই জন এক এক অক্ষৌহিণীসৈন্যে পরিবেষ্টিত হইয়া পৃথক্ পৃথক্ আগমন করিয়াছেন ॥৮॥

---

(৩) পৃথগক্ষৌহিণীভ্যান্তু—বা ব রা নি।

কেকয়া ভ্রাতরঃ পঞ্চ সর্ব্বে লোহিতকধ্বজাঃ।
অক্ষৌহিণীপরিবৃতাঃ পাণ্ডবানভিসংশ্রিতাঃ ॥৯॥
এতানেতাবতস্তত্র তানপশ্যং সমাগতান্।
যে পাণ্ডবার্থে যোৎস্যন্তি ধার্ত্তরাষ্ট্রস্য বাহিনীম্ ॥১০॥
যো বেদ মানুষং ব্যূহং দৈবং গান্ধর্ব্বমাসুরম্।
স তত্র সেনাপ্রমুখে ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥১১॥
ভীষ্মঃ শান্তনবো রাজন্! ভাগঃ কপ্তঃ শিখণ্ডিনঃ।
তং বিরাটোঽনুসংযাতা সার্দ্ধং মৎস্যৈঃ প্রহারিভিঃ ॥১২॥
জ্যেষ্ঠস্য পাণ্ডুপুত্রস্য ভাগো মদ্রাধিপো বলী।
তৌ তু তত্রাব্রুবন্ কেচিদ্বিষমৌ নো মতাবিতি ॥১৩॥
দুর্য্যোধনঃ সহসুতঃ সার্দ্ধং ভ্রাতৃশতেন চ।
প্রাচ্যাশ্চ দাক্ষিণাত্যাশ্চ ভীমসেনস্য ভাগতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কেকয়া ইতি। লোহিতকাঃ প্রবালমণয়ো ধ্বজেষু যেষাং তে ॥৯॥
এতানিতি। এতাবত এতাবৎসংখ্যকান্ ॥১০॥
য ইতি। বেদ জানাতি। সেনায়াঃ প্রমুখে সম্মুখে ॥১১॥
ভীষ্ম ইতি। ভাগো যোদ্ধব্যাংশঃ। অনুসংযাতা যুদ্ধে অনুগমিষ্যতি ॥১২॥
জ্যেষ্ঠস্যেতি। বিষমৌ অসমানৌ যোদ্ধারৌ, মদ্রাধিপস্য প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥১৩॥
দুর্য্যোধন ইতি। ভাগতো ভাগে, কপ্তা ইতি শেষঃ ॥১৪॥

আর প্রবালমণ্ডিতধ্বজ কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এক অক্ষৌহিণীসৈন্যে পরিবৃত হইয়া আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন ॥৯॥

যাঁহারা পাণ্ডবগণের জন্য দুর্য্যোধনের সৈন্যের সহিত যুদ্ধ করিবেন, এই সেই এতগুলি যোদ্ধাকে সেখানে সমাগত দেখিলাম ॥১০॥

যিনি দৈব, গান্ধর্ব্ব, আসুর ও মানুষ ব্যূহ রচনা করিতে জানেন, সেই মহারথ ধৃষ্টদ্যুম্ন সৈন্যগণের সম্মুখে থাকিবেন ॥১১॥

রাজা! শান্তনুনন্দন ভীষ্ম শিখণ্ডীর ভাগে কল্পিত হইয়াছেন এবং বিরাটরাজা মৎস্যদেশীয় সৈন্যগণের সহিত সেই শিখণ্ডীর অনুগমন করিবেন ॥১২॥

বলবান্ শল্যরাজা যুধিষ্ঠিরের ভাগে নির্দ্দিষ্ট হইয়াছেন; কিন্তু 'ইঁহারা পরস্পর সমান নহেন; সুতরাং এই নির্দ্দেশ আমাদের অভিমত নহে' এই কথা সে বিষয়ে কতকগুলি লোক বলিয়াছে ॥১৩॥

অর্জ্জুনস্য তু ভাগেন কর্ণো বৈকর্ত্তনো মতঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥১৫॥
অশক্যাশ্চৈব যে কেচিৎ পৃথিব্যাং শূরমানিনঃ।
সর্ব্বাংস্তানর্জ্জুনঃ পার্থঃ কল্পয়ামাস ভাগতঃ ॥১৬॥
মহেষ্বাসা রাজপুত্রা ভ্রাতরঃ পঞ্চ কেকয়াঃ।
কেকয়ানেব ভাগেন কৃত্বা যোৎস্যন্তি সংযুগে ॥১৭॥
তেষামেব কৃতো ভাগো মালবাঃ শাল্বকাস্তথা।
ত্রিগর্ত্তানাঞ্চ বৈ মুখ্যৌ যৌ তৌ সংশপ্তকাবিতি ॥১৮॥
দুর্য্যোধনসুতাঃ সর্ব্বে তথা দুঃশাসনস্য চ।
সৌভদ্রেণ কৃতো ভাগো রাজা চৈব বৃহদ্বলঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অর্জ্জুনস্যেতি। বিকর্ত্তনেন ছেদনেন বর্ম্মদানাদ্বৈকর্ত্তনো নাম। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥১৫॥
অশক্যা ইতি। জেতুমিতি শেষঃ। ভাগতো নিজাংশে ॥১৬॥
মহেষ্বাসা ইতি। কেকয়ানেব স্ববিরোধিনঃ কেকয়দেশীয়ানেব যোধান্ ॥১৭॥
তেষামিতি। তেষাং পঞ্চানাং ভ্রাতৄণামেব। মালবাঃ শাল্বকাশ্চ তত্তদ্দেশীয়াঃ ॥১৮॥
দুর্য্যোধনেতি। দুর্য্যোধনসুতানান্তু কিয়ন্তো ভীমভাগে কিয়ন্তশ্চাভিমন্যুভাগে ইতি "দুর্য্যোধনঃ সহসুতঃ" ইত্যাদিনা প্রাগুক্তেন সহ ন বিরোধঃ। সৌভদ্রেণাভিমন্যুনা ॥১৯॥

পুত্র ও একশত ভ্রাতার সহিত দুর্য্যোধন এবং পূর্ব্বদেশীয় ও দক্ষিণদেশীয় যোদ্ধারা ভীমসেনের ভাগে কল্পিত হইয়াছেন ॥১৪॥

বিকর্ত্তন কর্ণ, অশ্বত্থামা, বিকর্ণ ও সিন্ধুরাজ জয়দ্রথ—ইহারা অর্জ্জুনের ভাগে নির্দ্দিষ্ট হইয়াছেন ॥১৫॥

আর পৃথিবীর মধ্যে যে কেহ বীরাভিমানী ও যুদ্ধদুর্দ্ধর্ষ, তাঁহাদের সকলকেই পৃথানন্দন অর্জ্জুন আপন ভাগে কল্পনা করিয়া নিয়াছেন ॥১৬॥

কেকয়দেশীয় রাজপুত্র মহাধনুর্দ্ধর পঞ্চ ভ্রাতা বিরোধী কেকয়দেশীয় যোদ্ধাদিগকেই নিজভাগে নির্দ্দিষ্ট করিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিবেন ॥১৭॥

আর মালবদেশীয় ও শাল্বদেশীয় যোদ্ধারা এবং ত্রিগর্ত্তদেশীয় যোদ্ধাদের মধ্যে সংশপ্তকনামে সেই যে দুই জন প্রধান আছেন তাঁহারা, কেকয় পঞ্চ ভ্রাতার অংশেই নির্দ্দিষ্ট হইয়াছেন ॥১৮॥

দুর্য্যোধন ও দুঃশাসনের পুত্রেরা সকলে এবং বৃহদ্বলরাজা অভিমন্যুর অংশে কল্পিত হইয়াছেন ॥১৯॥

ধৃতরাষ্ট্র উবাচ।

ন সন্তি সর্ব্বে পুত্রা মে মূঢ়া দুর্দ্যূতদেবিনঃ।
যেষাং যুদ্ধং বলবতা ভীমেন রণমূর্দ্ধনি ॥২৬॥
রাজানঃ পার্থিবাঃ সর্ব্বে প্রোক্ষিতাঃ কালধর্ম্মণা।
গাণ্ডীবাগ্নিং প্রবেক্ষ্যন্তি পতঙ্গা ইব পাবকম্ ॥২৭॥
বিদ্রুতাং বাহিনীং মন্যে কৃতবৈরৈর্মহাত্মভিঃ।
তাং রণে কেঽনুযাস্যন্তি প্রভগ্নাং পাণ্ডবৈর্যুধি ॥২৮॥
সর্ব্বে হ্যতিরথাঃ শূরাঃ কীর্ত্তিমন্তঃ প্রতাপিনঃ।
সূর্য্যপাবকয়োস্তুল্যাস্তেজসা সমিতিঞ্জয়াঃ ॥২৯॥
যেষাং যুধিষ্ঠিরো নেতা গোপ্তা চ মধুসূদনঃ।
যোধৌ চ পাণ্ডবৌ বীরৌ সব্যসাচিবৃকোদরৌ ॥৩০॥

ভারতকৌমুদী

নেতি। ন সন্তি ন জীবন্তীতি সম্ভাবনযোক্তিঃ ॥২৬॥

রাজান ইতি। পার্থিবাঃ পৃথিবীস্থাঃ। প্রোক্ষিতাশ্ছেদনায় পশুবৎ প্রোক্ষণাস্পদীকৃতাঃ, কালধর্ম্মণা মৃত্যুনা ॥২৭॥

বিদ্রুতামিতি। বিদ্রুতাং মথিতাম্। কেঽনুযাস্যন্তি অপি তু কেঽপি নেত্যর্থঃ ॥২৮॥

সর্ব্ব ইতি। সমিতিঞ্জয়া যুদ্ধবিজয়িনঃ, সংজ্ঞাবিবক্ষয়া "নাম্নি তৃ"—ইত্যাদিনা খঃ ॥২৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সমরাঙ্গনে বলবান্ ভীমসেনের সহিত যাহাদের যুদ্ধ হইবে, সেই দুষ্টপাশক্রীড়াকারী মদীয় মূর্খ পুত্রেরা নাই বলিয়াই মনে করি ॥২৬॥

পৃথিবীর রাজারা সকলে মৃত্যুকর্তৃক প্রোক্ষিত হইয়াছেন; সুতরাং পতঙ্গ যেমন অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ তাঁহারা গাণ্ডীবরূপ অগ্নিতে প্রবেশ করিবেন ॥২৭॥

আমি মনে করি—কৃতবৈর মহাত্মা পাণ্ডবেরা যুদ্ধে আমার সৈন্য মথিত ও ছত্রভগ্ন করিবেন; সুতরাং সেই অবস্থায় যুদ্ধে কাহারা তাহাদের অনুসরণ করিবে ॥২৮॥

পাণ্ডবেরা সকলেই অতিরথ, বীর, কীর্ত্তিমান্, প্রতাপশালী, তেজে সূর্য্য ও অগ্নির তুল্য এবং যুদ্ধবিজয়ী ॥২৯॥

সঞ্জয়! যুধিষ্ঠির যাহাদের পরিচালক, কৃষ্ণ যাহাদের রক্ষক, মহাবীর ভীম ও অর্জ্জুন যাহাদের যোদ্ধা এবং নকুল, সহদেব, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি,

---

(২৬)···মূঢ়া দুর্মন্ত্রবেদিনঃ—পি।

সুতেজসো মহেষ্বাসানিন্দ্রোঽপি সহিতোঽমরৈঃ।
অশক্তঃ সমরে জেতুং কিং পুনস্তাত! পাণ্ডবাঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
সর্ব্বে চ পৃথিবীপালা মদর্থে তাত! পাণ্ডবান্।
আর্য্যাঃ শস্ত্রভৃতঃ শূরাঃ সমর্থাঃ প্রতিবাধিতুম্ ॥৩৯॥
ন মামকান্ পাণ্ডবাস্তে সমর্থাঃ প্রতিবীক্ষিতুম্।
পবাক্রান্তো হ্যহং পাণ্ডূন্ সপুত্রান্ যোদ্ধুমাহবে ॥৪০॥
মৎপ্রিয়ং পার্থিবাঃ সর্ব্বে যে চিকীর্ষন্তি ভারত!।
তে তানাবারয়িষ্যন্তি ঐণেয়ানিব তন্তুনা ॥৪১॥
মহতা রথবংশেন শরজালৈশ্চ মামকৈঃ।
অভিদ্রুতা ভবিষ্যন্তি পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৪২॥

ভারতকৌমুদী

পিতেতি। দুর্জ্জয়মিতি সর্বত্রান্বেতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥৩৭—৩৮॥
সর্ব্ব ইতি। আর্য্যাঃ সজ্জনাঃ। অতএব বিশ্বাসঘাতকতাপি তেষু ন সম্ভবতীতি ভাবঃ ॥৩৯॥
নেতি। পাণ্ডূন্ পাণ্ডবান্। যোদ্ধুং সমর্থ ইতি শেষঃ ॥৪০॥
মদিতি। ঐণেয়ান্ হরিণশাবকান্, তন্তুনা তন্তুনির্ম্মিতজালেন ॥৪১॥
মহতেতি। রথানাং বংশেন সমূহেন। অভিদ্রুতাশ্ছিন্নভিন্নাঃ ॥৪২॥

ভাবতভাবদীপঃ

কাংস্তত্রেতি ॥১—২৩॥ সমাহ্বানেন তন্নামাখ্যানেন ॥২৪॥ অকালিকং কালবিলম্বং বিনা ॥২৫—২৬ মোক্ষিতাঃ পশুবৎ বধার্থং সংস্কৃতাঃ কালধর্ম্মণা যজমানেন বা ॥২৭—৪০॥ ঐণেয়ান্

সকলেই মহাতেজা ও মহাধনুর্দ্ধর; সুতবাং দেবগণের সহিত ইন্দ্রও ইহাদিগকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না; অতএব পাণ্ডবদেব কথা আর কি বলিব ॥৩৭—৩৮॥

পিতা! বীর, অস্ত্রধারী ও সজ্জন সকল বাজাই আমার জন্য পাণ্ডবগণকে নিবারণ করিতে সমর্থ ॥৩৯॥

সুতরাং সেই পাণ্ডবেরা আমার পক্ষের দিকে দৃষ্টিপাত কবিতেও সমর্থ হইবে না। তা'র পর, আমিও পরাক্রমশালী বলিযা পুত্রগণের সহিতই পাণ্ডবগণের সঙ্গে যুদ্ধ করিতে সমর্থ হইব ॥৪০॥

ভরতনন্দন! যে সকল রাজা আমার প্রিয়কার্য্য করিবাব ইচ্ছা কবেন, তাঁহারা জালদ্বারা হবিণশাবকদিগেব ন্যায় পাণ্ডবদিগকে বারণ কবিবেন ॥৪১॥

আমার পক্ষেব বিশাল রথসমূহ ও শরজালদ্বারা পাণ্ডবগণের সহিত পাঞ্চালেরা ছিন্ন-ভিন্ন হইবে" ॥৪২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

উন্মত্ত ইব মে পুত্রো বিলপত্যেষ সঞ্জয়!।
ন হি শক্তো রণে জেতুং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৪৩॥
জানাতি হি যথা ভীষ্মঃ পাণ্ডবানাং যশস্বিনাম্।
বলবত্তাং সপুত্রাণাং ধর্ম্মজ্ঞানাং মহাত্মনাম্ ॥৩৪॥
যতো নারোচয়দয়ং বিগ্রহং তৈর্মহাত্মভিঃ।
কিন্তু সঞ্জয়! মে ব্রূহি পুনস্তেষাং বিচেষ্টিতম্ ॥৪৫॥
কস্তাংস্তরস্বিনো ভূয়ঃ সন্দীপয়তি পাণ্ডবান্।
অর্চ্চিষ্মতো মহেষ্বাসান্ হবিষা পাবকানিব ॥৪৬॥

সঞ্জয় উবাচ।

ধৃষ্টদ্যুম্নঃ সদৈবৈতান্ সন্দীপয়তি ভারত।।
যুধ্যধ্বমিতি মা ভৈষ্ট যুদ্ধাভরতসত্তমাঃ! ॥৪৭॥

ভাবতকৌমুদী

উন্মত্ত ইতি। বিলপতি প্রলপতি। শক্তো ন ভবিষ্যতি এব ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥
জানাতীতি। যথা যথার্থম্। বলবত্তাং বলম্ ॥৪৪॥
যত ইতি। নারোচয়ৎ নাভিলষিতবান্, কর্ণস্য তিরস্কারাদিত্যাশয়ঃ ॥৪৫॥
ক ইতি। তরস্বিনো বলবতঃ। সন্দীপয়তি সমুত্তেজয়তি। অর্চ্চিষ্মতস্তেজস্বিনঃ ॥৪৬॥
ধৃষ্টেতি। সন্দীপনপ্রকারমাহ যুধ্যধ্বমিত্যাদিভিঃ সার্দ্ধৈস্ত্রিভিঃ শ্লোকৈঃ ॥৪৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! আমার এই পুত্র উন্মত্তের ন্যায় বলিতেছে। কারণ, এ যুদ্ধে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে জয় করিতে সমর্থ হইবে না ॥৪৩॥

যশস্বী, ধর্ম্মজ্ঞ ও মহাত্মা পাণ্ডবগণের এবং তাঁহাদের পুত্রদিগের বল ভীষ্মই যথার্থরূপে জানেন ॥৪৪॥

যে হেতু সেই মহাত্মাদের সহিত যুদ্ধ করিতে ইহার অভিরুচি নাই। সে যাহা হউক, সঞ্জয়! তুমি পুনরায় আমার নিকট তাঁহাদের ব্যবহারের কথা বল ॥৪৫॥

ঘৃতদ্বারা অগ্নিকে যেমন সমুত্তেজিত করে, সেইরূপ কোন্ ব্যক্তি—বলবান্, তেজস্বী ও মহাধনুর্দ্ধর পাণ্ডবগণকে অধিক সমুত্তেজিত করিতেছে?" ॥৪৬।

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন! ধৃষ্টদ্যুম্নই পাণ্ডবগণকে সর্ব্বদা সমুত্তেজিত করিতেছেন। (তিনি বলেন—) 'ভরতশ্রেষ্ঠগণ! আপনারা ভয় করিবেন না, যুদ্ধ করুন ॥৪৭॥

যে কেচিৎ পার্থিবাস্তত্র ধার্ত্তরাষ্ট্রেণ সংবৃতাঃ।
যুদ্ধে সমাগমিষ্যন্তি তুমুলে শস্ত্রসঙ্কুলে ॥৪৮॥
তান্ সর্ব্বানাহবে ক্রুদ্ধান্ সানুবন্ধান্ সমাগতান্।
অহমেকঃ সমাদাস্যে তিমির্মৎস্যানিবোদকাৎ ॥৪৯॥ (যুগ্মকম্)
ভীষ্মং দ্রোণং কৃপং কর্ণং দ্রৌণিং শল্যং সুযোধনম্।
এতাংশ্চাপি নিরোৎস্যাপি বেলেব মকরালয়ম্ ॥৫০॥
তথা ব্রুবন্তং ধর্ম্মাত্মা প্রাহ রাজা যুধিষ্ঠিরঃ।
তব ধৈর্য্যঞ্চ বীর্য্যঞ্চ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৫১॥
সর্ব্বে সমধিরূঢ়াঃ স্মঃ সংগ্রামান্নঃ সমুদ্ধর।
জানামি ত্বাং মহাবাহো! ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্ ॥৫২॥
সমর্থমেকং পর্য্যাপ্তং কৌরবাণাং বিনিগ্রহে।
পুরস্তাদুপযাতানাং কৌরবাণাং যুযুৎসতাম্ ॥৫৩॥
ভবতা যদ্বিধাতব্যং তন্নঃ শ্রেয়ঃ পরন্তপ!।
সংগ্রামাদপযাতানাং ভগ্নানাং শরণৈষিণাম্ ॥৫৪॥
পৌরুষং দর্শয়ন্ শূবো যস্তিষ্ঠেদগ্রতঃ পুমান্।
ক্রীণীয়াত্তং সহস্রেণ ইতি নীতিমতাং মতম্ ॥৫৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

য ইতি। সংবৃতাঃ সম্যগ্ ব্যাপারিতাঃ। সানুবন্ধান্ সানুচরান্ ॥৪৮—৪৯॥

ভীষ্মমিতি। বেলেব তীরমিব, মকরালয়ং সমুদ্রম্ ॥৫০॥

তথেতি। সমধিরূঢ়া আশ্রিতাঃ। পর্য্যাপ্তং যথেষ্টং সমর্থম্। ভগ্নানাং পরাজিতানাম্, অগ্রত ইতি সম্বন্ধঃ। ক্রীণীযাদায়ত্তীকুর্য্যাৎ, সহস্রেণ বহুধনেন ॥৫১—৫৫॥

দুর্য্যোধনকর্ত্তৃক যুদ্ধে বৃত হইয়া যে কোন রাজা তুমুল ও অস্ত্রসঙ্কুল যুদ্ধে আগমন করিবেন, তিমি (বৃহৎ জলজন্তু) যেমন জল হইতে মৎস্যসমূহকে গ্রহণ করে, আমি একাকীই সেইরূপ যুদ্ধে সমাগত ক্রুদ্ধ সেই সকল রাজাকে তাঁহাদের অনুচরবর্গের সহিত গ্রহণ করিব ॥৪৮—৪৯॥

এবং তীর যেমন সমুদ্রকে নিবারণ করে, আমিও সেইরূপ ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, শল্য ও দুর্য্যোধনকে নিবারণ করিব” ॥৫০॥

ধৃষ্টদ্যুম্ন এইরূপ বলিতে লাগিলে, ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠির বলিয়াছেন—“মহাবাহু! পাণ্ডবদের সহিত পাঞ্চালেরা সকলেই আপনার ধৈর্য্য ও বীর্য্য আশ্রয়

(৫২) সর্ব্বে সমধিরূঢ়াঃ স্ম—বা ব রা নি।

স ত্বং শূরশ্চ বীরশ্চ বিক্রান্তশ্চ নরর্ষভ ! ।
ভয়ার্ত্তানাং পরিত্রাতা সংযুগেষু ন সংশয়ঃ ॥৫৬॥
এবং ব্রুবতি কৌন্তেয়ে ধর্ম্মাত্মনি যুধিষ্ঠিরে।
ধৃষ্টদ্যুম্ন উবাচেদং মাং বচো গতসাধ্বসম্ ॥৫৭॥
সর্ব্বান্ জনপদান্ সূত ! যোধা দুর্য্যোধনস্য যে।
সবাহ্লিকান্ কুরূন্ ব্রূযাঃ প্রাতিপেযান্ শরদ্বতঃ ॥৫৮॥
সূতপুত্রং তথা দ্রোণং সহপুত্রং জযদ্রথম্।
দুঃশাসনং বিকর্ণঞ্চ তথা দুর্য্যোধনং নৃপম্।
ভীষ্মঞ্চ ব্রূহি গত্বা ত্বমাশু গচ্ছ চ মা চিরম্ ॥৫৯॥

ভাবতকৌমুদী

স ইতি। শূরো বলবান্, বীর উৎসাহী, বিক্রান্তস্তেজস্বী ॥৫৬॥

এবমিতি। গতসাধ্বসো নির্ভযঃ ॥৫৭॥

সর্ব্বানিতি। জনপদান্ জনপদবাসিনো জনান্, যোধা যোদ্ধারঃ। প্রাতিপেয়ান্ প্রতিপবংশোদ্ভবান্, শরদ্বতঃ পুত্রং কৃপমিতি শেষঃ ॥৫৮॥

সূতেতি। মা চিরং বিলম্বং ন কুরু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

করিয়া রহিয়াছেন; সুতরাং আপনি আমাদিগকে যুদ্ধ হইতে উদ্ধার করুন। পরন্তপ। কৌরবেরা যুদ্ধার্থী হইযা সম্মুখবর্ত্তী হইলে, আপনি একাকীই তাহাদিগকে নিগ্রহ করিতে সর্ব্বপ্রকারে সমর্থ, সুতরাং আপনি ক্ষত্রিয়ধর্ম্মে অবস্থান করেন, ইহা আমি জানি; অতএব আপনি যাহা করিবেন, তাহাই আমাদের মঙ্গলজনক হইবে। যে বীরপুরুষ পুরুষকার দেখাইযা যুদ্ধ হইতে পলায়মান, পরাজিত ও শরণার্থী লোকদিগের সম্মুখে থাকিতে পারেন, সহস্র ধন ব্যয় করিয়াও তাঁহাকে আয়ত্ত করিবে, ইহাই নীতিজ্ঞদিগের মত ॥৫১—৫৫॥

নরশ্রেষ্ঠ। আপনি বলবান্, বীর ও বিক্রমশালী বলিয়া যুদ্ধে ভয়ার্ত্তদিগের রক্ষক হইবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই” ॥৫৬॥

কুন্তীনন্দন ধর্ম্মাত্মা যুধিষ্ঠির এইরূপ বলিতে লাগিলে, ধৃষ্টদ্যুম্ন নির্ভয়চিত্তে আমাকে এই কথা বলিলেন—॥৫৭॥

“সঞ্জয়। সেখানে দুর্য্যোধনের যে সকল যোদ্ধা আছেন তাঁহাদিগকে, দেশবাসী সকল লোককে, বাহ্লিকপ্রভৃতি কৌরবগণকে, প্রতিপবংশীয়দিগকে এবং কৃপাচার্য্যকে তুমি যাইযা বল ॥৫৮॥

আর কর্ণ, দ্রোণ, পুত্রগণের সহিত জয়দ্রথ, দুঃশাসন, বিকর্ণ, রাজা দুর্য্যোধন এবং ভীষ্মকেও যাইয়া বল; তুমি সত্বর যাও, বিলম্ব করিও না ॥৫৯॥

যুধিষ্ঠিরঃ সাধুনৈবাভ্যুপেয়ো মা বো বধীদর্জ্জুনো দেবগুপ্তঃ।
রাজ্যং দত্ত্বং ধর্ম্মরাজস্য তূর্ণং যাচধ্বং বৈ পাণ্ডবং লোকবীরম্ ॥৬০॥
নৈতাদৃশো হি যোধোঽস্তি পৃথিব্যামিহ কশ্চন।
যথাবিধঃ সব্যসাচী পাণ্ডবঃ সত্যবিক্রমঃ ॥৬১॥
দেবৈর্হি সংভৃতো দিব্যো রথো গাণ্ডীবধন্বনঃ।
ন স জেয়ো মনুষ্যেণ মাস্ম কৃধ্বং মনো যুধি ॥৬২॥
ধৃতরাষ্ট্র উবাচ।
ক্ষত্রতেজা ব্রহ্মচারী কৌমারাদপি পাণ্ডবঃ।
তেন সংযুগমেষ্যন্তি মন্দা বিলপতো মম ॥৬৩॥
দুর্য্যোধন! নিবর্ত্তস্ব যুদ্ধাদ্ভরতসত্তম!।
ন হি যুদ্ধং প্রশংসন্তি সর্ব্বাবস্থমরিন্দম! ॥৬৪॥

ভাবতকৌমুদী

কিং ব্রবীমীত্যাহ—যুধীতি। সাধুনা অহননাদিসদ্ব্যবহারেণৈব, যুধিষ্ঠিরঃ, অভ্যুপেয়ঃ প্রাপ্যো যুষ্মাভির্বশীকর্ত্তব্যঃ। দেবৈর্গুপ্তো রক্ষিতঃ অর্জ্জুনঃ, বো যুষ্মান্, মা বধীৎ ন হন্তু। ধর্ম্মরাজস্য রাজ্যম্, দত্ত্বং তস্মৈ দত্ত। তথা লোকবীরং পাণ্ডবং যুধিষ্ঠিরম্, তূর্ণং যাচধ্বং ক্ষমামিতি শেষঃ ॥৬০॥
ঈদৃক্করণে কো হেতুরিত্যাহ—নেতি। যোধো যোদ্ধা। সব্যসাচী অর্জ্জুনঃ ॥৬১॥
দেবৈরিতি। সংভৃতো রক্ষিতঃ। মাস্ম কৃধ্বং ন কুরুত ॥৬২॥
ক্ষত্রেতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। তেন পাণ্ডবেন সহ। মন্দা মৎপুত্রাঃ ॥৬৩॥
দুর্য্যোধনেতি। হি যস্মাৎ। সর্ব্বা অবস্থা যস্মিন্ তৎ ॥৬৪॥

"আপনারা সদ্ব্যবহার করিয়াই যুধিষ্ঠিরকে বশীভূত করুন, দেবগণরক্ষিত অর্জ্জুন যেন আপনাদিগকে বিনাশ করেন না; অতএব যুধিষ্ঠিরের রাজ্য যুধিষ্ঠিরকে সমর্পণ করুন এবং জগদ্বীর যুধিষ্ঠিরের নিকট ক্ষমা প্রার্থনা করুন ॥৬০॥

সত্যবিক্রম পাণ্ডুনন্দন অর্জ্জুন যেরূপ যোদ্ধা, এরূপ যোদ্ধা এখন পৃথিবীতে অপর কেহ নাই ॥৬১॥

তা'র পর, অর্জ্জুনের অলৌকিক রথখানা দেবগণের রক্ষিত, সুতরাং তাহা মানুষের পক্ষে অজেয়; অতএব আপনারা যুদ্ধের দিকে মন দিবেন না" ॥৬২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"যুধিষ্ঠির বাল্যকাল হইতেই ক্ষাত্রতেজে তেজীয়ান্ এবং ব্রহ্মচারী। এ দিকে আমি বিলাপ করিতেছি, আমাকে অগ্রাহ্য করিয়া আমার মূর্খ পুত্রেরা সেই যুধিষ্ঠিরের সঙ্গেই যুদ্ধ করিবে ॥৬৩॥

---

(৬২) ইতঃ পরম্ '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—বা ব বা নি।

অলমর্দ্ধং পৃথিব্যাস্তে সহামাত্যস্য জীবিতুম্।
প্রয়চ্ছ পাণ্ডুপুত্রাণাং যথোচিতমরিন্দম ! ॥৬৫॥
এতদ্ধি কুরবঃ সর্ব্বে মন্যন্তে ধর্ম্মসংহিতম্।
যত্ত্বং প্রশান্তিং মন্যেথাঃ পাণ্ডুপুত্রৈর্মহাত্মভিঃ ॥৬৬॥
অঙ্গেমাং সমবেক্ষস্ব পুত্র। স্বামেব বাহিনীম্।
জাত এষ তবাভাবস্ত্বন্তু মোহান্ন বুধ্যসে ॥৬৭॥
ন ত্বহং যুদ্ধমিচ্ছামি নৈতদিচ্ছতি বাহ্লিকঃ।
ন চ ভীষ্মো ন চ দ্রোণো নাশ্বত্থামা ন সঞ্জয়ঃ ॥৬৮॥
ন সোমদত্তো ন শল্যো ন কৃপো যুদ্ধমিচ্ছতি।
সত্যব্রতঃ পুরুমিত্রো জয়ো ভূরিশ্রবাস্তথা ॥৬৯॥

ভারতকৌমুদী

অলমিতি। অলং সমর্থম্। যথোচিতং রাজ্যার্দ্ধম্ ॥৬৫॥
এতদিতি। ধর্ম্মসংহিতং ধর্ম্মসঙ্গতম্। প্রশান্তিং সন্ধিনিষ্পাদ্যাম্ ॥৬৬॥
অঙ্গেতি। অঙ্গশব্দঃ সম্বোধনে। অভাবো যুদ্ধনিবন্ধনো ধ্বংসঃ ॥৬৭॥
যুদ্ধে সর্ব্বেষামেবাসম্মতিমাহ—নেতি। বাহ্লিকো নাম কশ্চিদ্বীরঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

হরিণশাবান্, তন্তুনা পাশেন ॥৪১—৫৭॥ শরদ্বতঃ আয়ুষ্মতঃ বিরুদ্ধলক্ষণয়া গতায়ুষ ইত্যর্থঃ ॥৫৮—৫৯॥ দদ্ধং দদত ॥৬০—৬১॥ কুধ্বং কুরুধ্বম্ ॥৬২—৬৬॥ জাত এষ তবাভাব ইত্যত্র শম এব মহচ্ছ্রেয় ইত্যাধুনিকঃ পাঠঃ। তরাভ্যাব ইতি পাঠে তরাণামশ্বাদীনাং বেগবতাং বাহনানামভ্যাবঃ সর্ব্বতঃ স্বাদনং কণ্ডুরোগাদ্যুপদ্রব ইতি যাবৎ। "অবক্ষয়ণগতিকান্তীত্যাদেঃ" স্বাদনার্থাৎ ঘঞ্। আস্রাব ইতি পাঠে আস্রাবঃ ক্ষতং যানেষ্পদ্রবঃ পরাজয়লক্ষণমিতি

ভরতশ্রেষ্ঠ অরিন্দম দুর্য্যোধন! যুদ্ধ হইতে নিবৃত্ত হও। কারণ, বিচক্ষণ লোকেরা সকল অবস্থাতেই যুদ্ধের প্রশংসা করেন না ॥৬৪॥

অমাত্যবর্গের সহিত তোমার জীবিকানির্ব্বাহের পক্ষে রাজ্যের অর্দ্ধই সমর্থ হইবে, অতএব অরিন্দম! পাণ্ডবগণকে যথোচিত রাজ্যার্দ্ধ প্রত্যর্পণ কর ॥৬৫॥

তুমি, মহাত্মা পাণ্ডবগণের সঙ্গে সন্ধি করিয়া শান্তি লাভ কর, ইহাই কৌরবেরা সকলে ধর্ম্মসঙ্গত বলিয়া মনে করেন ॥৬৬॥

পুত্র! তুমি এই আপন সৈন্যের প্রতি দৃষ্টিপাত কর, ইহা তোমার ধ্বংসই উপস্থিত হইয়াছে; কিন্তু মোহবশতঃ তুমি তাহা বুঝিতেছ না ॥৬৭॥

আমি যুদ্ধ ইচ্ছা করি না, কিংবা বাহ্লিক, ভীষ্ম, দ্রোণ, অশ্বত্থামা ও সঞ্জয়— ইহারাও যুদ্ধ ইচ্ছা করেন না ॥৬৮॥

যেষু সংপ্রতিতিষ্ঠেয়ুঃ কুরবঃ পীড়িতাঃ পরৈঃ।
তে যুদ্ধং নাভিনন্দন্তি তত্তুভ্যং তাত! রোচতাম্ ॥৭০॥
ন ত্বং করোষি কামেন কর্ণঃ কারয়িতা তব।
দুঃশাসনশ্চ পাপাত্মা শকুনিশ্চাপি সৌবলঃ ॥৭১॥

দুর্য্যোধন উবাচ।

নাহং ভবতি ন দ্রোণে নাশ্বত্থাম্নি ন সঞ্জয়ে।
ন ভীষ্মে ন চ কাম্বোজে ন কৃপে ন চ বাহ্লিকে ॥৭২॥
সত্যব্রতে পুরুমিত্রে ভূরিশ্রবসি বা পুনঃ।
অন্যেষু বা তাবকেষু ভারং কৃত্বা সমাহ্বয়ম্ ॥৭৩॥ (যুগ্মকম্)
অহঞ্চ তাত! কর্ণশ্চ রণযজ্ঞং বিতত্য বৈ।
যুধিষ্ঠিরং পশুং কৃত্বা দীক্ষিতৌ ভরতর্ষভ! ॥৭৪॥
রথো বেদী স্রুবঃ খড়্গো গদা স্রুক্ কবচোঽজিনম্।
চাতুর্হোত্রঞ্চ ধুর্য্যা মে শরা দর্ভা হবির্যশঃ ॥৭৫॥

ভাবতকৌমুদী

নেতি। সোমদত্তাদয়ো দুর্য্যোধনপক্ষগতা বীরাঃ ॥৬৯॥
যেষ্বিতি। যেষু ভীষ্মাদিষু। নাভিনন্দন্তি আনন্দেন নানুমোদন্তে ॥৭০॥
নেতি। করোষি কার্য্যমাত্রমিতি শেষঃ, কামেন স্বেচ্ছয়া ॥৭১॥
নেতি। ভবতি ত্বযি। ভারং নির্ভবম্। সমাহ্বয়ং যোধানিতি শেষঃ ॥৭২—৭৩॥
অহমিতি। বিতত্য বিস্তারেণ প্রবর্ত্ত্য। দীক্ষিতৌ ভবিষ্যাবঃ ॥৭৪॥

তা'র পব সোমদত্ত, শল, কৃপ, সত্যব্রত, পুরুমিত্র, জয় ও ভূরিশ্রবা—ইঁহারাও যুদ্ধ ইচ্ছা করেন না ॥৬৯॥

অতএব পরপীড়িত কৌববেবা যাঁহাদের উপরে নির্ভর কবিয়া প্রতিষ্ঠিত থাকিবেন, তাঁহারাই যুদ্ধেব অনুমোদন কবেন না; সুতরাং বৎস! তোমারও তাহাতেই অভিরুচি হউক ॥৭০॥

তুমি ত নিজেব ইচ্ছায় কার্য্য কর না; বর্ণ, পাপাত্মা দুঃশাসন এবং সুবলনন্দন শকুনি—ইহাবাই তোমাকে দিয়া কবায়" ॥৭১॥

দুর্য্যোধন বলিলেন—"আপনি, দ্রোণ, অশ্বত্থামা, সঞ্জয়, ভীষ্ম, কাম্বোজ, কৃপ, বাহ্লিক, সত্যব্রত, পুরুমিত্র, ভূবিশ্রবা, কিংবা আপনাব সম্পর্কিত অন্যান্য লোকদের উপরে নির্ভব কবিয়া আমি যোদ্ধৃবর্গকে আহ্বান কবি নাই ॥৭২—৭৩॥

ভবতশ্রেষ্ঠ পিতা! আমি এবং কর্ণ—আমরা যুধিষ্ঠিরকে পশু কল্পনা করিয়া বিস্তৃত যুদ্ধযজ্ঞে দীক্ষিত হইব ॥৭৪॥

আত্মযজ্ঞেন নৃপতে! ইষ্ট্বা বৈবস্বতং রণে।
বিজিত্য চ সমেষ্যাবো হতামিত্রৌ শ্রিয়া বৃতৌ ॥৭৬॥
অহঞ্চ তাত! কর্ণশ্চ ভ্রাতা দুঃশাসনশ্চ মে।
এতে বয়ং হনিষ্যামো পাণ্ডবান্ সমরে ত্রয়ঃ ॥৭৭॥
অহং হি পাণ্ডবান্ হত্বা প্রশাস্তা পৃথিবীমিমাম্।
মাং বা হত্বা পাণ্ডুপুত্রা ভোক্তারঃ পৃথিবীমিমাম্ ॥৭৮॥
ত্যক্তং মে জীবিতং রাজ্যং ধনং সর্ব্বঞ্চ পার্থিব!।
ন জাতু পাণ্ডবৈঃ সার্দ্ধং বসেয়মহমচ্যুত! ॥৭৯॥
যাবদ্ধি সূচ্যাস্তীক্ষ্ণায়া বিধ্যেদগ্রেণ মারিষ!।
তাবদপ্যপরিত্যাজ্যং ভূমের্ন পাণ্ডবান্ প্রতি ॥৮০॥

ভারতকৌমুদী

রথ ইতি। বেদী পরিষ্কৃতা ভূমিঃ, স্রুব একহস্তপরিমিতো যজ্ঞপাত্রবিশেষঃ, স্রুক্ বাহুপরিমিতং যজ্ঞপাত্রম্। "স্রুবঃ পুমানেকহস্তো বাহুমাত্রা স্রুগীরিতা" ইতি শব্দরত্নাবলী। অজিনম্ উপবেশনার্থং চর্ম্ম। ধুর্য্যাশ্চত্বারোঽশ্বাঃ, চতুর্ণাং হোতৄণাম্ ঋত্বিজাং হোতৃতদধ্বর্য্যুব্রহ্মসদস্যানাং সমাহার ইতি চাতুর্হোত্রম্ ॥৭৫॥

আত্মেতি। ইষ্ট্বা পূজয়িত্বা, বৈবস্বতং যমম্। শ্রিয়া জয়লক্ষ্ম্যা ॥৭৬॥

দুঃশাসনং পক্ষীকুর্ব্বন্নাহ—অহমিতি। এতে ত্রয়ো বয়মিতি সম্বন্ধঃ ॥৭৭॥

অহমিতি। প্রশাস্তা প্রশাসিষ্যামি। ভোক্তারো ভোক্ষ্যন্তি ॥৭৮॥

ত্যক্তমিতি। জাতু কদাচিৎ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৭৯॥

রথ তাহার বেদী, তরবারি তাহার স্রুব, গদা তাহার স্রুক্, কবচ তাহার চর্ম্ম, অশ্বচতুষ্টয় তাহার ঋত্বিক্, বাণ তাহার কুশ এবং যশ তাহার হবি হইবে ॥৭৫॥

রাজা! আমরা এইরূপ স্বকীয় যজ্ঞদ্বারা যুদ্ধে যমের পূজা করিয়া বিজয়ী হইয়া শত্রুগণকে সংহার করিয়া বিজয়লক্ষ্মীতে ভূষিত হইয়া ফিরিয়া আসিব ॥৭৬॥

পিতা! আমি, কর্ণ এবং আমার ভ্রাতা দুঃশাসন, আমরা এই তিন জনই যুদ্ধে পাণ্ডবগণকে বধ করিব ॥৭৭॥

আমি পাণ্ডবগণকে সংহার করিয়া এই পৃথিবী শাসন করিব; কিংবা পাণ্ডবেরা আমাকে বধ করিয়া এই পৃথিবী ভোগ করিবে ॥৭৮॥

ধার্ম্মিক রাজা! আমি আমার জীবন, সমগ্র রাজ্য ও সমস্ত ধন ত্যাগ করিব; কিন্তু পাণ্ডবগণের সহিত কখনও একত্র বাস করিব না ॥৭৯॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্ব্বান্ বস্তাত! শোচামি ত্যক্তো দুর্য্যোধনো ময়া।
যে মন্দমনুযাস্যধ্বং যান্তং বৈবস্বতক্ষয়ম্ ॥৮১॥
রুরূণামিব যূথেষু ব্যাঘ্রাঃ প্রহরতাং বরাঃ।
বরান্ বরান্ হনিষ্যন্তি সমেতা যুধি পাণ্ডবাঃ ॥৮২॥
প্রতীপমিব মে ভাতি যুযুধানেন ভারতী।
ব্যস্তা সীমন্তিনী গ্রস্তা প্রমৃষ্টা দীর্ঘবাহুনা ॥৮৩॥
সম্পূর্ণং পূরয়ন্ ভূয়ো ধনং পার্থস্য মাধবঃ।
শৈনেয়ঃ সমরে স্থাতা বীজবৎ প্রবপন্ শরান্ ॥৮৪॥

ভাবতকৌমুদী

যাবদিতি। হে মারিষ! আর্য্য। "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। তাবৎ স্থানম্ ॥৮০॥

অন্যান্ নিবারয়িতুং ভীতিং প্রদর্শয়তি দশভিঃ শ্লোকৈঃ। সর্ব্বানিতি। হে তাত! বৎস! যোদ্ধৃগণ! বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৮১॥

রুরূণামিতি। রুরূণাং মৃগাণাম্। সমেতা মিলিতাঃ ॥৮২॥

প্রতীপমিতি। দীর্ঘবাহুনা যুযুধানেন সাত্যকিনা, সীমন্তিনী সীমন্তবৎ শ্রেণীবদ্ধা নারীব চ, ভারতী ভারতবংশসম্বন্ধিনী অস্মদীয়া সেনা, আদৌ গ্রস্তা গৃহীতা, পরং প্রমৃষ্টা মর্দ্দিতা ধর্ষিতা চ, পরঞ্চ প্রতীপং প্রতিকূলং ব্যস্তা বিক্ষিপ্তা, ইতি মে ভাতীব ॥৮৩॥

সম্পূর্ণমিতি। মাধবো মধুবংশীয়ঃ, শৈনেয়ঃ সাত্যকিঃ। কৃষকবদিতি ভাবঃ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

॥৬৭—৭৫॥ চাতুর্হোত্রং চতুর্ণাং হোতৄণাম্ ঋত্বিজাং কর্ম্ম ॥৭৭—৮১॥ রুরূণামিবেত্যত্র কুরূণাং লাটভাষয়া অজানামিতি পাঠো যুক্তঃ। পক্ষে কুরূণাং মধ্যে বরান্ ব্যাঘ্রা ইবেতি

অতএব আর্য্য! তীক্ষ্ণ সূচীর অগ্রদ্বারা যতটুকু স্থান বিদ্ধ করা যায়, ভূমির ততটুকু স্থানও আমি পাণ্ডবগণকে সমর্পণ করিব না" ॥৮০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"বৎস! যোদ্ধৃগণ! আমি ত দুর্য্যোধনকে ত্যাগ করিলাম, সেও ত যমালয়েই চলিল; কিন্তু তোমরা যাহারা এই মূর্খের অনুগমন করিবে, আমি এখন তাহাদের সকলের জন্যই শোক করি ॥৮১॥

ব্যাঘ্রগণ যেমন হরিণগণের মধ্যে পতিত হইয়া প্রধান প্রধান হরিণ বধ করে, যোদ্ধৃশ্রেষ্ঠ সমবেত পাণ্ডবেরাও তেমন যুদ্ধে প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিবে ॥৮২॥

দীর্ঘবাহু সাত্যকি শ্রেণীবদ্ধ কৌরবসেনাকে প্রথমে গ্রহণ ও মর্দ্দন করিয়া পরে প্রতিকূলে বিক্ষিপ্ত করিয়াছে বলিয়াই যেন আমার ধারণা হইতেছে ॥৮৩॥

মধুবংশীয় সাত্যকি যুধিষ্ঠিরের প্রচুর ধন আরও বর্দ্ধিত করতঃ, কৃষক যেমন

সেনামুখে প্রযুদ্ধানাং ভীমসেনো ভবিষ্যতি।
তং সর্ব্বে সংশ্রয়িষ্যন্তি প্রাকাবমকুতোভযম্ ॥৮৫॥
যদা দ্রক্ষ্যসি ভীমেন কুঞ্জরান্ বিনিপাতিতান্।
বিশীর্ণদন্তান্ গির্য্যাভান্ ভিন্নকুম্ভান্ সশোণিতান্ ॥৮৬॥
তানভিপ্রেক্ষ্য সংগ্রামে বিশীর্ণানিব পর্ব্বতান্।
ভীতো ভীমস্য সংস্পর্শাৎ স্মর্ত্তাসি বচনং মম ॥৮৭॥ (যুগ্মকম্)
নির্দগ্ধং ভীমসেনেন সৈন্যং হতবথদ্বিপম্।
গতিমগ্নেবিব প্রেক্ষ্য স্মর্ত্তাসি বচনং মম ॥৮৮॥
মহদ্বো ভয়মাগামি ন চেচ্ছাম্যথ পাণ্ডবৈঃ।
গদয়া ভীমসেনেন হতাঃ শমমুপৈষ্যথ ॥৮৯॥

ভাবতকৌমুদী

সেনেতি। প্রযুদ্ধানাং প্রযুধ্যমানানাম্। ভবিষ্যতি স্থাস্যতি। প্রাকারমিব ॥৮৫॥
যদেতি। গির্য্যাভান্ পর্ব্বতপ্রমাণান্। বচনং মমেদং নিবেধবাক্যম্ ॥৮৬—৮৭॥
নিরিতি। হতা বথদ্বিপা যস্য তৎ। গতিং ভীমসেনস্য ॥৮৮॥
মহদিতি। বো যুষ্মাকম্। পাণ্ডবৈঃ সহ যুদ্ধমিতি শেষঃ ॥৮৯॥

ভারতভাবদীপঃ

যোজনা ॥৮২॥ ভারতী সেনা স্ত্রীরূপকেণ নির্দ্দিষ্টা ॥৮৩॥ ধনং বলম্ ॥৮৪॥ প্রাকারমিব ভীমং সংশ্রয়িষ্যন্তি ॥৮৫—৯১॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৭॥

বীজ নিক্ষেপ করে, সেইরূপ শব নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে অবস্থান করিবে ॥৮৪॥

ভীমসেন যোদ্ধাদের সম্মুখে থাকিবে, আব সকল যোদ্ধাই অকুতোভয়ে প্রাচীরেব ন্যায় তাহাকে আশ্রয় কবিবে ॥৮৫॥

যোদ্ধৃগণ! তোমরা যখন দেখিবে—ভীমসেন পর্ব্বতপ্রমাণ হস্তিগণেব দন্ত ভগ্ন ও কুম্ভ বিদীর্ণ কবিয়া রক্তাক্ত অবস্থায ভগ্ন পর্ব্বতসমূহের ন্যায় সেগুলিকে ভূতলে পাতিত কবিয়াছে এবং সেগুলিকে দেখিয়া তোমবা ভীমেব সংস্পর্শ হইতে ভীত হইবে, তখন আমার নিবেধবাক্য স্মবণ কবিবে ॥৮৬—৮৭॥

ভীম যখন রথ ও হস্তী সংহাব কবিয়া সৈন্য দগ্ধ কবিতে থাকিবে, তখন অগ্নিব ন্যায় তাহার গতি দেখিয়া আমাব বাক্য স্মরণ কবিবে ॥৮৮॥

---

(৮৭)...স্মর্ত্তাসি বচনস্য মে—বা ব রা নি। (৮৮)...সৈন্যং রথহয়দ্বিপম্...স্মর্ত্তাসি বচনস্য মে—বা ব রা নি।

মহাবনমিব চ্ছিন্নং যদা দ্রক্ষ্যসি পাতিতম্।
বলং কুরূণাং ভীমেন তদা স্মর্ত্তাসি মে বচঃ ॥৯০॥

বৈশম্পায়ন উবাচ।

এতাবদুক্ত্বা রাজা তু সর্ব্বাংস্তান্ পৃথিবীপতীন্।
অনুভাষ্য মহারাজ! পুনঃ পপ্রচ্ছ সঞ্জয়ম্ ॥৯১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ ধৃতরাষ্ট্রবাক্যে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

যদব্রূতাং মহাত্মানৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
তন্মে ব্রূহি মহাপ্রাজ্ঞ! শুশ্রূষে বচনং তব ॥১॥

ভাবতকৌমুদী

মহেতি। বচো যুদ্ধনিষেধবাক্যম্ ॥৯০॥

এতাবদিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। অনুভাষ্য সম্বোধ্য ॥৯১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি যানসন্ধৌ সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যদিতি। শুশ্রূষে শ্রোতুমিচ্ছামি ॥১॥

যোদ্ধৃগণ! তোমাদেব গুরুতর ভয় আসিতেছে; আমি কিন্তু পাণ্ডবদের সহিত তোমাদেব যুদ্ধই ইচ্ছা কবি না; তোমবাও গদাদ্বারা ভীমকর্ত্তৃক নিহত হইয়া শান্তি লাভ করিবে ॥৮৯॥

তোমরা যখন দেখিবে—ভীমসেন ছিন্ন মহাবনের ন্যায় কৌববসৈন্য পাতিত করিয়াছে, তখন আমাব বাক্য স্মবণ করিবে" ॥৯০॥

বৈশম্পায়ন বলিলেন—মহাবাজ জনমেজয়! ধৃতবাষ্ট্র এই পর্য্যন্ত বলিয়া সেই সকল বাজাকে সম্বোধন কবিয়া পুনরায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৯১॥

(৯১) শ্লোকাৎ পরম্ '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—বা ব রা নি। * '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' —বা ব রা নি। (১) অত্র বিভিন্নরূপমধ্যায়ান্তরম—নি।

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! যথা দৃষ্টৌ ময়া কৃষ্ণধনঞ্জয়ৌ।
উচতুশ্চাপি যদ্বীরৌ তত্তে বক্ষ্যামি ভারত! ॥২॥
পাদাঙ্গুলীরভিপ্রেক্ষন্ প্রয়তোঽহং কৃতাঞ্জলিঃ।
শুদ্ধান্তং প্রাবিশং রাজন্নাখ্যাতুং নরদেবয়োঃ ॥৩॥
নৈবাভিমন্যুর্ন যমৌ তং দেশমভিযান্তি বৈ।
যত্র কৃষ্ণৌ চ কৃষ্ণা চ সত্যভামা চ ভাবিনী ॥৪॥
উভৌ মধ্বাসবক্ষীবাবুভৌ চন্দনরূষিতৌ।
স্রগ্বিণৌ বরবস্ত্রৌ তৌ দিব্যাভরণভূষিতৌ ॥৫॥
নৈকরত্নবিচিত্রঞ্চ কাঞ্চনং মহদাসনম্।
বিবিধাস্তরণাস্তীর্ণং যত্রাসাতামরিন্দমৌ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শৃণ্বিতি। বীরৌ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥২॥

পাদেতি। আত্মন এব পাদাঙ্গুলীরভিপ্রেক্ষন্ পশ্যন্, অন্তঃপুরে ইতস্ততো দৃষ্টিপাতস্যান্যায্যত্বা-দিত্যাশয়ঃ। প্রয়তঃ সংযতচিত্তঃ। শুদ্ধান্তমন্তঃপুরম্ ॥৩॥

নেতি। যমৌ নকুলসহদেবৌ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, কৃষ্ণা দ্রৌপদী ॥৪॥

উভাবিতি। উভৌ কৃষ্ণার্জ্জুনৌ, মধ্বাসবক্ষীবৌ পুষ্পরসমদ্যপানমত্তৌ, চন্দনেন রূষিতৌ রঞ্জিতগাত্রৌ। স্রগ্বিণৌ মাল্যধারিণৌ। আসাতামবস্থিতৌ ॥৫—৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"মহাপ্রাজ্ঞ সঞ্জয়! মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন যাহা বলিয়াছেন, তাহা তুমি বল; আমি তোমার সেই বাক্য শুনিতে ইচ্ছা করি" ॥১॥

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন রাজা! আমি যেরূপ কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়াছি এবং তাঁহারা যাহা বলিয়াছেন, তাহা আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥২॥

রাজা! আমি সংযতচিত্ত ও কৃতাঞ্জলি হইয়া নিজের চরণাঙ্গুলীর প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে করিতে কৃষ্ণার্জ্জুনের নিকট বলিবার জন্য অন্তঃপুরে প্রবেশ করিয়াছিলাম ॥৩॥

যেখানে কৃষ্ণ ও অর্জ্জুন এবং পতিব্রতা সত্যভামা ও দ্রৌপদী ছিলেন, সেখানে নকুল, সহদেব, কিংবা অভিমন্যুও গমন করেন না ॥৪॥

যেখানে অরিন্দম কৃষ্ণ ও অর্জ্জুন—উভয়েই মধুমদ্যপানে মত্ত, চন্দনরঞ্জিতদেহ,

(৩) পাদাঙ্গুলীরভিপ্রেক্ষ্য—পি।

অর্জ্জুনোৎসঙ্গগৌ পাদৌ কেশবস্যোপলক্ষয়ে।
অর্জ্জুনস্য চ কৃষ্ণায়াং সত্যায়াঞ্চ মহাত্মনঃ ॥৭॥
কাঞ্চনং পাদপীঠন্তু পার্থো মে প্রাদিশৎ পদা।
তদহং পাণিনা স্পৃষ্ট্বা ততো ভূমাবুপাবিশম্ ॥৮॥
ঊর্দ্ধরেখাতলৌ পাদৌ পার্থস্য শুভলক্ষণৌ।
পাদপীঠাদপহৃতৌ তত্রাপশ্যমহং শুভৌ ॥৯॥
শ্যামৌ বৃহন্তৌ তরুণৌ শালস্কন্ধাবিবোদ্‌গতৌ।
একাসনগতৌ দৃষ্ট্বা ভয়ং মাং মহদাবিশৎ ॥১০॥
ইন্দ্রবিষ্ণুসমাবেতৌ মন্দাত্মা নাববুধ্যতে।
সংশ্রয়াদ্‌দ্রোণভীষ্মাভ্যাং কর্ণস্য চ বিকত্থনাৎ ॥১১॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেতি। অর্জ্জুনস্য উৎসঙ্গগৌ ক্রোডস্থিতৌ। অর্জ্জুনস্য চ পাদৌ। কৃষ্ণঃ পর্য্যঙ্কেঽর্দ্ধশয়িতঃ, অর্জ্জুনস্তু তস্য পাদাবঙ্কে নিধায় স্বপাদয়োরেকং ভূতলোপবিষ্টায়া দ্রৌপদ্যা অঙ্কে অপরঞ্চ তত্রোপবিষ্টায়া এব সত্যভামায়া অঙ্কে বিন্যস্য তস্মিন্নেব পর্য্যঙ্কে আসীন আসীদেবং সতি সর্ব্বং সঙ্গচ্ছতে ॥৭॥

কাঞ্চনমিতি। প্রাদিশৎ উপবেশনায় নিরদিশৎ। সঞ্জয়স্য প্রাচীনভৃত্যত্বাচ্চরণেন নির্দ্দেশেঽপি ন দোষ ইতি ভাবঃ। পাণিনা স্পর্শনং তদ্দানসম্মানপ্রদর্শনার্থম্ ॥৮॥

ঊর্দ্ধেতি। ঊর্দ্ধরেখে তলয়োর্যয়োস্তৌ শুভৌ সুন্দরৌ ॥৯॥

শ্যামাবিতি। শালস্কন্ধৌ শালবৃক্ষপ্রকাণ্ডদেশপর্য্যন্তৌ, উদ্‌গতাবুন্নতৌ ॥১০॥

মাল্যধারী, উত্তম বস্ত্রপরিধায়ী ও দিব্যাভরণে ভূষিত হইয়া নানারত্নবিচিত্র ও বিবিধাস্তরণে আবৃত স্বর্ণময় বিশাল পর্য্যঙ্কে অবস্থান করিতেছিলেন ॥৫—৬॥

আমি দেখিলাম—কৃষ্ণের চরণযুগল অর্জ্জুনের ক্রোড়ে রহিয়াছে, আর মহাত্মা অর্জ্জুনের একখানি চরণ দ্রৌপদীর ক্রোড়ে এবং অপরখানি সত্যভামার ক্রোড়ে বিন্যস্ত আছে ॥৭॥

অর্জ্জুন চরণদ্বারা আমার বসিবার জন্য স্বর্ণময় পাদপীঠ নির্দ্দেশ করিলেন; আমি হস্তদ্বারা তাহা স্পর্শ করিয়া ভূতলেই উপবেশন করিলাম ॥৮॥

অর্জ্জুন যখন পাদপীঠ হইতে চরণযুগল তুলিয়া লইলেন, তখন আমি দেখিলাম—সেই সুন্দর চরণযুগলতলে শুভসূচক দুইটী ঊর্দ্ধরেখা রহিয়াছে ॥৯॥

শ্যামবর্ণ, বৃহদাকৃতি ও শালবৃক্ষের স্কন্ধের ন্যায় উন্নত দুই জন যুবাকে একাসনে উপবিষ্ট দেখিয়া আমার গুরুতর ভয় উপস্থিত হইল ॥১০॥

---

(৮)...পার্থো মে প্রাদিশত্তদা—বা।

নিদেশস্থাবিমৌ যস্য মানসস্তস্য সেৎস্যতে।
সঙ্কল্পো ধর্ম্মরাজস্য নিশ্চয়ো মে তদাভবৎ ॥১২॥
সৎকৃতশ্চান্নপানাভ্যামাসীনো লব্ধসৎক্রিয়ঃ।
অঞ্জলিং মূর্দ্ধ্নি সন্ধায় তৌ সন্দেশমচোদয়ম্ ॥১৩॥
ধনুর্গুণকিণাঙ্কেন পাণিনা শুভলক্ষণম্।
পাদমানময়ন্ পার্থঃ কেশবং সমচোদয়ৎ ॥১৪॥
ইন্দ্রকেতুরিবোত্থায় সর্ব্বাভরণভূষিতঃ।
ইন্দ্রবীর্য্যোপমঃ কৃষ্ণঃ সন্দিষ্টো মাভ্যভাষত ॥১৫॥
বাচং স বদতাং শ্রেষ্ঠো হ্লাদিনীং বচনক্ষমাম্।
ত্রাসিনীং ধার্ত্তরাষ্ট্রাণাং মৃদুপূর্ব্বাং সুদারুণাম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ইন্দ্রেতি। মন্দাত্মা অল্পবুদ্ধির্দুর্য্যোধনঃ। বিকত্থনাদাত্মশ্লাঘাকরণাৎ ॥১১॥

নিদেশেতি। নিদেশস্থৌ আজ্ঞাবহৌ। মানসঃ সঙ্কল্পঃ, সেৎস্যতে সিদ্ধিং প্রাপ্স্যতি ॥১২॥

সন্দিতি। সন্ধায় বিধায়। সন্দেশং বাচিকম্, অচোদয়ং বক্তুং প্রৈরয়ম্ ॥১৩॥

ধনুরিতি। পার্থোঽর্জ্জুনঃ, ধনুষো গুণেন গুণঘর্ষণেন যঃ কিণো দৃঢ়ীভূতং মাংসং তেন অঙ্কশ্চিহ্নং যত্র তেন পাণিনা, কৃষ্ণস্য পাদম্, আনময়ন্ অঙ্কাদবতারয়ন্, শুভলক্ষণং কেশবম্, সমচোদয়ৎ ইঙ্গিতেন বক্তুং প্রৈরয়ৎ ॥১৪॥

ইন্দ্রেতি। ইন্দ্রকেতুঃ দীর্ঘত্বাদিন্দ্রধ্বজঃ। ইন্দ্রবীর্য্যম্ উপমা বীর্য্যতুলনাস্থানং যস্য সঃ। সন্দিষ্টঃ অর্জ্জুনেন সঙ্কেতিতঃ, মা মাম্। বচনক্ষমামন্তরাপ্যুক্তিযোগ্যাম্ ॥১৫—১৬॥

(আমি ভাবিলাম—) ভীষ্ম ও দ্রোণ আশ্রয় করিয়া রহিয়াছেন এবং কর্ণ আত্মশ্লাঘা করিয়া থাকেন; এই জন্যই অল্পবুদ্ধি দুর্য্যোধন ইন্দ্র ও বিষ্ণুর তুল্য এই কৃষ্ণ ও অর্জ্জুনকে চিনিতে পারেন না ॥১১॥

ইঁহারা দুই জন যাঁহার আজ্ঞাবহ, সেই ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের মনের সঙ্কল্প অবশ্যই সিদ্ধ হইবে; এইরূপ নিশ্চয় আমার তখন হইয়া গেল ॥১২॥

ক্রমে আমি খাদ্য ও পেয়দ্বারা আদর পাইয়া, উপবিষ্ট হইয়া, মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া, বক্তব্য বিষয় বলিবার জন্য তাঁহাদের নিকট প্রার্থনা করিলাম ॥১৩॥

ধনুর গুণবর্ষণে যে হস্তে কিণ (কড়, মাড়ুরা) জন্মিয়াছিল, অর্জ্জুন সেই হস্তদ্বারা আপন ক্রোড় হইতে কৃষ্ণের চরণযুগল নামাইয়া রাখিয়া শুভলক্ষণশালী কৃষ্ণকে বলিবার জন্য ইঙ্গিত করিলেন ॥১৪॥

ইন্দ্রের ন্যায় বলবান্, বাগ্মিশ্রেষ্ঠ ও সর্ব্বাভরণভূষিত কৃষ্ণ ইন্দ্রধ্বজের ন্যায়

(১৬)…ত্রাসনীম্—পি।

বাচং তাং বচনার্হস্য শিক্ষাক্ষরসমন্বিতাম্।
অশ্রৌষমহমিষ্টার্থাং পশ্চাদ্ধৃদয়শোষণীম্ ॥১৭॥
বাসুদেব উবাচ।
সঞ্জয়েদং বচো ব্রূয়া ধৃতরাষ্ট্রং মনীষিণম্।
কুরুমুখ্যস্য ভীষ্মস্য দ্রোণস্যাপি চ শৃণ্বতঃ ॥১৮॥
আবয়োর্বচনাৎ সূত ! জ্যেষ্ঠানপ্যভিবাদয়ন্।
যবীয়সশ্চ কুশলং পশ্চাৎ পৃষ্ট্বেদমুত্তরম্ ॥১৯॥ (যুগ্মকম্)
যজধ্বং বিবিধৈর্যজ্ঞৈর্বিপ্রেভ্যো দত্ত দক্ষিণাঃ।
পুত্রৈর্দারৈশ্চ মোদধ্বং মহদ্বো ভয়মাগতম্ ॥২০॥
অর্থাংস্ত্যজত পাত্রেভ্যঃ সুতান্ প্রাপ্নুত কামজান্।
প্রিয়ং প্রিয়েভ্যশ্চরত রাজা হি ত্বরতে জয়ে ॥২১॥

ভারতকৌমুদী

বাচমিতি। অহম্, শিক্ষাক্ষরৈঃ শিক্ষাযোগ্যবর্ণৈঃ সমন্বিতাম্, ইষ্টার্থাং প্রথমে অভীষ্টাভিধেয়াম্, পশ্চাচ্চ হৃদয়শোষণীম্, বচনার্হস্য বাগ্মিনস্তাং বাচমশ্রৌষম্ ॥১৭॥

সঞ্জয়েতি। ভীষ্মদ্রোণয়োঃ সমীপ ইত্যর্থঃ। অভিবাদয়ন্ অভিবাদং জ্ঞাপয়ন্। যবীয়সঃ কনিষ্ঠান্। উত্তরং পরমিদং ব্রূয়া ইতি সম্বন্ধঃ ॥১৮—১৯॥

যজধ্বমিতি। অচিরমেব যুষ্মাকং মৃত্যুর্ভবিষ্যতীতি ভাবঃ ॥২০॥

গাত্রোত্থান করিয়া অর্জ্জুনের ইঙ্গিতক্রমে আমাকে বলিতে লাগিলেন। উক্তিযোগ্য সেই কথাগুলি প্রথমে কোমল হইয়াছিল বলিয়া আনন্দ জন্মাইয়াছিল এবং পরে অতিদারুণ হইয়াছিল বলিয়া ধার্ত্তরাষ্ট্রগণের পক্ষে ভয় উৎপাদন করিয়াছিল ॥১৫—১৬॥

আমি, বাক্‌পটু কৃষ্ণের সেই শিক্ষণীয় কথাগুলি শুনিলাম; তাহার প্রথম অংশ অভীষ্ট এবং শেষ অংশ হৃদয়শোষক হইয়াছিল' ॥১৭॥

কৃষ্ণ বলিলেন—"সূত ! সঞ্জয় ! তুমি যাইয়া আমাদের কথানুসারে জ্যেষ্ঠদিগকে অভিবাদন জানাইয়া এবং কনিষ্ঠদিগকে মঙ্গল জিজ্ঞাসা করিয়া পরে কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম ও দ্রোণের সমক্ষে বুদ্ধিমান্ ধৃতরাষ্ট্রের নিকটে এই কথাগুলি বলিও ॥১৮—১৯॥

তোমরা নানাবিধ যজ্ঞ কর, ব্রাহ্মণদিগকে দক্ষিণা দাও এবং পুত্র-কলত্রদের সহিত আমোদ করিয়া লও। কারণ, তোমাদের গুরুতর ভয় উপস্থিত হইয়াছে ॥২০॥

---

(১৭)…হৃদয়হারিণীম্—বা ব রা। (১৯)…পৃষ্ট্বৈবমুত্তরম্—বা ব রা।

ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি।
যদ্‌গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনম্ ॥২২॥
তেজোময়ং দুবাধর্ষং গাণ্ডীবং যস্য কার্ম্মুকম্।
মদ্দ্বিতীয়েন তেনেহ বৈরং বঃ সব্যসাচিনা ॥২৩॥
মদ্দ্বিতীয়ং পুনঃ পার্থং কঃ প্রার্থয়িতুমিচ্ছতি।
যো ন কালপরীতো বাঽপ্যপি সাক্ষাৎ পুরন্দরঃ ॥২৪॥
বাহুভ্যামুদ্বহেদ্‌ভূমিং দহেৎ ক্রুদ্ধ ইমাঃ প্রজাঃ।
পাতয়েত্ত্রিদিবাদ্দেবান্ যোঽর্জ্জুনং সমরে জয়েৎ ॥২৫॥

ভারতকৌমুদী

অর্থানিতি। অর্থান্ ধনানি, ত্যজত দত্ত। প্রাপ্নুত জনয়ত। রাজা যুধিষ্ঠিরঃ ॥২১॥
ঋণমিতি। চুক্রোশ বস্ত্রহরণকালে আহূতবতী, কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥
তেজ ইতি। অহং দ্বিতীয়ো যস্য তেন। সব্যসাচিনা অর্জ্জুনেন সহ ॥২৩॥
মদিতি। প্রার্থয়িতুমিচ্ছতি যুদ্ধ ইতি শেষঃ। কালেন পরীতো গৃহীতঃ ॥২৪॥
বাহুভ্যামিতি। অনীদৃশঃ অর্জ্জুনং জেতুং ন শক্নুয়াদিত্যাশয়ঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

যদক্রতামিতি ॥১—৫॥ আসাতামুপবিষ্টৌ ॥৬—১০॥ দ্রোণভীষ্মাভ্যাং দ্রোণভীষ্ময়োঃ ॥১১॥ মানসঃ সঙ্কল্পঃ সেৎস্যতে ॥১২—২১॥ ঋণমিতি বস্ত্রাপহরণকালে গোবিন্দেতি চুক্রোশ তদ্বস্ত্রপ্রদানমাত্রেণ তস্যাক্রোশস্য ঋণং ন পরিহৃতং কিন্তু কৌরবাণামুচ্ছেদং বিনা তৎ হৃদয়ান্নাপ-

---

সৎপাত্রে ধন দান কর, কামজাত পুত্র লাভ কর এবং প্রিয়জনের উদ্দেশে প্রিয়াচরণ কর। কারণ, রাজা যুধিষ্ঠির জয়ের জন্য ত্বরান্বিত হইয়াছেন ॥২১॥

আমি দূরে ছিলাম, তথাপি দ্রৌপদী আমাকে যে 'গোবিন্দ। গোবিন্দ।' বলিয়া ডাকিয়াছিলেন, সেই গুরুতর ঋণ আমার হৃদয় হইতে যাইতেছে না ॥২২॥

তেজোময় ও দুর্দ্ধর্ষ গাণ্ডীব যাঁহার ধনু এবং আমি যাঁহার সহায়, সেই অর্জ্জুনের সহিত তোমাদের শত্রুতা উপস্থিত হইয়াছে ॥২৩॥

যে লোক কালগৃহীত নহে, তাদৃশ কোন্ লোক যুদ্ধে আমার সহিত অর্জ্জুনকে যুদ্ধে প্রার্থনা করিতে ইচ্ছা করে? সাক্ষাৎ ইন্দ্রও প্রার্থনা করিতে ইচ্ছা করেন না ॥২৪॥

যে লোক যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে পারে, সে লোক বাহুযুগলদ্বারা পৃথিবী বহন করিতে পারে, ক্রুদ্ধ হইয়া সকল লোককে দগ্ধ করিতে সমর্থ হয় এবং স্বর্গ হইতে দেবগণকে নিপাতিত করিতে পারে ॥২৫॥

দেবাসুরমনুষ্যেষু যক্ষগন্ধর্ব্বভোগিষু।
ন তং পশ্যাম্যহং যুদ্ধে পাণ্ডবং যোঽভ্যযাদ্রণে ॥২৬॥
যত্তদ্বিরাটনগরে শ্রূয়তে মহদদ্ভুতম্।
একস্য চ বহূনাঞ্চ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥২৭॥
একেন পাণ্ডুপুত্রেণ বিরাটনগরে যদা।
ভগ্নাঃ পলায়ত দিশঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥২৮॥
বলং বীর্য্যঞ্চ তেজশ্চ শীঘ্রতা লঘুহস্ততা।
অবিষাদশ্চ ধৈর্য্যঞ্চ পার্থান্নান্যত্র বিদ্যতে ॥২৯॥
ইত্যব্রবীদ্ধৃষীকেশঃ পার্থমুদ্ধর্ষযন্ গিরা।
গর্জ্জন সময়বর্ষীব গগনে পাকশাসনঃ ॥৩০॥

ভারতকৌমুদী

দেবেতি। ভোগিনো নাগাঃ। অভ্যয়াৎ অভিগচ্ছেৎ ॥২৬॥

যদিতি। একস্য চ বহূনাঞ্চ যুদ্ধমিতি শেষঃ, পর্য্যাপ্তং যথেষ্টম্ ॥২৭॥

একেনেতি। যদা যৎ। ভগ্নাঃ পরাজিতাঃ কৌরবা ইতি শেষঃ ॥২৮॥

বলমিতি। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যং মানসিকং সামর্থ্যম্, তেজ উৎসাহঃ, শীঘ্রতা ত্বরয়া কর্ত্তব্যজ্ঞানম্, লঘুহস্ততা অস্ত্রক্ষেপে শীঘ্রতা ॥২৯॥

ইতীতি। উদ্ধর্ষয়ন্ অতীবানন্দয়ন্। পাকশাসনস্তৎপ্রেরিতো মেঘঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

সর্পতীত্যর্থঃ ॥২২—২৮॥ বলং শারীরম্, বীর্য্যং মানসোৎসাহঃ। তেজঃ শৌর্য্যম্। শীঘ্রতা শীঘ্রং কার্য্যাববোধঃ। লঘুহস্ততা বেগেন বাণপ্রক্ষেপ্তৃতা ॥২৯—৩১॥

ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

যে লোক যুদ্ধে অর্জ্জুনের অভিমুখে যাইতে পারে, তাদৃশ লোক—দেবতা, অসুর, মনুষ্য, যক্ষ, গন্ধর্ব্ব ও নাগদিগের মধ্যে আমি দেখিতে পাই না ॥২৬॥

বিরাটরাজ্যে একের ও বহুতরের সেই যে গুরুতর আশ্চর্য্য যুদ্ধের কথা শুনা যায়, তাহাই এ বিষয়ে যথেষ্ট নিদর্শন ॥২৭॥

বিরাটরাজ্যে এক অর্জ্জুনকর্ত্তৃক পরাজিত হইয়া কৌরবেরা যে নানাদিকে পলায়ন করিয়াছিল, তাহাই আমার কথার যথেষ্ট উদাহরণ ॥২৮॥

দেহের বল, মনের বল, উৎসাহ, সত্বর কর্ত্তব্যজ্ঞান, অস্ত্রক্ষেপে লঘুহস্ততা, বিষণ্ণ না হওয়া ও ধৈর্য্য—এই সকল গুণ এক অর্জ্জুনভিন্ন অন্য কোন ব্যক্তিতে নাই” ॥২৯॥

আকাশে গর্জ্জনকারী ও যথাকালবর্ষী মেঘের ন্যায় কৃষ্ণ আপন বাক্যদ্বারা অর্জ্জুনকে আনন্দিত করিতে থাকিয়া এইরূপ বলিলেন ॥৩০॥

কেশবস্য বচঃ শ্রুত্বা কিরীটী শ্বেতবাহনঃ।
অর্জ্জুনস্তন্মহদ্বাক্যমব্রবীদ্রোমহর্ষণম্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ সঞ্জয়েন শ্রীকৃষ্ণবাক্যকথনে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

উনষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

সঞ্জয়স্য বচঃ শ্রুত্বা প্রজ্ঞাচক্ষুর্নরাধিপঃ।
ততঃ সংখ্যাতুমারেভে তদ্বচো গুণদোষতঃ ॥১॥
প্রসংখ্যায় চ সৌক্ষ্ম্যেণ গুণদোষান্ বিচক্ষণঃ।
যথাবন্মতিতত্ত্বেন জয়কামঃ সুতান্ প্রতি ॥২॥
বলাবলং বিনিশ্চিত্য যাথাতথ্যেন বুদ্ধিমান্।
শক্তিং সংখ্যাতুমারেভে তদা বৈ মনুজাধিপঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কেশবস্যেতি। অব্রবীৎ অন্ববদৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি যানসন্ধৌ অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সঞ্জয়স্যেতি। সংখ্যাতুং বিবেক্তুম্। গুণদোষতো গুণদোষাভ্যাম্ ॥১॥

এষ ইতি । নিশ্রেয়ো মঙ্গলম্ । সুমনসঃ প্রসন্নচিত্তাঃ ॥৬॥

জ্ঞানী ও সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ ! আপনি বিস্তৃতক্রমে এই সকল বিষয় বলুন ; আমি যত্নপূর্ব্বক শুনিতে ইচ্ছা করি” ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন ! সঞ্জয় ফিরিয়া গেলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির —ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব, বিরাট, দ্রুপদ ও কৈকেয় মহারথগণের নিকট যাইয়া বলিলেন—“চলুন, আমরা যাইয়া কৌরবসভায় গমন করিবার জন্য কৃষ্ণের নিকট প্রার্থনা করি ॥৩—৪॥

ভীষ্ম, দ্রোণ, বুদ্ধিমান্ বাহ্লিক এবং অন্যান্য কৌরবগণের সহিত যাহাতে আমাদের যুদ্ধ করিতে না হয়, তিনি তাহা করুন ॥৫॥

ইহাই আমাদের প্রথম কল্প এবং ইহাই আমাদের পরম মঙ্গল।” যুধিষ্ঠির এইরূপ বলিলে, তাঁহারা সকলে প্রসন্নচিত্ত হইয়া কৃষ্ণের নিকট গমন করিলেন ॥৬॥

---

* এতদাদিঃ অর্দ্ধশ্লোকদ্বয়াত্মকঃ পাঠঃ নি বা ব প্র নাস্তি ।

পাণ্ডবৈঃ সহ রাজানো মরুত্বন্ত ইবামরাঃ।
তদা চ দুঃসহাঃ সর্ব্বে সদস্যাস্তে নরর্ষভাঃ ॥৭॥
জনার্দ্দনং সমাসাদ্য কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অব্রবীৎ পরবীরঘ্নং দাশার্হং পাণ্ডুনন্দনঃ ॥৮॥
অয়ং স কালঃ সংপ্রাপ্তো মিত্রাণাং মিত্রবৎসল!।
ন চ ত্বদন্যং পশ্যামি যো ন আপৎসু তারয়েৎ ॥৯॥
ত্বাং হি মাধবমাশ্রিত্য নির্ভয়া মোঘদর্পিতম্।
ধার্ত্তরাষ্ট্রং সহামাত্যং স্বয়ং সমনুযুঙ্ক্ষ্মহে ॥১০॥
যথা হি সর্ব্বাস্বাপৎসু পাসি বৃষ্ণীনরিন্দম!।
তথা তে পাণ্ডবা রক্ষ্যাঃ পাহ্যস্মান্ মহতো ভয়াৎ ॥১১॥

ভারতকৌমুদী

পাণ্ডবৈরিতি। মরুতো বায়ব এষাং সন্তীতি মরুত্বন্তঃ। দুঃসহাঃ শত্রূণাম্ ॥৭॥
জনেতি। পরবীরঘ্নং বিপক্ষবীরহন্তারম্, দাশার্হং দাশার্হবংশীয়ম্ ॥৮॥
অয়মিতি। সংপ্রাপ্ত উপস্থিতঃ, মিত্রাণাং মিত্রতাপ্রকাশস্য। নঃ অস্মান্ ॥৯॥
ত্বামিতি। মোঘদর্পিতং নিষ্ফলদর্পম্। সমনুযুঙ্ক্ষ্মহে রাজ্যার্থমভিযোগং করিষ্যামঃ ॥১০॥
যথেতি। পাসি রক্ষসি। ভয়াদ্যুদ্ধনিবন্ধনাৎ ॥১১॥

নরশ্রেষ্ঠ ও সদস্য সেই রাজারা সকলে পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া বায়ুসমূহসমন্বিত দেবগণের ন্যায় তৎকালে বিপক্ষগণের দুঃসহ হইয়াছিলেন ॥৭॥

ক্রমে জ্যেষ্ঠ পাণ্ডব কুন্তীনন্দন যুধিষ্ঠির উপস্থিত হইয়া বিপক্ষবীরহন্তা দাশার্হবংশীয় কৃষ্ণকে বলিলেন—॥৮॥

"মিত্রবৎসল কৃষ্ণ! মিত্রগণের মিত্রতা প্রকাশ করিবার উপযুক্ত এই সেই সময় উপস্থিত হইয়াছে। অথচ আমি অন্য কাহাকেও দেখি না, যিনি আমাদিগকে বিপদ্ হইতে উদ্ধার করিতে পারেন ॥৯॥

আমরা তোমাকে অবলম্বন করিয়াই নির্ভয় হইয়া নিজেরাই নিজ রাজ্যের জন্য মন্ত্রিগণের সহিত ব্যর্থদর্প দুর্য্যোধনের নিকট অভিযোগ করিব ॥১০॥

অরিন্দম! তুমি যেমন সমস্ত বিপদেই বৃষ্ণিবংশীয়গণকে রক্ষা করিয়া থাক, তেমন পাণ্ডবেরাও তোমার রক্ষণীয়, সুতরাং তুমি গুরুতর ভয় হইতে আমাদিগকে রক্ষা কর" ॥১১॥

---

(১০)...স্বয়ংশমনুযুঙ্ক্ষ্মহে—পি।

শ্রীভগবানুবাচ।

অয়মস্মি মহাবাহো। ব্রূহি যত্তে বিবক্ষিতম্।
করিষ্যামি হি তৎ সর্ব্বং যত্ত্বং বক্ষ্যসি ভারত! ॥১২॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং তে ধৃতরাষ্ট্রস্য সপুত্রস্য চিকীর্ষিতম্।
এতদ্ধি সকলং কৃষ্ণ। সঞ্জয়ো মাং যদব্রবীৎ ॥১৩॥
মৃদুপূর্ব্বং সামমিশ্রং সমমুগ্রঞ্চ মাধব।।
ন কৃতং ন্যায়মাস্থায় গর্হিতাশ্চ ততো বয়ম্ ॥১৪॥
তদ্যতং ধৃতরাষ্ট্রস্য সোঽস্যাত্মা বিবৃতান্তরঃ।
যথোক্তং দূত আচষ্টে বধ্যঃ স্যাদন্যথা ব্রুবন্ ॥১৫॥
অপ্রদানেন রাজ্যস্য শান্তিমস্মাসু মার্গতি।
লুব্ধঃ পাপেন মনসা চরন্নসমমাত্মনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

অয়মিতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥১২॥

শ্রুতমিতি। তে ত্বয়া। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। এতৎ তৎ ॥১৩॥

মৃদ্বিতি। হে মাধব! অস্মাভির্ন্যায়মাস্থায় অবলম্ব্য। মৃদু কোমলং বাক্যং পূর্ব্বং যস্মিন্ তৎ। উগ্রং বীরত্বব্যঞ্জকত্বাত্তুযস্কর়ম্। কৃতং সন্ধেরালোচনম্ ॥১৭॥

তদিতি। তৎ সঞ্জয়েনোক্তম্। স সঞ্জয়ঃ, অস্য ধৃতরাষ্ট্রস্য, আত্মা স্বরূপম্, বিবৃতং প্রকটিতম্ অন্তরং মনোভাবো যেন সঃ ॥১৫॥

কৃষ্ণ বলিলেন—"মহাবাহু ভরতনন্দন! আমি এই রহিয়াছি; আপনি যাহা বলিবার ইচ্ছা করিয়াছেন, তাহা বলুন; আপনি যাহা বলিবেন, আমি সে সমস্তই করিব" ॥১২॥

যুধিষ্ঠির বলিলেন—"কৃষ্ণ! সঞ্জয় আমাকে যাহা বলিয়া গিয়াছেন, ধৃতরাষ্ট্র ও দুর্য্যোধনের অভীষ্ট সে সমস্তই তুমি শুনিয়াছ ॥১৩॥

কৃষ্ণ! আমরা ন্যায় অবলম্বন করিয়া প্রথমে অনুনয়যুক্ত কোমল বাক্যে, তাহার পর সমান বাক্যদ্বারা, তৎপরে উগ্র কথাদ্বারা সন্ধির আলোচনা করি নাই; তাহাতেই আমরা লোকসমাজে নিন্দিত হইতে বসিয়াছি ॥১৪॥

সঞ্জয় ধৃতরাষ্ট্রের আত্মস্বরূপ; সুতরাং তিনি যে মনের ভাব ব্যক্ত করিয়া গিয়াছেন, তাহাই ধৃতরাষ্ট্রের মত। কারণ, দূত প্রভুর উক্তি অনুসারেই বলিয়া থাকে; অন্যরূপ বলিলে সে দূত বধ্য হয় ॥১৫॥

(১৪) শ্লোকঃ পি বা ব হা নাস্তি।

শ্রীভগবানুবাচ।

অয়মস্মি মহাবাহো। ব্রূহি যত্তে বিবক্ষিতম্।
করিষ্যামি হি তৎ সর্ব্বং যত্ত্বং বক্ষ্যসি ভারত। ॥১২॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং তে ধৃতরাষ্ট্রস্য সপুত্রস্য চিকীর্ষিতম্।
এতদ্ধি সকলং কৃষ্ণ। সঞ্জয়ো মাং যদব্রবীৎ ॥১৩॥
মৃদুপূর্ব্বং সামমিশ্রং সমমুগ্রঞ্চ মাধব।।
ন কৃতং ন্যায়মাস্থায় গর্হিতাশ্চ ততো বয়ম্ ॥১৪॥
তন্মতং ধৃতরাষ্ট্রস্য সোঽস্যাত্মা বিবৃতান্তরঃ।
যথোক্তং দূত আচষ্টে বধ্যঃ স্যাদন্যথা ব্রুবন্ ॥১৫॥
অপ্রদানেন রাজ্যস্য শান্তিমস্মাসু মার্গতি।
লুব্ধঃ পাপেন মনসা চরন্নসমমাত্মনঃ ॥১৬॥

ভাবতকৌমুদী

অয়মিতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥১২॥

শ্রুতমিতি। তে ত্বয়া। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। এতৎ তৎ ॥১৩॥

মৃদ্বিতি। হে মাধব। অস্মাভির্ন্যায়মাস্থায় অবলম্ব্য। মৃদু কোমলং বাক্যং পূর্ব্বং যস্মিন্ তৎ। উগ্রং বীরত্বব্যঞ্জকবাক্যমন্তে যস্মিন্। কৃতং সন্ধেরালোচনম্ ॥১৪॥

তদিতি। তৎ সঞ্জয়েনোক্তম্। স সঞ্জয়ঃ, অস্য ধৃতরাষ্ট্রস্য, আত্মা স্বরূপম্, বিবৃতং প্রকটিতম্ অন্তরং মনোভাবো যেন সঃ ॥১৫॥

কৃষ্ণ বলিলেন—"মহাবাহু ভবতনন্দন। আমি এই রহিয়াছি; আপনি যাহা বলিবার ইচ্ছা করিয়াছেন, তাহা বলুন: আপনি যাহা বলিবেন, আমি সে সমস্তই করিব" ॥১২॥

যুধিষ্ঠির বলিলেন—"কৃষ্ণ। সঞ্জয় আমাকে যাহা বলিয়া গিয়াছেন, ধৃতরাষ্ট্র ও দুর্য্যোধনের অভীষ্ট সে সমস্তই তুমি শুনিয়াছ ॥১৩॥

কৃষ্ণ! আমরা ন্যায় অবলম্বন করিয়া প্রথমে অনুনয়যুক্ত কোমল বাক্যে, তাহার পর সমান বাক্যদ্বারা, তৎপরে উগ্র কথাদ্বারা সন্ধির আলোচনা করি নাই; তাহাতেই আমরা লোকসমাজে নিন্দিত হইতে বসিয়াছি ॥১৪॥

সঞ্জয় ধৃতরাষ্ট্রের আত্মস্বরূপ; সুতরাং তিনি যে মনের ভাব ব্যক্ত করিয়া গিয়াছেন, তাহাই ধৃতরাষ্ট্রের মত। কারণ, দূত প্রভুর উক্তি অনুসারেই বলিয়া থাকে; অন্যরূপ বলিলে সে দূত বধ্য হয় ॥১৫॥

---

(১৪) শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

যত্তদ্দ্বাদশ বর্ষাণি বনেষু হ্যুষিতা বয়ম্।
ছদ্মনা শরদঞ্চৈকাং ধৃতরাষ্ট্রস্য শাসনাৎ ॥১৭॥
স্থাতা নঃ সময়ে তস্মিন্ ধৃতরাষ্ট্র ইতি প্রভো।।
নাহাস্ম সময়ং কৃষ্ণ। তদ্ধি নো ব্রাহ্মণা বিদুঃ ॥১৮॥
গৃদ্ধো রাজা ধৃতরাষ্ট্রঃ স্বধর্ম্মং নানুপশ্যতি।
বশ্যত্বাৎ পুত্রগৃধ্নুত্বাম্মন্দস্যান্বেতি শাসনম্ ॥১৯॥
সুযোধনমতে তিষ্ঠন্ রাজাস্মাসু জনার্দ্দন।।
মিথ্যাচরতি লুব্ধঃ সংশ্চরন্ হি প্রিয়মাত্মনঃ ॥২০॥

ভারতকৌমুদী

অপ্রেতি। মার্গতি অন্বিষ্যতি ধৃতরাষ্ট্রঃ। অসমম্ অযোগ্যম্ ॥১৬॥

যদিতি। ছদ্মনা কঙ্কাদিচ্ছদ্মবেশেন, শরদং বৎসরম্ ॥১৭॥

স্থাতেতি। স্থাতা স্থাস্যতি, সময়ে শপথে, তস্মিন্ বনবাসাজ্ঞাতবাসাভ্যাং পরং তব রাজ্যং তবৈব ভবেদিত্যেবংরূপে। নাহাস্ম ন ত্যক্তবন্তঃ, সময়ং শপথম্ ॥১৮॥

গৃদ্ধ ইতি। গৃদ্ধঃ অস্মদ্রাজ্যলিপ্সুঃ। পুত্রগৃধ্নুত্বাৎ পুত্রস্নেহাকুলত্বাৎ, মন্দস্য মূর্খস্য দুর্য্যোধনস্য, শাসনমাদেশম্, অন্বেতি অনুসরতি ॥১৯॥

সুযোধনেতি। মিথ্যা পূর্ব্বশপথবৈপরীত্যম্, আচরতি করোতি ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রবাত ইতি ॥১—৯। মোঘং দর্পিতং যস্য, অনুযুঞ্জ্মহে প্রার্থয়ামহে ॥১০—১৪॥ বিবৃতান্তরঃ প্রকাশিতভাবঃ ॥১৫—১৬॥ ছদ্মনা অজ্ঞাতচর্য্যয়া। ৭॥ স্থাতা স্থাস্যতি, নঃ অস্মাকম্, তস্মিন্ চতুর্দ্দশে বর্ষে স্বং রাজ্যং গৃহ্নীতেত্যস্মিন্ ন অহাস্ম ন ত্যক্তবন্তো বয়ম্ ॥১৮—২০॥ মাতরং

রাজ্যলোভী ধৃতরাষ্ট্র পাপচিত্তে নিজের অযোগ্য ব্যবহার করিয়া রাজ্য না দিয়াই আমাদের সহিত শান্তিলাভ করিবার ইচ্ছা করিতেছেন ॥১৬॥

আমরা বনে সেই যে দ্বাদশ বৎসর বাস করিয়াছি এবং এক বৎসর যে ছদ্মবেশে অজ্ঞাতবাস করিয়াছি, তাহা ধৃতরাষ্ট্রের আদেশেই করিয়াছি ॥১৭॥

প্রভু কৃষ্ণ! ধৃতরাষ্ট্র আমাদের সেই শপথ অনুসারেই চলিবেন, ইহা ভাবিয়া আমরাও সে শপথ ত্যাগ করি নাই, তাহা আমাদের সহচর ব্রাহ্মণেরা জানেন ॥১৮॥

কিন্তু রাজ্যলিপ্সু রাজা ধৃতরাষ্ট্র আপন ধর্ম্ম দেখিতেছেন না, বরং পুত্রের স্নেহে তাহার বশীভূত হইয়া সেই মূর্খের আদেশেরই অনুসরণ করিতেছেন ॥১৯॥

জনার্দ্দন! লোভী ধৃতরাষ্ট্র দুর্য্যোধনের মতে থাকিয়া নিজের প্রিয় কার্য্য করতঃ আমাদের সঙ্গে মিথ্যা ব্যবহারই করিতেছেন ॥২০॥

(১৯,…পুত্রগৃধ্নুত্বাৎ—বা ব রা নি।

ইতো দুঃখতরং কিন্নু যদহং মাতরং ততঃ ।
সংবিধাতুং ন শক্নোমি মিত্রাণাং বা জনার্দ্দন ! ॥২১॥
কাশিভিশ্চেদিপাঞ্চালৈর্মৎস্যৈশ্চ মধুসূদন ! ।
ভবতা চৈব নাথেন পঞ্চ গ্রামা বৃতা ময়া ॥২২॥
অবিস্থলং বৃকস্থলং মাকন্দীং বারণাবতম্ ।
অবসানঞ্চ গোবিন্দ ! কঞ্চিদেবাত্র পঞ্চমম্ ॥২৩॥
পঞ্চ নস্তাত ! দীয়ন্তাং গ্রামা বা নগরাণি বা ।
বসেম সহিতা যেষু মা চ নো ভরতা নশন্ ॥২৪॥

ভারতকৌমুদী

ইত ইতি । হে জনার্দ্দন ! অহং ততস্তত্র বিদুরগৃহে স্থিতাং মাতরং কুন্তীম্, সংবিধাতুং পরিপালয়িতুম্, মিত্রাণাং বা পরিপালনং কর্ত্তুম্, যন্ন শকোমি, ইতঃ কিন্নু দুঃখতরমস্তি, অপি তু কিমপি নেত্যর্থঃ ॥২১॥

কাশিভিরিতি । নাথেন রক্ষকেণ । কাশিদেশীয়াদিষু রক্ষকেষু সৎস্বিত্যর্থঃ ॥২২॥

অবীতি । অবসানমবশিষ্টম্, কঞ্চিদেব গ্রামম্ । প্রার্থয়মিতি শেষঃ ॥২৩॥

পঞ্চেতি । নঃ অস্মাকম্, ভবতা ভীষ্মাদয়ঃ, মা চ নশন্ ন নশ্যন্তু ॥২৪॥

ভারতভাবদীপঃ

সংবিধাতুং সম্যক্ পোষয়িতুং ততঃ তত্রস্থামিত্যর্থঃ । মিত্রাণাং কর্ম্মণি ষষ্ঠী । মাতুরিতি পাঠে অস্ততোঽন্যেষাং বণিক্প্রভৃতীনাং নাগরিকাণাং পরিত্যাগেঽপি মাতরং মিত্রাণি চ বিদুরাদীনি সংবিধাতুমিতি প্রাগ্বৎ ॥২১॥ কাশিভিঃ রাজভিঃ, নাথেন নাথবতা ভবদনুগ্রহাৎ শক্তেনাপীত্যর্থঃ ॥২২॥ অবসীয়তে সংস্থীয়তেঽস্মিন্নিত্যবসানং যাবজ্জীবনং বাসস্থানম্ ॥২৩॥ নঃ অস্মাকং কৃতে ভবতাঃ ভরতবংশ্যা ভীষ্মাদয়ঃ মা নশন্ মা নশ্যন্তু ॥২৪॥ তানপি ভরতানপি

কৃষ্ণ ! আমার মাতৃদেবী বিদুরগৃহে রহিয়াছেন, আমি যে তাঁহাকে বা বন্ধুগণকে পরিপালন করিতে পারিতেছি না, ইহা অপেক্ষা অধিক দুঃখ কি আছে ? ॥২১॥

মধুসূদন ! কাশী, চেদি, পাঞ্চাল ও মৎস্যদেশীয়েরা এবং তুমি সহায় থাকিতেও আমি পাঁচখানি মাত্র গ্রাম চাহিয়াছিলাম ॥২২॥

গোবিন্দ ! অবিস্থল, বৃকস্থল, মাকন্দী, বারণাবত এবং অবশিষ্ট কোন একখানি গ্রাম চাহিয়াছিলাম ॥২৩॥

(আমি বলিয়াছিলাম যে,) বৎস ! এই পাঁচখানি গ্রাম কিংবা কোন পাঁচটী নগর আমাদিগকে দাও; যেগুলিতে আমরা মিলিত হইয়া বাস করিতে পারি । আমাদের ভরতবংশ যেন বিনষ্ট হয় না ॥২৪॥

(২১) ..মাতুরন্ততঃ—পি । (২৩) অরিস্থলম্—পি, মাকন্দী—বা ব র না নি । (২৪)... সহিতা যত্র—পি ।

ন চ তানপি দুষ্টাত্মা ধার্ত্তরাষ্ট্রোঽনুমন্যতে।
স্বাম্যমাত্মনি মত্বাঽসাবতো দুঃখতরং নু কিম্ ॥২৫॥
কুলে জাতস্য বৃদ্ধস্য পরবিত্তেষু গৃধ্যতঃ।
লোভঃ প্রজ্ঞানমাহন্তি প্রজ্ঞা হন্তি হতা হ্রিয়ম্ ॥২৬॥
হ্রীর্হতা বাধতে ধর্ম্মং ধর্ম্মো হন্তি হতঃ শ্রিয়ম্।
শ্রীর্হতা পুরুষং হন্তি পুরুষস্যাধনং বধঃ ॥২৭॥
অধনাদ্ধি নিবর্ত্তন্তে জ্ঞাতয়ঃ সুহৃদো দ্বিজাঃ।
অপুষ্পাদফলাদ্‌বৃক্ষাদ্‌যথা কৃষ্ণ! পতত্রিণঃ ॥২৮॥
এতচ্চ মরণং তাত! যন্মত্তঃ পতিতাদিব।
জ্ঞাতয়ো বিনিবর্ত্তন্তে প্রেতসত্ত্বাদিবাসবঃ ॥২৯॥
নাতঃ পাপীয়সীং কাঞ্চিদবস্থাং শম্বরোঽব্রবীৎ।
যত্র নৈবাদ্য ন প্রাতর্ভোজনং প্রতিদৃশ্যতে ॥৩০॥

ভাবতকৌমুদী

নেতি। অনুমন্যতে দাতুমঙ্গীকরোতি। স্বাম্যং স্বামিত্বম্ ॥২৫॥
কুল ইতি। কুলে সদ্বংশে, বৃদ্ধস্য পরিণতবয়সঃ, গৃধ্যত আকাঙ্ক্ষতঃ ॥২৬॥
হ্রীরিতি। ধনস্যাভাবঃ অধনম্, অভাবার্থে অব্যয়ীভাবঃ ॥২৭॥
অধনাদিতি। নিবর্ত্তন্তে মুক্ত্বা গচ্ছন্তি। পতত্রিণঃ পক্ষিণঃ ॥২৮॥
এতদিতি। মত্তো মৎ। প্রেতসত্ত্বাৎ মৃতদেহাৎ, অসবঃ প্রাণাঃ ॥২৯॥

কিন্তু দুরাত্মা দুর্য্যোধন আপনাকে রাজ্যেব অধিপতি মনে করিয়া তাহাও দিতে স্বীকার করে না। ইহা অপেক্ষা অধিক দুঃখেব বিষয কি আছে? ॥২৫॥

মানুষ সদ্বংশে জন্মিয়া এবং অধিকবয়স্ক হইযাও যদি পবধনেব আকাঙ্ক্ষা করে, তবে সেই লোভই তাহার বুদ্ধিনাশ কবে, নষ্ট বুদ্ধি লজ্জা দূব কবে ॥২৬॥

বিনষ্ট লজ্জা ধর্ম্মেব ব্যাঘাত কবে, ব্যাহত ধর্ম্ম সম্পদ্ নষ্ট কবে এবং নষ্ট সম্পদ্ মানুষকেই নষ্ট করে। কারণ, নির্ধনতাই মানুষের বধ ॥২৭॥

কৃষ্ণ! পক্ষিগণ যেমন ফল ও পুষ্পবিহীন বৃক্ষ হইতে চলিয়া যায়, সেইরূপ জ্ঞাতি, বন্ধু ও ব্রাহ্মণেরা নির্ধন লোকের নিকট হইতে চলিয়া যান ॥২৮॥

বৎস! আমি যেন পতিত হইয়াছি; তাই মৃতদেহ হইতে প্রাণের ন্যায জ্ঞাতিবা আমাব নিকট হইতে চলিযা গিযাছেন; ইহাই আমাব মরণ হইযাছে ॥২৯॥

---

(২৮) অধনাদ্বিনিবর্ত্তন্তে—পি। (২৯)…উন্মত্তপতিতাদিব—নি। (৩০)…যস্ত নৈবাস্ত—পি।

ধনমাহুঃ পরং ধর্ম্মং ধনে সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ।
জীবন্তি ধনিনো লোকে মৃতা যে ত্বধনা নরাঃ ॥৩১॥
যে ধনাদপকর্ষন্তি নরং স্ববলমাশ্রিতাঃ ।
তে ধর্ম্মমর্থং কামঞ্চ প্রমথ্নন্তি নরঞ্চ তম্ ॥৩২॥
এতামবস্থাং প্রাপ্যৈকে মরণং বব্রিরে জনাঃ ।
গ্রামায়ৈকে বনায়ৈকে নাশায়ৈকে প্রবব্রজুঃ ॥৩৩॥
উন্মাদমেকে পুষ্যন্তি যান্ত্যন্যে দ্বিষতাং বশম্ ।
দাস্যমেকে চ গচ্ছন্তি পরেষামর্থকারণাৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

নেতি। পাপীয়সীং পাপাৎ কষ্টকরাম্। শম্বরো মুনিঃ। প্রাতঃ পরপ্রভাতে ॥৩০॥
ধনমিতি। ধর্ম্মং ধর্মকারণীভূতযজ্ঞাদিসাধনম্। অধনা যে তু নরাস্তে মৃতাঃ ॥৩১॥
য ইতি। অপকর্ষন্তি ভ্রংশয়ন্তি। তস্য নরস্য ধর্ম্মমর্থং কামঞ্চেত্যর্থঃ ॥৩২॥
এতামিতি। এতাং নির্ধনাম্। গ্রামায় নির্জ্জনায, নাশায় অদর্শনায় ॥৩৩॥
উন্মাদমিতি। পুষ্যন্তি প্রাপ্নুবন্তি। দাস্যং ভৃত্যত্বম্ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

॥২৫॥ কুলে ইতি দ্বাভ্যাং গর্ব্বজা দোষসন্ততিরুক্তা ॥২৬—২৭॥ দ্বিজাঃ অর্থিনঃ ॥২৮॥ প্রেতসত্ত্বাৎ প্রগতবুদ্ধেঃ, মৃতাদিত্যর্থঃ ॥২৯—৩০॥ ধর্ম্মং ধর্ম্মকারণং সর্ব্বং যজ্ঞদানাদি, যে অধনাস্তে মৃতা এব ॥৩১—৩২॥ এতাং নির্ধনতাখ্যাম্, একে নাগরিকাঃ, গ্রামায কুগ্রাম-বাসার্থম্, বনাযাম্মদাদযঃ, নাশায় মরণায় ॥৩৩—৩৪॥ আপৎপদার্থমাহ—প্রিয়ো বিনাশ

শম্বরমুনি বলিয়াছেন—দারিদ্র্য অপেক্ষা কষ্টজনক কোন অবস্থাই নাই; যাহাতে অদ্য ও কল্য কোন খাদ্য দেখা যায় না ॥৩০॥

বিচক্ষণ লোকেরা বলেন—ধনই প্রধান ধর্ম্মসাধক, ধনের উপরেই সকল নির্ভর করে এবং জগতে ধনী লোকেরাই জীবিত থাকেন; কিন্তু যাহারা নির্ধন, তাহারা মৃতের তুল্য ॥৩১॥

যাহারা আপন বলে মানুষকে ধন হইতে বিচ্যুত করে, তাহারা সেই মানুষকে এবং তাহার ধর্ম্ম, অর্থ ও কামকে বিধ্বস্ত করে ॥৩২॥

একশ্রেণীর লোক এই দারিদ্র্য অবস্থায় পতিত হইয়া মৃত্যুকে বরণ করিয়াছে, অপরশ্রেণীর লোক জনশূন্য স্থানে চলিযা গিয়াছে, অন্যশ্রেণীর লোক বনে গমন করিযাছে, আর একশ্রেণীর লোক নিরুদ্দেশ হইয়া গিযাছে ॥৩৩॥

একশ্রেণীর লোক ধনের জন্য উন্মত্ত হইযা যায়, অপরশ্রেণীর লোক শত্রুর বশীভূত হয এবং অন্যশ্রেণীর লোক পরের দাসত্ব করে ॥৩৪॥

---

(৩২)…স্ববলমাস্থিতাঃ—বা ব রা নি। (৩৪)…অর্থহেতুনা—বা ব রা নি।

আপদেবাস্য মরণাৎ পুরুষস্য গরীয়সী।
শ্রিয়ো বিনাশস্তদ্ধ্যস্য নিমিত্তং ধর্ম্মকাময়োঃ ॥৩৫॥
যদস্য ধর্ম্ম্যং মরণং শাশ্বতং লোকবর্ত্ম তৎ।
সমন্তাৎ সর্ব্বভূতানাং ন তদত্যেতি কশ্চন ॥৩৬॥
ন তথা বাধ্যতে কৃষ্ণ! প্রকৃত্যা নির্ধনো জনঃ।
যথা ভদ্রাং শ্রিয়ং প্রাপ্য তয়া হীনঃ সুখৈধিতঃ ॥৩৭॥
স তদাত্মাপরাধেন সংপ্রাপ্তো ব্যসনং মহৎ।
সেন্দ্রান্ গর্হয়তে দেবানাত্মানং ন কদাচন ॥৩৮॥

ভারতকৌমুদী

আপদিতি। অস্য পুরুষস্য, শ্রিয়ো বিনাশস্তদ্রূপা আপদেব মরণাদ্গরীয়সী। হি যস্মাৎ, তৎ শ্রীরেব, অস্য পুরুষস্য ধর্ম্মকাময়োর্নিমিত্তম্ ॥৩৫॥

যদিতি। ধর্ম্ম্যং স্বাভাবিকম্। শাশ্বতং ধ্রুবম্। তৎ মরণম্ ॥৩৬॥

নেতি। হে কৃষ্ণ! ভদ্রাং মঙ্গলকরীং শ্রিয়ং প্রাপ্য, সুখেন এধিতো বর্দ্ধিতো জনঃ, তয়া শ্রিয়া হীনঃ সন্, যথা দুঃখেন বাধ্যতে পীড্যতে, প্রকৃত্যা স্বভাবেন, নির্ধনো জনঃ, তথা দুঃখেন ন বাধ্যতে। মৃচ্ছকটিকেঽপীদৃগুক্তং যথা—"সুখাত্তু যো যাতি নরো দরিদ্রতাং ধৃতঃ শরীরেণ মৃতঃ স জীবতি" ॥৩৭॥

স ইতি। স পুরুষঃ। ব্যসনং বিপদম্। সেন্দ্রান্ দেবান্ অদৃষ্টমিত্যর্থঃ ॥৩৮॥

ভাবতভাবদীপঃ

ইতি। তদ্ধি শ্রীর্হি ॥৩৫॥ ধর্ম্ম্যং দেহস্বভাবাৎ প্রাপ্তং ন তু দারিদ্র্যাত্মাপরাধজং মরণং তচ্ছাশ্বতম্ অনিমিত্তমিত্যর্থঃ। সমন্তাৎ সর্বত্র অপরিহার্য্যমিতি শেষঃ। নাত্যেতি নাতিক্রামতি ॥৩৬—৩৭॥ তদা সম্পৎকালে আত্মাপরাধেন চিত্তদোষেণ রাগাদিনা, নাত্মানং

মানুষের সম্পত্তিনাশরূপ বিপদ্ মরণ অপেক্ষাও গুরুতর। কারণ, মানুষের সম্পত্তিই তাহার ধর্ম্ম ও কামের হেতু ॥৩৫॥

মানুষের স্বাভাবিক যে মৃত্যু, তাহা তাহার ধ্রুব ও লৌকিক নিয়ম। কারণ, সর্ব্বত্র সকলের মধ্যে কোন ব্যক্তিই সে মৃত্যুকে অতিক্রম করিতে পারে না ॥৩৬॥

কৃষ্ণ! মানুষ মঙ্গলময় সম্পদ্ লাভ করিয়া সুখে বর্দ্ধিত হইয়া আবার সেই সম্পদ্বিহীন হইয়া যেরূপ দুঃখভোগ করে, স্বভাবতঃ দরিদ্র লোক সেরূপ দুঃখভোগ করে না ॥৩৭॥

মানুষ তখন নিজের অপরাধে গুরুতর বিপদে পতিত হইয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণের নিন্দা করে, কিন্তু কখনও নিজের নিন্দা করে না ॥৩৮॥

(৩৬) লোকবর্ত্মবৎ—নি। (৩৮) নাত্মানঞ্চ কথঞ্চন—বা ব র্ধা নি।

ন চাস্য সর্ব্বশাস্ত্রাণি প্রভবন্তি নিবর্হণে।
সোঽভিক্রুধ্যতি ভৃত্যানাং সুহৃদশ্চাভ্যসূয়তি ॥৩৯॥
তং তদা মন্যুরেবৈতি স ভূয়ঃ সংপ্রমুহ্যতি।
স মোহবশমাপন্নঃ ক্রূরং কর্ম্ম নিষেবতে ॥৪০॥
পাপকর্ম্মতয়া চৈব সঙ্করং তেন পুষ্যতি।
সঙ্করো নরকায়ৈব সা কাষ্ঠা পাপকর্ম্মণাম্ ॥৪১॥
ন চেৎ প্রবুধ্যতে কৃষ্ণ। নরকায়ৈব গচ্ছতি।
তস্য প্রবোধঃ প্রজ্ঞৈব প্রজ্ঞাচক্ষুস্তরিষ্যতি ॥৪২॥

ভারতকৌমুদী

নেতি। প্রভবন্তি শক্নুবন্তি, নিবর্হণে দুঃখনাশনে ॥৩৯॥

তমিতি। মন্যুঃ ক্রোধঃ। সম্প্রমুহ্যতি কর্ত্তব্যাকর্ত্তব্যে ন বুধ্যতে। ক্রূরং নিষ্ঠুরম্ ॥৪০॥

পাপেতি। সঙ্করং জাতিসঙ্করদোষম্, তেন ক্রূরকর্ম্মনিষেবণেন, পুষ্যতি করোতি ॥৪১॥

নেতি। হে কৃষ্ণ। ন চেৎ প্রবুধ্যতে প্রমূঢ়ঃ প্রমোহনিদ্রায়া যদি ন জাগর্ত্তি, তদা স পাপানুষ্ঠানান্নরকায়ৈব গচ্ছতি। কীদৃশস্তস্য প্রবোধ ইত্যাহ—তস্যেতি। তস্য প্রমূঢ়স্য, প্রজ্ঞৈব কার্য্যাকার্য্যজ্ঞানমেব প্রবোধঃ। প্রজ্ঞাচক্ষুশ্চ স পাপং তরিষ্যতি তরেৎ ॥৪২॥

ভারতভাবদীপঃ

চেত্যস্য ন চাত্মানমিত্যর্থঃ ॥৩৮॥ অস্য ব্যসনস্য, নিবর্হণে নাশনিমিত্তম্ ॥৩৯॥ তত্তদা সর্ব্বদেত্যর্থঃ। মন্যুঃ ক্রোধঃ স তদ্বানেবেত্যর্থঃ। মুহ্যতি কার্য্যাকার্য্যে ন জানাতি ॥৪০—৪১॥ এবং শ্রিয়া মূঢ়ানাং নরকপ্রাপ্তিমুক্ত্বা তেষামুদ্ধারোপায়মাহ—তস্যেতি। তস্য শ্রীমতঃ অবিদ্যয়া নিদ্রাণস্য প্রজ্ঞা বিবেকঃ স এব প্রবোধো জাগরণম, যতঃ প্রজ্ঞাচক্ষুঃ পুমান্ তরিষ্যতি অবিদ্যামিতি শেষঃ ॥৪২॥ তরণে ক্রমমাহ—প্রজ্ঞেতি। ধর্ম্মং করোতীতি শেষঃ। তস্য

তখন সমস্ত শাস্ত্রও উহার বিপত্তি দূর করিতে সমর্থ হয় না. ক্রমে সে লোক ভৃত্যগণের উপরে ক্রুদ্ধ হয় এবং আত্মীয়গণের দোষ আবিষ্কার করে ॥৩৯॥

তখন ক্রোধ আসিয়া তাহাকে আশ্রয় করে, সেই সময়ে সে অত্যন্ত মুগ্ধ হয়, এবং অত্যন্ত মুগ্ধ হইয়া নিষ্ঠুর কার্য্য করিতে থাকে ॥৪০॥

তাহাতেই পাপে লিপ্ত হইয়া সে লোক জাতিসঙ্কর করিতে থাকে। সেই জাতিসঙ্কর নরকের জন্যই হয় এবং তাহাই পাপকার্য্যের চরম হইয়া থাকে ॥৪১॥

কৃষ্ণ। মানুষ যদি মোহনিদ্রা হইতে জাগরিত না হয়, তাহা হইলে সে নরকেই গমন করে, সুতরাং কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানই তাহার মোহনিদ্রা হইতে জাগরণ; সেই জ্ঞানচক্ষু (বিবেকী) লোক পাপ হইতে উত্তীর্ণ হয় ॥৪২॥

---

(৪০) তত্তদা—বা ব রা নি।

প্রজ্ঞালাভে হি পুরুষঃ শাস্ত্রাণ্যেবান্ববেক্ষতে।
শাস্ত্রনিষ্ঠঃ পুনর্ধর্ম্মং তস্য হ্রীবঙ্গমুত্তমম্ ॥৪৩॥
হ্রীমান্ হি পাপং প্রদ্বেষ্টি তস্য শ্রীরভিবর্দ্ধতে।
শ্রীমান্ স যাবদ্ভবতি তাবদ্ভবতি পূরুষঃ ॥৪৪॥
ধর্ম্মনিত্যঃ প্রশান্তাত্মা কার্য্যযোগবহঃ সদা।
নাধর্ম্মে কুরুতে বুদ্ধিং ন চ পাপে প্রবর্ত্ততে ॥৪৫॥
অহ্রীকো বা প্রমূঢ়ো বা নৈব স্ত্রী ন পুনঃ পুমান্।
নাস্যাধিকারো ধর্ম্মেঽস্তি যথা শূদ্রস্তথৈব সঃ ॥৪৬॥
হ্রীমানবতি দেবাংশ্চ পিতৄনাত্মানমেব চ।
তেনামৃতত্বং ব্রজতি সা কাষ্ঠা পুণ্যকর্ম্মণাম্ ॥৪৭॥

ভাবতকৌমুদী

প্রজ্ঞেতি। অন্ববেক্ষতে পর্য্যালোচয়তি। ধর্ম্মমনুতিষ্ঠতীতি শেষঃ। অঙ্গং প্রযোজিকা ॥৪৩॥
হ্রীমানিতি। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। যাবদ্‌যদা, তাবত্তদা ॥৪৪॥
ধর্ম্মানুষ্ঠানস্য ফলমাহ—ধর্ম্মেতি। কার্য্যযোগবহঃ সৎকর্ত্তব্যসাধকঃ ॥৪৫॥
অহ্রীক ইতি। অহ্রীকো নির্লজ্জঃ, প্রমূঢ়ঃ কার্য্যাকার্য্যজ্ঞানহীনঃ ॥৪৬॥
হ্রীমানিতি। অবতি রক্ষতি যাগাদিনা প্রীণযতীত্যর্থঃ। অমৃতত্বং মুক্তিম্ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

ধর্মস্য হ্রীরকার্য্যকরণান্নিবৃত্তিহেতুশ্চেতোবৃত্তিবিশেষঃ। হ্রীহীনেন কৃতো ধর্ম্মোঽপ্যধর্ম্ম এবেতি ভাবঃ ॥৪৩—৪৫॥ অহ্রীকঃ তির্য্যক্‌স্থাবরতুল্যো ন মনুষ্য ইত্যর্থঃ ॥৪৬—৪৭॥ ইদং হ্রীমত্ত্বং

প্রজ্ঞালাভ হইলে মানুষ শাস্ত্রের পর্য্যালোচনা করে এবং শাস্ত্রনিষ্ঠ হইয়া ধর্ম্মানুষ্ঠান করিতে থাকে; সেই ধর্ম্মানুষ্ঠানের প্রধান সাধনই লজ্জা ॥৪৩॥

লজ্জাশীল মানুষ পাপের প্রতি বিদ্বেষ করে, তখন তাহার সম্পত্তি বৃদ্ধি পায়। যখন সে সম্পত্তিশালী হয়, তখনই পুরুষ বলিয়া গণ্য হয় ॥৪৪॥

ধর্ম্মপরায়ণ, শান্তচিত্ত ও সর্ব্বদা সৎকার্য্যকারী লোক পাপে মন অর্পণ করেন না, কিংবা পাপে প্রবৃত্তও হন না ॥৪৫॥

নির্লজ্জ বা মূঢ় ব্যক্তি স্ত্রীও নহে, আবার পুরুষও নহে, সুতরাং উহার ধর্ম্মে অধিকার নাই; অতএব যেমন শূদ্র, তেমনই সে ॥৪৬॥

আর লজ্জাশীল লোক—দেবতা, পিতৃলোক ও নিজের প্রীতি সম্পাদন করে এবং তাহাদ্বারাই মুক্তিলাভ করে; তাহাই কিন্তু পুণ্যকার্য্যের চরম ফল ॥৪৭॥

---

(৪৬)…বিমূঢ়ো বা—বা ব রা নি।

তদিদং ময়ি তে দৃষ্টং প্রত্যক্ষং মধুসূদন ।
যথা রাজ্যাৎ পরিভ্রষ্টো বসামি বসতীরিমাঃ ॥৪৮॥
তে বয়ং ন শ্রিয়ং হাতুমলং ন্যায়েন কেনচিৎ ।
অত্র নো যতমানানাং বধশ্চেদপি সাধু তৎ ॥৪৯॥
তত্র নঃ প্রথমঃ কল্পো যদ্বয়ং তে চ মাধব ।
প্রশান্তাঃ সমভূতাশ্চ শ্রিয়ং তামশ্নুবীমহি ॥৫০॥
তত্রৈষা পরমা কাষ্ঠা রৌদ্রকর্ম্ম ক্ষয়োদয়া ।
যদ্বয়ং কৌরবান্ হত্বা তানি রাষ্ট্রাণ্যবাপ্নুমঃ ॥৫১॥
যে পুনঃ স্যুরসংবদ্ধা অনার্য্যাঃ কৃষ্ণ । শত্রবঃ ।
তেষামপি বধঃ কার্য্যং কিং পুনর্যে স্যুরীদৃশাঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তদিতি । বসতী রাত্রীঃ কালানিত্যর্থঃ, "বসতী রাত্রিবেশ্মনোঃ" ইত্যমরঃ ॥৪৮॥
ত ইতি । হাতুং ত্যক্তুম্, অলং সমর্থাঃ । অত্র শ্রীসমুদ্ধারে, নঃ অস্মাকম্ ॥৪৯॥
তত্রেতি । তে কৌরবাঃ । সমভূতাঃ সমাংশভাগিনঃ সন্তঃ ॥৫০॥
সন্ধিং চিকীর্ষন্ যুদ্ধদোষানাহ শ্লোকদ্বয়েন । তত্রেতি । রৌদ্রকর্ম্মেতি ষষ্ঠীবহুবচনলুগন্তং পদমার্ষম্, ক্ষয়াত্মদয়ো যস্যাং সা ॥৫১॥

ভারতভাবদীপঃ

তে ত্বয়া ময়ি দৃষ্টম্ ॥৪৮॥ অত্র শ্রীনিমিত্তম্, নঃ অস্মাকম্ ॥৪৯॥ প্রথমঃ কল্পঃ মুখ্যঃ পক্ষঃ, সমভূতাঃ নির্বৈরত্বং গতাঃ ॥৫০॥ রৌদ্রকর্ম্ম রৌদ্রকর্ম্মণাম্, সুপাং সুলুগিতি সপ্তম্যাশ্চ লুক্। ক্ষয়োদয়া ক্ষয়পূর্ব্বক উদয়ো যস্যাং সা, রৌদ্রকর্ম্মণাং পরমা কাষ্ঠেতি সম্বন্ধঃ ॥৫১॥ অসংবদ্ধাঃ

কৃষ্ণ ! তুমি এ সমস্তই আমাতে প্রত্যক্ষ দেখিতেছ । আমি রাজ্যভ্রষ্ট হইয়া এতকাল বাস করিতেছি ॥৪৮॥

অতএব আমরা কোন প্রকারেই পৈতৃক সম্পত্তি পরিত্যাগ করিতে পারিব না, সুতরাং পৈতৃকসম্পত্তি উদ্ধারে যত্নপরায়ণ হওয়ায় আমাদের যদি বিনাশও হয়, তথাপি তাহা ভালই হইবে ॥৪৯॥

কৃষ্ণ ! তাহাতে আমাদের ইহাই প্রথম কল্প যে, আমরা ও কৌরবেরা শান্ত হইয়া সমান অংশিরূপে সেই পৈতৃক সম্পত্তি ভোগ করিব ॥৫০॥

পক্ষান্তরে আমরা কৌরবগণকে সংহার করিয়া সমগ্র রাজ্য যে লাভ করিব, তাহাতে উগ্রকার্য্যের পরাকাষ্ঠা হইবে । কারণ, কতকগুলি লোকের ধ্বংসের পরে একপক্ষের অভ্যুদয় হইবে ॥৫১॥

(৫২)...অনার্য্যাঃ কৃষ্ণ ! ...তেষামপ্যবধঃ কার্য্যঃ—বা ব রা নি ।

জ্ঞাতয়শ্চেহ ভূয়িষ্ঠাঃ সহায়া গুরবশ্চ নঃ।
তেষাং বধোঽতিপাপীয়ান্ কিং নু যুদ্ধেঽস্তি শোভনম্ ॥৫৩॥
পাপঃ ক্ষত্রিয়ধর্ম্মোঽয়ং বয়ঞ্চ ক্ষত্রবন্ধবঃ।
স নঃ স্বধর্ম্মোঽধর্ম্মো বা বৃত্তিরন্যা বিগর্হিতা ॥৫৪॥
শূদ্রঃ করোতি শুশ্রূষাং বৈশ্যো বিপণিজীবিকাম্।
বয়ং বধেন জীবামঃ কপালং ব্রাহ্মণৈর্বৃতম্ ॥৫৫॥
ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়ং হন্তি মৎস্যো মৎস্যেন জীবতি।
শ্বা শ্বানং হন্তি দাশার্হ! পশ্য ধর্ম্মো যথাগতঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

য ইতি। অসংবদ্ধা উদাসীনাঃ। ঈদৃশাঃ সংবদ্ধা ঈর্ষ্যাযুক্তাশ্চ ॥৫২॥
জ্ঞাতয় ইতি। ইহ বিপক্ষে। অতিপাপীয়ান্ অতীবপাপজনকঃ ॥৫৩॥
পাপ ইতি। ক্ষত্রবন্ধবঃ ক্ষত্রিয়াধমাঃ। স হিংসারূপঃ। অন্যা ভিক্ষাদিরূপা ॥৫৪॥
শূদ্র ইতি। বিপণিজীবিকাং বাণিজ্যবৃত্তিম্। কপালং ভিক্ষাপাত্রম্ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

অবান্ধবাঃ, অবধঃ বধবিরুদ্ধং পালনম্, ঈদৃশা ইতি বান্ধবা আর্য্যা অশত্রবশ্চ যে তেষামবধঃ কার্য্য ইতি কিমাশ্চর্য্যমিত্যর্থঃ ॥৫২॥ তদেবাহ—জ্ঞাতয় ইতি। ভূয়িষ্ঠাঃ অতিমহান্তঃ ॥৫৩—৫৪॥ কপালং ভিক্ষাপাত্রম্ ॥৫৫॥ যথা যেন প্রকারেণ আগতঃ কুলপরম্পরয়া প্রাপ্তস্তং পশ্যেতি যোজনা ॥৫৬॥ বলমিতি। নীতিমেব বলং কৃত্বা যুধ্যে যোৎস্যে, জয়পরাজযৌ তু

কৃষ্ণ! যাহারা সম্পর্কশূন্য ও ঈর্ষ্যাবিহীন, অথচ শত্রুপক্ষে রহিয়াছে, তাহাদিগকেও বিনাশ করিতে হইবে; সুতরাং যাহারা সম্পর্কযুক্ত ও ঈর্ষ্যাপরায়ণ, তাহাদিগকে যে বিনাশ করিতে হইবে, সে বিষয়ে আর বক্তব্য আছে কি? ॥৫২॥

আমাদের বিপক্ষে বহুতর জ্ঞাতি, সহায় ও গুরুজন রহিয়াছেন; তাঁহাদের বধ করা অত্যন্ত পাপের কার্য্য, অতএব যুদ্ধে ভাল আছে কি? ॥৫৩॥

এই ক্ষত্রিয়ধর্ম্ম পাপজনক, আমরাও সেই নিকৃষ্ট ক্ষত্রিয়। সে যাহা হউক, আমাদের সেই হিংসাবৃত্তি স্বধর্ম্মই হউক বা বিধর্ম্মই হউক, অপরের বৃত্তি ত গর্হিত বলিয়া গ্রহণ করা যাইবে না ॥৫৪॥

শূদ্র পরের সেবা করে, বৈশ্য বাণিজ্যদ্বারা জীবিকানির্ব্বাহ করেন, আমরা হিংসাবৃত্তিদ্বারা জীবন ধারণ করি, আর ব্রাহ্মণেরা ভিক্ষার পাত্র বরণ করিয়া লইয়াছেন ॥৫৫॥

(৫৩) জ্ঞাতয়শ্চৈব ভূয়িষ্ঠাঃ—বা ব রা নি। (৫৫)…বৈশ্যা বৈ পণ্যজীবিকাঃ—বা ব রা নি।

যুদ্ধে কৃষ্ণ! কলির্নিত্যং প্রাণাঃ সীদন্তি সংযুগে।
বলন্ত নীতিমাধায যুদ্ধে জয়পরাজয়ৌ ॥৫৭॥
নাত্মচ্ছন্দেন ভূতানাং জীবিতং মরণং তথা।
নাপ্যকালে সুখং প্রাপ্যং দুঃখং বাপি যদূত্তম! ॥৫৮॥
একো হ্যপি বহূন্ হন্তি ঘ্নন্ত্যেকং বহবোঽপ্যুত।
শূরং কাপুরুষো হন্তি অযশস্বী যশস্বিনম্ ॥৫৯॥
জয়ো নৈবোভয়োর্দৃষ্টো নোভয়োশ্চ পরাজয়ঃ।
তথৈবাপচয়ো দৃষ্টো ব্যপযানে ক্ষয়ব্যয়ৌ ॥৬০॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। শ্বা কুকুরঃ, শ্বানং কুকুরম্। যথা প্রাণিমাত্রগতত্বম্ ॥৫৬॥

নশ্যন্তি যুদ্ধ ইতি। কলিশ্চতুর্থযুগদেবতা নিত্যং বসতি। অতএব প্রাণাঃ সীদন্তি বলং সৈন্যন্ত, নীতিং ধর্ম্মপথমাধায় অবলম্ব্য যুদ্ধে প্রবর্ত্ততে, জয়পরাজয়ৌ তু ঈশ্বরেচ্ছয়া ভবত ইতি শেষঃ ॥৫৭॥

নেতি। আত্মচ্ছন্দেন স্বেচ্ছয়া। জীবিতং তথা মরণং ভবেৎ ॥৫৮॥

যুদ্ধে ব্যবস্থা নাস্তীত্যাহ—এক ইতি। ঘ্নন্তি নাশযন্তি। উতশব্দঃ পাদপূরণে ॥৫৮॥

জয় ইতি। অপচয়ঃ জয়ে পরাজয়ে চ উভয়োরেব ক্ষতিঃ। ব্যপযানে পলায়নেঽপি ক্ষয়ব্যয়ৌ সৈন্যধ্বংসধনহানী ভবতঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

আত্মচ্ছন্দেন স্বেচ্ছয়া ন ভবতঃ তথা তদ্বৎ ভূতানাং জীবিতং মরণং ন স্তঃ ॥৫৭—৫৯॥ পরাজয়-ভয়াদ্ব্যপযানেঽপি অপচয়ঃ ক্ষযব্যয়ৌ চ দৃষ্টৌ ভবত এব, অপচয়ো দীনতা, ক্ষয়ো মরণম্, তত্র

কৃষ্ণ! সকল প্রাণীর মধ্যেই ধর্ম্মটা যেভাবে চলিয়া আসিতেছে, তাহা তুমি দেখ—ক্ষত্রিয় ক্ষত্রিয়কে বধ করে, মৎস্য মৎস্য বধ করিয়া জীবন ধারণ করে এবং কুকুর কুকুরকে বধ করে ॥৫৬॥

কৃষ্ণ! যুদ্ধে কলি সর্ব্বদাই বাস করে। সেইজন্যই যুদ্ধে প্রাণ বিনষ্ট হয়। সৈন্যেরা ধর্ম্মপথ অবলম্বন করিয়াই যুদ্ধে প্রবৃত্ত হয বটে, তা'র পর জয় ও পরাজয় ঈশ্বরের ইচ্ছানুসারে ॥৫৭॥

যদুশ্রেষ্ঠ! প্রাণিগণের জীবন বা মরণ আপন ইচ্ছায় হয না, কিংবা অসময়ে সুখ বা দুঃখ পাওয়া যায না ॥৫৮॥

একজনও বহুলোককে বধ করে, বহুলোকও একজনকে সংহার করে, কাপুরুষও বীরপুরুষকে বিনাশ করে এবং অযশস্বীও যশস্বীকে নিহত করে ॥৫৯॥

---

(৫৭) ··নীতিমাধায় যুধ্যে—বা ব রা নি।

সর্ব্বথা বৃজিনং যুদ্ধং কো ঘ্নন্ ন প্রতিহন্যতে।
হতস্য চ হৃষীকেশ! সমৌ জয়পরাজয়ৌ ॥৬১॥
পরাজয়শ্চ মরণান্মন্যে নৈব বিশিষ্যতে।
যস্য স্যাদ্বিজয়ঃ কৃষ্ণ। তস্যাপ্যপচয়ো ধ্রুবম্ ॥৬২॥
অন্ততো দয়িতং ঘ্নন্তি কেচিদপ্যপরে জনাঃ।
তস্যাঙ্গবলহীনস্য পুত্রান্ ভ্রাতৃনপশ্যতঃ।
নির্বেদো জীবিতে কৃষ্ণ! সর্ব্বতশ্চোপজায়তে ॥৬৩॥
যে হ্যেব ধীরা হ্রীমন্ত আর্য্যাঃ করুণবেদিনঃ।
ত এব যুদ্ধে হন্যন্তে যবীয়ান্ মুচ্যতে জনঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

সর্ব্বথেতি। বৃজিনং পাপং পাপজনকম্। ঘ্নন্ প্রহরন্। সমৌ হতস্য ভোগাভাবাৎ ॥৬১॥

পরেতি। বিশিষ্যতে উৎকৃষ্যতে, ইতি নৈব মন্যে, অপমানাতিরেকাদিত্যাশয়ঃ ॥৬২॥

বিজয়েঽপ্যপচয়ং দর্শয়তি—। অন্তত ইতি। হে কৃষ্ণ! অপরে কেচিদপি জনাঃ, অঙ্গ-বলহীনস্য পরিশ্রমাতিরেকেণ হস্তাদিশক্তিশূন্যস্য, পুত্রান্ ভ্রাতৃন্ অপশ্যতশ্চ, তস্য পুরুষস্য, অন্ততঃ সমীপ এব, দয়িতং প্রিয়ং জনম্, ঘ্নন্তি। তদা চ তস্য জীবিতে সর্ব্বত এব, নির্বেদো ধিক্কার উপজায়তে, দয়িতরক্ষণাসামর্থ্যাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

য ইতি। করুণবেদিনঃ পরশোকজ্ঞাঃ। যবীয়ান্ নিকৃষ্টঃ ॥৬৪॥

ভারতভাবদীপঃ

হেতুঃ ব্যয়ঃ দ্রব্যাদের্নাশঃ ॥৬০—৬১॥ বিজয়োঽপ্যজয়ঃ পরাজয় এব ইষ্টজননাশাদিত্যাহ,—যস্যেতি ॥৬২॥ দয়িতং পুত্রাদি, হে অঙ্গ! বলহীনস্য জাতিবলহীনস্য ॥৬৩॥ যবীয়ান্

যুদ্ধে উভয়েরই জয় বা উভয়েরই পরাজয় দেখা যায় না; কিন্তু জয় ও পরাজয়ে উভয়েরই ক্ষতি দেখা যায় এবং পলায়নেও সৈন্যক্ষয় ও ধনব্যয় হইয়া থাকে ॥৬০॥

অতএব হৃষীকেশ! যুদ্ধটা সর্ব্বপ্রকারেই পাপজনক। কোন্ লোক আঘাত করিয়া প্রতিঘাত পায় না? তা'র পর যে নিহত হয়, তাহার পক্ষে জয় ও পরাজয় সমান ॥৬১॥

কৃষ্ণ! পরাজয় মৃত্যু অপেক্ষা ভাল—ইহা আমি মনে করি না। তা'র পর যাহার জয় হয়, তাহারও নিশ্চয়ই ক্ষতি হয় ॥৬২॥

কৃষ্ণ! যোদ্ধা যখন পরিশ্রমবশতঃ শক্তিশূন্য হইয়া পুত্র বা ভ্রাতাদিগকে না দেখিতে থাকিয়া যুদ্ধে অবস্থান করে, তখন বিপক্ষের অপর কতকগুলি লোক আসিয়া তাহার নিকটেই তাহার আত্মীয়কে বধ করে; সেই সময়ে তাহার জীবনে সর্ব্বপ্রকারেই ধিক্কার জন্মে ॥৬৩॥

হত্বাঽপ্যনুশয়ো নিত্যং পরানপি জনার্দ্দন।
অনুবন্ধশ্চ পাপোঽত্র শেষশ্চাপ্যবশিষ্যতে ॥৬৫॥
শেষো হি বলমাসাদ্য ন শেষমবশেষয়েৎ।
সর্ব্বোচ্ছেদে চ যততে বৈরস্যান্তবিধিৎসয়া ॥৬৬॥
জয়ো বৈরং প্রসৃজতি দুঃখমাস্তে পরাজিতঃ।
সুখং প্রশান্তঃ স্বপিতি হিত্বা জয়পরাজয়ৌ ॥৬৭॥
জাতবৈরশ্চ পুরুষো দুঃখং স্বপিতি নিত্যদা ;
অনির্বৃতেন মনসা সসর্প ইব বেশ্মনি ॥৬৮॥
উৎসাদয়তি যঃ সর্ব্বং যশসা স বিমুচ্যতে।
অকীর্ত্তিং সর্ব্বভূতেষু শাশ্বতীং সোঽধিগচ্ছতি ॥৬৯॥

ভারতকৌমুদী

হত্বেতি। অনুশয়ঃ অনুতাপঃ, পরান্ শত্রূন্। অনুবন্ধঃ পলায়িতস্যানুসরণম্ ॥৬৫॥
শেষ ইতি। শেষো বিপক্ষস্যাবশিষ্টো জনঃ, শেষং স্বপক্ষাবশিষ্টং বলম্ ॥৬৬॥
জয় ইতি। প্রসৃজতি চিরায়োৎপাদয়তি। প্রশান্তো বৈরশূন্যঃ ॥৬৭॥
জাতেতি। অনির্বৃতেন অস্বস্থেন উদ্বিগ্নেনেত্যর্থঃ ॥৬৮॥
উদিতি। উৎসাদয়তি নিরবশেষং হন্তি। শাশ্বতং চিরস্থায়িনীম্ ॥৬৯॥

যাঁহারা ধীব, লজ্জাশীল, সাধুপ্রকৃতি ও পরশোকাভিজ্ঞ, তাঁহারাই যুদ্ধে নিহত হন ; আর নিকৃষ্ট লোক মুক্তি পায় ॥৬৪॥

কৃষ্ণ! শত্রু সংহাব করিলেও সর্ব্বদা অনুতাপ হয়, পলায়মান শত্রুর পশ্চাৎ ধাবন করাও পাপের কার্য্য এবং যুদ্ধে বিপক্ষেব অবশিষ্টও থাকে ॥৬৫॥

সেই অবশিষ্ট শত্রু শক্তিসঞ্চয় কবিযা আপন পক্ষেব অবশিষ্ট রাখে না, শত্রুতার অবসান করিবাব ইচ্ছায সমস্ত বিনাশ করিবাবই চেষ্টা কবে ॥৬৬॥

জয় দীর্ঘকালেব জন্য শত্রুতাব সৃষ্টি কবে, পবাজিত পক্ষ দুঃখে থাকে ; আব শত্রুতাশূন্য লোক জয-পরাজয়ের সম্ভাবনা পরিত্যাগ কবিযা নিরুদ্বেগে শযন করে ॥৬৭॥

সর্পযুক্ত গৃহে যেমন উদ্বিগ্নচিত্তে অবস্থান কবিতে হয, সেইরূপ শত্রুতাযুক্ত লোক সর্ব্বদাই উদ্বিগ্নচিত্তে দুঃখে অবস্থান করে ॥৬৮॥

যে লোক শত্রুকুল সমূলে নির্ম্মূল কবে, সে লোক চিবকালেব জন্য যশোহীন হয এবং সকলেব নিকটেই নিন্দাভাজন হইয়া থাকে ॥৬৯॥

---

(৬৫)..অনুবন্ধশ্চ পাপোঽত্র—নি। (৬৬) সর্ব্বোচ্ছেদেন—পি। (৬৯)...শাশ্বতীং স নিয়চ্ছতি—বা ব রা নি।

নহি বৈরাণি শাম্যন্তি দীর্ঘকালধৃতান্যপি।
আখ্যাতারশ্চ বিদ্যন্তে পুমাংশ্চেদ্বিদ্যতে কুলে ॥৭০॥
ন চাপি বৈরং বৈরেণ কেশব! ব্যুপশাম্যতি।
হবিষাগ্নির্যথা কৃষ্ণ! ভূয় এবাভিবর্দ্ধতে ॥৭১॥
অতোঽন্যথা নাস্তি শান্তির্নিত্যমন্তরমন্ততঃ।
অন্তরং লিপ্সমানানাময়ং দোষো নিরন্তরঃ ॥৭২॥
পৌরুষে যো হি বলবানাধির্হৃদয়বাধনঃ।
তস্য ত্যাগেন বা শান্তির্মরণেনাপি বা ভবেৎ ॥৭৩॥

ভারতকৌমুদী

নহীতি। কুলে নিহতানাং বংশে, কশ্চিদপি পুমান্ বিদ্যতে চেত্তদা, তৎসান্নিধ্যে আখ্যাতারস্তৎপূর্ব্বপুরুষাণাং বধবক্তারশ্চ বিদ্যন্তে। অতএব তাদৃশান্যপি বৈরাণি ন শাম্যন্তি ॥৭০॥

অথ প্রতিবৈরেণ বৈরং শাম্যেদিত্যাহ—নেতি। হবিষা ঘৃতেন। ভূয়ঃ অধিকম্ ॥৭১॥

অত ইতি। যতঃ অন্তরং ছিদ্রম্, নিত্যম্ উভয়োরেব পক্ষয়োঃ সর্ব্বদা সম্ভবপরম্, অতঃ, অন্তত একতরপক্ষবিনাশাৎ অন্যথা বিনা, বৈরস্য শান্তির্নাস্তি। অন্তরং বিপক্ষস্য ছিদ্রম্, লিপ্সমানানাং জনানাম্, অয়ং তদাক্রমণরূপো দোষো নিরন্তরঃ ॥৭২॥

পৌরুষ ইতি। পৌরুষে বীরত্বাদৌ সতি, তস্য যো হৃদয়বাধনো মনঃপীড়াজনকো বলবান্ আধির্মানসী ব্যথা বর্ত্ততে, কুতোঽপি বৈরাগ্যাদিনা তস্য আধেস্ত্যাগেন বা মরণেন বাপি বৈরস্য শান্তির্ভবেৎ ॥৭৩॥

ভারতভাবদীপঃ

কনিষ্ঠঃ, অনুশয়ঃ পশ্চাত্তাপঃ ॥৬৪॥ অনুবন্ধো দোষোৎপাদঃ স চ পাপঃ কষ্টপ্রদঃ শেষঃ শত্রোঃ শেষং স্বস্য ॥৬৫—৬৭॥ অনির্ব্বৃত্তেন অযত্নেন ॥৬৮—৭১॥ অত ইতি। যতঃ অন্তরং ছিদ্রং নিত্যম্ অপরিহার্য্যম্ অতো হেতোঃ অন্ততোঽন্যথা স্বস্য শত্রোর্বা নাশং বিনা শান্তির্নাস্তি ॥৭২॥ অয়ং দোষঃ নাশাখ্যঃ, অন্তত ইত্যেতদ্ব্যাচষ্টে পৌরুষেয় ইতি সার্দ্ধেন ॥৭৩॥ বিষতাং

দীর্ঘকালের শত্রুতাবও নিবৃত্তি হয় না। কারণ, বংশে যদি একটী লোকও থাকে, তথাপি তাহার নিকটে পূর্ব্বঘটনা বলিবার লোক অনেক থাকে ॥৭০॥

কৃষ্ণ! শত্রুতাদ্বারাও শত্রুতার নিবৃত্তি হয় না; বরং ঘৃতদ্বারা অগ্নির ন্যায় শত্রুতাদ্বারা শত্রুতা অধিক বৃদ্ধিই পাইয়া থাকে ॥৭১॥

উভয় পক্ষেরই ছিদ্র যখন সর্ব্বদা সম্ভবপর, তখন একপক্ষের বিনাশ ব্যতীত শান্তি হইতে পারে না। ছিদ্রানুসন্ধায়ী লোকদিগের এই দোষ সর্ব্বদাই হইয়া থাকে ॥৭২॥

পুরুষকার থাকিলে, মর্ম্মপীড়াজনক প্রবল যে মনের বেদনা থাকে, বৈরাগ্যবশতঃ তাহার ত্যাগ করিলে, কিংবা মৃত্যু হইলে তাহার নিবৃত্তি হয় ॥৭৩॥

অথবা মূলঘাতেন দ্বিষতাং মধুসূদন ! ।
ফলনির্বৃত্তিরিদ্ধা স্যাত্তন্নৃশংসতরং ভবেৎ ॥৭৪॥
যা তু ত্যাগেন শান্তিঃ স্যাত্তদৃতে বধ এব সঃ ।
সংশয়াচ্চ সমুচ্ছেদাদ্দ্বিষতামাত্মনস্তথা ॥৭৫॥
ন চ ত্যক্তুং তদিচ্ছামো ন চেচ্ছামঃ কুলক্ষয়ম্ ।
অত্র যা প্রণিপাতেন শান্তিঃ সৈব গরীয়সী ॥৭৬॥
সর্ব্বথা যতমানানামযুদ্ধমভিকাঙ্ক্ষতাম্ ।
সান্ত্বে প্রতিহতে যুদ্ধং প্রসিদ্ধং নাপরাক্রমঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

অথবেতি। মূলঘাতেন সমূলোচ্ছেদেন। ইদ্ধা উজ্জ্বলা পূর্ণেত্যর্থঃ, ফলনির্বৃত্তিঃ রাজ্যাদিলাভনিষ্পত্তিঃ। তৎ মূলঘাতনম্ ॥৭৪॥

অথ রাজ্যত্যাগাদেব শান্তির্ভবিষ্যতীত্যাহ—যেতি। তৎ যুদ্ধম্, ঋতে বিনা, ত্যাগেন রাজ্যাদ্যপেক্ষয়া, যা তু শান্তিঃ স্যাৎ, স তু, দ্বিষতাং সংশয়াৎ পরত আক্রমিষ্যতি ন বেতি সন্দেহাৎ তৎসন্দেহেনাত্মন উদ্বেগাদিত্যর্থঃ, তথা তেনৈব সংশয়েন আত্মনঃ সমুচ্ছেদাদ্বা বধ এব বধহেতুরেব। অতো রাজ্যত্যাগো ন যুক্ত ইত্যাশয়ঃ ॥৭৫॥

নেতি। তৎ রাজ্যম্। কুলক্ষয়ং যুদ্ধেন। প্রণিপাতেন আনুগত্যস্বীকারেণ ॥৭৬॥

সর্ব্বথেতি। যতমানানাং শান্তয়ে, অযুদ্ধং সন্ধিম্। অপরাক্রমঃ কাপুরুষতা ॥৭৭॥

ভারতভাবদীপঃ

মূলঘাতেন ফলনির্বৃত্তিঃ নিষ্কণ্টকরাজ্যপ্রাপ্তিঃ ইদ্ধা প্রদীপ্তা স্যাৎ, তাবতা চ নৃশংসতরং ন ভবেৎ নৃশংসং তু ভবেদেবেত্যর্থঃ। অতঃ শম এব শ্রেয়ানিতি ভাবঃ ॥৭৪॥ ত্যাগেন রাজ্যস্যেতি শেষঃ। তদৃতে রাজ্যং বিনা দ্বিষতাং সংশয়াৎ কিং শত্রবশ্ছিদ্রে প্রহরিষ্যন্তি উত উপেক্ষাং করিষ্যন্ত্যেবংরূপাৎ আত্মনঃ ভ্রষ্টশ্রীকস্য সদ্যঃ সমুচ্ছেদাৎ, নাশসম্ভবাৎ অতো রাজ্যত্যাগো ন যুক্ত ইতি ভাবঃ ॥৭৫॥ সিদ্ধান্তমাহ—ন চেতি ॥৭৬॥ সর্ব্বথা সামদানভেদৈ

অথবা সমূলে শত্রুসংহার করিলে সম্পূর্ণ ফল হয় বটে ; কিন্তু তাহা অত্যন্ত নৃশংসের কার্য্য হয় ॥৭৪॥

কিন্তু যুদ্ধ না করিয়া রাজ্য ত্যাগ করিলে যে শান্তি হয়, তাহাও বধেরই তুল্য। কারণ, তাহাতে শত্রুগণের সন্দেহবশতঃ উদ্বেগ চলিতে থাকে এবং শত্রুরা নিজের উচ্ছেদও করিতে পারে ॥৭৫॥

অতএব আমরা রাজ্যত্যাগ করিতেও ইচ্ছা করি না, কিংবা যুদ্ধ করিয়াও কুলক্ষয় করিবার অভিপ্রায় করি না ; কিন্তু এক্ষেত্রে আনুগত্য স্বীকার করায় যে শান্তি হইবে, তাহাই আমাদের ভাল ॥৭৬॥

প্রতিঘাতেন সান্ত্বস্য দারুণং সংপ্রবর্ত্ততে।
তচ্ছুনামিব সম্পাতে পণ্ডিতৈরুপলক্ষিতম্ ॥৭৮॥
লাঙ্গুলচালনং ক্ষ্বেড়া প্রতিবাচো বিবর্ত্তনম্।
দন্তদর্শনমারাবস্ততো যুদ্ধং প্রবর্ত্ততে ॥৭৯॥
তত্র যো বলবান্ কৃষ্ণ! জিত্বা সোঽত্তি তদামিষম্।
এবমেব মনুষ্যেষু বিশেষো নাস্তি কশ্চন ॥৮০॥

ভারতকৌমুদী

প্রতীতি। দারুণং যুদ্ধম্। শুনাং কুকুরাণাম্, সম্পাতে সংঘর্ষে ॥৭৮॥

কুকুরসংঘর্ষক্রমমাহ দ্বাভ্যাম্। লাঙ্গুলেতি। লাঙ্গুলচালনম্, অন্যত্র ধ্বজকম্পনম্। ক্ষ্বেডা গর্জ্জনম্, অন্যত্র সিংহনাদঃ। প্রতিবাচঃ পরস্পরঘর্ঘরস্বরপ্রকাশঃ, পরস্পরমাস্ফালনোক্তয়শ্চ। বিবর্ত্তনম্, উভয়ত্রৈবাগ্রগতিঃ। দন্তদর্শনং মুখব্যাদানকালে অধরদংশনকালে চ। আরাব উভয়ত্রাপি ঘোরতরগর্জ্জনম্ ॥৭৯॥

তত্রেতি। অত্তি ভক্ষযতি, আমিষং মাংসং ভোগ্যবস্তু চ, "আমিষং পুংনপুংসকম্। ভোগ্যবস্তুনি সম্ভোগেঽপ্যুৎকোচে পললেঽপি চ ॥" ইতি মেদিনী ॥৮০॥

ভাবতভাবদীপঃ

রাজ্যার্থং যতমানানাং যুদ্ধং প্রসিদ্ধম্ অবশ্যং কর্ত্তব্যমিত্যর্থঃ। ন তু অপরাক্রমঃ ক্লীবত্বং যুক্ত ইতি শেষঃ ॥৭৭॥ দারুণং যুদ্ধং তচ্ছুনামিব নিন্দ্যমিত্যর্থঃ ॥৭৮॥ দৃষ্টান্তং বিবৃণোতি—লাঙ্গুলেতি। অত্র লাঙ্গুলেন ধ্বজ উপমীয়তে, ক্ষ্বেডা ধ্বনিকৌটিল্যং পরস্পরছিদ্রান্বেষণঞ্চ প্রতিবাচঃ পরস্পরনিন্দা স্বপ্রশংসা চ, বিবর্ত্তনং ভূমৌ লুণ্ঠনম্, দন্তদর্শনং মুখস্য ব্যাদানেন আবাবঃ ভাষণং পক্ষে সিংহনাদঃ ॥৭৯॥ সর্ব্বথেতি। অনাদরে রাজ্যস্যাপ্রাপ্তিঃ যুদ্ধে

আমরা সন্ধি কামনা করিয়াই শান্তির চেষ্টা করিব; তাহাতে সামপ্রয়োগ নিষ্ফল হইলে যুদ্ধই কবিতে হইবে; কিন্তু কাপুরুষতা অবলম্বন করিব না ॥৭৭॥

সামপ্রয়োগের ব্যাঘাত ঘটিলে সর্ব্বত্রই যুদ্ধ ঘটিয়া থাকে; তাহা কুকুরগণেব সংঘর্ষেব ন্যায মানুষদেব সংঘর্ষেব বেলাযও পণ্ডিতেরা লক্ষ্য করিয়াছেন ॥৭৮॥

কুকুরগণেব প্রথমে লাঙ্গুলসঞ্চালন, তাহাব পব গর্জ্জন, তৎপরে ঘর্ঘরধ্বনিকরণ, পবে সম্মুখে গমন, তদনন্তব দন্তপ্রদর্শন, তাহার পর ঘোরতর গর্জ্জন এবং তৎপবে যুদ্ধ হইয়া থাকে ॥৭৯॥

কৃষ্ণ! সেগুলির মধ্যে যেটা বলবান, সেইটাই জয় করিয়া সেই মাংস ভক্ষণ করিয়া থাকে; সুতবাং মানুষদের মধ্যেও এইরূপই রীতি; কিন্তু কোন বৈষম্য নাই ॥৮০॥

সর্ব্বথা ত্বেতদুচিতং দুর্ব্বলেষু বলীয়সাম্।
অনাদরোঽবিরোধশ্চ প্রণিপাতী হি দুর্ব্বলঃ ॥৮১॥
পিতা রাজা চ বৃদ্ধশ্চ সর্ব্বথা মানমর্হতি।
তস্মান্মান্যশ্চ পূজ্যশ্চ ধৃতরাষ্ট্রো জনার্দ্দন! ॥৮২॥
পুত্রস্নেহশ্চ বলবান্ ধৃতরাষ্ট্রস্য মাধব।।
স পুত্রবশমাপন্নঃ প্রণিপাতং প্রহাস্যতি ॥৮৩॥
তত্র কিং মন্যসে কৃষ্ণ! প্রাপ্তকালমনন্তরম্।
কথমর্থাচ্চ ধর্ম্মাচ্চ ন হীয়েমহি মাধব! ॥৮৪॥
ঈদৃশেঽত্যর্থকৃচ্ছ্রেঽস্মিন্ কমন্যং মধুসূদন।।
উপসংপ্রষ্টুমর্হামি ত্বামৃতে পুরুষোত্তম! ॥৮৫॥
প্রিয়শ্চ প্রিয়কামশ্চ গতিজ্ঞঃ সর্ব্বকর্ম্মণাম্।
কো হি কৃষ্ণাস্তি নস্ত্বাদৃক্ সর্ব্বনিশ্চয়বিৎ সুহৃৎ ॥৮৬॥

ভারতকৌমুদী

সর্ব্বথেতি। অনাদরঃ অবজ্ঞা, অবিবোধঃ সন্ধিঃ ॥৮১॥
আত্মনো দৌর্ব্বল্যাভাবেঽপি অন্যথা প্রণিপাতৌচিত্যমাহ--পিতেতি। মানং প্রাপ্তুম্ ॥৮২॥
শঙ্কতে পুত্রেতি। বলবান্ ন্যায়জ্ঞানাপেক্ষয়া। প্রহাস্যতি পরিত্যক্ষ্যতি ॥৮৩॥
তত্রেতি। প্রাপ্তকালম্ উচিতম্, অনন্তরমিতঃপরম্। হীয়েমহি ভ্রশ্যামঃ ॥৮৪॥
ঈদৃশ ইতি। অত্যর্থকৃচ্ছ্রে অতিদুষ্করকর্ত্তব্যে। উপ সমীপে ॥৮৫॥

তা'র পর, সর্ব্বপ্রকারে ইহাই উচিত যে, প্রবলেরা দুর্ব্বলদের উপরে অবজ্ঞাই করিবেন; কিন্তু বিরোধ করিবেন না। কারণ, দুর্ব্বলেরা প্রবলদের আনুগত্যই করিয়া থাকে ॥৮১॥

কৃষ্ণ! বিশেষতঃ পিতা, রাজা ও বৃদ্ধ সর্ব্বপ্রকারে সম্মান পাইবারই যোগ্য; সুতরাং ধৃতরাষ্ট্র আমাদের মাননীয় ও পূজনীয় ॥৮২॥

কৃষ্ণ! ন্যায্য বিবেচনা অপেক্ষা ধৃতরাষ্ট্রের পুত্রস্নেহই প্রবল; সুতরাং তিনি পুত্রের বশীভূত হইয়া আমাদের প্রণিপাত অগ্রাহ্য করিতে পারেন ॥৮৩॥

কৃষ্ণ! যদি তাহাই হয়, তবে আমাদের এখন কি করা উচিত বলিয়া তুমি মনে কর? মাধব! আমরা কি করিয়া স্বার্থ ও ধর্ম্ম হইতে ভ্রষ্ট না হইয়া পারি? ॥৮৪॥

মধুসূদন! পুরুষোত্তম! এইরূপ এই গুরুতর অর্থকৃচ্ছ্রে, তুমি ভিন্ন অন্য কাহার নিকট আমি জিজ্ঞাসা করিতে পারি? ॥৮৫॥

(৮৫) ঈদৃশে হ্যর্থকৃচ্ছ্রে—পি।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ প্রত্যুবাচ ধর্ম্মরাজং জনার্দ্দনঃ।
উভয়োরেব বামর্থে যাস্যামি কুরুসংসদম্ ॥৮৭॥
শমং তত্র লভেয়ঞ্চেদ্‌যুষ্মদর্থমহাপয়ন্।
পুণ্যং মে সুমহদ্রাজন্! চরিতং স্যান্মহাফলম্ ॥৮৮॥
মোচয়েয়ং মৃত্যুপাশাৎ সংরব্ধান্ কুরুসৃঞ্জয়ান্।
পাণ্ডবান্ ধার্ত্তরাষ্ট্রাংশ্চ সর্ব্বাঞ্চ পৃথিবীমিমাম্ ॥৮৯॥

যুধিষ্ঠির উবাচ।

ন মমৈতন্মতং কৃষ্ণ! যত্ত্বং যায়াঃ কুরূন্ প্রতি।
সুযোধনঃ সূক্তমপি ন করিষ্যতি তে বচঃ ॥৯০॥
সমেতং পার্থিবং ক্ষত্রং দুর্য্যোধনবশানুগম্।
তেষাং মধ্যাবতরণং তব কৃষ্ণ! ন রোচয়ে ॥৯১॥

ভারতকৌমুদী

প্রিয় ইতি। প্রিয়ঃ প্রিয়কামশ্চাস্মাকম্, গতিজ্ঞঃ ভাব্যবস্থাবিৎ ॥৮৬॥
এবমিতি। বাং যুবয়োঃ যুধিষ্ঠিরদুর্য্যোধনয়োঃ ॥৮৭॥
শমমিতি। শমং শান্তিম্। অহাপয়ন্ হীনমকুর্ব্বন্ ॥৮৮॥
মোচয়েয়মিতি। সংরব্ধান্ যুদ্ধায় ধৃতোৎসাহান্ ॥৮৯॥
নেতি। যায়া গচ্ছেঃ। সূক্তমপি অর্থাক্ষরয়োঃ সৌন্দর্য্যেণ সুন্দরমুক্তমপি ॥৯০॥

কৃষ্ণ! তোমার তুল্য প্রিয়, প্রিয়কামী, সকল কার্য্যের গতিবিৎ এবং সর্ব্ববিষয়ের নিশ্চয়জ্ঞ সুহৃৎ আমাদের কে আছে?” ॥৮৬॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিলে, কৃষ্ণ তাঁহাকে বলিলেন—“ধর্ম্মরাজ! আমি আপনাদের উভয়ের স্বার্থরক্ষার জন্যই কৌরবসভায় গমন করিব ॥৮৭॥

রাজা! তাহাতে যদি আপনাদের স্বার্থের হানি না করিয়া শান্তি ঘটাইতে পারি, তবে আমার মহাফলজনক গুরুতর পুণ্য করা হইবে ॥৮৮॥

আর তাহা হইলে, যুদ্ধোৎসাহী কৌরব, সৃঞ্জয়, পাণ্ডব, ধার্ত্তরাষ্ট্র এবং এই সমগ্র পৃথিবীকেই আমি মৃত্যুপাশ হইতে মুক্ত করিতে পারিব” ॥৮৯॥

যুধিষ্ঠির বলিলেন—“কৃষ্ণ! তুমি যে কৌরবগণের নিকটে গমন করিবে, ইহা আমার মত নহে। কারণ, প্রথমতঃ তুমি ভাল কথা বলিলেও, দুর্য্যোধন তাহা রক্ষা করিবে না ॥৯০॥

(৮৯)...সংবদ্ধান্ কুরুসৃঞ্জয়ান্—পি।

ন হি নঃ প্রীণয়েদ্‌দ্রব্যং ন দেবত্বং কুতঃ সুখম্‌ ।
ন চ সর্ব্বামরৈশ্বর্য্যং তব দ্রোহেণ মাধব ! ॥৯২॥

শ্রীভগবানুবাচ ।

জানাম্যেতং মহারাজ ! ধার্ত্তরাষ্ট্রস্য পাপতাম্‌ ।
অবাচ্যাস্তু ভবিষ্যামঃ সর্ব্বলোকে মহীক্ষিতাম্‌ ॥৯৩॥
ন চাপি মম পর্য্যাপ্তাঃ সহিতাঃ সর্ব্বপার্থিবাঃ ।
ক্রুদ্ধস্য সম্মুখে স্থাতুং সিংহস্যেবেতরে মৃগাঃ ॥৯৪॥
অথ চেত্তে প্রবর্ত্তন্তে ময়ি কিঞ্চিদসাম্প্রতম্‌ ।
নির্দহেযং কুরূন্‌ সর্ব্বানিতি মে ধীয়তে মতিঃ ॥৯৫॥

ভারতকৌমুদী

সমেতমিতি। পার্থিবং পৃথিবীসম্বন্ধি। ন রোচয়ে তব ধর্ষণসম্ভবাদিত্যাশয়ঃ ॥৯১॥
নেতি। দ্রব্যং ধনম্‌। দ্রোহেণ দ্রোহনিবন্ধনাপমানেন ॥৯২॥
জানামীতি। পাপতাং পাপমতিতাম্‌। অবাচ্যাঃ সন্ধয়ে চেষ্টনাদনিন্দ্যাঃ ॥৯৩॥
নেতি। স্থাতুং পর্য্যাপ্তাঃ শক্তা ভবিষ্যন্তীতি শেষঃ ॥৯৪॥
অথেতি। অসাম্প্রতম্‌ অযুক্তং কর্ত্তুম্‌। মে ময়া, ধীয়তে অবলম্ব্যতে ॥৯৫॥

ভারতভাবদীপঃ

কুলক্ষয়ঃ প্রণিপাতে তু দৌর্ব্বল্যপ্রসিদ্ধিঃ ॥৮১॥ অন্ত্যঃ পক্ষোঽপি ন সেৎস্যতীত্যাহ—পিতেতি দ্বাভ্যাম্‌ ॥৮২॥ প্রহাস্যতি ন স্বীকরিষ্যতি ॥৮৩—৯৪॥ তে ত্বৎসম্বন্ধিনি ময়ি চেৎ কুরু-

দ্বিতীয়তঃ, দুর্য্যোধনের বশবর্ত্তী পৃথিবীর সমস্ত ক্ষত্রিয় সেখানে সমবেত হইয়াছেন; তাঁহাদের মধ্যে তোমার অবতরণ করাটা আমি ভাল মনে করি না ॥৯১॥

কারণ, কৃষ্ণ! দুর্য্যোধন জিঘাংসাবশতঃ তোমার কোন অপমান করিলে, ধন, সুখ, দেবত্ব, কিংবা সমস্ত দেবতার প্রভুত্বও আমাদিগকে সন্তুষ্ট করিতে পারিবে না” ॥৯২॥

কৃষ্ণ বলিলেন—“মহারাজ! দুর্য্যোধনের এইরূপই পাপবুদ্ধি বটে, ইহা আমি জানি; (তথাপি সন্ধির জন্য আমি সেখানে গেলে) সমগ্র জগতের রাজাদের নিকটেই আমরা অনিন্দনীয় হইব ॥৯৩॥

তা'র পর, ক্রুদ্ধ সিংহের সম্মুখে যেমন অপর পশুরা থাকিতে সমর্থ হয় না, সেইরূপ আমি ক্রুদ্ধ হইলে, আমার সম্মুখে রাজারা সকলে সম্মিলিত হইয়াও থাকিতে সমর্থ হইবেন না ॥৯৪॥

(৯৪)…ক্রুদ্ধস্য সংযুগে—বা ব রা নি। (৯৫)…প্রবর্ত্তেরন্‌—বা ব রা নি।

ন জাতু গমনং পার্থ। ভবেত্তত্র নিরর্থকম্।
অর্থপ্রাপ্তিঃ কদাচিৎ স্যাদন্ততো বাঽপ্যবাচ্যতা ॥৯৬॥

যুধিষ্ঠির উবাচ।

যত্তুভ্যং রোচতে কৃষ্ণ। স্বস্তি প্রাপ্নুহি কৌরবান্।
কৃতার্থং স্বস্তিমন্তং ত্বাং দ্রক্ষ্যামি পুনরাগতম্ ॥৯৭॥
বিষ্বক্‌সেন। কুরূন্ গত্বা ভারতান্ শময় প্রভো!।
যথা সর্ব্বে সুমনসঃ সহ স্যাম সুচেতসঃ ॥৯৮॥
ভ্রাতা চাসি সখা চাসি বীভৎসোর্মম চ প্রিয়ঃ।
সৌহৃদেনাবিশঙ্ক্যোঽসি স্বস্তি প্রাপ্নুহি ভূতয়ে ॥৯৯॥

ভারতকৌমুদী

নেতি। অর্থপ্রাপ্তিঃ ফললাভঃ। অন্ততঃ শেষতঃ, অবাচ্যতা অনিন্দ্যতা ॥৯৬॥

যদিতি। যদ্রোচতে তৎকুর্ব্বিতি শেষঃ। স্বস্তি মঙ্গলেন। কৃতার্থং কৃতকার্য্যম্ ॥৯৭॥

বিষ্বগিতি। বিষ্বক্ সর্ব্বাসু দিক্ষু সেনা যস্য সঃ। হে প্রভো। বিষ্বক্‌সেন! কৃষ্ণ! সুচেতসঃ স্বভাবত এব অবৈরচিত্তা বয়ম্, সহ কৌরবৈঃ সার্দ্ধম্, সর্ব্বে যথা সুমনসঃ সন্ধিঘটিত-শান্তিলাভেন প্রসন্নচিত্তাঃ, স্যাম ভবেম, কুরূন্ গত্বা, ভারতান্ ভরতবংশীয়ান্, তথা শময় বৈরশূন্যান্ কুরু ॥৯৮॥

ভ্রাতেতি। প্রিয় আধিক্যেন। স্বস্তি মঙ্গলম্, ভূতয়ে উভয়পক্ষসম্পদে ॥৯৯॥

সুতরাং কৌরবেরা যদি আমার উপরে কোন অসঙ্গত ব্যবহার করিতে প্রবৃত্ত হয়, তবে আমি সকল কৌরবকেই দগ্ধ করিয়া ফেলিব; এই ধারণাই আমি পোষণ করিতেছি ॥৯৫॥

অতএব মহারাজ! সেখানে আমার গমনটা কখনও নিরর্থক হইবে না। হয়ত, কখনও ফললাভও হইতে পারে; অন্ততঃ অনিন্দনীয়তা ত হই-বেই” ॥৯৬॥

যুধিষ্ঠির বলিলেন—“কৃষ্ণ! তোমার যাহাতে অভিরুচি হয়, তাহাই কর; তুমি কুশলে কৌরবগণের নিকটে গমন কর এবং কৃতকার্য্য হইয়া পুনরায় কুশলেই আগমন কর; সেই অবস্থায়ই যেন তোমাকে দেখিতে পাই ॥৯৭॥

প্রভু! কৃষ্ণ! আমাদের মন ভালই আছে; কিন্তু কৌরবদের সহিত আমাদের সকলের মনই যাহাতে ভাল হয়, তাহার জন্য তুমি কুরুদেশে যাইয়া ভরতবংশীয়গণকে শান্ত কর ॥৯৮॥

তুমি আমাদের ভ্রাতা ও সখা এবং তুমি আমার ও অর্জ্জুনের অত্যন্ত প্রীতি-

(৯৮)…ভরতান্ শময়ন্ প্রভো!—বা ব রা নি।

অস্মান্ বেত্থ পরান্ বেত্থ বেত্থার্থান্ বেত্থ ভাষিতুম্ ।
যদ্যদস্মদ্ধিতং কৃষ্ণ ! তত্তদ্বাচ্যঃ সুযোধনঃ ॥১০০॥
তদ্যদ্ধর্ম্মেণ সংযুক্তমুপপদ্যেদ্ধিতং বচঃ ।
তত্তৎ কেশব । ভাষেথাঃ সান্ত্বং বা যদি বেতরৎ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে ধৃতরাষ্ট্রবাক্যে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ০॥*

—:*:—

ভারতকৌমুদী

অস্মানিতি । অর্থান্ প্রয়োজনানি । বাচ্যো বক্তব্যঃ ॥১০০॥

যদিতি । উপপদ্যেৎ সঙ্গচ্ছেত । সান্ত্বম্ অনুনয়বাক্যম্, ইতরৎ রূক্ষম্ ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

কৃতম্ অসাম্প্রতং অযুক্তম্ বধবন্ধাদি প্রবর্ত্তেত তদা নির্দেহযং কুরূনিত্যন্বয়ঃ ॥৯৫—৯৮॥ কুরূন্ গত্বা তথা বদেতি শেষঃ ॥৯৯—১০০॥ যদীতি । অধর্ম্মেণ সান্ত্বং নো রাজ্যার্দ্ধার্হাণাং পঞ্চগ্রামদানেন । অধর্ম্মেণ ইতরৎ দ্যূতেনৈব রাজ্যপ্রত্যাদানম্ । বৃহদশ্বাদস্মদ্দয়স্য প্রাপ্তত্বাৎ । যত্ত্বধর্ম্মেণেতি সত্যং বেতি চ পাঠে ত্বনৃতস্য ধর্ম্মসংযুক্তত্বমহিংসাপ্রাধান্যেন বোধ্যম্ ॥১০১॥

ইতি শ্রীমহাভাবতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭॥

—:*:—

ভাজন ; আর তোমার সৌহার্দ্দবিষয়ে আমাদের কোন সন্দেহ নাই ; সুতবাং তুমি উভয়পক্ষেরই সম্পদেব জন্য মঙ্গল লাভ কব ॥৯৯॥

কৃষ্ণ ! তুমি আমাদিগকে জান, কৌরবগণকে জান, প্রয়োজন জান এবং কথা বলিতেও জান ; অতএব যে যে বাক্য আমাদেব হিতজনক হইবে, তাহা তাহাই দুর্য্যোধনকে বলিবে ॥১০০॥

কেশব ! যে যে বাক্য ধর্ম্মসংযুক্ত, যুক্তিযুক্ত ও হিতজনক হইবে, সে সে বাক্য কোমল বা রূক্ষ হউক, সেগুলি তুমি বলিবে” ॥১০১॥

—:*:—

* ‘…একসপ্ততিতমোঽধ্যায়ঃ’ —নি, ‘…দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ’ —বা ব রা।

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

শ্রীভগবানুবাচ।

সঞ্জয়স্য শ্রুতং বাক্যং ভবতশ্চ শ্রুতং ময়া।
সর্ব্বং জানাম্যভিপ্রায়ং তেষাঞ্চ ভবতশ্চ যঃ ॥১॥
তব ধর্ম্মাশ্রিতা বুদ্ধিস্তেষাং বৈরাশ্রয়া মতিঃ।
যদযুদ্ধেন লভ্যেত তত্তে বহুমতং ভবেৎ ॥২॥
ন চৈবং নৈষ্ঠিকং কর্ম্ম ক্ষত্রিয়স্য বিশাংপতে।
আহুরাশ্রমিণঃ সর্ব্বে ন ভৈক্ষং ক্ষত্রিয়শ্চরেৎ ॥৩॥
জয়ো বধো বা সংগ্রামে ধাত্রাদিষ্টঃ সনাতনঃ।
স্বধর্ম্মঃ ক্ষত্রিয়স্যৈব কার্পণ্যং ন প্রশস্যতে ॥৪॥
ন হি কার্পণ্যমাস্থায় শক্যা বৃত্তির্যুধিষ্ঠির।
বিক্রমস্ব মহাবাহো! জহি শত্রূন্ পরন্তপ! ॥৫॥

ভারতকৌমুদী

সঞ্জয়স্তেতি। তেষাং দুর্য্যোধনাদীনাম্, যঃ অভিপ্রায়ঃ ॥১॥

ননূভয়োঃ কোঽভিপ্রায ইত্যাহ—তবেতি। যৎ রাজ্যার্দ্ধং যৎকিঞ্চিদ্বা ॥২॥

অবসাদং নিবর্ত্ত্য যুধিষ্ঠিরমুত্তেজয়তি শ্লোকজাতেন। নেতি। নৈষ্ঠিকং যাবজ্জীবম্, কর্ম্ম বনবাসাদিকার্য্যম্ ॥৩॥

জয় ইতি। কার্পণ্য ক্লৈব্যম্ ॥৪॥

কৃষ্ণ বলিলেন—"মহারাজ! আমি সঞ্জয়ের বাক্য শুনিয়াছি, আপনার বাক্যও শুনিলাম; আর কৌরবগণের যে অভিপ্রায এবং আপনারও যে অভিপ্রায়, সে সকলও জানি ॥১॥

আপনার বুদ্ধি ধর্ম্মাশ্রিত, আর তাঁহাদের বুদ্ধি বৈরাশ্রিত; সুতরাং যুদ্ধ না করিয়া যাহা লাভ করা যাইবে, তাহাই আপনার বিশেষ আদরের হইবে ॥২॥

কিন্তু নরনাথ! সকল আশ্রমীই বলেন—যাবজ্জীবন বনবাস করা ক্ষত্রিয়ের ধর্ম্ম নহে এবং ক্ষত্রিয় ভিক্ষাবৃত্তি করিবেন না ॥৩॥

বিধাতা নির্দ্দেশ করিয়াছেন যে, যুদ্ধে জয় করা বা নিহত হওয়াই ক্ষত্রিয়ের সনাতন ধর্ম্ম; কিন্তু দুর্ব্বলতা তাঁহার পক্ষে প্রশস্ত নহে ॥৪॥

অতিগৃদ্ধাঃ কৃতস্নেহা দীর্ঘকালং সহোষিতাঃ।
কৃতমিত্রাঃ কৃতবলা ধার্ত্তরাষ্ট্রাঃ পরন্তপ ! ॥৬॥
ন পর্য্যায়োঽস্তি যৎ সাম্যং ত্বয়ি কুর্য্যুর্বিশাংপতে ! ।
বলবত্তাং হি মন্যন্তে ভীষ্মদ্রোণকৃপাদিভিঃ ॥৭॥
যাবচ্চ মার্দ্দবেনৈতান্ রাজন্নাপচরিষ্যসি।
তাবদেতে হরিষ্যন্তি তব রাজ্যমরিন্দম ! ॥৮॥
নানুক্রোশান্ন কার্পণ্যান্ন চ ধর্ম্মার্থকারণাৎ।
অলং কর্ত্তুং ধার্ত্তরাষ্ট্রাস্তব কামমরিন্দম ! ॥৯॥

ভাবতকৌমুদী

নেতি। বৃত্তির্জীবিকা, নির্ব্বাহয়িতুং ক্ষত্রিয়েণ ন শক্যেত্যর্থঃ ॥৫॥

অতীতি। অতিগৃদ্ধা মহালুদ্ধাঃ, কৃতস্নেহা আনীতবীরেষু কৃতসৌহার্দ্দাঃ। কৃতমিত্রাঃ সংগৃহীতমিত্রাঃ, কৃতবলাঃ শিক্ষাভ্যাসাদিনা সঞ্চিতশক্তয়শ্চ ॥৬॥

নেতি। পর্য্যায়ঃ সম্ভাবনা। সাম্যং রাজ্যার্দ্ধদানেন ॥৭॥

যাবদিতি। এতান্ ধার্ত্তরাষ্ট্রান্। হরিষ্যন্তি স্বাধিকারে রক্ষিষ্যন্তি ॥৮॥

নেতি। অনুক্রোশাৎ কৃপায়াঃ, কার্পণ্যাৎ দৈন্যাৎ। অলং সমর্থাঃ, কামমভীষ্টম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

সঞ্জয়স্যেতি ॥১—২॥ নৈষ্ঠিকং কর্ম যাবজ্জীবং ব্রহ্মচর্য্যং পারিব্রাজ্যঞ্চ বিহিতমিতি শেষঃ ॥৩॥ কার্পণ্যং গ্রামপঞ্চকং দেহীতি দীনবচনম্ ॥৪॥ বৃত্তিঃ জীবিকা কর্ত্তুমিতি শেষঃ ॥৫॥ অতিগৃদ্ধাঃ অত্যন্তলুব্ধাঃ ॥৬॥ পর্য্যায়ঃ উপায়ঃ, যদ্‌যেন, বলবত্তাং স্বস্যেতি শেষঃ ॥৭—৮॥

মহারাজ ! ক্ষত্রিয় দুর্ব্বলতা অবলম্বন করিয়া জীবিকানির্ব্বাহ করিতে পারেন না; অতএব মহাবাহু পরন্তপ! আপনি বিক্রম প্রকাশ করুন এবং শত্রু সংহার করুন ॥৫॥

রাজা! অত্যন্ত লোভী ধার্ত্তরাষ্ট্রেরা মিত্রসংগ্রহ করিয়াছে, তাহাদের সহিত সৌহার্দ্দ স্থাপন করিয়াছে ও দীর্ঘকাল একত্র বাস করিয়াছে এবং শিক্ষা ও অভ্যাসদ্বারা শক্তিসঞ্চয় করিয়াছে ॥৬॥

সুতরাং নরনাথ! তাঁহারা আপনার উপরে যে সাম্য স্থাপন করিবে, সে বিষয়ে কোন সম্ভাবনা নাই। বিশেষতঃ তাহারা ভীষ্ম, দ্রোণ ও কৃপপ্রভৃতির বলে আপনাদিগকে প্রবল বলিয়াই মনে করে ॥৭॥

অরিন্দম রাজা! আপনি যতকাল ধার্ত্তরাষ্ট্রদের সঙ্গে কোমল ব্যবহার করিবেন, ততকালই তাহারা আপনার রাজ্য নিজেদের অধিকারে রাখিবে ॥৮॥

অরিন্দম! তাহাদের দয়া, আপনাদের দৈন্যপ্রকাশ, কিংবা ধর্ম্ম ও প্রয়োজনবশতঃ ধার্ত্তরাষ্ট্রেরা আপনার অভীষ্ট সম্পাদন করিবে না ॥৯॥

এতদেব নিমিত্তং তে পাণ্ডবাস্তু যথা ত্বয়ি।
নান্বতপ্যন্ত কৌপীনং তাবৎ কৃত্বাপি দুষ্করম্ ॥১০॥
পিতামহস্য দ্রোণস্য বিদুরস্য চ ধীমতঃ।
ব্রাহ্মণানাঞ্চ সাধূনাং রাজ্ঞশ্চ নগরস্য চ ॥১১॥
পশ্যতাং কুরুমুখ্যানাং সর্ব্বেষামেব তত্ত্বতঃ।
দানশীলং মৃদুং দান্তং ধর্ম্মশীলমনুব্রতম্ ॥১২॥
যত্ত্বামুপধিনা রাজন্! দ্যূতে বঞ্চিতবাংস্তদা।
ন চাপত্রপতে তেন নৃশংসঃ স্বেন কর্ম্মণা ॥১৩॥ (বিশেষকম্)
তথাশীলসমাচারে রাজন্। মা প্রণয়ং কৃথাঃ।
বধ্যাস্তে সর্ব্বলোকানাং কিং পুনস্তব ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

এতদিতি। তে পাণ্ডবা অমী ভীমাদয়ঃ, দুষ্করং কৌপীনং কৌপীনধারণং তাবৎ কৃত্বাপি, যথা যৎ, নান্বতপ্যন্ত, এতদেব, ত্বয়ি তব দৈন্যপ্রকাশে নিমিত্তং নিদর্শনম্ ॥১০॥

পিতেতি। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য। তত্ত্বতো যাথার্থ্যেন পশ্যতাম্। দান্তং জিতেন্দ্রিয়ম্। অনুব্রতং সর্ব্বাস্বেবাবস্থাসু অনুকূলম্। উপধিনা ছলেন। তেন বঞ্চনারূপেণ স্বেন কর্ম্মণাপি নৃশংসো দুর্য্যোধনঃ, ন চ অপত্রপতে ন লজ্জতেঽপি ॥১১—১৩॥

তথেতি। তথাশীলসমাচারে তাদৃশস্বভাবব্যবহারে দুর্য্যোধনে ॥১৪॥

ভারতভাবদীপঃ

অনুক্রোশাৎ ভবৎসু কৃপাতঃ কার্পণ্যাৎ স্বস্য দৈন্যাৎ অলং কর্ত্তুং পূর্ণং কর্ত্তুং ন সমর্থাঃ ॥৯॥ নিমিত্তম্ অশমে কারণম্, হে পাণ্ডব। ত্বয়ি কৌপীনং ধারয়তি সতি তে কৌরবাঃ নান্বতপ্যন্ত পশ্চাত্তাপং ন কৃতবন্তঃ, তাবৎ বনবাসাদি ॥১০॥ পিতামহাদীননাদৃত্য উপধিনা ছলেন ত্বাং

আপনার এই ভ্রাতারা দুষ্কর কৌপীনপরিধান করিয়াও যে অনুতপ্ত হন নাই, তাহাই আপনার দৈন্যপ্রকাশের নিদর্শন হইয়াছিল ॥১০॥

রাজা! আপনি দাতা, কোমলস্বভাব, জিতেন্দ্রিয়, ধর্ম্মশীল এবং সকল অবস্থাতেই সকলের অনুকূল; তথাপি ভীষ্ম, দ্রোণ, বিদুর, ব্রাহ্মণগণ, সাধুগণ, ধৃতরাষ্ট্র, নগরবাসী লোক এবং সমস্ত কৌরবশ্রেষ্ঠগণের সমক্ষে দুর্য্যোধন যে তখন ছলপূর্ব্বক আপনাকে দ্যূতক্রীড়ায় প্রতারণা করিয়াছিল; সেই নিজকর্ম্মদ্বারাও সে নৃশংস দুর্য্যোধন একটু লজ্জিতও হয় নাই ॥১১—১৩॥

অতএব ভরতনন্দন রাজা! সেইরূপ স্বভাবযুক্ত ও সেইরূপ ব্যবহারকারী

---

(১০) নান্বতপ্যন্তি কৌন্তেয়। তাবৎ কৃত্বা তু দুষ্করম্—পি,...ধার্ত্তরাষ্ট্রো যথা ত্বয়ি। নান্বতপ্যত কোপেন তব কৃত্বাপি দুষ্করম্—নি। (১৪)...সর্ব্বলোকস্য—বা ব রা নি।

বাগ্‌ভিস্ত্বপ্রতিরূপাভিরতুদত্ত্বাং সহানুজম্‌।
শ্লাঘমানঃ প্রহৃষ্টঃ সন্‌ ভ্রাতৃভিঃ সহ ভাষতে ॥১৫॥
এতাবৎ পাণ্ডবানাং হি নাস্তি কিঞ্চিদিহ স্বকম্‌।
নামধেয়ঞ্চ গোত্রঞ্চ তদপ্যেষাং ন শিষ্যতে ॥১৬॥
কালেন মহতা চৈষাং ভবিষ্যতি পরাভবঃ।
প্রকৃতিং তে ভজিষ্যন্তি নষ্টপ্রকৃতয়ো ময়ি ॥১৭॥
দুঃশাসনেন পাপেন ত্বয়া দ্যূতে প্রবর্ত্তিতে।
আনীতা তু তদা দেবী দ্রৌপদী সুদুরাত্মনা ॥১৮॥
অনাথবত্তদা দেবী দ্রৌপদী নাথমিচ্ছতী।
আকৃষ্য কেশে রুদতী সভায়াং রাজসংসদি।
ভীষ্মদ্রোণপ্রমুখতো গৌরিতি ব্যাহৃতা মুহুঃ ॥১৯॥

ভারতকৌমুদী

বাগ্‌ভিরিতি। অপ্রতিরূপাভিঃ অযোগ্যাভিঃ, অতুদৎ ব্যথিতবান্‌ ॥১৫॥
এতাবদিতি। স্বকং নিজং বস্তু। ন শিষ্যতে, লুপ্তত্বাৎ ॥১৬॥
কালেনেতি। প্রকৃতিং পঞ্চতাম্‌। নষ্টপ্রকৃতয়ো নষ্টবীর্য্যাদিস্বভাবাঃ ॥১৭॥
দুঃশাসনেনেতি। প্রবর্ত্তিতে আরব্ধে ॥১৮॥

ভারতভাবদীপঃ

দ্যূতে বঞ্চিতবানিতি সার্দ্ধদ্বয়সম্বন্ধঃ ॥১১—১৪॥ অতুদৎ পীড়িতবান্‌ ॥১৫—১৬॥ প্রকৃতিং পঞ্চতাম্‌, ময়ি মৎসমীপে, নষ্টা প্রকৃতিঃ শৌর্য্যাদিরূপঃ স্বভাবো যেষাম্‌॥১৭—১৮॥ গৌরিব

দুর্য্যোধনের উপরে আপনি স্নেহ করিবেন না। তাহারা সকলেরই বধ্য, সুতরাং সে বিষয়ে আপনার কথা আর কি বলিব ॥১৪॥

দুর্য্যোধন তৎকালে ভ্রাতাদের সহিত আনন্দিত হইয়া আত্মশ্লাঘা করিতে থাকিয়া বহুতর কথা বলিয়াছিল এবং অসঙ্গত বাক্যদ্বারা ভ্রাতাদের সহিত আপনার মর্ম্মপীড়া জন্মাইয়াছিল ॥১৫॥

(দুর্য্যোধন বলিয়াছিল—) 'এখনে পাণ্ডবগণের এতটুকুমাত্র স্বকীয় কোন বস্তু নাই এবং ইহাদের সেই নাম-গোত্রও অবশিষ্ট থাকিল না ॥১৬॥

বহুকাল পরে ইহাদের পরাভব হইবে এবং আমার নিকটে স্বভাব নষ্ট হইল বলিয়া তৎকালে ইহারা পঞ্চত্ব পাইবে' ॥১৭॥

আপনি দ্যূতক্রীড়া করিতে থাকিলে, পাপিষ্ঠ ও অতিদুরাত্মা দুঃশাসন তখন দ্রৌপদীদেবীকে আনয়ন করিয়াছিল ॥১৮॥

(১৫)…প্রহৃষ্টঃ সঃ—পি। (১৮)…তদা দ্যূতে—বা ব রা নি।

ভবতা বারিতাঃ সর্ব্বে ভ্রাতরো ভীমবিক্রমাঃ।
ধর্ম্মপাশনিবদ্ধাশ্চ ন কিঞ্চিৎ প্রতিপেদিরে ॥২০॥
এতাশ্চান্যাশ্চ পরুষা বাচঃ স সমুদীরয়ন্।
শ্লাঘতে জ্ঞাতিমধ্যে স্ম ত্বয়ি প্রব্রজিতে বনম্ ॥২১॥
যে তত্রাসন্ সমানীতাস্তে দৃষ্ট্বা ত্বামনাগসম্।
অশ্রুকণ্ঠা রুদন্তশ্চ সভায়ামাসতে তদা ॥২২॥
ন চৈনমভ্যনন্দংস্তে রাজানো ব্রাহ্মণৈঃ সহ।
সর্ব্বে দুর্য্যোধনং তত্র নিন্দন্তি স্ম সভাসদঃ ॥২৩॥
কুলীনস্য চ যা নিন্দা বধো বাঽমিত্রকর্ষণ।
মহাগুণো বধো রাজন্। ন তু নিন্দা কুজীবিকা ॥২৪॥

ভারতকৌমুদী

অনাথবদিতি। নাথং রক্ষকম্, ইচ্ছতী ইচ্ছন্তী। রাজসংসদি রাজসমূহমধ্যে। গৌর্ধেন্বৰ্থা সর্ব্বান্ বৃষান্ ভজতে, তথা ত্বমপ্যস্মান্ সর্ব্বান্ ভজেতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

ভবতেতি। প্রতিপেদিরে চক্রিরে ॥২০॥

এতা ইতি। অন্যাঃ ষণ্ডতিলাদীঃ। স দুঃশাসনঃ ॥২১॥

য ইতি। অনাগসং নিরপরাধম্। আসতে উপবিষ্টা আসন্ ॥২২॥

নেতি। অভ্যনন্দন্ প্রাশংসন্ ॥২৩॥

কুলীনস্যেতি। মহাগুণঃ অতীবোৎকৃষ্টঃ। কুৎসিতা জীবিকা জীবনং যস্যাং সা ॥২৪॥

দ্রৌপদী তখন রক্ষক লাভ করিবার ইচ্ছা করিয়া অনাথার ন্যায় রোদন করিতেছিলেন; সেই অবস্থায়ই দুঃশাসন তাঁহার কেশাকর্ষণ করিয়া রাজগণ, ভীষ্ম ও দ্রোণপ্রভৃতির সম্মুখে বার বার 'গরু' বলিয়াছিল ॥১৯॥

আপনি বারণ করিয়াছিলেন, বিশেষতঃ, ধর্ম্মপাশে বদ্ধ ছিলেন বলিয়া আপনার মহাবিক্রমশালী ভ্রাতারা তৎকালে কোন প্রতীকার করেন নাই ॥২০॥

আপনি বনে প্রস্থান করিলে, দুঃশাসন উক্তরূপ ও অন্যরূপ নিষ্ঠুর বাক্য সকল বলিতে থাকিয়া জ্ঞাতিগণমধ্যে আত্মশ্লাঘা করিয়াছিল ॥২১॥

তখন যাঁহারা সেখানে উপস্থিত ছিলেন, তাঁহারা আপনাকে নিরপরাধ দেখিয়া বাষ্পরুদ্ধ কণ্ঠে রোদন করতঃ সভায় উপবিষ্ট ছিলেন ॥২২॥

তখন ব্রাহ্মণেরা, রাজারা এবং অন্যান্য সভাসদেরা সকলে দুর্য্যোধনের প্রশংসা ত করেনই নাই, বরং নিন্দাই করিয়াছিলেন ॥২৩॥

শত্রুনাশক রাজা! সৎকুলজাত লোকের যে নিন্দা ও বধ, এই উভয়ের মধ্যে বধই সর্ব্বপ্রকারে ভাল; কিন্তু নিন্দা নহে। কারণ, নিন্দাতে ঘৃণিতভাবে জীবন ধারণ করিতে হয় ॥২৪॥

তদৈব হি হতো রাজন্। যদৈব নিরপত্রপঃ।
নিন্দিতশ্চ মহারাজ। পৃথিব্যাং সর্ব্বরাজভিঃ ॥২৫॥
ঈষৎকরো বধস্তস্য যস্য চারিত্রমীদৃশম্।
প্রস্কন্দেন প্রতিষ্টব্ধশ্ছিন্নমূল ইব দ্রুমঃ ॥২৬॥
বধ্যঃ সর্প ইবানার্য্যঃ সর্ব্বলোকস্য দুর্ম্মতিঃ।
জহ্যেনং ত্বমমিত্রঘ্ন। মা রাজন্! বিচিকিৎসিথাঃ ॥২৭॥
সর্ব্বথা ত্বৎক্ষমঞ্চৈতদ্রোচতে চ মমানঘ।।
যত্ত্বং পিতরি ভীষ্মে চ প্রণিপাতং সমাচরেঃ ॥২৮॥
অহস্তু সর্ব্বলোকস্য গত্বা ছেৎস্যামি সংশয়ম্।
যেষামস্তি দ্বিধাভাবো রাজন্। দুর্য্যোধনং প্রতি ॥২৯॥

ভারতকৌমুদী

তদেতি। নিরপত্রপো নির্লজ্জো দুর্য্যোধনঃ ॥২৫॥

ঈষদিতি। যস্য ঈদৃশং চারিত্রং স্বভাবঃ, প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্, তস্য বধঃ, প্রতিষ্টব্ধো মূলশিখরমাত্রমাশ্রিতঃ, প্রস্কন্দেন ক্রকচঘূর্ণনেন, ছিন্নমূলো দ্রুম ইব তস্য নিপাত ইবেত্যর্থঃ, ঈষৎকরঃ সুকরঃ। "কুন্দো মাঘ্যোংস্ত্রী মুকুন্দভ্রমিনিধ্যন্তরেষু না" ইতি মেদিনী ॥২৬॥

বধ্য ইতি। অনার্য্যঃ অসজ্জনো দুর্য্যোধনঃ। বিচিকিৎসিথাঃ সন্দিহীথাঃ ॥২৭॥

সর্ব্বথেতি। তব ক্ষমমুচিতং বিনয়স্যৌচিত্যাৎ। পিতরি ধৃতরাষ্ট্রে ॥২৮॥

ভারতভাবদীপঃ

সর্ব্বভোগ্যেত্যুপহাসো গৌর্গৌরিতি ॥১৯—২৫॥ ঈষৎকার্য্যঃ অনায়াসসাধ্যঃ, প্রস্কন্দেন চক্রাকারয়া বেদিকয়া। "কুন্দশ্চক্রভ্রমে মেঘঃ" ইতি বিশ্বঃ। পারস্করাদিত্বাৎ সুট্। প্রস্কন্দেনেতি

মহারাজ! পৃথিবীর সকল রাজা যখনই নির্লজ্জ দুর্য্যোধনের নিন্দা করিয়াছিলেন, তখনই সে নিহত হইয়াছিল ॥২৫॥

বৃক্ষমূল শিখরমাত্র অবলম্বন করিয়া দাঁড়াইয়া থাকিলে এবং করাত ঘুরাইয়া সেই মূল ছেদন করিলে, সেই বৃক্ষকে যেমন অনায়াসে নিপাতিত করা যায়, সেইরূপ যাহার স্বভাব এইরূপ, তাহাকে অনায়াসে বধ করা যায় ॥২৬॥

রাজা! দুর্বুদ্ধি দুর্জ্জন সর্পেরই তুল্য সকলেরই বধ্য; অতএব শত্রুনাশক রাজা! আপনি দুর্য্যোধনটাকে বধ করুন, ইতস্ততঃ করিবেন না ॥২৭॥

তবে নিষ্পাপ রাজা! আপনি যে ধৃতরাষ্ট্র ও ভীষ্মের নিকটে প্রণিপাত করিবেন, তাহা আপনার পক্ষে সর্ব্বপ্রকারেই উচিত এবং আমারও তাহাতে মত আছে ॥২৮॥

(২৬) ঈষৎকার্য্যঃ—পি বা ব রা।

মধ্যে রাজ্ঞামহং তত্র প্রাতিপৌরুষিকান্ গুণান্।
তব সঙ্কীর্ত্তয়িষ্যামি যে চ তস্য ব্যতিক্রমাঃ ॥৩০॥
ব্রুবতস্তত্র যে বাক্যং ধর্ম্মার্থসহিতং হিতম্।
নিশম্য পার্থিবাঃ সর্ব্বে নানাজনপদেশ্বরাঃ ॥৩১॥
ত্বয়ি সংপ্রতিপৎস্যন্তে ধর্ম্মাত্মা সত্যবাগিতি।
তস্মিংশ্চাধিগমিষ্যন্তি যথা লোভাদবর্ত্তত ॥৩২॥ (যুগ্মকম্)
গর্হয়িষ্যামি চৈবৈনং পৌরজানপদেষ্বপি।
বৃদ্ধবালানুপাদায় চাতুর্ব্বর্ণ্যে সমাগতে ॥৩৩॥
শমং বৈ যাচমানস্ত্বং নাধর্ম্মং তত্র লপ্স্যসে।
কুরূন্ বিগর্হয়িষ্যন্তি ধৃতরাষ্ট্রঞ্চ পার্থিবাঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অহমিতি। দ্বিধাভাবঃ—দুর্য্যোধনঃ সজ্জনো দুর্জ্জনো বেতি সন্দেহঃ ॥২৯॥
মধ্য ইতি। প্রাতিপৌরুষিকান্ সকলসৎপুরুষনিষ্ঠান্। ব্যতিক্রমা দোষাঃ ॥৩০॥
ব্রুবত ইতি। হিতম্ উভয়োরেব পক্ষযোঃ। সংপ্রতিপৎস্যন্তে জ্ঞাস্যন্তি ॥৩১—৩২॥
গর্হেতি। এনং দুর্য্যোধনম্। সমাগতে মদ্দর্শনার্থমুপস্থিতে ॥৩৩॥
শমমিতি। শমং শান্তিম্। অধর্ম্মং ন লপ্স্যসে, দৌর্ব্বল্যপ্রকাশেঽপীতি ভাবঃ ॥৩৪॥

রাজা! দুর্য্যোধনের প্রতি যাহাদের দ্বিধাভাব (দুর্য্যোধন সজ্জন না দুর্জ্জন—এইরূপ সন্দেহ) আছে, আমি যাইয়া সে সকল লোকের সে সন্দেহ দূর করিব ॥২৯॥

আমি সেখানে রাজাদের মধ্যে আপনার সৎপুরুষোচিত সকল গুণের কথাই কীর্ত্তন করিব এবং দুর্য্যোধনের যে সকল দোষ আছে, তাহাও বলিব ॥৩০॥

নানাদেশের অধিপতি রাজারা সকলে সেখানে আমার নিকটে ধর্ম্মার্থযুক্ত এবং উভয়পক্ষেরই হিতকর বাক্য সকল শুনিয়া 'যুধিষ্ঠির ধার্ম্মিক ও সত্যবাদী' এইরূপই আপনার উপরে ধারণা করিবেন; আর দুর্য্যোধন লোভবশতঃ যেভাবে চলিয়াছে, তাহাও তাঁহারা বুঝিবেন ॥৩১—৩২॥

চারি বর্ণের লোকেরা বালক ও বৃদ্ধদিগকে লইয়া উপস্থিত হইলে, আমি তাহাদের নিকটে এবং পুরবাসী ও দেশবাসী লোকদের নিকটে দুর্য্যোধনের নিন্দা করিব ॥৩৩॥

আপনি শান্তি প্রার্থনা করিয়াও অধর্ম্মভাগী হইবেন না, আর রাজারা কৌরবগণকে ও ধৃতরাষ্ট্রকে নিন্দা করিবেন ॥৩৪॥

তস্মিংল্লোকপরিত্যক্তে কিং কার্য্যমবশিষ্যতে।
হতে দুর্য্যোধনে রাজন্! যদন্যৎ ক্রিয়তামিতি ॥৩৫॥
যাত্বা চাহং কুরূন্ সর্ব্বান্ যুষ্মদর্থমহাপয়ন্।
যতিষ্যে প্রশমং কর্ত্তুং লক্ষয়িষ্যে চ চেষ্টিতম্ ॥৩৬॥
কৌরবাণাং প্রবৃত্তিঞ্চ গত্বা যুদ্ধাভিকারিকাম্।
নিশম্য বিনিবর্ত্তিষ্যে জয়ায় তব ভারত। ॥৩৭॥
সর্ব্বথা যুদ্ধমেবাহমাশংসামি পরৈঃ সহ।
নিমিত্তানি হি সর্ব্বাণি তথা প্রাদুর্ভবন্তি মে ॥৩৮॥
মৃগাঃ শকুন্তাশ্চ বদন্তি ঘোরং হস্ত্যশ্বমুখ্যেষু নিশামুখেষু।
ঘোরাণি রূপাণি তথৈব চাগ্নির্বর্ণান্ বহূন্ পুষ্যতি ঘোররূপান্ ॥৩৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। হতে নিন্দয়া হতপ্রায়ে। অন্যদ্ যৎ কার্য্যমস্তি তৎ ক্রিয়তামিত্যর্থঃ ॥৩৫॥
যাত্বেতি। যাত্বা গত্বা। চেষ্টিতং দুর্য্যোধনাদীনামাচরণম্ ॥৩৬॥
কৌরবাণামিতি। প্রবৃত্তিং যত্নম্, যুদ্ধাভিকারিকাং যুদ্ধপ্রযোজিকাম্ ॥৩৭॥
সর্ব্বথেতি। আশংসামি আপন্নে। হি যস্মাৎ, নিমিত্তানি দুর্লক্ষণানি ॥৩৮॥
অথ কানি নিমিত্তানীত্যাহ—মৃগা ইতি। মৃগাঃ কুক্কুরাদয়ঃ পশবঃ, শকুন্তাঃ কাকাদয়ঃ পক্ষিণশ্চ, ঘোরং বদন্তি রুবন্তি। নিশামুখেষু প্রদোষেষু, হস্ত্যশ্বমুখ্যেষু মধ্যে, ঘোরাণি রূপাণি মূর্ত্তয়ঃ প্রাদুর্ভবন্তি, তথৈবাগ্নিশ্চ ঘোররূপান্ বহূন্ বর্ণান্ পুষ্যতি ধত্তে ॥৩৯॥

ভারতভাবদীপঃ

পাঠে মধ্যমশিফযেতি প্রাঞ্চঃ ॥২৬—২৮॥ দ্বিধাভাবঃ অয়ং সাধুরসাধুর্বেতি সংশয়ঃ ॥২৯॥ প্রাতিপৌরুষিকান্ সর্ব্বপুরুষসাধারণান্ ॥৩০—৩৪॥ হতে নিন্দ্যতয়া নষ্টপ্রায়ে ॥৩৫॥ যাত্বা

রাজা! সকলে দুর্য্যোধনকে পরিত্যাগ করিলে, আমাদের কোন্ কার্য্য অবশিষ্ট থাকিবে? নিন্দা শুনিয়া দুর্য্যোধন হতপ্রায় হইলে, আর যাহা কর্ত্তব্য থাকিবে, তাহাই করিবেন ॥৩৫॥

আমি কৌরবদের সকলের নিকটেই যাইয়া আপনাদের স্বার্থের হানি না করিয়া শান্তি করিবার চেষ্টা করিব এবং দুর্য্যোধনপ্রভৃতির আচরণের উপরেও লক্ষ্য রাখিব ॥৩৬॥

ভরতনন্দন! আমি যাইয়া কৌরবগণের যুদ্ধের প্রবৃত্তির বিষয় শুনিয়া আপনার জয়ের জন্য ফিরিয়া আসিব ॥৩৭॥

আমি কিন্তু বিপক্ষগণের সঙ্গে সর্ব্বপ্রকারে যুদ্ধেরই আশঙ্কা করিতেছি। কারণ, সমস্ত লক্ষণই আমার নিকট সেইরূপ আবির্ভূত হইতেছে ॥৩৮॥

(৩৭)…যুদ্ধাভিকারিণাম্—পি।

মনুষ্যলোকক্ষয়কৃৎ সুঘোরো নো চেদনুপ্রাপ্ত ইহান্তকঃ স্যাৎ।
শস্ত্রাণি যন্ত্রং কবচান্ রথাংশ্চ নাগান্ হয়াংশ্চ প্রতিপাদয়িত্বা ॥৪০॥
যোধাশ্চ সর্ব্বে কৃতনিশ্চয়াস্তে ভবন্তু হস্ত্যশ্বরথেষু যত্তাঃ।
সাংগ্রামিকং তে যদুপার্জ্জনীয়ং সর্ব্বং সমগ্রং কুরু তন্নরেন্দ্র! ॥৪১॥
(যুগ্মকম্)

দুর্য্যোধনো ন হ্যলমদ্য দাতুং জীবংস্তবৈতন্নৃপতে! কথঞ্চিৎ।
যত্তে পুরস্তাদভবৎ সমৃদ্ধং দ্যূতে হৃতং পাণ্ডবমুখ্য! রাজ্যম্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে কৃষ্ণবাক্যে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

মনুষ্যেতি। মনুষ্যলোকক্ষয়কৃৎ সুঘোরঃ অন্তকো যমঃ, চেৎ ইহ, অনুপ্রাপ্ত উপস্থিতো নো স্যাৎ, তদা এবং ন স্যাদিতি শেষঃ। অতএব হে নরেন্দ্র! তে তব, সর্ব্বে যোধা যোদ্ধারঃ, যুদ্ধে কৃতনিশ্চযাঃ সন্তঃ, শস্ত্রাণি, যন্ত্রং গুলিকানিক্ষেপভাণ্ডম্, কবচান্, রথাংশ্চ, নাগান্ হস্তিনঃ, হয়ান্ অশ্বাংশ্চ, প্রতিপাদয়িত্বা সজ্জীকৃত্য, হস্ত্যশ্বরথেষু, যত্তাঃ চালনায় যত্নবন্তো ভবন্তু। তে তবাপি, সাংগ্রামিকং যৎ সর্ব্বম্, উপার্জ্জনীয়ং সংগ্রহণীয়ম্, তৎ সমগ্রং সম্পূর্ণং কুরু ॥৪০—৪১॥

ভারতভাবদীপঃ

গত্বা ॥৩৬॥ নিশম্য আলোচ্য ॥৩৭—৩৯॥ চেদিহান্তকোঽনুপ্রাপ্তো নো স্যাত্তর্হি এতন্ন স্যাদিতি শেষঃ। যন্ত্রং গোলকোৎক্ষেপণম্, কবচা কবচানি বর্ম্মাণি, "সুপাং সুলুগি"তি সুপো ডাদেশঃ। নান্তপাঠে পুংস্ত্বমার্ষম্, প্রতিপাদয়িত্বা সজ্জীকৃত্য ॥৪০—৪২॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৮॥

—:*:—

পশু ও পক্ষীরা ভয়ঙ্কর রব করিতেছে; প্রদোষকালে প্রধান প্রধান হস্তী ও অশ্বের মধ্যে ভয়ঙ্কর মূর্ত্তি সকল আবির্ভূত হইতেছে এবং অগ্নি নানাবিধ ভয়ঙ্কর বর্ণ ধারণ করিতেছে ॥৩৯॥

সুতরাং মনুষ্যক্ষয়কারী অতিভয়ঙ্কর যম যদি এখানে উপস্থিত না হইতেন, তবে এরূপ হইত না; অতএব রাজা! আপনার যোদ্ধারা সকলে যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়া অস্ত্র, যন্ত্র (কামান), কবচ, রথ, হস্তী ও অশ্ব সকল সজ্জিত করিয়া সেই হস্তী, অশ্ব ও রথ সঞ্চালনের জন্য যত্নবান্ হউন; আর আপনারও যুদ্ধোপযোগী যে সকল বস্তু সংগ্রহ করা উচিত, সে সকলও আপনি সংগ্রহ করুন ॥৪০—৪১॥

* '...ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ'—বা ব রা, '...দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীম উবাচ।

যথা যথৈব শান্তিঃ স্যাৎ কুরূণাং মধুসূদন!।
তথা তথৈব ভাষেথা মাস্ম যুদ্ধেন ভীষয়েঃ ॥১॥
অমর্ষী জাতসংরম্ভঃ শ্রেয়োদ্বেষী মহামনাঃ।
নোগ্রং দুর্য্যোধনো বাচ্যঃ সাম্নৈবৈনং সমাচরেঃ ॥২॥
প্রকৃত্যা পাপসত্ত্বশ্চ তুল্যচেতাস্তু দস্যুভিঃ।
ঐশ্বর্য্যমদমত্তশ্চ কৃতবৈরশ্চ পাণ্ডবৈঃ ॥৩॥

ভারতকৌমুদী

অথ যুদ্ধোদ্যোগঃ কৃত ইত্যাহ—দুর্য্যোধন ইতি। হে পাণ্ডবমুখ্য! নৃপতে! পুরস্তাৎ পূর্ব্বম্, যত্তে সমৃদ্ধং রাজ্যং দ্যূতে হৃতমভবৎ, এতত্তৎ রাজ্যম, জীবন্ দুর্য্যোধনঃ, অদ্য ইদানীং তব দাতুম্, কথঞ্চিদপি দাতুং ন হি অলং নৈব সমর্থো ভবেৎ ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি
ভগবদ্যানে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

জাতবৈরো ভীমোঽপি সর্ব্বনাশাশঙ্কয়া শান্তিং যাচতে—যথেতি। ভীষয়েঃ কৌরবান্ ॥১॥
অমর্ষীতি। অমর্ষী অসহিষ্ণুঃ, জাতসংরম্ভো জাতক্রোধঃ, মহামনা দুরাকাঙ্ক্ষঃ ॥২॥
প্রেতি। প্রকৃত্যা স্বভাবেনৈব, পাপসত্ত্বঃ পাপবুদ্ধিঃ ॥৩॥

পাণ্ডবশ্রেষ্ঠ রাজা! দুর্য্যোধন পূর্ব্বে আপনার যে সমৃদ্ধ রাজ্য দ্যূতে হরণ করিয়াছিল, তাহা সে জীবিত থাকিতে কোন প্রকারেই এখন আপনাকে দিতে সমর্থ হইবে না” ॥৪২॥

—:*:—

ভীম বলিলেন—“কৃষ্ণ! যে যে ভাবে কৌরবদের শান্তি হয়, তুমি সেই সেই ভাবেই বলিবে; কিন্তু যুদ্ধের ভয় দেখাইয়া তাহাদিগকে ভীত করিবার চেষ্টা করিও না ॥১॥

অসহিষ্ণু, জাতক্রোধ, মঙ্গলদ্বেষী ও দুরাকাঙ্ক্ষী দুর্য্যোধনকে রূক্ষ কথা বলিও না; উহার সহিত মধুর বাক্যেই আলাপ করিও ॥২॥

দুর্য্যোধন স্বভাবতই পাপবুদ্ধি, দস্যুদের তুল্যচিত্ত, ঐশ্বর্য্যমদে মত্ত এবং পাণ্ডবগণের সহিত বহুদিন যাবৎ শত্রুতা করিয়া আসিতেছে ॥৩॥

অদীর্ঘদর্শী নিষ্ঠুরী ক্ষেপ্তা ক্রূরপরাক্রমঃ।
দীর্ঘমন্যুরনেয়শ্চ পাপাত্মা নিকৃতিপ্রিয়ঃ ॥৪॥
ম্রিয়েতাপি ন ভজ্যেত নৈব জহ্যাৎ স্বকং মতম্।
তাদৃশেন শমঃ কৃষ্ণ! মন্যে পরমদুষ্করঃ ॥৫॥
সুহৃদামপ্যবাচীনস্ত্যক্তধর্ম্মা প্রিয়ানৃতঃ।
প্রতিহন্ত্যেব সুহৃদাং বাচশ্চৈব মনাংসি চ ॥৬॥
স মন্যুবশমাপন্নঃ স্বভাবং দুষ্টমাশ্রিতঃ।
স্বভাবাৎ পাপমভ্যেতি তৃণৈশ্ছন্ন ইবোরগঃ ॥৭॥
দুর্য্যোধনো হি যৎসেনঃ সর্ব্বথা বিদিতস্তব।
যচ্ছীলো যৎস্বভাবশ্চ যদ্বলো যৎপরাক্রমঃ ॥৮॥

ভারতকৌমুদী

অদীর্ঘেতি। নিষ্ঠুরী নিষ্ঠুরভাষী, ক্ষেপ্তা পরনিন্দকঃ। দীর্ঘমন্যুঃ স্থায়িক্রোধঃ, অনেয়ঃ সৎপথে নেতুমশক্যঃ, নিকৃতিপ্রিয়ঃ শাঠ্যাচরণানুরাগী ॥৪॥

ম্রিয়েতেতি। জহ্যাৎ ত্যজেৎ, স্বকং স্বকীয়ং দুষ্টমপি মতম্ ॥৫॥

সুহৃদামিতি। অবাচীনঃ বিরুদ্ধমতঃ, প্রিয়মনৃতং মিথ্যা যস্য সঃ ॥৬॥

স ইতি। মন্যুবশং ক্রোধাধীনতাম্। পাপং পরহিংসাম্ ॥৭॥

দুর্য্যোধন ইতি। যা যাবতী যাদৃশী বা সেনা যস্য সঃ। এবমন্যত্র ॥৮॥

ভারতভাবদীপঃ

যথেতি। শান্তিবাধকং ভয়ং তেষাং মা ভূদিত্যাহ—তথেতি ॥১॥ মহাত্মনাঃ শুদ্ধঃ, সমাচরেঃ প্রাগপি সমাহিতবানসি ॥২—৩॥ নিষ্ঠুরী নিষ্ঠুরবাক্, ক্ষেপ্তা নিন্দকঃ, অনেয়ঃ

দুর্য্যোধন অদূরদর্শী, নিষ্ঠুরভাষী, পরনিন্দক, নিষ্ঠুরবিক্রম, দীর্ঘক্রোধী, পাপাত্মা ও শঠতাপ্রিয় এবং উহাকে সৎপথে পরিচালিত করা যায় না ॥৪॥

কৃষ্ণ! দুর্য্যোধন মরিবে, তথাপি অবনত হইবে না এবং কিছুতেই সে নিজের মত পরিত্যাগ করবে না; সুতরাং আমি মনে করি—ঐরূপ লোকের সহিত শান্তি স্থাপন করা বড়ই দুষ্কর ॥৫॥

দুর্য্যোধন বন্ধুগণেরও বিরোধী, ধর্ম্মত্যাগী এবং মিথ্যাপ্রিয়; আর সে—হিতৈষীদিগেরও বাক্যে এবং মনে আঘাত দিয়া থাকে ॥৬॥

দুর্য্যোধন ক্রোধের বশীভূত হইয়া স্বভাবটাকেই দূষিত করিয়াছে এবং তৃণাবৃত সর্পের ন্যায় স্বভাবতই পরহিংসা করে ॥৭॥

কৃষ্ণ! দুর্য্যোধনের সৈন্য যেরূপ, চরিত্র যেরূপ, স্বভাব যেরূপ, শক্তি যেরূপ এবং পরাক্রম যেরূপ, তাহা তোমার সর্ব্বপ্রকারেই জানা আছে ॥৮॥

---

(৫)…স্বকাং মতিম্—পি। (৭)…দুষ্টমাস্থিতঃ—বা, ব, নি।

পুরা প্রসন্নঃ কুরবঃ সহপুত্রাস্তথা বয়ম্ ।
ইন্দ্রজ্যেষ্ঠা ইবাভূম মোদমানাঃ সবান্ধবাঃ ॥৯॥
দুর্য্যোধনস্য ক্রোধেন ভারতা মধুসূদন ! ।
ধক্ষ্যন্তে শিশিরাপায়ে বনানীব হুতাশনৈঃ ॥১০॥
অষ্টাদশেমে রাজানঃ প্রখ্যাতা মধুসূদন ! ।
যে সমুচ্চিচ্ছিদুর্জ্জ্ঞাতীন্ সুহৃদশ্চ সবান্ধবান্ ॥১১॥
অসুরাণাং সমৃদ্ধানাং জ্বলতামিব তেজসা ।
পর্য্যায়কালে ধর্ম্মস্য প্রাপ্তে কলিরজায়ত ॥১২॥
হৈহয়ানামুদাবর্ত্তো নীপানাং জনমেজয়ঃ ।
বহুলস্তালজঙ্ঘানাং কৃমীনামুদ্ধতো বসুঃ ॥১৩॥
অজবিন্দুঃ সুবীরাণাং সুরাষ্ট্রাণাং সুপর্দ্দিকঃ ।
অর্কজশ্চ বলীহানাং চীনানাং ধৌতমূলকঃ ॥১৪॥
হয়গ্রীবো বিদেহানাং বরযুশ্চ মহৌজসাম্ ।
বাহুঃ সুন্দরবংশানাং দীপ্তাক্ষাণাং পুরূরবাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পুরেতি। ইন্দ্রো জ্যেষ্ঠো যেষাং তে তাদৃশা দেবাঃ ॥৯॥

দুর্য্যোধনস্যেতি। ভারতা ভরতবংশীযাঃ। শিশিরাপায়ে বসন্তকালে ॥১০॥

অষ্টেতি। ইমে অষ্টাদশমুচ্যমানাঃ, রাজান আসন্ ॥১১॥

অসুরাণামিতি। ধর্ম্মস্য, পর্য্যায়কালে পরিবর্ত্তনসময়ে, প্রাপ্তে উপস্থিতে সতি, সমৃদ্ধানাং তেজসা জ্বলতাঞ্চ অসুরাণাং মধ্যে কলিঃ, ইব যথা অজায়ত, তথা এতে সম্ভূতা ইতি ষষ্ঠ-

পূর্ব্বে পুত্র-পৌত্রপ্রভৃতির সহিত কৌরবেরা এবং আমরা ইন্দ্রপ্রভৃতি দেবগণের ন্যায় বন্ধুবর্গের সহিত প্রসন্নচিত্তে ও আমোদে ছিলাম ॥৯॥

কিন্তু কৃষ্ণ। বসন্তকালে দাবানল যেমন বন দগ্ধ করে, সেইরূপ দুর্য্যোধনের ক্রোধই ইহার পরে ভরতবংশকে দগ্ধ করিবে ॥১০॥

কৃষ্ণ। এই আঠার জন রাজা বিখ্যাত ছিলেন, যাঁহারা বন্ধুবর্গের সহিত জ্ঞাতি ও মিত্রদিগের উচ্ছেদ করিয়াছিলেন ॥১১॥

ধর্ম্মের পরিবর্ত্তনসময় উপস্থিত হইলে, সমৃদ্ধিশালী ও তেজে উজ্জ্বল অসুরদিগের মধ্যে যেমন কলি জন্মিয়াছিল, সেইরূপ হৈহয়বংশে উদাবর্ত্ত, নীপবংশে জনমেজয়, তালজঙ্ঘবংশে বহুল, কৃমিবংশে উদ্ধতস্বভাব বসু, সুবীরবংশে অজবিন্দু, সুরাষ্ট্রদেশে সুপর্দ্দিক, বলীহদেশে অর্কজ, চীনদেশে ধৌতমূলক, বিদেহ-

(১০)…ভরতা মধুসূদন!—বা ব রা নি। (১৪)…সুরাষ্ট্রাণাং রুষর্দ্ধিকঃ—বা ব রা নি।

সহজশ্চেদিমৎস্যানাং প্রবীরাণাং বৃষধ্বজঃ।
ধারণশ্চন্দ্রবৎসানাং মুকুটানাং বিগাহনঃ ॥১৬॥
শমশ্চ নন্দিবেগানামিত্যেতে কুলপাংসনাঃ।
যুগান্তে কৃষ্ণ! সম্ভূতাঃ কুলেষু পুরুষাধমাঃ ॥১৭॥ (কুলকম্)
অপ্যয়ং নঃ কুরূণাং স্যাদ্‌যুগান্তে কালসংভৃতঃ।
দুর্য্যোধনঃ কুলাঙ্গারো জঘন্যঃ পাপপূরুষঃ ॥১৮॥
তস্মান্মৃদু শনৈর্ব্রূয়া ধর্ম্মার্থসহিতং হিতম্।
কামানুবন্ধং বহুলং নোগ্রমুগ্রপরাক্রম! ॥১৯॥
অপি দুর্য্যোধনং কৃষ্ণ! সর্ব্বে বয়মধশ্চরাঃ।
নীচৈর্ভূত্বাঽনুযাস্যামো মাস্ম নো ভরতা নশন্ ॥২০॥

ভারতকৌমুদী

শ্লোকত্রয়েনান্বয়ঃ। হৈহয়াদয়ো বংশাঃ, উদাবর্ত্তাদীনি চ রাজ্ঞাং নামানি। চীনানাং চীনদেশীয়ানাম্। বিদেহানাং তদ্দেশীয়ানাম্। দীপ্তাক্ষাণাং বংশানাম্। প্রবীরাদয়ো বংশাঃ। কুলপাংসনা বংশদূষকাঃ। কলিনা সহাষ্টাদশ ॥১২—১৭॥

অপীতি। স্যাৎ ক্ষয়কারণমিতি শেষঃ। কালেন সংভৃতঃ প্রেরিতঃ ॥১৮॥

তস্মাদিতি। কামানুবন্ধং তদভিপ্রায়ানুসারি, নোগ্রং ন রূক্ষম্ ॥১৯॥

অপীতি। অনুযাস্যামঃ শাস্তৌ সত্যাম্। মাস্ম নশন্ ন নশ্যন্তু ॥২০॥

ভারতভাবদীপঃ

শিক্ষয়িতুমযোগ্যঃ ॥৩—৫॥ অবাচীনো বিপরীতঃ ॥৬—১০॥ জ্ঞাতীন্ সগোত্রান্, সুহৃদঃ মিত্রাণি, বান্ধবান্ শ্যালশ্বশুরাদীন্ ॥১১॥ পর্য্যায়কালে ধর্ম্মান্তকালে ॥১২—১৮॥ কামানু-

---

দেশে হয়গ্রীব, মহৌজোবংশে বরযু, সুন্দরবংশে বাহু, দীপ্তাক্ষবংশে পুরূরবা, চেদিমৎস্যদেশে সহজ, প্রবীরবংশে বৃষধ্বজ, চন্দ্রবৎসবংশে ধারণ, মুকুটবংশে বিগাহন এবং নন্দিবেগবংশে শম, এই আঠার জন বংশদূষক ও পুরুষাধম রাজা যুগপরিবর্ত্তনের সময়ে সেই সেই বংশে জন্মিয়াছিলেন ॥১২—১৭॥

উক্ত রাজাদের ন্যায় এই কুলাঙ্গার, ঘৃণিতস্বভাব ও পাপপুরুষ দুর্য্যোধনটাও এই দ্বাপরযুগাবসানে কালপ্রেরিত হইয়া আমাদের কুরুকুলের ধ্বংসের কারণ হইতে বসিয়াছে ॥১৮॥

অতএব উগ্রপরাক্রম কৃষ্ণ! তুমি যাইয়া ধর্ম্মার্থযুক্ত, হিতকর এবং দুর্য্যোধনের অভিপ্রায়ানুসারী বহুতর কথা কোমলভাবে ধীরে ধীরে বলিবে; কিন্তু কোন রূক্ষ কথা বলিও না ॥১৯॥

---

(১৬)...বীরণশ্চন্দ্রবংশানাম্—পি। (১৭) কুলনাশনাঃ—পি।

অপ্যুদাসীনবৃত্তিঃ স্যাদ্‌যথা নঃ কুরুভিঃ সহ ।
বাসুদেব ! তথা কার্য্যং ন কুরূননয়ঃ স্পৃশেৎ ॥২১॥
বাচ্যঃ পিতামহো বৃদ্ধো যে চ কৃষ্ণ ! সভাসদঃ ।
ভ্রাতৄণামস্তু সৌভ্রাত্রং ধার্ত্তরাষ্ট্রঃ প্রশাম্যতাম্ ॥২২॥
অহমেতদ্‌ব্রবীম্যেবং রাজা চৈব প্রশংসতি ।
অর্জ্জুনো নৈব যুদ্ধার্থী ভূয়সী হি দয়ার্জ্জুনে ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে ভীমবাক্যে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

অপীতি। উদাসীনস্যেব বৃত্তির্ব্যবহারঃ। অনয়ঃ ক্ষয়মূলমন্যায়ঃ ॥২১॥

বাচ্য ইতি। ভ্রাতৄণামস্মাকম্। প্রশাম্যতাং তেষামুপদেশৈঃ ॥২২॥

অহমিতি। এবং শান্তিবিষয়কম্, রাজা যুধিষ্ঠিরশ্চ প্রশংসতি শান্তিম্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

বন্ধবহুলং বাহুল্যেন তস্য চিত্তানুসারি ॥১৯—২০॥ অনয়ঃ কুলক্ষয়কৃতো দোষঃ ॥২১—২২॥ প্রশংসতি শমমেবেতি শেষঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৬৯॥

—:*:—

কৃষ্ণ ! বরং আমরা সকলে নীচে থাকিয়া অবনত হইয়া দুর্য্যোধনেরই অনুসরণ করিব ; তথাপি আমাদের ভরতবংশটা যেন নষ্ট হয় না ॥২০॥

বাসুদেব ! কৌরবদের সহিত আমাদের যাহাতে সংস্রবশূন্যের ন্যায় ব্যবহার হয়, তুমি বরং সেইরূপ কার্য্যই করিও ; আমাদের কুরুবংশে যেন কোনরূপ দুর্নীতিস্পর্শ না হয় ॥২১॥

কৃষ্ণ ! তুমি যাইয়া বৃদ্ধ পিতামহকে এবং যাঁহারা সভাসদ্ আছেন তাঁহাদিগকে বলিও—তাঁহাদের উপদেশে দুর্য্যোধন শান্ত হউন, আমাদের ভ্রাতাদের মধ্যে ভ্রাতৃসৌহার্দ্দ স্থাপিত হউক ॥২২॥

(১৯)···উগ্রপরাক্রমম্—নি। * '···চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ'—বা ব র। '···ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি ।

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা মহাবাহুঃ কেশবঃ প্রহসন্নিব।

অভূতপূর্ব্বং ভীমস্য মার্দ্দবোপহিতং বচঃ ॥১॥

গিরেরিব লঘুত্বং তচ্ছীতত্বমিব পাবকে।

মত্বা রামানুজঃ শৌরিঃ শার্ঙ্গধন্বা বৃকোদরম্ ॥২॥

সন্তেজয়ংস্তদা বাগ্‌ভির্মাতরিশ্বেব পাবকম্।

উবাচ ভীমমাসীনং কৃপয়াভিপরিপ্লুতম্ ॥৩॥ (বিশেষকম্)

শ্রীভগবানুবাচ।

ত্বমন্যদা ভীমসেন! যুদ্ধমেব প্রশংসসি।

বধাভিনন্দিনঃ ক্রূরান্ ধার্ত্তরাষ্ট্রান্ মিমর্দ্দিষুঃ ॥৪॥

ন চ স্বপিষি জাগর্ষি ন্যুব্জঃ শেষে পরন্তপ!।

ঘোরামশান্তামুষতীং সদা বাচং প্রভাষসে ॥৫॥

ভারতকৌমুদী

এতদিতি। মার্দ্দবোপহিতং কোমলতাযুক্তম্। লঘুত্বং ভারহীনত্বম্, শীতত্বং শীতলত্বম্। মাতরিশ্বা বায়ুঃ। কৃপয়া ভরতবংশং প্রতি দয়য়া ॥১—৩॥

ত্বমিতি। বধাভিনন্দিনো হিংসায়াঃ প্রশংসাকারিণঃ, মিমর্দ্দিষুর্মর্দ্দিতুমিচ্ছুঃ ॥৪॥

আমি শান্তির বিষয়ে এইরূপ বলিতেছি, রাজাও (যুধিষ্ঠিরও) শান্তিরই প্রশংসা করিয়াছেন; অর্জ্জুনও যুদ্ধার্থী নহেন। কারণ, অর্জ্জুনের শরীরে দয়াই অধিক" ॥২৩॥

—:*:—

বৈশম্পায়ন কহিলেন—মহাবাহু, বলরামের কনিষ্ঠ, শৌরি ও শার্ঙ্গধন্বা কৃষ্ণ পর্ব্বতের লঘুত্বের ন্যায় এবং অগ্নির শীতলতার তুল্য অভূতপূর্ব্ব কোমলতাযুক্ত ভীমসেনের এই সকল কথা শুনিয়া, বায়ু যেমন অগ্নিকে উত্তেজিত করে, সেইরূপ বাক্যদ্বারা ভীমকে উত্তেজিত করিবার জন্য হাসিতে হাসিতেই যেন উপবিষ্ট দয়ার্দ্রচিত্ত ভীমসেনকে বলিতে লাগিলেন ॥১—৩॥

কৃষ্ণ বলিলেন—"মধ্যমপাণ্ডব! আপনি, হিংসাপ্রশংসী ও ক্রূরস্বভাব ধার্ত্তরাষ্ট্রগণকে মর্দ্দন করিবার ইচ্ছায় অন্য সময়ে যুদ্ধেরই প্রশংসা করিয়া থাকেন ॥৪॥

---

(৫) "ঘোরামশান্তাং রুষতীম্—বা, ব, রা, "রুশতীম্—নি।

নিশ্বসন্নগ্নিবত্তেন সন্তপ্তঃ স্বেন মন্যুনা।
অপ্রশান্তমনা ভীম! সধূম ইব পাবকঃ ॥৬॥
একান্তে নিষ্টনন্ শেষে ভারার্ত্ত ইব দুর্ব্বলঃ।
অপি ত্বাং কেচিদুন্মত্তং মন্যন্তে তদ্বিদো জনাঃ ॥৭॥
আরুজ্য বৃক্ষান্ নির্ম্মূলান্ গজঃ পরিরুজন্নিব।
নিঘ্নন্ পদ্ভিঃ ক্ষিতিং ভীম! নিষ্টনন্ পরিধাবসি ॥৮॥
নাস্মিন্ জনেঽভিরমসে রহঃ ক্ষিপসি পাণ্ডব!।
নান্যং নিশি দিবা চাপি কদাচিদভিনন্দসি ॥৯॥

ভারতকৌমুদী

অথ ক্রোধানুভাবানাহ নবভিঃ। নেতি। হে পরন্তপ! ত্বং ন চ স্বপিষি নৈব নিদ্রাসি, কেবলমেব জাগর্ষি, ন্যুব্জঃ সন্নেব শেষে পরস্য স্বমুখভঙ্গীদর্শননিবারণার্থং শয্যায়াং তিষ্ঠসি, সর্ব্বত্র ধার্ত্তরাষ্ট্রান্ প্রতি ক্রোধাতিশযাদিত্যাশয়ঃ। কিঞ্চ ঘোরাম্, অশান্তামুত্তেজনাযুক্তাম্, উষতীম্ অকল্যাণীঞ্চ বাচং সদা প্রভাষসে, "উষতী বাগকল্যাণী" ইত্যমরঃ ॥৫॥

নিশ্বসন্নিতি। অগ্নিবৎ অগ্নিনেব, মন্যুনা ক্রোধেন। তিষ্ঠসীতি শেষঃ ॥৬॥

একান্ত ইতি। শেষে শয়নং করোষি। তদ্বিদ উন্মত্তাবস্থাভিজ্ঞাঃ ॥৭॥

আরুজ্যেতি। আরুজ্য ভঙ্‌ক্ত্বা। পরিরুজন্ ভঞ্জন্। নিষ্টনন্ শব্দং কুর্ব্বন্ ॥৮॥

নেতি। রহো নির্জ্জনে, ক্ষিপসি কালং নয়সি। অভিনন্দসি আদ্রিয়সে ॥৯॥

পরন্তপ! আপনি নিদ্রা যান না, কেবল জাগরিতই থাকেন, কিন্তু কোন সময়ে শয়ন করিতে হইলেও ন্যুব্জ (উবুড়) হইয়াই শয়ন করেন। আর সর্ব্বদাই ভয়ঙ্কর, উত্তেজনাযুক্ত ও অমঙ্গলসূচক বাক্য বলিয়া থাকেন ॥৫॥

অগ্নির তুল্য সেই আপন ক্রোধে উত্তপ্ত হইয়া উত্তেজিতচিত্তে নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া ধূমযুক্ত অগ্নির ন্যায় অবস্থান করেন ॥৬॥

আপনি ভারার্ত্ত দুর্ব্বল লোকের ন্যায় অব্যক্ত শব্দ করিতে থাকিয়া নির্জ্জনে শয়ন করিয়া থাকেন; তখন উন্মত্তের অবস্থাভিজ্ঞ লোকেরা আপনাকে উন্মত্ত বলিয়াও মনে করে ॥৭॥

মধ্যমপাণ্ডব! বৃক্ষভঙ্গকারী হস্তীর ন্যায় আপনি মূলবিহীন বৃক্ষ ভঙ্গ করিয়া ভূতলে পদাঘাত করিতে থাকিয়া অব্যক্ত শব্দ করিতে করিতে ধাবিত হইয়া থাকেন ॥৮॥

পাণ্ডুনন্দন! এই সকল লোকের উপরে আপনার মনের আরাম হয় না, আপনি নির্জ্জনে কালক্ষেপ করেন এবং দিনে ও রাত্রিতে কখনও অন্য লোকের আদর করেন না ॥৯॥

---

(৭) একান্তে নিশ্বসন্—বা ব রা নি। (৯) নাস্মিন্ জনেন রমসে—বা ব রা নি।

অকস্মাৎ স্ময়মানশ্চ রহস্যাস্সে রুদন্নিব।
জান্বোর্মূর্দ্ধানমাধায় চিরমাস্সে প্রমীলিতঃ ॥১০॥
ভ্রূকুটিঞ্চ পুনঃ কুর্ব্বন্নোষ্ঠৌ চ বিদশন্নিব।
অভীক্ষ্ণং দৃশ্যসে ভীম! সর্ব্বং তন্মন্যুকারিতম্ ॥১১॥
যথা পুরস্তাৎ সবিতা দৃশ্যতে শুক্রমুচ্চরন্।
যথা চ পশ্চান্নির্ম্মুক্তো ধ্রুবং পর্য্যেতি রশ্মিবান্ ॥১২॥
তথা সত্যং ব্রবীম্যেতন্নাস্তি তস্য ব্যতিক্রমঃ।
হন্তাহং গদয়াভ্যেত্য দুর্য্যোধনমমর্ষণম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অকস্মাদিতি। কদাচিদকস্মাৎ স্ময়মান ঈষদ্ধসন্, কদাচিৎ রহসি নির্জ্জনে রুদন্নিব, আস্সে উপবিশসি। কদাচিচ্চ জান্বোর্জানুদ্বয়স্য মধ্যে মূর্দ্ধানমাধায় সংস্থাপ্য চিরং প্রমীলিতো মুদ্রিতনয়নঃ সন্, আস্সে উপবিশসি ॥১০॥

ভ্রূকুটিমিতি। বিদশন্ দশন্তঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। মন্যুঃ ক্রোধঃ ॥১১॥

ভীমপ্রতিজ্ঞামনুবদতি যুগ্মকেন। যথেতি। যথা রশ্মিবান্ মোপধত্বাদ্বন্তঃ, সবিতা সূর্য্যঃ, পুরস্তাৎ পূর্ব্বস্যাং দিশি, শুক্রং তেজঃ, উচ্চরন্ বিকিরন্, যথা চ পশ্চাৎ পশ্চিমায়াং দিশি, নির্ম্মুক্তো নির্ম্মুক্তরশ্মিকঃ অস্তমিত ইত্যর্থঃ দৃশ্যতে, ধ্রুবং নিশ্চিতঞ্চ, পর্য্যেতি পুনরুদয়াচলমাগচ্ছতি; যথা এতৎ সত্যং ব্রবীমি, তস্যাস্য বচনস্য ব্যতিক্রমো নাস্তি। অহমভ্যেত্য গদয়া, অমর্ষণমসহিষ্ণুং দুর্য্যোধনং হন্তা ॥১২—১৩॥

ভারতভাবদীপঃ

এতদিতি ॥১—৪॥ রুষতীং রোষবতীম্ ॥৫॥ অগ্নিবৎ অগ্নিনেব ॥৬—৭॥ আরুজ্য ভঙ্‌ক্ত্বা ॥৮॥ অস্মিন্ বনে জনেন ব্রাহ্মণসমূহেন ক্ষিপসি নযসি কালমিতি শেষঃ ॥৯—১১॥

আপনি কখনও বিনা কারণে হাস্য করেন, কখনও রোদন করিতে থাকিয়া নির্জ্জনে বসিয়া থাকেন এবং কখনও দুই হাঁটুর ভিতরে মাথা রাখিয়া মুদ্রিত নয়নে দীর্ঘকাল অবস্থান করেন ॥১০॥

বহুসময়ে-দেখা যায়—আপনি বার বার ভ্রুকুটি করিতেছেন এবং বার বার ওষ্ঠদংশন করিতেছেন। এ সমস্তই কিন্তু আপনাকে ক্রোধে করাইয়া থাকে ॥১১॥

(তা'র পর আপনি প্রতিজ্ঞা করিয়া থাকেন যে,) 'তেজস্বী সূর্য্যকে যেমন তেজ প্রকাশপূর্ব্বক পূর্ব্বদিকে উদয় পাইতে এবং পশ্চিমদিকে অস্তে যাইতে দেখা যায়; পরে আবারও তিনি নিশ্চয়ই উদয় পান, তাহার ব্যতিক্রম কখনও হয় না, সেইরূপ আমিও ইহা সত্য বলিতেছি যে, আমি যাইয়া গদাদ্বারা অমর্ষী দুর্য্যোধনকে বধ করিব' ॥১২—১৩॥

ইতি স্ম মধ্যে ভ্রাতৄণাং সত্যেনালভসে গদাম্ ।
তস্য তে প্রশমে বুদ্ধির্ম্রিয়তেঽদ্য পরন্তপ ! ॥১৪॥
অহো যুদ্ধাভিকাঙ্ক্ষাণাং যুদ্ধকাল উপস্থিতে ।
চেতাংসি বিপ্রতীপানি যত্ত্বাং ভীর্ভীম ! বিন্দতি ॥১৫॥
অহো পার্থ ! নিমিত্তানি বিপরীতানি পশ্যসি ।
স্বপ্নান্তে জাগরান্তে চ তস্মাৎ প্রশমমিচ্ছসি ॥১৬॥
অহো নাশংসসে কিঞ্চিৎ পুংস্ত্বং ক্লীব ইবাত্মনি ।
কশ্মলেনাভিপন্নোঽসি তেন তে বিকৃতং মনঃ ॥১৭॥
উদ্বেপতে তে হৃদয়ং মনস্তে প্রতিসীদতি ।
ঊরুস্তম্ভগৃহীতোঽসি তস্মাৎ প্রশমমিচ্ছসি ॥১৮॥

ভারতকৌমুদী

ইতীতি । আলভসে স্পৃশসি । প্রশমে শান্তৌ, ম্রিয়তে অবতিষ্ঠতে ॥১৪॥

অহো ইতি । অহো ভীম ! যুদ্ধকালে উপস্থিতে সতি, যুদ্ধমভিকাঙ্ক্ষন্ত ইতি যুদ্ধাভি-কাঙ্ক্ষাস্তেষাং চেতাংসি, বিপ্রতীপানি বিপরীতানি যুদ্ধবিমুখানি ভবন্তি । যৎ, ভীর্ভয়ম্, ত্বাম্, বিন্দতি লভতে আশ্রয়তি ॥১৫॥

অহো ইতি । নিমিত্তানি রক্তজবামাল্যধারণাদীনি ধূমকেতুদর্শনাদীনি চ । স্বপ্নান্তে স্বপ্নমধ্যে, জাগরান্তে জাগরণসময়ে চ ॥১৬॥

অহো ইতি । পুংস্ত্বং পুরুষকারম্ । কশ্মলেন মোহেন ॥১৭॥

ভারতভাবদীপঃ

শুক্রং তেজঃ নিম্নুক্তোঽস্তং গতঃ ধ্রুবং নিশ্চলং পুনঃ পর্য্যেতি মেরুং পুনঃ পুনঃ প্রদক্ষিণীকরোতি ॥১২॥ নিয়মেন হত্বা অস্মীতি শেষঃ ॥১৩—১৫॥ নিমিত্তানি মহিষারোহণবামনেত্রস্ফুরণাদীনি

পরন্তপ ! আপনি ভ্রাতাদের মধ্যে এই কথা বলিয়া শপথ করিয়া গদা-স্পর্শ করিয়া থাকেন ; সেই আপনার বুদ্ধি আজ শান্তির দিকে গিয়াছে ॥১৪॥

কি আশ্চর্য্য ! মধ্যমপাণ্ডব ! যুদ্ধের সময় উপস্থিত হইলে, যুদ্ধাভিলাষী লোকদিগের মন যুদ্ধবিমুখ হইয়া থাকে । যে হেতু আপনারও ভয় উপস্থিত হইয়াছে ॥১৫॥

পৃথানন্দন ! সম্ভবতঃ আপনি স্বপ্নের মধ্যে কিংবা জাগরণসময়ে বিপরীত লক্ষণ সকল দেখিতেছেন ; তাহাতেই শান্তিকামনা করিতেছেন ॥১৬॥

বোধ হয়—আপনি নপুংসকের ন্যায় নিজের উপরে কোন পুরুষকারের আশা করেন না, মোহে অভিভূত হইয়াছেন ; তাহাতেই আপনার মন বিকৃত হইয়াছে ॥১৭॥

---

(১৫)...যত্ত্বাং ভীর্ভীম ! সংপ্রতি—পি ।

অনিত্যং কিল মর্ত্ত্যস্য পার্থ! চিত্তং চলাচলম্।
বাতবেগপ্রচলিতা অষ্ঠীলা শাল্মলেরিব ॥১৯॥
তবৈষা বিকৃতা বুদ্ধির্গবাং বাগিব মানুষী।
মনাংসি পাণ্ডুপুত্রাণাং মজ্জয়ত্যপ্লবানিব ॥২০॥
ইদং মে মহদাশ্চর্য্যং পর্ব্বতস্যেব সর্পণম্।
যদীদৃশং প্রভাষেথা ভীমসেনাসমং বচঃ ॥২১॥
স দৃষ্ট্বা স্বানি কর্ম্মাণি কুলে জন্ম চ ভারত!।
উত্তিষ্ঠস্ব বিষাদং মা কৃথা বীর! স্থিরো ভব ॥২২॥
ন চৈতদনুরূপং তে যত্তে গ্লানিররিন্দম!।
যদোজসা ন লভতে ক্ষত্রিয়ো ন তদশ্নুতে ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে ভীমোত্তেজককৃষ্ণবাক্যে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

উদিতি। উদ্বেপতে ভয়েন কম্পতে। প্রতিসীদতি অবসীদতি ভয়েনৈব ॥১৮॥

অনিত্যমিতি। অনিত্যং নিত্যৈকভাবরহিতম্। অতএব বাতবেগপ্রচলিতা শাল্মলের্বৃক্ষস্য, অষ্ঠীলা তুলবেষ্টিতা অষ্টিরিব, চলাচলং চঞ্চলম্ ॥১৯॥

তবেতি। অপ্লবান্ উড়ুপরহিতান্ মনুষ্যান্ সাগর ইব বিষাদে মজ্জয়তি ॥২০॥

ইদমিতি। সর্পণং সঞ্চলনম্। অসমং তবাযোগ্যম্ ॥২১॥

স ইতি। দৃষ্ট্বা পর্য্যালোচ্য। কর্ম্মাণি হিড়িম্ববধাদীনি। উত্তিষ্ঠস্ব উৎসহস্ব ॥২২॥

আপনার হৃদয় ভয়ে কাঁপিতেছে, মন অবসন্ন হইয়া পড়িয়াছে এবং উরুস্তম্ভ উপস্থিত হইয়াছে; তাহাতেই আপনি শান্তিকামনা করিতেছেন ॥১৮॥

পৃথানন্দন! মানুষের মনে একরূপ ভাব সর্ব্বদা থাকে না। সেইজন্যই বায়ুবেগচলিত (তুলবেষ্টিত) শিমুলবীজের ন্যায় সে মন চঞ্চলই হইয়া থাকে ॥১৯॥

দৈব যেমন প্লবহীন মানুষকে সমুদ্রে মগ্ন করে, সেইরূপ গরুর মানুষবাক্যের ন্যায় আপনার এই বিকৃত বুদ্ধি পাণ্ডবদের মনকে বিষাদে মগ্ন করিতেছে ॥২০॥

ভীমসেন! আপনি যে এইরূপ অযোগ্য কথা বলিতেছেন, ইহা পর্ব্বত-চলনের ন্যায় আমার নিকট গুরুতর আশ্চর্য্য বলিয়া বোধ হইতেছে ॥২১॥

অতএব বীর! ভরতনন্দন! আপনি নিজের কার্য্য এবং সৎকুলে জন্ম পর্য্যালোচনা করিয়া উৎসাহী হউন, অবসাদ ত্যাগ করুন এবং স্থির হউন ॥২২॥

---

* '...পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ'—বা ব রা,' '...চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তথোক্তো বাসুদেবেন নিত্যমন্যুরমর্ষণঃ।
সদশ্ববৎ সমাধাবদ্বভাষে তদনন্তরম্ ॥১॥

ভীমসেন উবাচ।

অন্যথা মাং চিকীর্ষন্তমন্যথা মন্যসেঽচ্যুত।।
প্রণীতভাবমত্যর্থং যুধি সত্যপরাক্রমম্ ॥২॥

ভারতকৌমুদী

নেতি। অনুরূপং যোগ্যম্। গ্লানিরবসাদঃ। অশ্নুতে ভুঙ্‌ক্তে ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তথেতি। অমর্ষণঃ অসহিষ্ণুর্ভীমঃ। সদশ্ববৎ সুশিক্ষিতাশ্ব ইব, সমাধাবৎ সবেগং কিয়দগচ্ছৎ, ক্রোধক্ষোভাদিতি ভাবঃ, তদনন্তরমুপেত্য বভাষে ॥১॥

অন্যথেতি। অত্যর্থং প্রণীতভাবং ব্যক্তীকৃতাভিপ্রায়ম্ ॥২॥

ভাবভাবদীপঃ

স্বপ্নান্তে স্বপ্নে, জাগরান্তে জাগরে ॥১৬—১৮॥ অষ্ঠীলা ফলান্তর্গ্রন্থিঃ সা চ শাল্মলেঃ কেবলং তুলময়ী ভবতি ॥১৯—২৩॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭০॥

—:*:—

অরিন্দম! আপনার যে অবসাদ উপস্থিত হইয়াছে, ইহা আপনার অনুরূপ হয় নাই। ক্ষত্রিয় আপন তেজে যাহা লাভ করে না, তাহা সে ভোগও করে না” ॥২৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ সেইরূপ বলিলে, নিত্যক্রোধী ও অসহিষ্ণু ভীমসেন সুশিক্ষিত অশ্বের ন্যায় একটু দ্রুত গমন করিয়া, তাহার পর আসিয়া বলিতে লাগিলেন ॥১॥

ভীম বলিলেন—“কৃষ্ণ! আমি অন্যরূপ করিবার ইচ্ছা করিয়াছিলাম,

---

(২)…যুধি সত্যপরাক্রম!—পি।

বেৎসি দাশার্হ! সত্যং মে দীর্ঘকালং সহোষিতঃ।
উত বা মাং ন জানাসি প্লবন্ হ্রদ ইবাপ্লবে ॥৩॥
তস্মাদনভিরূপাভির্বাগ্ভির্মাং ত্বং সমর্চ্ছসি।
কথং হি ভীমসেনং মাং জানন্ কশ্চন মাধব! ॥৪॥
ব্রূয়াদপ্রতিরূপাণি যথা মাং বক্তুমর্হসি।
তস্মাদিদং প্রবক্ষ্যামি বচনং বৃষ্ণিনন্দন! ॥৫॥
আত্মনঃ পৌরুষঞ্চৈব বলঞ্চ ন সমং পরৈঃ।
সর্ব্বথাঽনার্য্যকর্ম্মৈতৎ প্রশংসা স্বয়মাত্মনঃ।
অতিবাদাপবিদ্ধস্তু বক্ষ্যামি বলমাত্মনঃ ॥৬॥
পশ্যেমে রোদসী কৃষ্ণ! যযোরাসন্নিমাঃ প্রজাঃ।
অচলে চাপ্রতিষ্ঠে চাপ্যনন্তে সর্ব্বমাতরৌ ॥৭॥

ভাবতকৌমুদী

বেৎসীতি। অপ্লবে অগাধে হ্রদে, প্লবন্ প্লবমান উপরি সন্তরন্ ॥৩॥

তস্মাদিতি। অনভিরূপাভিরননুরূপাভিঃ। সমর্চ্ছসি আক্রামসি। অপরঃ কশ্চন কথমেবং কুর্য্যাদিতি শেষঃ ॥৪॥

ব্রূয়াদিতি। ব্রূয়াত্তবান্, অপ্রতিরূপাণি অননুরূপাণি বচনানি ॥৫॥

আত্মন ইতি। পরৈঃ সমং ন বাচ্যমিতি শেষঃ। অনার্য্যস্ত নিকৃষ্টস্ত কর্ম্ম অতিবাদেন তব তিরস্কারশরেণ অপবিদ্ধস্তাড়িতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

তুমি অন্যরূপ মনে করিয়াছ। দেখ—আমি আমাব মনেব ভাব বিশেষভাবেই ব্যক্ত কবিয়াছি এবং যুদ্ধে আমাব পবাক্রম ধ্রুবসত্য ॥২॥

যদুনন্দন। তুমি দীর্ঘকাল আমাব সঙ্গে বাস কবিযাছ; সুতবাং আমার সত্য ব্যবহার জান। অথবা অগাধ হ্রদে ভাসমান লোক যেমন তাহার জলের পবিমাণ জানে না, তেমন তুমিও আমাব স্বভাব জান না ॥৩॥

কৃষ্ণ! সেই জন্যই তুমি অসঙ্গত বাক্যদ্বাবা আমাকে আক্রমণ করিতেছ; কিন্তু অন্য কোন লোক আমাকে ভীম বলিযা জানিযা কেন এরূপ করিবে? ॥৪॥

বৃষ্ণিনন্দন! তুমি যেমন বলিতে পাব, তেমন অসঙ্গত বাক্যই বল। আর সেই জন্যই আমি এইরূপ বাক্য বলিব ॥৫॥

দেখ—অন্যেব নিকটে নিজেব পুরুষকাব ও বলেব বিষয বলা উচিত নহে। কারণ, নিজে নিজেব যে প্রশংসা কবা, তাহা সর্ব্বপ্রকাবেই নিকৃষ্ট লোকের কার্য্য। তথাপি তোমাব তিরস্কাবশরে বিদ্ধ হইযা নিজের শক্তির বিষয় বলিব ॥৬॥

যদীমে সহসা ক্রুদ্ধে সমেয়াতাং শিলে ইব।
অহমেতে নিগৃহ্লীয়াং বাহুভ্যাং সচরাচরে ॥৮॥
পশ্যৈতদন্তরং বাহ্বোর্মহাপরিঘয়োরিব।
য এতৎ প্রাপ্য মুচ্যেত ন তং পশ্যামি পুরুষম্ ॥৯॥
হিমবাংশ্চ সমুদ্রশ্চ বজ্রী বা বলভিৎ স্বয়ম্।
ময়াভিপন্নং ত্রায়েরন্ বলমাস্থায় ন ত্রয়ঃ ॥১০॥
যুদ্ধার্হান্ ক্ষত্রিয়ান্ সর্ব্বান্ পাণ্ডবেষ্বাততায়িনঃ।
অধঃ পাদতলেনৈতানধিষ্ঠাস্যামি ভূতলে ॥১১॥
ন হি ত্বং নাভিজানাসি মম বিক্রমমচ্যুত!।
যথা ময়া বিনির্জ্জিত্য রাজানো বশগাঃ কৃতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

পশ্যেতি। রোদসী স্বর্গমর্ত্ত্যৌ। প্রজা জনাঃ। সর্ব্বেষাং মাতরৌ জনন্যৌ ॥৭॥
যদীতি। সমেয়াতাং আগচ্ছেতাম্। নিগৃহ্লীয়াং জয়েয়ম্ ॥৮॥
পশ্যেতি। অন্তরং মধ্যদেশম্। পরিঘো মুদ্গরবিশেষঃ ॥৯॥
হিমবানিতি। বজ্রী বজ্রধারী, বলভিদিন্দ্রঃ। অভিপন্নমাক্রান্তম্ ॥১০॥
যুদ্ধেতি। আততায়িনঃ শস্ত্রপাণীন্। অধিষ্ঠাস্যামি মর্দ্দয়িষ্যামীত্যর্থঃ ॥১১॥
নেতি। নাভিজানাসি ইতি নহি, অভিজানাস্যেবেত্যর্থঃ ॥১২॥

কৃষ্ণ! অচল, অসীম, নাশহীন এবং সমস্ত প্রাণীর উৎপত্তিস্থান এই স্বর্গ ও মর্ত্ত্য দেখ; যে দুইটী জগতে এই সমস্ত লোক বহিয়াছে ॥৭॥

দুইটী প্রস্তরের ন্যায় এই দুইটী জগৎ যদি হঠাৎ ক্রুদ্ধ হইয়া আইসে, তথাপি আমি কেবল বাহুযুগলদ্বারাই স্থাবর ও জঙ্গমসমূহের সহিত ইহাদিগকে পরাভূত করিতে পারি ॥৮॥

মহামুদ্গরতুল্য আমার এই বাহুযুগলের অভ্যন্তরদেশ দেখ, ইহাতে পড়িয়া যে মুক্ত হইতে পারে, তেমন লোক ত দেখি না ॥৯॥

আমি কাহাকেও আক্রমণ করিলে, হিমালয়, সমুদ্র এবং বজ্রধারী স্বয়ং ইন্দ্র, ইহারা তিন জনও তাহাকে রক্ষা করিতে পারেন না ॥১০॥

আমি ভূতলে নিপাতিত করিয়া পাদতলদ্বারা পাণ্ডবশত্রু যুদ্ধযোগ্য সকল ক্ষত্রিয়কেই মর্দ্দন করিব ॥১১॥

কৃষ্ণ! আমি জয় করিয়া রাজগণকে যে বশীভূত করিয়াছি, সেই বিক্রম যে তুমি জান না, এমন নহে ॥১২॥

(৮) যদি মে সহসা ক্রুদ্ধে—পি, যদিমে সহসা ক্রুদ্ধে—বা ব রা।

অথ চেন্মাং ন জানাসি সূর্য্যস্যেবোদ্যতঃ প্রভাম্।
বিগাঢ়ে যুধি সংবাধে বেৎস্যসে মাং জনার্দ্দন ! ॥১৩॥
পরুষৈরাক্ষিপসি কিং ব্রণং সূচ্যেব চানঘ ! ।
যথামতি ব্রবীম্যেতদ্বিদ্ধি মামধিকং ততঃ ॥১৪॥
দ্রষ্টাসি যুধি সংবাধে প্রবৃত্তে বৈশসেঽহনি।
ময়া প্রণুন্নান্ মাতঙ্গান্ রথিনঃ সাদিনস্তথা ॥১৫॥
তথাপরানভিক্রুদ্ধান্ নিঘ্নন্তং ক্ষত্রিয়র্ষভান্।
দ্রষ্টা মাং ত্বঞ্চ লোকশ্চ বিকর্ষন্তং বরান্ বরান্ ॥১৬॥
ন মে সীদন্তি গাত্রাণি ন মযোদ্বেপতে মনঃ।
সর্ব্বলোকাদভিক্রুদ্ধান্ন ভয়ং বিদ্যতে মম ॥১৭॥

ভারতকৌমুদী

অথেতি। উদ্যত উদয়মানস্য। বিগাঢে অতিতীব্রে, সংবাধে সংঘর্ষে ॥১৩॥
পরুষৈরিতি। আক্ষিপসি তিরস্করোষি। অধিকম্ অধিকবলম্ ॥১৪॥
দ্রষ্টাসীতি। সংবাধে সংঘর্ষে, বৈশসে হিংসায়াঞ্চ প্রবৃত্তে সতি ॥১৫॥
তথেতি। বিকর্ষন্তমাকর্ষন্তম্, বরান্ বরান্ বীরান্ ॥১৬॥
নেতি। উদ্বেপতে ভয়েন কম্পতে ॥১৭॥

জনার্দ্দন! উদয়মান সূর্য্যের আলোকের ন্যায় আমাব সেই বিক্রম যদি তুমি না-ই জানিয়া থাক, তবে অতিতীব্র যুদ্ধসংঘর্ষেব সময়ে তাহা জানিতে পারিবে ॥১৩॥

নিষ্পাপ কৃষ্ণ! সূচীদ্বারা যেমন ব্রণ বিদ্ধ করে, সেইরূপ তুমি নিষ্ঠুব বাক্যদ্বারা আমাকে কেন তিরস্কার কবিতেছ। আমি আমাব ধাবণা অনুসারেই এই সকল কথা বলিলাম; বাস্তবিকপক্ষে তুমি আমাকে তাহা অপেক্ষাও অধিক বলিয়া জানিও ॥১৪॥

তুমি দেখিবে—যে দিন যুদ্ধ উপস্থিত হইবে, সেইদিন গুরুতর সংঘর্ষ ও হত্যা চলিতে থাকিলে, হস্তী, রথী ও অশ্বারোহীদিগকে আমি সংহার করিয়াছি ॥১৫॥

আর তুমি এবং অন্য লোকও দেখিবে—ক্রুদ্ধ অপর ক্ষত্রিয়শ্রেষ্ঠদিগকে আমি বধ করিতেছি এবং প্রধান প্রধান বীরকে আকর্ষণ করিতেছি ॥১৬॥

যুদ্ধে আমাব দেহে ক্লান্তি জন্মে না, মন কাঁপে না এবং সমস্ত লোক ক্রুদ্ধ হইলেও ভয় হয় না ॥১৭॥

---

(১৬) তথা নরানভিক্রুদ্ধম্—বা ব'রা,নি।

কিন্তু সৌহৃদমেবৈতৎ কৃপয়া মধুসূদন ।।
সর্ব্বাংস্তিতিক্ষে সংক্লেশান্ মাস্ম নো ভরতা নশন্ ॥১৮॥
শ্রীভগবানুবাচ ।
ভাবং জিজ্ঞাসমানোঽহং প্রণয়াদিদমব্রুবম্ ।
ন চাক্ষেপান্ন পাণ্ডিত্যান্ন ক্রোধান্ন বিবক্ষয়া ॥১৯॥
বেদাহং তব মাহাত্ম্যমুত তে বেদ যদ্বলম্ ।
উত তে বেদ কর্ম্মাণি ন ত্বাং পরিভবাম্যহম্ ॥২০॥
যথা চাত্মনি কল্যাণং সংভাবয়সি পাণ্ডব ।।
সহস্রগুণমপ্যেতত্ত্বয়ি সংভাবয়াম্যহম্ ॥২১॥
যাদৃশে চ কুলে জন্ম সর্ব্বরাজাভিপূজিতে ।
বন্ধুভিশ্চ সুহৃদ্ভিশ্চ ভীম ! ত্বমসি তাদৃশঃ ॥২২॥

ভারতকৌমুদী

কিন্ত্বিতি। সৌহৃদমেব ভরতবংশং প্রতি সৌহার্দ্দমেব ঈদৃগুক্তেঃ কারণমিতি শেষঃ, কৃপয়া চৈতৎ ব্রবীমি। তিতিক্ষে সহে। নঃ অস্মাকং ভরতা মাস্ম নশন্ ॥১৮॥

ভাবমিতি। ভাবং তবাভিপ্রায়ম্, জিজ্ঞাসমানো জ্ঞাতুমিচ্ছন্। আক্ষেপাৎ নিন্দাকরণোদ্দেশাৎ। বিবক্ষয়া কৌতুকার্থং বক্তুমিচ্ছয়া ॥১৯॥

বেদেতি। বেদ বেদ্মি। কর্ম্মাণি দিগ্বিজয়াদীনি। পরিভবামি নিন্দামি ॥২০॥

আত্মনোঽভিহিতৈষিত্বং সূচয়তি যথেতি। সংভাবয়সি চিন্তয়সি ॥২১॥

ভারতভাবদীপঃ

তথোক্ত ইতি। সমাধাবৎ তীব্রবেগং যথা স্যাত্তথা ॥১—৬॥ রোদসী দ্যাবাভূমী ॥৭ -১২॥ সংবাধে সঙ্কীর্ণে ॥১৩—১৪॥ বৈশসে বিশসনবতি ॥১৫—১৮॥ বিবক্ষয়া ত্বয়া স্বরূপং বক্তব্যমিতীচ্ছয়া প্রাগেব

কৃষ্ণ! ভবতবংশের প্রতি সৌহার্দ্দ ও দয়াবশতই আমি এই সকল কথা বলিয়াছি; না হইলে আমি সমস্ত ক্লেশই সহ্য করিতে পারি” ॥১৮॥

কৃষ্ণ বলিলেন—“মধ্যমপাণ্ডব! আমি আপনার মনের ভাব বুঝিবার জন্য প্রণয়বশতই ঐ সকল কথা বলিয়াছি; কিন্তু নিন্দা, পাণ্ডিত্যপ্রকাশ কিংবা ক্রোধবশতঃ বা কৌতুক করবার জন্য বলি নাই ॥১৯॥

আমি আপনার মাহাত্ম্য জানি, শক্তি যতখানি আছে তাহা জানি এবং আপনার কর্ম্ম সকলও জানি; সুতরাং আমি আপনাকে তিরস্কার করি নাই ॥২০॥

পাণ্ডুনন্দন! আপনি আমার মঙ্গল যত চিন্তা করেন, আমি তদপেক্ষা আপনার মঙ্গল সহস্রগুণ অধিক চিন্তা করি ॥২১॥

(১৮) শ্লোকাৎ পরম্ ‘...ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ’—বা ব রা, ‘...সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ’—নি।

জিজ্ঞাসন্তো হি ধর্ম্মস্য সন্দিগ্ধস্য বৃকোদর!।
পর্য্যায়ং নাধ্যবস্যন্তি দেবমানুষযোর্জনাঃ ॥২৩॥
স এব হেতুর্ভূত্বা হি পুরুষস্যার্থসিদ্ধিষু।
বিনাশেঽপি স এবাস্য সন্দিগ্ধং কর্ম্ম পৌরুষম্ ॥২৪॥
অন্যথা পরিদৃষ্টানি কবিভির্দোষদর্শিভিঃ।
অন্যথা পরিবর্ত্তন্তে বেগা ইব নভস্বতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

যাদৃশ ইতি। বন্ধুভিরস্মদাদিভিঃ, সুহৃদ্ভিঃ ধৃষ্টকেতুপ্রভৃতিভিঃ সহ ॥২২॥

ভীমস্য শান্তিপ্রার্থনাং সমর্থয়িতুমাহ—জিজ্ঞাসন্ত ইতি। হে বৃকোদর। জিজ্ঞাসন্তঃ কীদৃশং মে ধর্ম্মবলং কীদৃশী বা পুরুষকারশক্তিঃ ইত্থং জ্ঞাতুমিচ্ছন্তো জনাঃ, সন্দিগ্ধস্য দেবমানুষয়োঃ সম্বন্ধিনো ধর্ম্মস্য বলস্য, পর্য্যায়ং নিরূপণম্, নাধ্যবস্যন্তি ন বিশ্বসন্তি, কার্য্যকালে ব্যভিচার-দর্শনাৎ। অতস্তে শান্তিপ্রার্থনা উচিতৈবেতি ভাবঃ ॥২৩॥

তং ব্যভিচারং দর্শয়তি—স ইতি। স ধর্ম্ম এব, কদাচিৎ পুরুষস্য অর্থসিদ্ধিষু হেতুর্ভূত্বা, পুনঃ কদাচিৎ অস্য পুরুষস্য বিনাশেঽপি স এব হেতুরেব ভবতি। তীর্থসেবিনঃ সজ্জনাদর্থাদানং দস্যুতশ্চ মরণং দৃশ্যত ইতি ভাবঃ। তথা পৌরুষং কর্ম্মাপি সন্দিগ্ধম্, দুর্ব্বলস্যাপি জয়দর্শনাৎ প্রবলস্য চ পরাজয়েক্ষণাদিত্যাশয়ঃ ॥২৪॥

অন্যথেতি। পরিদৃষ্টানি আলোচিতানি কার্য্যাণি। নভস্বতো বায়োঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তস্য ॥১৯॥ জ্ঞাতত্বাৎ বেদ বেদ্মি ॥২০—২২॥ কুতস্তর্হি মাং নিন্দিতবানসীত্যাশঙ্ক্যাহ—জিজ্ঞাসন্ত ইতি। দেবমানুষয়োর্ধর্ম্মস্য পর্য্যায়মিতি সম্বন্ধঃ। দেবধর্ম্মস্য ভাবিনঃ পুণ্যপাপফলস্য পর্য্যায়ং পর্য্যন্তং দৈবজ্ঞাদেঃ সকাশাজ্জিজ্ঞাসন্তো জ্ঞাতুমিচ্ছন্তোঽপি নাধ্যবস্যন্তি ন নিশ্চিন্বন্তি কদাচি-দ্দৈবজ্ঞাদ্যন্তাবপি বিসংবাদদর্শনাৎ। তথা মানুষধর্ম্মস্য পুরুষকারস্য পর্য্যায়ং বলাবলনির্ণয়ম্ ইতি পূর্ব্ববৎ। শূরস্যাপি কদাচিৎ ক্লীবত্বদৃষ্টেরিতি ভাবঃ ॥২৩॥ স এব ধর্ম্ম এব, সন্দিগ্ধং সন্দিগ্ধফলম্ ॥২৪॥ পরিদৃষ্টানি কর্ত্তব্যত্বেন নিশ্চিতানি কার্য্যাণি ॥২৫॥ সুনীতং সম্যগনুষ্ঠিতং বিরুধ্যতে নিষ্ফলং

মধ্যমপাণ্ডব। আপনি সর্ব্বক্ষত্রিয়পূজিত যাদৃশ বংশে জন্ম গ্রহণ করিয়াছেন, তাদৃশই বন্ধু ও সুহৃদ্গণে পরিবেষ্টিত হইয়াছেন ॥২২॥

বৃকোদর। মানুষ দৈব ও পুরুষকারের বল জানিবার ইচ্ছা করিয়া সন্দিগ্ধ সেই দৈব ও পুরুষকারের নিরূপণে বিশ্বাস করিতে পারে না ॥২৩॥

কারণ, দৈব কখনও মানুষের কার্য্যসিদ্ধির হেতু হইয়া আবার কখনও তাহার বিনাশেরও হেতু হইয়া থাকে; পুরুষকার ত সন্দিগ্ধই ॥২৪॥

দোষদর্শী জ্ঞানীরা অন্যরূপ পর্য্যালোচনা করিয়াছিলেন; কিন্তু বায়ুর বেগের ন্যায় কার্য্য সকল অন্যরূপ হইয়া যায় ॥২৫॥

সুমন্ত্রিতং সুনীতঞ্চ ন্যায়তশ্চোপপাদিতম্ ।
কৃতং মানুষ্যকং কর্ম্ম দৈবেনাপি বিরুধ্যতে ॥২৬॥
দৈবমপ্যকৃতং কর্ম্ম পৌরুষেণ বিহন্যতে ।
শীতমুষ্ণং তথা বর্ষং ক্ষুৎপিপাসে চ ভারত ! ॥২৭॥
যদন্যদ্দিষ্টভাবস্য পুরুষস্য স্বয়ং কৃতম্ ।
তস্মাদনুপরোধশ্চ বিদ্যতে তত্র লক্ষণম্ ॥২৮॥

ভারতকৌমুদী

স্বিতি। সুনীতং সম্যগারব্ধম্। বিরুধ্যতে ব্যাহন্যতে ॥২৬॥

দৈবমিতি। অকৃতম্ অসমাপিতং দৈবং কর্ম্মাপি পৌরুষেণ বিহন্যতে। উক্তার্থে দৃষ্টান্তমাহ—শীতমিতি। দৈবং শীতং পৌরুষেণ বস্ত্রাবরণেন, উষ্ণং ব্যজনেন, বর্ষং ছত্রেণ, ক্ষুৎ ভোজনেন, পিপাসা চ জলপানেন যথা বিহন্যতে, তদ্বৎ ॥২৭॥

ফলসিদ্ধৌ দৈবপুরুষকারোভয়াবশ্যকতামাহ দ্বাভ্যাম্। যদিতি। দিষ্টস্য দৈবস্য ভাবঃ সত্তা যস্মিন্ তস্য দৈববত ইত্যর্থঃ "দৈবং দিষ্টং ভাগধেয়ম্" ইত্যমরঃ, পুরুষস্য, স্বয়ং কৃতম্ অন্যদ্ যৎ পৌরুষম্, তস্মাৎ পৌরুষাৎ, অনুপরোধঃ ফলস্য অবাধা বিদ্যতে দৈবপুরুষকারোভয়যোগাদেব ফলং ভবতীত্যর্থঃ। তত্র লক্ষণং নিদর্শনমস্তি। কর্ষণবীজবপনাদিরূপাৎ পুরুষকারাৎ বৃষ্টিরূপাদ্দৈবাচ্চ শস্যোৎপত্তিরিতি ভাবঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

ক্রিয়তে ॥২৬॥ অকৃতং ভোগায়ানারব্ধং কর্ম্ম পুণ্যাদিকমাগামি দুঃখং দৈবজ্ঞাদিভিরুপদিষ্টতয়া নিশ্চিতসম্ভাবং পৌরুষেণ বিহন্যতে। তেন কাম্যকর্ম্মণামপি ফলবত্ত্বমস্ত্যেবেতি সিদ্ধম্। যদ্বা অকৃতং কালস্বভাবজং কর্ম্ম অনুভূয়মানং শীতোষ্ণাদি তৎ পৌরুষেণ প্রাবরণাদিসম্পাদনেন নিবার্য্যত ইত্যর্থঃ ॥২৭॥ যদন্যদিতি। দিষ্টঃ ফলভোগায় আজ্ঞপ্তঃ ভাবঃ সত্তা যস্য তৎ দিষ্টভাবং প্রারব্ধকর্ম্ম পঞ্চম্যর্থে ষষ্ঠী প্রারব্ধাদন্যদিত্যর্থঃ। পুরুষস্য পুরুষেণ সঞ্চিতং যৎস্বয়ং কৃতং কর্ম্ম তস্মাদনুপরোধো জন্মান্তরে নিরোধো নাস্তি। তত্র জ্ঞানেন প্রায়শ্চিত্তেন বা সঞ্চিতপাপানাং নাশো লক্ষণং জ্ঞাপকং শ্রুতিস্মৃতিজাতং বিদ্যতে। "ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে।" ধর্ম্মেণ পাপমপনুদতি। "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা" ইতি। যদ্বা অকৃতাৎ দৈবাৎ শীতাদেরন্যৎ স্বয়ং কৃতং দৈবং দেহান্তঃকরণসন্তাপহেতুঃ তস্মাদপি উপরোধোঽত্র বৈ নাস্তি যতস্তত্রাপি লক্ষণং চিকিৎসাবিবেকহেতুঃ শাস্ত্রং প্রবর্ত্ততে। সর্ব্বেষপি পৌরুষং কর্ত্তব্যমিতি ভাবঃ ॥২৮॥ এতদেবাহ—লোকস্যেতি। কর্ম্মণোঽন্যত্র পৌরুষং বিনা অন্তত একস্মা-

---

যথানিয়মে আলোচিত, সুষ্ঠুভাবে আরব্ধ এবং যথাযথভাবে সম্পাদিত হইলেও মানুষের কার্য্য দৈবকর্ত্তৃক ব্যাহত হয় ॥২৬॥

ভরতনন্দন! আবার দৈবকৃত কার্য্যও সমাপ্ত হওয়ার পূর্ব্বে পুরুষকারদ্বারা ব্যাহত করা যায়। যেমন শীত—বস্ত্রদ্বারা, গ্রীষ্ম—ব্যজনদ্বারা, বৃষ্টি—ছত্রদ্বারা, ক্ষুধা—ভোজনদ্বারা এবং পিপাসা—পানদ্বারা নিবারণ করা যায়॥২৭॥

লোকস্য নান্যতো বৃত্তিঃ পাণ্ডবান্যত্র কর্ম্মণঃ।
এবংবুদ্ধিঃ প্রবর্ত্তেত ফলং স্যাদুভয়ান্বয়ে ॥২৯॥
য এবং কৃতবুদ্ধিঃ সন্ কর্ম্মস্বেব প্রবর্ত্ততে।
নাসিদ্ধৌ ব্যথতে তস্য ন সিদ্ধৌ হর্ষমশ্নুতে ॥৩০॥
তত্রেয়মনুমাত্রা মে ভীমসেন। বিবক্ষিতা।
নৈকান্তসিদ্ধির্ব্বক্তব্যা শত্রুভিঃ সহ সংযুগে ॥৩১॥

ভারতকৌমুদী

লোকস্যেতি। হে পাণ্ডব! কর্ম্মণঃ পুরুষকারাদন্যত্র পুরুষকারং বিনা, অন্যতঃ অন্যস্মাৎ কেবলাদ্দৈবাৎ, লোকস্য বৃত্তির্জীবিকা নাস্তি। এবমিত্থং বুদ্ধির্যস্য স তাদৃশঃ সন্নেব কর্ম্মণি প্রবর্ত্তেত। কিন্তু উভয়স্য দৈবস্য পুরুষকারস্য চ অন্বয়ে পরস্পরসম্বন্ধে সতি, ফলং স্যাৎ। অত্রাপি প্রাগুক্তমেব নিদর্শনম্ ॥২৯॥

য ইতি। যো জনঃ, এবং কৃতবুদ্ধিঃ দৈবপুরুষকারোভয়যোগাদেব ফলসিদ্ধিরিত্থং কৃতবুদ্ধিঃ সন্, কর্ম্মসু পুরুষকারেষেব প্রবর্ত্ততে, তস্য জনস্য চিত্তম্, ফলস্যাসিদ্ধৌ ন ব্যথতে, দৈবাভাবনিশ্চয়াৎ, ফলস্য সিদ্ধৌ চ হর্ষং নাশ্নুতে দৈবসত্তানুমানাদিত্যাশয়ঃ ॥৩০॥

ইদানীং স্বসিদ্ধান্তমাহ—তত্রেতি। হে ভীমসেন! মে ময়া, তত্র ফলসিদ্ধৌ, ইয়মনুমাত্রা সম্ভাবনা বিবক্ষিতা। এবঞ্চ শত্রুভিঃ সহ সংযুগে যুদ্ধে, একান্তসিদ্ধিঃ সর্ব্বথা জয়লাভো ন বক্তব্যা, দৈবাভাবস্যাপি সম্ভবাদিতি ভাবঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

দৈবাদেব বৃত্তির্জীবিকা নাস্তি। এবংবুদ্ধিঃ ঈদৃক্‌জ্ঞানবান্ সন্ প্রবর্ত্তেত পুরুষকারং কুর্য্যাৎ। তথা সতি উভয়ান্বয়ে দৈবপৌরুষয়োঃ সম্বন্ধে ফলং ভবতি নান্যতরত ইত্যর্থঃ ॥২৯॥ য ইতি। যথা কর্ষকঃ কর্ম্ম কৃত্বা দৈবানুকূল্যাৎ ফলং লব্ধাপি ন হৃষ্যতি অনাকস্মিকত্বাৎ ফলস্য। দৈবপ্রাতিকূল্যাদলব্ধাপি ন ব্যথতে অনুচিতস্যাকরণাৎ। তদ্বদত্রাপি জ্ঞেয়মিত্যাশয়ঃ ॥৩০॥ তৎ প্রকৃতে যোজয়তি—তত্রেতি। অনুমাত্রাবধারণং নিশ্চয় ইত্যর্থঃ। "মাত্রং কার্ৎস্ন্যেঽবধারণে" ইতি কোষঃ। লিঙ্গব্যত্যয় আর্ষঃ ॥৩১॥ প্রহীণরশ্মিঃ নিষ্প্রভঃ, ভাবঃ প্রারব্ধং

দৈবযুক্ত লোকের আত্মকৃত যে অন্য কর্ম্ম তাহা হইতেই ফল হয়, ইহার যথেষ্ট নিদর্শন আছে ॥২৮॥

পাণ্ডুনন্দন! পুরুষকার ব্যতীত কেবল দৈব হইতে মানুষের জীবিকানির্ব্বাহ হয় না, এইরূপ বুদ্ধি করিয়া মানুষ কর্ম্মে প্রবৃত্ত হইবে। তাহার পর দৈব ও পুরুষকার দুই মিলিলে ফল হইবে ॥২৯॥

যে লোক এইরূপ বুদ্ধি করিয়া কর্ম্মেই প্রবৃত্ত হয়, তাহার মন ফলসিদ্ধি না হইলেও দুঃখিত হয় না, কিংবা ফলসিদ্ধি হইলেও আহ্লাদিত হয় না ॥৩০॥

মধ্যমপাণ্ডব! আমি সে বিষয়ে এই সম্ভাবনাই বলিবার ইচ্ছা করিয়া-

নাতিপ্রহীণরশ্মিঃ স্যাত্তথা ভাববিপর্য্যয়ে।
বিষাদমর্চ্ছের্দ্গ্লানিং বাহপ্যেতমর্থং ব্রবীমি তে ॥৩২॥
শ্বো ভূতে ধৃতরাষ্ট্রস্য সমীপং প্রাপ্য পাণ্ডব!।
যতিষ্যে প্রশমং কর্ত্তুং যুষ্মদর্থমহাপয়ন্ ॥৩৩॥
শমং তে চেৎ করিষ্যন্তি ততোঽনন্তং যশো মম।
ভবতাঞ্চ কৃতঃ কামস্তেষাঞ্চ শ্রেয় উত্তমম্ ॥৩৪॥
তে চেদভিনিবেক্ষ্যন্তে নাভ্যুপৈষ্যন্তি মে বচঃ।
কুরবো যুদ্ধমেবাত্র ঘোরং কর্ম্ম ভবিষ্যতি ॥৩৫॥
অস্মিন্ যুদ্ধে ভীমসেন! ত্বয়ি ভারঃ সমাহিতঃ।
ধূরর্জ্জুনেন ধার্য্যা স্যাদ্বোঢ়ব্য ইতরো জনঃ ॥৩৬॥
অহং হি যন্তা বীভৎসোর্ভবিতা সংযুগে সতি।
ধনঞ্জয়স্যৈষ কামো ন হি যুদ্ধং ন কাময়ে ॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। ভাবস্য মনোবৃত্তের্বিপর্য্যয়ে সতি, অতিপ্রহীণরশ্মিঃ সর্ব্বথা ত্যক্ততেজা ন স্যাৎ, বিষাদং গ্লানিং বা ন অর্চ্ছেদ্গচ্ছেৎ। ইদানীমেতমর্থং বিষয়ং তে ব্রবীমি ॥৩২॥

শ্ব ইতি। শ্বঃ পরদিনে, "শ্বঃ পরশ্বঃ পরেঽহনি" ইত্যমরঃ ॥৩৩॥

শমমিতি। শমং শান্তিম্। তেষাং কৌরবাণাম্, শ্রেয়ো মঙ্গলম্ ॥৩৪॥

ত ইতি। অভিনিবেক্ষ্যন্তে যুদ্ধাগ্রহমেব করিষ্যন্তি, অভ্যুপৈষ্যন্তি স্বীকরিষ্যন্তি ॥৩৫॥

অস্মিন্নিতি। ধূর্ভারঃ। বোঢ়ব্যঃ যুবাভ্যাং ভীমার্জ্জুনাভ্যাম্ ॥৩৬॥

ছিলাম; সুতরাং শত্রুদের সহিত যুদ্ধে জয়ই যে হইবে—একথা বলা যায় না ॥৩১॥

মনের ভাব পরিবর্ত্তিত হইলেও একেবারে তেজ ত্যাগ করিবে না, কিংবা বিষাদ বা গ্লানিযুক্ত হইবে না, ইহাই আপনার নিকট বলিতেছি ॥৩২॥

পাণ্ডুনন্দন! আমি আগামী কল্য ধৃতরাষ্ট্রের নিকটে যাইয়া আপনাদের স্বার্থের হানি না করিয়া শান্তি স্থাপন করিবার চেষ্টা করিব ॥৩৩॥

তাহাতে কৌরবেরা যদি শান্তি স্থাপন করেন, তবে আমারও অসীম যশ হইবে, আপনাদেরও অভীষ্টসাধন করা হইবে এবং কৌরবদেরও অসাধারণ মঙ্গল সম্পাদিত হইবে ॥৩৪॥

আর কৌরবেরা যদি আমার বাক্য স্বীকার না করেন এবং যুদ্ধের জন্যই আগ্রহ প্রকাশ করেন, তাহা হইলে ভয়ঙ্কর যুদ্ধই হইবে ॥৩৫॥

মধ্যমপাণ্ডব! সেই যুদ্ধে আপনার উপরে ভার স্থাপিত হইল এবং

তস্মাদাশঙ্কমানোঽহং বৃকোদর! মতিং তব।
গদতঃ ক্লীবয়া বাচা তেজস্তে সমদীদিপম্ ॥৩৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে কৃষ্ণবাক্যে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।
উক্তং যুধিষ্ঠিরেণৈব যাবদ্বাচ্যং জনার্দ্দন!।
তব বাক্যন্তু মে শ্রুত্বা প্রতিভাতি পরন্তপ! ॥১॥

ভারতকৌমুদী

অহমিতি। যন্তা সারথিঃ। তর্হি ত্বং যুদ্ধমেব ন চিকীর্ষসি, কিমিত্যাহ—নহীতি ॥৩৭॥
তস্মাদিতি। তস্মাদ্‌যুদ্ধস্যাপি সম্ভাব্যমানত্বাৎ। ক্লীবয়া ক্লীবযোগ্যয়া ॥৩৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

কর্ম্ম অর্চ্ছেৎ প্রাপ্নুয়াৎ ॥৩২—৩৪॥ তে কুরব ইতি সম্বন্ধঃ ॥৩৫॥ অস্মিন্নিতি। রথোপমো ভীমঃ, অশ্বোপমোঽর্জ্জুনঃ ॥৩৬॥ অহমিতি যুদ্ধকামোঽপ্যহম্ অর্জ্জুনপ্রীত্যৈ সারথ্যং করিষ্যামীত্যর্থঃ ॥৩৭—৩৮॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১॥

—:*:—

অর্জ্জুনও ভার বহন করিবেন; অর্থাৎ আপনারা দুই জনই অপর সকলের ভার বহন করিবেন ॥৩৬॥

আমি যুদ্ধ করিবার ইচ্ছা করি না, এমন নহে; তবে অর্জ্জুনের ইচ্ছা এই যে, যুদ্ধ হইলে আমি অর্জ্জুনের সারথি হই ॥৩৭॥

অতএব বৃকোদর! আপনি ক্লীবোচিত বাক্যে শান্তির কথা বলিতেছিলেন বলিয়া আমি আপনার মনোবৃত্তির উপরে আশঙ্কা করিয়াই আপনার তেজ উদ্দীপিত করিয়াছি" ॥৩৮॥

—:*:—

---

* '...সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ'—বা ব রা, '...ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

নৈব প্রশমমত্র ত্বং মন্যসে সুকরং প্রভো ! ।
লোভাদ্বা ধৃতরাষ্ট্রস্য দৈন্যাদ্বা সমুপস্থিতাৎ ॥২॥
অফলং মন্যসে বাপি পুরুষস্য পরাক্রমম্ ।
ন চান্তরেণ কর্ম্মাণি পৌরুষেণ ফলোদয়ঃ ॥৩॥
তদিদং ভাষিতং বাক্যং তথা ন চ তথৈব তৎ ।
ন চৈতদেবং দ্রষ্টব্যমসাধ্যমপি কিঞ্চন ॥৪॥
কিঞ্চৈতন্মন্যসে কৃচ্ছ্রমস্মাকমবসাদকম্ ।
কুর্ব্বন্তি তেষাং কর্ম্মাণি যেষাং নাস্তি ফলোদয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

উক্তমিতি। বাচ্যং ময়া বক্তব্যম্। প্রতিভাতি বোধবিষয়ীভবতি ॥১॥
কিং প্রতিভাতীত্যাহ—নেতি। দৈন্যাৎ অস্মাকং নিঃস্বত্বাৎ ॥২॥
অফলমিতি। অন্তরেণ বিনা, কর্ম্মাণি প্রাক্তনানি দৈবানীত্যর্থঃ ॥৩॥
তদিতি। তৎ তথা ন চ তথৈব বা সন্দেহ ইত্যর্থঃ। দ্রষ্টব্যং বোদ্ধব্যম্ ॥৪॥

ভাবতভাবদীপঃ

উক্তমিতি ॥১॥ দৈন্যাদ্বা অস্মদীয়াৎ ॥২॥ পরাক্রমং সর্ব্বেষাং রক্ষণে যত্নম্, কর্ম্মাণি জীবনবীজানি প্রাক্তনানি তদভাবাৎ দলদ্বয়হিতার্থং কৃতোঽপি যত্নো নিষ্ফল ইতি মত্বা শমমেবেচ্ছসীত্যর্থঃ ॥৩॥ মন্ত্রকারণমাহ—তদিদমিতি। ন হি যুদ্ধং ন কাময়ে ইতি যত্ত্বয়া ভাষিতং তথা চ ন তথাপি চ ন চ শমোঽপ্যর্থে। যদ্যপি মমৈতদনিষ্টং তথাপি ত্বয়া যদ্ভাষিতং তত্তথৈব ভবিষ্যতীত্যর্থঃ। পরন্তু শমোঽপি তব নাসাধ্যোঽস্তীত্যাহ—ন চেতি ॥৪॥ এতৎ কৃচ্ছ্রং যুদ্ধং সঙ্কটং মন্যসেঽঙ্গীকরোষি অস্মাকং কুরুপাণ্ডবানাং শমাসম্ভবাদ্‌যুদ্ধমিচ্ছসীত্যাহ—

অর্জ্জুন বলিলেন—"পরন্তপ জনার্দ্দন! আমার যাহা কিছু বক্তব্য ছিল, তাহা ধর্ম্মরাজই বলিয়াছেন। তবে তোমার বাক্য শুনিয়া আমার ধারণা হইতেছে (যে,) ॥১॥

ধৃতরাষ্ট্রের লোভবশতঃ অথবা আমাদের উপস্থিত দৈন্যবশতঃ এই বিবাদে শান্তিস্থাপন করাটা তুমি অনায়াসসাধ্য বলিয়া মনে কর না ॥২॥

কিংবা তুমি মানুষের পরাক্রমকে নিষ্ফল বলিয়াই মনে কর। কারণ, দৈব ব্যতীত কেবল পুরুষকারে কোন ফল হয় না ॥৩॥

তোমার উক্ত এই বাক্য কি সেরূপ নহে? বা সেইরূপই বটে, এ সন্দেহ আছে; সুতরাং কোন কার্য্য যে অসাধ্য হয়, এরূপ ধারণা করা উচিত নহে ॥৪॥

---

(৩) ·পৌরুষেণ বলোদয়ঃ—বা ব রা নি। (৪) ··তথাচন তথৈব তৎ—বা ব রা নি।
(৫) কিং বৈতৎ—পি।

সম্পাদ্যমানং সম্যক্ চ স্যাৎ কর্ম্ম সফলং প্রভো!।
স তথা কৃষ্ণ! বর্ত্তস্ব যথা শর্ম্ম ভবেৎ পরৈঃ ॥৬॥
পাণ্ডবানাং কুরূণাঞ্চ ভবান্ নঃ প্রথমঃ সুহৃৎ।
সুরাণামসুরাণাঞ্চ যথা বীর! প্রজাপতিঃ ॥৭॥
কুরূণাং পাণ্ডবানাঞ্চ প্রতিপৎস্ব নিরাময়ম্।
অস্মদ্ধিতমনুষ্ঠানং মন্যে তব ন দুষ্করম্ ॥৮॥

ভারতকৌমুদী

কিঞ্চেতি। কৃচ্ছ্রং বনবাসাদিকষ্টম্। তেষাং দুর্য্যোধনাদীনাং দ্যূতাদীনি কর্ম্মাণি, অস্মাকমেতৎ কৃচ্ছ্রং কুর্ব্বন্তি, যেষাং কর্ম্মণাং তেষু ফলোদয়ো নাস্তি; রাজ্যলাভস্য তু তাবন্মাত্রপণনেনৈব সিদ্ধত্বাদিত্যাশয়ঃ ॥৫॥

স্বমতমাহ—সম্পাদ্যেতি। প্রভো ইতি সম্বোধনেন সর্ব্বশক্তিমত্তয়া সন্ধিরপি তে সুকর ইতি সূচিতম্। পরৈঃ সহাস্মাকং শর্ম্ম সন্ধিনিবন্ধনং সুখং ভবেৎ ॥৬॥

পাণ্ডবানামিতি। প্রথমঃ প্রধানঃ। প্রজাপতির্ব্রহ্মা ॥৭॥

কুরূণামিতি। নিরাময়ং মানসজ্বরাপনয়নম্, প্রতিপৎস্ব সম্পাদয় ॥৮॥

ভারতভাবদীপঃ

কুর্ব্বন্তীতি। যেষাং পুংসাং ফলোদযো নাস্তি তেষাং কর্ম্মাণি ক্রিয়মাণান্যপি সামাদীনি কুর্ব্বন্তে কৃণ্বন্তি হিংসন্তি কৃহিংসাযামিত্যস্য স্বাদিগণস্থস্য রূপং তনাদিত্বমস্যার্ষং লেখকপ্রমাদজং বা। "চতুর্থোপায়সাধ্যে তু রিপৌ সান্ত্বমপক্রিয়ে"ত্যভিযুক্তোক্তের্জীবনাদৃষ্টভাবাদণ্ডেকসাধ্যেষু কুরুষু সান্ত্বপ্রয়োগো দুষ্কর ইত্যর্থঃ ॥৫॥ এবং জানন্নপি সাম্নৈব চেন্মন্যসে তত্রাহ—সম্পাদ্যেতি। যৎকর্ম্ম সম্যক্ সম্পাদ্যমানং ভবেৎ তৎ সফলং স্যাদিতি সম্বন্ধঃ। 'প্রভো ইত্যনেন অসাধ্যসাধনসামর্থ্যমস্য দর্শয়তি। ফলিতমাহ—স ইতি ॥৬—৭॥ নিরাময়ং কুশলম্ ॥৮॥ কার্য্যতাম্

তা'র পর, আমাদের এই কষ্টই আমাদের অবসাদ জন্মাইয়াছে, তুমি এইরূপ ধারণা করিতেছ। দেখ—দুর্য্যোধনপ্রভৃতির কার্য্যই আমাদের এই কষ্টের কারণ; অথচ যে কার্য্যে তাহাদের বিশেষ ফল হয় নাই ॥৫॥

কিন্তু প্রভু কৃষ্ণ! কর্ম্ম যথাযথভাবে সম্পাদন করিলে, তাহার ফল অবশ্যই হইয়া থাকে; অতএব তুমি সেইভাবে প্রবৃত্ত হও, যাহাতে বিপক্ষদের ও আমাদের মঙ্গল হয় ॥৬॥

বীর! ব্রহ্মা যেমন সুর ও অসুর উভয় পক্ষেরই প্রধান সুহৃৎ, তেমন তুমিও আমাদের পাণ্ডব ও কৌরবগণের প্রধান সুহৃৎ ॥৭॥

কৃষ্ণ! তুমি কৌরব ও পাণ্ডবগণের মনের দুঃখ দূর কর। আমি মনে করি—আমাদের হিতানুষ্ঠান করা তোমার পক্ষে দুষ্কর হইবে না ॥৮॥

এবঞ্চ কার্য্যতামেতি কার্য্যং তব জনার্দ্দন ।
গমনাদেবমেব ত্বং করিষ্যসি জনার্দ্দন ॥৯॥
চিকীর্ষিতমথান্যত্তে তস্মিন্ বীর ! দুরাত্মনি ।
ভবিষ্যতি চ তৎ সর্ব্বং যথা তব চিকীর্ষিতম্ ॥১০॥
শর্ম্ম তৈঃ সহ বা নোঽস্তু তব বা যচ্চিকীর্ষিতম্ ।
বিচার্য্যমাণো যঃ কামস্তব কৃষ্ণ । স নো গুরুঃ ॥১১॥
ন স নার্হতি দুষ্টাত্মা বধং সসুতবান্ধবঃ ।
যেন ধর্ম্মসুতে দৃষ্টা ন সা শ্রীরুপমর্ষিতা ॥১২॥
যচ্চাপ্যপশ্যতোপায়ং ধর্ম্মিষ্ঠং মধুসূদন ! ।
উপায়েন নৃশংসেন হৃতা দুর্দ্যূতদেবিনা ॥১৩॥

ভারতকৌমুদী

এবমিতি । কার্য্যতাম্ অবশ্যকর্ত্তব্যতাম্, কার্য্যং কর্ম্ম ॥৯॥
চিকীর্ষিতমিতি । চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং দমনম্ ॥১০॥
শর্ম্মেতি । শর্ম্ম শান্তিসুখম্ । বিচার্য্যমাণঃ সম্ভাব্যমানঃ । গুরুরাদরণীয়ঃ ॥১১॥
নেতি । স দুর্য্যোধনঃ । শ্রীঃ সম্পৎ, উপমর্ষিতা সোঢ়া ॥১২॥
যদিতি । অপশ্যত ভবানপশ্যৎ, ধর্ম্মিষ্ঠমুপায়ং যুদ্ধম্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

ঔচিত্যং কার্য্যং কর্ম্ম ॥৯—১০॥ শর্ম্মেতি । কৃষ্ণাৎ স্বস্য ব্যবহারতো ভেদান্মতভেদমুক্ত্বা তত্ত্বমাহ—বিচার্য্যমাণ ইতি । গুরুঃ উপদেষ্টা । "প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুতশ্রোত্রস্য শ্রোত্রম্ । মনসো যে মনো বিদুস্তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্য"মিতি শ্রুতেরস্মন্মনসোঽপি মতত্বমতস্তব যঃ কামঃ স এবাস্মৎকামস্য প্রবর্ত্তক ইতি ভাবঃ ॥১১॥ বস্তুতস্তু তবৈব কামো যুক্ত

জনার্দ্দন ! এইরূপ কার্য্যই তোমার অবশ্যকর্ত্তব্য এবং কৃষ্ণ ! তুমি সেস্থানে গমন করিয়াই এইরূপ কার্য্য করিতে পারিবে ॥৯॥

বীর ! তোমার যেরূপ কার্য্য অভিপ্রেত ছিল, সেই দুরাত্মা দুর্য্যোধনের বিষয়ে সে সমস্ত অভিপ্রেত কার্য্যই সম্পন্ন হইবে ॥১০॥

কৌরবদের সহিত আমাদের শান্তিসুখ হউক, অথবা তোমার অভিপ্রেত কার্য্য হউক । কৃষ্ণ ! তোমার যাহা অভিপ্রেত বলিয়া ধারণা করি, তাহাই আমাদের আদরণীয় ॥১১॥

দুরাত্মা দুর্য্যোধন -পুত্র ও বন্ধুবর্গের সহিত বধের যোগ্য নহে এমন হইতেই পারে না । কারণ, যে দুরাত্মা ধর্ম্মরাজের সেই সম্পদ্ দেখিয়া সহ্য করিতে পারে নাই ॥১২॥

মধুসূদন ! তুমি যে ধর্ম্মসঙ্গত উপায় পর্য্যালোচনা করিয়াছ, তাহা হইতে

কথং হি পুরুষো জাতঃ ক্ষত্রিয়েষু ধনুর্দ্ধরঃ।
সমাহূতো নিবর্ত্তেত প্রাণত্যাগেঽপ্যুপস্থিতে ॥১৪॥
অধর্ম্মেণ জিতান্ দৃষ্ট্বা বনে প্রব্রজিতাংস্তথা।
বধ্যতাং মম বার্ষ্ণেয়! নির্গতোঽসৌ সুযোধনঃ ॥১৫॥
ন চৈতদদ্ভুতং কৃষ্ণ! মিত্রার্থে যচ্চিকীর্ষসি।
ক্রিয়া কথঞ্চ মুখ্যা স্যান্মৃদুনা চেতরেণ বা ॥১৬॥
অথবা মন্যসে জ্যায়ান্ বধস্তেষামনন্তরম্।
তদেব ক্রিয়তামাশু ন বিচার্য্যমতস্ত্বয়া ॥১৭॥
জানাসি হি যথৈতেন দ্রৌপদী পাপবুদ্ধিনা।
পরিক্লিষ্টা সভামধ্যে তচ্চ তস্যোপমর্ষিতম্ ॥১৮॥

ভারতকৌমুদী

কথমিতি। সমাহূতো যুদ্ধায়। কথং নিবর্ত্তেতেতি সম্বন্ধঃ ॥১৪॥
অধর্ম্মেণেতি। অধর্ম্মেণ দ্যূতচ্ছদ্মনা, জিতান্ পাণ্ডবান্। নির্গতো নিশ্চয়েন প্রাপ্তঃ ॥১৫॥
নেতি। ক্রিয়া তব শান্তিচেষ্টা, মুখ্যা সফলা, মৃদুনা সাম্না, ইতরেণ যুদ্ধেন ॥১৬॥
অথবেতি। জ্যায়ান্ শ্রেয়ানিতি মন্যসে। অনন্তরমিতঃ পরম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

ইত্যাহ—ন স ইত্যাদিনা ॥১২॥ ধর্ম্মিষ্ঠং যুদ্ধাদিকম্। হৃতা শ্রীঃ ॥১৩॥ সমাহূতো দ্যূতার্থম্ ॥১৪॥ নির্গতঃ নিশ্চয়েন প্রাপ্তঃ কথঞ্চ কথমপি মুখ্যা ফলবতী মৃদুনা সাম্না ইতরেণ

পারে না। কারণ, সেই দুরাত্মা দুষ্ট পাশক্রীড়া করিয়া নৃশংস উপায়ে আমাদেব রাজ্য হরণ করিয়া নিয়াছে ॥১৩॥

যে লোক ক্ষত্রিয়কুলে জন্ম গ্রহণ কবিয়া ধনুর্দ্ধব হইযাছে, তাহাকে যুদ্ধের জন্য আহ্বান কবিলে, প্রাণত্যাগেব সম্ভাবনা থাকিলেও সে লোক কি করিয়া নিবৃত্তি পাইবে? ॥১৪॥

যদুনন্দন! পাণ্ডবগণকে অধর্ম্ম অনুসারে বিজিত এবং বনে প্রব্রজিত দেখার পর হইতে ঐ দুর্য্যোধন নিশ্চয়ই আমার বধ্য হইযাছে ॥১৫॥

কৃষ্ণ! তুমি মিত্রের জন্য যাহা কবিবার ইচ্ছা করিয়াছ, তাহা বিচিত্র নহে; তবে তোমাব এই চেষ্টা কোমলভাব বা উগ্রভাব—ইহার কোন্ ভাবে যে সফল হইবে, (তাহা বলা যায় না) ॥১৬॥

অথবা তুমি যদি ইহার পব তাহাদিগকে বধ কবাই ভাল মনে কর, তবে তাহাই সত্বর কব; এবিষয়ে আব বিবেচনা করিও না ॥১৭॥

---

(১৮) জানাসি হি তথা তেন—পি।

স নাম সম্যগ বর্ত্তেত পাণ্ডবেষ্বিতি মাধব।।
ন মে সঞ্জায়তে বুদ্ধির্বীজমুপ্তমিবোষরে ॥১৯॥
তস্মাদ্‌যন্মন্যসে যুক্তং পাণ্ডবানাং হিতঞ্চ যৎ।
তথাশু কুরু বার্ষ্ণেয়। যন্নঃ কার্য্যমনন্তরম্ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে অর্জ্জুনবাক্যে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

জানাসীতি। এতেন দুর্য্যোধনেন। উপমর্ষিতম্ অস্মাভিঃ সোঢ়ম্ ॥১৮॥
স ইতি। সম্যক্ ন্যায্যম্। উষরে ক্ষারমৃত্তিকায়াম্, উপ্তং রোপিতং বীজমিব চেষ্টৈবং বিফলা ভবেদিতি বুদ্ধিরেব জায়ত ইতি ভাবঃ ॥১৯॥
তস্মাদিতি। নঃ অস্মাকম্, যৎ কার্য্যং সম্পাদ্যম্ ॥২০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

যুদ্ধেন ॥১৫—১৭॥ নাম নিশ্চিতং স পাণ্ডবেষু সম্যগ্‌বর্ত্তেতেতি বুদ্ধির্মে ন সঞ্জায়তে নোৎপদ্যতে ॥১৮—২০॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

—:*:—

তুমি ত জানই যে, এই পাপবুদ্ধি দুর্য্যোধন সভাব মধ্যে দ্রৌপদীকে কষ্ট দিয়াছিল; আমরা কিন্তু তখন তাহাব সে কার্য্য সহ্য কবিযাছিলাম ॥১৮॥
সেই দুর্য্যোধন যে পাণ্ডবগণেব সঙ্গে ন্যায অনুসাবে চলিবে, এ ধাবণা আমার হয না; বরং ক্ষারমৃত্তিকায় রোপিত বীজের ন্যায এ চেষ্টা বিফল হইবে বলিযাই আমার মনে হয় ॥১৯॥
অতএব যদুনন্দন! তুমি নিজে যাহা সঙ্গত বলিয়া মনে কর এবং পাণ্ডবগণেব হিত বলিয়া যাহা ধারণা কব, তাহাই সত্বর কর; ইহার পরে আমাদের যাহা সম্পাদন করিতে হইবে” ॥২০॥

—:*:—

* ‘...অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ’—বা ব রা, ‘...সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ’—নি।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:✽:—

শ্রীভগবানুবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি পাণ্ডব!।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ প্রতিপৎস্যে নিরাময়ম্।
সর্ব্বং ত্বিদং মমায়ত্তং বীভৎসো! কর্ম্মণোর্দ্বয়োঃ ॥১॥
ক্ষেত্রং হি রসবচ্ছুদ্ধং কর্ম্মণৈবোপপাদিতম্।
ঋতে বর্ষান্ন কৌন্তেয়। জাতু নির্ব্বর্ত্তয়েৎ ফলম্ ॥২॥
তত্র বৈ পৌরুষং ব্রূয়ুরাসেকং যত্র কারিতম্।
তত্র চাপি ধ্রুবং পশ্যেচ্ছোষণং দৈবকারিতম্ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। আময়স্য মানসজ্বরস্যাভাব ইতি নিরাময়ম্, প্রতিপৎস্যে সম্পাদয়িষ্যামি। ইদং শান্তিবিধানং যুদ্ধঞ্চ। দ্বয়োঃ কর্ম্মণোর্দৈবপৌরুষয়োঃ সদ্ভাব এব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

তত্রাপি দৈবস্যাবশ্যকতাং দর্শয়িতুমাহ—ক্ষেত্রমিতি। হে কৌন্তেয়! কর্ম্মণা জলসেকেন তৃণাদ্যপসারণেন চ, রসবৎ আর্দ্রম্, শুদ্ধং নির্দোষঞ্চ, উপপাদিতং কৃতম্, ক্ষেত্রং ভূমিঃ, বর্ষাৎ ঋতে বৃষ্টিং বিনা, জাতু কদাচিদপি, ফলং ন নির্ব্বর্ত্তয়েৎ ন নিষ্পাদয়েৎ ॥২॥

তত্রেতি। যত্র ক্ষেত্রে, আসেকং কর্ষণাদিজলসেকপর্য্যন্তং ভৃত্যৈঃ কারিতম্, তত্র পৌরুষং সম্পন্নমিতি লোকা ব্রূয়ুঃ। কিন্তু তত্র চাপি দৈবকারিতং শোষণং ধ্রুবং পশ্যেৎ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১॥ দ্বয়োঃ কর্ম্মণোঃ শমযুদ্ধয়োর্মধ্যে ইদম্ অনাময়ং সর্ব্বং কৃৎস্নং মম দূতস্যায়ত্তম্ অধীনং তথাপি দৈবানুকূল্যমত্রাপেক্ষিতমিত্যাহ—ক্ষেত্রমিতি। কর্ম্মণা কর্ষণেন বাপ্যাদিজলদানেন চ শুদ্ধং ভূদোষহীনং রসবদার্দ্রঞ্চ উপপাদিতং কৃতং তৎ কদাচিদ্বর্ষং বিনাপি ফলপ্রদং ভবেৎ ॥২॥ অত্র কেবলং পৌরুষস্যৈব শ্রৈষ্ঠ্যং দৃষ্টমিত্যাহ—তত্রেতি। এতদপি দৈবা-

---

কৃষ্ণ বলিলেন—"মহাবাহু পাণ্ডুনন্দন! তুমি যাহা বলিলে, আমি এইরূপই করিব; আমি পাণ্ডব ও কৌরবগণের মনের দুঃখ দূর করিব; কিন্তু অর্জ্জুন! দৈব ও পুরুষকার— এই দুই থাকিলেই সকল কার্য্য আমার আয়ত্ত হইবে ॥১॥

কুন্তীনন্দন! দেখ—জলসেক করিয়া আর্দ্র এবং তৃণপ্রভৃতি দূর করিয়া নির্দোষ করিলেও বৃষ্টি না হইলে ভূমি কখনও শস্য উৎপাদন করে না ॥২॥

যে ভূমিতে কর্ষণ ও জলসেক করান হইয়াছে, তাহাতে পুরুষকার করা

---

(২)…ঋতে বর্ষাং ন কৌন্তেয়! জাতু নির্ব্বর্ত্তে ফলম্—পি।

তদিদং নিশ্চিতং বুদ্ধ্যা পূর্ব্বৈরপি মহাত্মভিঃ।
দৈবে চ মানুষে চৈব সংযুক্তং লোককারণম্ ॥৪॥
অহং হি তৎ করিষ্যামি পরং পুরুষকাতরঃ।
দৈবন্তু ন ময়া শক্যং কর্ম্ম কর্ত্তুং কথঞ্চন ॥৫॥
স হি ধর্ম্মঞ্চ লোকঞ্চ ত্যক্ত্বা চরতি দুর্মতিঃ।
নহি সন্তপ্যতে তেন তথারূপেণ কর্ম্মণা ॥৬॥
তথাপি বুদ্ধিং পাপিষ্ঠাং বৰ্দ্ধয়ন্ত্যস্য মন্ত্রিণঃ।
শকুনিঃ সূতপুত্রশ্চ ভ্রাতা দুঃশাসনস্তথা ॥৭॥
স হি ত্যাগেন রাজ্যস্য ন শমং সমুপৈষ্যতি।
অন্তরেণ বধং পার্থ! সানুবন্ধঃ সুযোধনঃ ॥৮॥

ভারতকৌমুদী

তদিতি। সংযুক্তং সংযোগঃ, লোককারণং লৌকিকফলোৎপত্তিহেতুঃ ॥৪॥
অহমিতি। পুরুষকারতঃ পুরুষকারম্, শান্তিবিধানবিষয় ইতি ভাবঃ ॥৫॥
স ইতি। লোকং লোকাচারম্। তথারূপেণ ধর্ম্মলোকাচারবিরুদ্ধেন ॥৬॥
তথেতি। তথাপি তত্রাপি। অস্য দুর্য্যোধনস্য। সূতপুত্রঃ কর্ণঃ ॥৭॥
স ইতি। অন্তরেণ বিনা। অনুবন্ধৈরনুচরৈর্দুঃশাসনাদিভিঃ সহেতি সঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

ধীনমেবেত্যাহ—তত্র চাপীতি। শোষণং বাপ্যাদেঃ সর্ব্বথা বৃষ্ট্যভাবে যথা ন ফলনিষ্পত্তিস্তদ্বদ্দৈবাভাবেঽপীত্যর্থঃ ॥৩॥ সংযুক্তম্ আহিতং লোককারণং লোকহিতসাধনম্ ॥৪॥ দৈবং কর্ম্ম প্রাক্তনং কর্ম্ম, কর্ত্তুম্ অন্যথা কর্ত্তুম্ ॥৫॥ পুরুষকারাচ্ছমোঽপ্যত্র দুঃসম্পাদ ইত্যাহ—স হীতি। ত্যাগেন দানেন ॥৬—৭॥ সানুবন্ধঃ সপরিবারঃ ন চেতি একো রাজ্যং ত্যক্তুং নেচ্ছতি

হইয়াছে, একথা সকলেই বলিবে; কিন্তু সেখানেও নিশ্চয় দেখা যাইবে যে, দৈব সে জল শুকাইয়া ফেলিয়াছে ॥৩॥

অতএব প্রাচীন মহাত্মারাও বুদ্ধিদ্বারা ইহা নিরূপণ করিয়াছেন যে, দৈব ও পুরুষকার—এই উভয়ের সংযোগই ফলোৎপত্তির কারণ ॥৪॥

সুতরাং আমি নিশ্চয়ই শান্তিস্থাপনের জন্য গুরুতর পুরুষকার করিব; কিন্তু দৈবকে ত অন্য কোনরূপ করিতে পারিব না ॥৫॥

দুর্মতি দুর্য্যোধন ধর্ম্ম ও লোকাচার ত্যাগ করিয়াই চলে এবং সেইরূপ সেই কার্য্যদ্বারাও সন্তপ্ত হয় না ॥৬॥

তাহাতে আবার শকুনি, কর্ণ ও ভ্রাতা দুঃশাসন—ইহারা মন্ত্রী হইয়া উহার পাপবুদ্ধি আরও বৰ্দ্ধিত করিয়া থাকে ॥৭॥

ন চাপি প্রণিপাতেন ত্যক্তুমিচ্ছতি ধর্ম্মরাট্।
যাচ্যমানশ্চ রাজ্যং স ন প্রদাস্যতি দুর্ম্মতিঃ ॥৯॥
ন তু মন্যে স তদ্বাচ্যো যদ্যুধিষ্ঠিরশাসনম্।
উক্তং প্রয়োজনং যত্তু ধর্ম্মরাজেন ভারত! ॥১০॥
তথা পাপস্তু তৎ সর্ব্বং ন করিষ্যতি কৌরবঃ।
তস্মিংশ্চাক্রিয়মাণেঽসৌ লোকে বধ্যো ভবিষ্যতি ॥১১॥
মম চাপি স বধ্যো হি জগতশ্চাপি ভারত!।
যেন কৌমারকে যূয়ং সর্ব্বে বিপ্রকৃতাস্তদা ॥১২॥
বিপ্রলুপ্তঞ্চ বো রাজ্যং নৃশংসেন দুরাত্মনা।
ন চোপশাম্যতে পাপঃ শ্রিয়ং দৃষ্ট্বা যুধিষ্ঠিরে ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। প্রণিপাতেন দুর্য্যোধনাদিকৃতেন, ত্যক্তুং স্বমংশম্ ॥৯॥

নেতি। যুধিষ্ঠিরস্য শাসনং পঞ্চগ্রামমাত্রপ্রার্থনাদেশম্, প্রয়োজনং জীবিকানির্ব্বাহরূপমুদ্দেশ্যম্। তৎ সর্ব্বং স দুর্য্যোধনো ন বাচ্য ইতি মন্যে, দৈন্যপ্রকাশাৎ ॥১০॥

তথেতি। তথা উক্তোঽপীতি শেষঃ। তস্মিন্ পঞ্চগ্রামমাত্রদানেঽপি ॥১১॥

মমেতি। বধ্যঃ, দুরাচারত্বাৎ। বিপ্রকৃতা নির্ব্বাতিতাঃ ॥১২॥

বিপ্রেতি। বিপ্রলুপ্তমপহৃতম্। শ্রিয়ং রাজসূয়কালীনাং সম্পদম্ ॥১৩॥

পৃথানন্দন! অনুচরবর্গের সহিত দুর্য্যোধন বধ ব্যতীত তোমাদিগকে রাজ্যদান করিয়া শান্তিস্থাপন করিবে না ॥৮॥

প্রণিপাতদ্বারা ধর্ম্মরাজও আপন অংশ ত্যাগ করিতে ইচ্ছা করেন না, আবার প্রার্থনা করিলেও দুর্ম্মতি দুর্য্যোধন তোমাদিগকে রাজ্যদান করিবে না ॥৯॥

ভরতনন্দন! ধর্ম্মরাজ যে পাঁচখানি গ্রামমাত্র প্রার্থনা করার আদেশ করিয়াছেন, কিংবা তিনি তাহার যে প্রয়োজন বলিয়াছেন, তাহাও দুর্য্যোধনের নিকট বলা উচিত নহে, ইহাই আমি মনে করি ॥১০॥

কারণ, সেরূপ প্রার্থনা করিলে, তাহাতেও পাপাত্মা দুর্য্যোধন স্বীকার করিবে না; সেই বিষয়েও স্বীকার না করিলে, সে বধের যোগ্যই হইবে ॥১১॥

ভরতনন্দন! দুর্য্যোধন আমারও এবং জগতের লোকেরও বধ্যই বটে। যেহেতু সে বাল্যকালে তোমাদের সকলকেই যাতনা দিয়াছে ॥১২॥

তা'র পর, দুরাত্মা দুর্য্যোধন নৃশংস উপায়ে তোমাদের রাজ্য অপহরণ

(১০)…যদ্যুধিষ্ঠিরভাষিতম্—পি। (১২) …তেন কৌমারকে …বিপ্রকৃতাঃ সদা—নি।

অসকৃচ্চাপ্যহং তেন ত্বৎকৃতে পার্থ। ভেদিতঃ।
ন ময়া তদ্‌গৃহীতঞ্চ পাপং তস্য চিকীর্ষিতম্ ॥১৪॥
জানাসি হি মহাবাহো। ত্বমপ্যস্য পরং মতম্।
প্রিয়ং চিকীর্ষমাণঞ্চ ধর্ম্মরাজস্য মামপি ॥১৫॥
সংজানংস্তস্য চাত্মানং মম চৈব পরং মতম্।
অজানন্নিব মাং কস্মাদর্জ্জুনাদ্যাভিশঙ্কসে ॥১৬॥
যচ্চাপি পরমং দিব্যং তচ্চাপ্যনুগতং ত্বয়া।
বিধানং বিহিতং পার্থ! কথং শর্ম্ম ভবেৎ পরৈঃ ॥১৭॥
যত্তু বাচা ময়া শক্যং কর্ম্মণা বাপি পাণ্ডব!।
করিষ্যে তদহং পার্থ। ন ত্বাশংসে শমং পরৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অসকৃদিতি। ভেদিতো ভেদং প্রাপয়িতুমিষ্টঃ। গৃহীতমঙ্গীকৃতম্ ॥১৪॥

জানাসীতি। অস্য দুর্য্যোধনস্য পরং দৃঢ়ং মতং জানাসি, সঞ্জয়াদিভ্যঃ ॥১৫॥

সমিতি। আত্মানং মনঃ। অভিশঙ্কসে শান্তিবিধানায় গন্তুমনিচ্ছুতয়া ॥১৬॥

যদিতি। দিব্যং বিধানং দেবানাং ভূভারহরণায়াবতরণম্, অনুগতং মুনিমুখাদবগতম্। বিহিতং দেবৈরেব। শর্ম্ম শান্তিসুখম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

পরো দাতুং নেচ্ছতীত্যর্থঃ ॥৮—৯॥ শাসনং পঞ্চগ্রামান্ দেহীতি তৎ ন বক্তব্যঃ দৈন্যদ্যোতকত্বা-দিতি ভাবঃ; অফলত্বাচ্চ নৈবং স বাচ্য ইত্যাহ—উক্তমিতি। প্রয়োজনং শমম্ ॥১০—১৫॥ অভিশঙ্কসে মাং শমমনিচ্ছন্তমিব মন্যসে ॥১৬॥ দিব্যং বিধানং ভূভারাপহারার্থং স্বর্গাদ্দেবানামব-

করিয়াছে এবং পাপাত্মা দুর্য্যোধন রাজসূয়যজ্ঞের সময়ে ধর্ম্মরাজের ঐশ্বর্য্য দেখিয়া শান্তিলাভই করিতে পারে নাই ॥১৩॥

পৃথানন্দন! দুর্য্যোধন তোমার সঙ্গে আমার ভেদ জন্মাইবার জন্য বহুবার চেষ্টা করিয়াছে; কিন্তু আমি তাহার সেই দুষ্কার্য্য গ্রাহ্য করি নাই ॥১৪॥

মহাবাহু! দুর্য্যোধনের দৃঢ় মত যে কি এবং আমিও যে ধর্ম্মরাজের প্রিয়-কার্য্যই করিবার ইচ্ছা করিয়া থাকি, তাহা তুমিও ত জানই ॥১৫॥

অর্জ্জুন! তুমি দুর্য্যোধনের মনের বৃত্তি এবং আমার মত জানিয়াও, না জানিয়াই যেন আমার উপরে আশঙ্কা করিতেছ কেন? ॥১৬॥

পৃথানন্দন! দেবতারা যে দৃঢ়তর স্বর্গীয় বিধান করিয়া রাখিয়াছেন, তাহাও তুমি অবগত আছ; সুতরাং বিপক্ষদিগের সহিত শান্তিসুখ হইবে কি করিয়া? ॥১৭॥

কথং গোহরণে হ্যুক্তো নৈচ্ছচ্ছর্ম্ম তথা হিতম্।
যাচ্যমানো হি ভীষ্মেণ সংবৎসরগতেঽধ্বনি ॥১৯॥
তদৈব তে পরাভূতা যদা সঙ্কল্পিতাস্ত্বয়া।
লবশঃ ক্ষণশশ্চাপি ন চ তুষ্টঃ সুযোধনঃ ॥২০॥
সর্ব্বথা তু ময়া কার্য্যং ধর্ম্মরাজস্য শাসনম্।
বিভাব্যং তস্য ভূয়শ্চ কর্ম্ম পাপং দুরাত্মনঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে কৃষ্ণবাক্যে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥*

—:*:—

ভারতকৌমুদী

যদিতি। শক্যং কর্ত্তুমিতি শেষঃ। শমং শান্তিম্, পরৈর্বিপক্ষৈঃ সহ ॥১৮॥

শান্ত্যসম্ভবপক্ষে দৃঢ়ং নিদর্শনমাহ—কথমিতি। সংবৎসরগতে যুষ্মাকমজ্ঞাতবাসবৎসরাতিক্রমে সতি, অধ্বনি কৌরবাক্রমণমার্গে ত্বয়ি স্থিতে সতি, গোহরণে উত্তরগোগ্রহকালে, ভীষ্মেণ উক্তঃ, যাচ্যমানঃ "তস্মাদ্যুদ্ধোচিতং কর্ম্ম কর্ম্ম বা ধর্ম্মসংহিতম্। ক্রিয়তামাশু রাজেন্দ্র! সংপ্রাপ্তশ্চ ধনঞ্জয়ঃ॥" ইতি বিরাটপর্ব্বীয়সপ্তচত্বারিংশাধ্যায়গতবচনে ধর্ম্মসংহিতং কর্ম্ম রাজ্যদানমাশু ক্রিয়তামিত্যনেন প্রার্থ্যমানোঽপি দুর্য্যোধনঃ, শর্ম্ম শান্তিসুখং হিতঞ্চ নৈচ্ছৎ ॥১৯॥

তদেতি। সঙ্কল্পিতা হন্তুমিষ্টাঃ। লবশো লেশতঃ, ক্ষণশঃ ক্ষণমাত্রেঽপি, তুষ্টো যুষ্মাসু ॥২০॥

ভারতভাবদীপঃ

তরণম্ ॥১৭॥ আশংসে সম্ভাবয়ামি ॥১৮॥ কথমিতি। ভীষ্মেণ এতচ্ছর্ম্ম যাচ্যমানোঽপি সঃ হিতং কথং নোক্তঃ, অপি তু উক্ত উপদিষ্ট এব দুর্য্যোধনস্তথাপি ন গৃহীতবানিতি ভাবঃ। সংবৎসরগতে গতসংবৎসরে ॥১৯॥ সঙ্কল্পিতাঃ বধ্যত্বেন নিশ্চিতাঃ। লবশঃ ক্ষণশঃ লবোঽংশঃ

তবে আমি বাক্য ও কার্য্যদ্বারা যাহা করিতে পারিব, তাহা করিব; কিন্তু বিপক্ষগণের সহিত শান্তির আশা করি না ॥১৮॥

(তাহার প্রকৃষ্ট নিদর্শন দেখ—) তোমাদের অজ্ঞাতবাসের বৎসর অতীত হইলে, উত্তরগোগ্রহের সময়ে তুমি যখন কৌরবগণকে আক্রমণ করিবার পথে ছিলে, তখন ভীষ্ম যে বলিয়াছিলেন, এমন কি প্রার্থনাই করিয়াছিলেন, তাহাতেও দুর্য্যোধন হিতকর শান্তিসুখ ইচ্ছা করে নাই ॥১৯॥

তবে তুমি যখন তাহাদিগকে পরাভূত করিবার সঙ্কল্প করিয়াছ, তখন তাহারা পরাভূত হইয়াই রহিয়াছে; কিন্তু দুর্য্যোধন তোমাদের উপরে ক্ষণকালের জন্যও একটুমাত্রও সন্তুষ্ট নহে জানিবে ॥২০॥

* '…ঊনাশীতিতমোঽধ্যায়ঃ'—বা ব রা '…অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

নকুল উবাচ।

উক্তং বহুবিধং বাক্যং ধর্ম্মরাজেন মাধব!।

ধর্ম্মজ্ঞেন বদান্যেন শ্রুতঞ্চৈবেহ তত্ত্বয়া ॥১॥

মতমাজ্ঞায় রাজ্ঞশ্চ ভীমসেনেন মাধব!।

সংশমো বাহুবীর্য্যঞ্চ খ্যাপিতং মাধবাত্মনঃ ॥২॥

তথৈব ফাল্গুনেনাপি যদুক্তং তত্ত্বয়া শ্রুতম্।

আত্মনশ্চ মতং বীর। কথিতং ভবতাঽসকৃৎ ॥৩॥

ভারতকৌমুদী

সর্ব্বথেতি। শাসনং সন্ধিস্থাপনায় তত্র গমনাদেশপালনম্ ॥২১।

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

উক্তমিতি। বদান্যেন চারুভাষিণা, "বদান্যো বল্গুবাগপি" ইত্যমরঃ ।১।

মতমিতি। সংশমঃ সম্যক্ শান্তিঃ, আত্মনো বাহুবীর্য্যঞ্চ খ্যাপিতম্ ॥২॥

ভারতভাবদীপঃ

ক্ষণঃ স্বীকারঃ রাজ্যলেশস্য স্বাকারেঽপি ন সন্তুষ্ট ইত্যর্থঃ, ক্রমেণ ষষ্ঠ্যর্থে চ শস্প্রত্যয়ঃ ॥২০। বিভাব্যং বিচারণীয়ম্ ॥২১।

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

—:*:—

সে যাহা হউক, আমি সর্ব্বপ্রকারেই ধর্ম্মরাজের আদেশ পালন করিব এবং সেই দুরাত্মা দুর্য্যোধনের বহুতর পাপকার্য্যের বিষয়েও বিচার করিব" ॥২১॥

—:*:—

নকুল বলিলেন—"যদুনাথ! ধর্ম্মরাজ বহুবিধ কথা বলিয়াছেন, ধর্ম্মজ্ঞ এবং মধুরভাষী আপনিও সে সকল কথা শুনিয়াছেন ॥১॥

তা'র পর, মধ্যমপাণ্ডবও রাজার মত জানিয়া প্রথমে শান্তির বিষয়, পরে নিজের বাহুবলের কথা প্রকাশ করিয়াছেন ॥২॥

---

(১)...শ্রুতঞ্চৈব হি—বা ব রা নি।

সর্ব্বমেতদতিক্রম্য শ্রুত্বা পরমতং ভবান্।
যৎ প্রাপ্তকালং মন্যেথাস্তৎ কুর্য্যাঃ পুরুষোত্তম। ॥৪॥
তস্মিংস্তস্মিন্ নিমিত্তে হি মতং ভবতি কেশব।।
প্রাপ্তকালং মনুষ্যেণ ক্ষমং কার্য্যমরিন্দম। ॥৫॥
অন্যথা চিন্তিতো হ্যর্থঃ পুনর্ভবতি সোঽন্যথা।
অনিত্যমতয়ো লোকে নরাঃ পুরুষসত্তম। ॥৬॥
অন্যথা বুদ্ধয়ো হ্যাসন্নস্মাসু বনবাসিষু।
অদৃশ্যেষন্যথা কৃষ্ণ! দৃশ্যেষু পুনরন্যথা ॥৭॥

ভারতকৌমুদী

তথেতি। ফাল্গুনেন অর্জ্জুনেনাপি। অসকৃৎ অনেকবারম্ ॥৩॥
সর্ব্বমিতি। শ্রুত্বা অতিক্রম্যেতি সম্বন্ধঃ। প্রাপ্তকালং কালোচিতম্ ॥৪॥
তস্মিন্নিতি। মতং বিভিন্নমভিপ্রেতম্। ক্ষমং যোগ্যম্ ॥৫॥
অন্যথেতি। অনিত্যমতয়ঃ অস্থিরাভিপ্রায়াঃ ॥৬॥

একস্যাপি জনস্য কালাবস্থয়োর্ভেদে মতভেদো ভবতীত্যাহ—অন্যথেতি। অন্যথা কথং বনবাসান্নির্গচ্ছাম ইতি। অদৃশ্যেষু অজ্ঞাতবাসস্থিতেষু, অন্যথা বুদ্ধয়ঃ কথমজ্ঞাতাস্তিষ্ঠাম ইতি। দৃশ্যেষিদানীং পুনরন্যথা কথং রাজ্যং লপ্স্যামহ ইতি ॥৭॥

ভাবভাবদীপঃ

উক্তমিতি ॥১॥ রাজ্ঞো মতম্ আজ্ঞায় সংশমঃ সম্যক্ শমঃ খ্যাপিতঃ। হে মাধব! মধুদেশজ! আত্মনঃ মতম্ আজ্ঞায় বাহুবীর্য্যং খ্যাপিতম্। হে মাধব! লক্ষ্মীপতে! ॥২—৪॥ তস্মিন্নিতি। নিমিত্তভেদান্মতভেদো ভবতি কুলধুর্য্যস্য যুধিষ্ঠিরস্য মতং কুলোচ্ছেদো মাভূদিতি কেশাকর্ষণক্লিষ্টায়াঃ দ্রৌপদ্যা মতং শত্রবো নির্ম্মূলম্ উন্মূলনীয়া ইতি তত্র কালানুরূপং যৎ ক্ষমং যোগ্যং তদ্বধা কার্য্যমিত্যর্থঃ ॥৫॥ অনিত্যা নাশবতী মতির্যেষাং তে ॥৬॥ ন কেবলং ব্যক্তিভেদান্মত-

---

বীব। সেইরূপ তৃতীয় পাণ্ডবও যাহা বলিয়াছেন, তাহাও আপনি শুনিয়াছেন এবং আপনি বহুবার নিজের মতও ব্যক্ত কবিয়াছেন ॥৩॥

কিন্তু পুরুষোত্তম! আপনি এই সকল পবমত শুনিবা এবং তাহা অতিক্রম করিযা—যাহা কালোচিত বলিযা মনে করিবেন, তাহাই কবিবেন ॥৪॥

কাবণ, অরিন্দম কেশব! ভিন্ন ভিন্ন কাবণে মানুষেব ভিন্ন ভিন্ন মতই হইয়া থাকে; কিন্তু তথাপি মানুষ কালোচিত নিজেব যোগ্য কার্য্যই কবিবে ॥৫॥

পুরুষশ্রেষ্ঠ! একজন বিষযটাকে চিন্তা কবে একপ্রকাব, আবার অন্যে তাহা চিন্তা করে অন্যপ্রকার। কাবণ, জগতে মানুষের মতের স্থিবতা নাই ॥৬॥

---

(৫)…ক্ষেমং কার্য্যমরিন্দম।—পি।

অস্মাকমপি বার্ষ্ণেয় । বনে বিচরতাং তদা ।
ন তথা প্রণয়ো রাজ্যে যথা সংপ্রতি বর্ত্ততে ॥৮॥
নিবৃত্তবনবাসান্ নঃ শ্রুত্বা বীর । সমাগতাঃ ।
অক্ষৌহিণ্যো হি সপ্তেমাস্ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন । ॥৯॥
ইমান্ হি পুরুষব্যাঘ্রানচিন্ত্যবলপৌরুষান্ ।
আত্তশস্ত্রান্ রণে দৃষ্ট্বা ন ব্যথেদিহ কঃ পুমান্ ॥১০॥
স ভবান্ কুরুমধ্যে তং সান্ত্বপূর্ব্বং ভয়োত্তরম্ ।
ব্রূয়াদ্বাক্যং যথা মন্দো ন ব্যথেত সুযোধনঃ ॥১১॥
যুধিষ্ঠিরং ভীমসেনং বীভৎসুঞ্চাপরাজিতম্ ।
সহদেবঞ্চ মাঞ্চৈব ত্বাঞ্চ রামঞ্চ কেশব । ॥১২॥

ভারতকৌমুদী

অস্মাকমিতি । প্রণয় আগ্রহ আসীৎ । সংপ্রতি যথা রাজ্যে প্রণয়ো বর্ত্ততে ।৮।
নিবৃত্তেতি । নিবৃত্তঃ অতীতো বনবাসো যেষাং তান্, নঃ অস্মান্ ।৯।
ইমানিতি । আত্তশস্ত্রান্ গৃহীতাস্ত্রান্ । ন ব্যথেৎ ন বিভীয়াদিত্যর্থঃ ।১০।
স ইতি । ন ব্যথেত, ব্যথাযাং হি শাস্তীচ্ছাসত্ত্বেঽপি ন তাং কুর্য্যাদিতি ভাবঃ ।১১।

ভাবতভাবদীপঃ

ভেদঃ, কিন্তু ব্যক্ত্যেক্যেঽপি অবস্থাভেদান্মতভেদো ভবতীত্যাহ—অন্যথেত্যাদিনা । অদৃষ্টে-ষ্বিতি । অজ্ঞাতবাসকালে কথমনাবৃতাশ্চরিষ্যাম ইত্যেব মনোরথ আসীৎ, দৃষ্টেষু ইদানীং

কৃষ্ণ ! আমবা যখন বনবাসী ছিলাম, তখন আমাদেব অন্যপ্রকাব মত ছিল, অজ্ঞাতবাসেব সময়ে আবাব অন্যরূপ হইয়াছিল এবং অজ্ঞাতবাস হইতে বাহিব হইলে পব আবাব অন্যপ্রকার মত হইয়াছে ॥৭॥

বৃষ্ণিনন্দন ! আমবা যখন বনে বিচরণ কবি, তখন আমাদেরও বাজ্যেব প্রতি সেরূপ আগ্রহ ছিল না, এখন যেরূপ হইযাছে ॥৮॥

বীব জনার্দ্দন ! আমবা বনবাস অতিক্রম কবিয়া আসিয়াছি—ইহা শুনিয়া আপনাব অনুগ্রহে এই সাত অক্ষৌহিণী সৈন্য আসিয়াছে ॥৯॥

ইহাদেব সকলেবই শক্তি ও পুরুষকার অচিন্তনীয় ; সুতরাং এই পুরুষ-শ্রেষ্ঠগণকে অস্ত্রধাবী দেখিয়া কোন্ পুরুষ যুদ্ধে ভীত হইবে না ? ॥১০॥

অতএব আপনি যাইযা কৌরবগণেব মধ্যে দুর্য্যোধনকে প্রথমে কোমল বাক্য বলিবেন, পবে ভয় দেখাইবেন ; কিন্তু যাহাতে সে মন্দমতি দুর্য্যোধন ব্যথিত না হয় ॥১১॥

যুধিষ্ঠিব, ভীমসেন, অপবাজিত অর্জ্জুন, সহদেব, আমি, আপনি, বাম,

সাত্যকিঞ্চ মহাবীর্য্যং বিরাটঞ্চ সহাত্মজম্। ৫
দ্রুপদঞ্চ সহামাত্যং ধৃষ্টদ্যুম্নঞ্চ মাধব। ॥১৩॥
কাশিরাজঞ্চ বিক্রান্তং ধৃষ্টকেতুঞ্চ চেদিপম্।
মাংসশোণিতভৃন্মর্ত্ত্যঃ প্রতিযুধ্যেত কো যুধি ॥১৪॥ (বিশেষকম্)
স ভবান্ গমনাদেব সাধয়িষ্যত্যসংশয়ম্।
ইষ্টমর্থং মহাবাহো! ধর্ম্মরাজস্য কেবলম্ ॥১৫॥
বিদুরশ্চৈব ভীষ্মশ্চ দ্রোণশ্চ সহবাহ্লিকঃ।
শ্রেয়ঃ সমর্থা বিজ্ঞাতুমুচ্যমানাস্ত্বয়াঽনঘ। ॥১৬॥
তে চৈনমনুনেষ্যন্তি ধৃতরাষ্ট্রং জনাধিপম্।
তঞ্চ পাপসমাচারং সহামাত্যং সুযোধনম্ ॥১৭॥
শ্রোতা চার্থস্য বিদুরস্ত্বঞ্চ বক্তা জনার্দ্দন। ।
কমিবার্থং নিবর্ত্তন্তং স্থাপয়েতাং ন বর্ত্মনি ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে নকুলবাক্যে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

যুধীতি। বীভৎসুমর্জ্জুনম্। আত্মজৈঃ সহেতি তম্। চেদিপং চেদিরাজম্ ॥১২—১৪॥
স ইতি। কেবলং গমনাদেবেতি সম্বন্ধঃ। ইষ্টমর্থং শান্তিম্ ॥১৫॥
বিদুর ইতি। শ্রেয়ঃ সর্ব্বেষামেব মঙ্গলম্, বিজ্ঞাতুং বোদ্ধুং সমর্থাঃ ॥১৬॥
ত ইতি। তে বিদুরাদয়ঃ, অনুনেষ্যন্তি অনুনীয় সন্ধিং স্বীকারয়িষ্যন্তি ॥১৭॥

মহাবীর সাত্যকি, পুত্রগণের সহিত বিরাট, অমাত্যগণের সহিত দ্রুপদ, ধৃষ্টদ্যুম্ন, বিক্রমশালী কাশিরাজ এবং চেদিরাজ ধৃষ্টকেতু, ইহাদের বিপক্ষে যুদ্ধ করিবার জন্য রক্তমাংসধারী কোন্ মানুষ সমরে অবস্থান করিবে? ॥১২—১৪॥

মহাবাহু! আপনি সে স্থানে কেবল গমন করিয়াই ধর্ম্মরাজের অভীষ্ট বিষয় সাধন করিতে পারিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৫॥

হে নিষ্পাপ! আপনি বলিতে লাগিলে, ভীষ্ম, দ্রোণ, বিদুর ও বাহ্লিক—ইহারা সকলের মঙ্গল অবশ্যই বুঝিতে সমর্থ হইবেন ॥১৬॥

পরে তাঁহারা অনুনয়দ্বারা রাজা ধৃতরাষ্ট্রকে এবং অমাত্যবর্গের সহিত সেই পাপিষ্ঠ দুর্য্যোধনকে সন্ধির বিষয়ে সম্মত করাইবেন ॥১৭॥

---

* '...অশীতিতমোঽধ্যায়ঃ'—বা ব রা, '...একোনাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সহদেব উবাচ।

যদেতৎ কথিতং রাজ্ঞা ধর্ম্ম এষ সনাতনঃ।
যথা চ যুদ্ধমেব স্যাত্তথা কার্য্যমরিন্দম! ॥১॥
যদি প্রশমমিচ্ছেয়ুঃ কুরবঃ পাণ্ডবৈঃ সহ।
তথাপি যুদ্ধং দাশার্হ! যোজয়েথাঃ সহৈব তৈঃ ॥২॥
কথং নু দৃষ্ট্বা পাঞ্চালীং তথা কৃষ্ণ! সভাগতাম্।
অবধেন প্রশাম্যেত মম মন্যুঃ সুযোধনে ॥৩॥

ভাবতকৌমুদী

শ্রোতেতি। অর্থস্য সন্ধিবিষয়স্য। নিবর্ত্তন্তং নিবর্ত্তমানং ভ্রশ্যন্তম্ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যদিতি। এষ প্রশমঃ, সনাতনো ধর্ম্মঃ, "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। তথাপি যথা চ যুদ্ধমেব স্যাত্তথৈব কার্য্যং ত্বয়া কর্ত্তব্যম্ ॥১॥

অথ যদি কুরব এব সন্ধিং করিষ্যন্তি তত্র কিমিত্যাহ—যদীতি। যদি যদ্যপি, প্রশমং সন্ধিনা শান্তিম্। যোজয়েথা ঘটয়েথাঃ। এবশব্দস্য যুদ্ধমিত্যনেনান্বয়ঃ ॥২॥

ভাবতভাবদীপঃ

ভবেয়ুঃ অস্মাসু কদা রাজ্যং প্রাপ্স্যাম ইত্যস্তীতি ভাবঃ ॥৭॥ প্রণয় আদরঃ ॥৮—৯॥ ন ব্যথেৎ বৃধ্যেৎ ॥১০—১৭॥ অর্থং প্রয়োজনম্, নিবর্ত্তন্তং ভ্রশ্যন্তম্ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৪॥

—:*:—

জনার্দ্দন! আপনি যে কোন বিষয়ের বক্তা ও বিদুর তাহার শ্রোতা হইলে সে বিষয় নষ্ট হইতে বসিলেও আপনারা তাহাকে সিদ্ধির পথে স্থাপন করিতে পারেন" ॥১৮॥

—:*:—

সহদেব বলিলেন—"অরিন্দম কৃষ্ণ! ধর্ম্মরাজ এই যাহা বলিয়াছেন, ইহা, সনাতন ধর্ম্ম বটে; তথাপি যাহাতে যুদ্ধই হয়, আপনি তাহাই করিবেন ॥১॥

যদুনন্দন! যদ্যপি কৌরবেরাই পাণ্ডবদের সহিত শান্তিস্থাপনের ইচ্ছা করে, তথাপি আপনি তাহাদের সহিত আমাদের যুদ্ধই ঘটাইবেন ॥২॥

তস্মাদস্মাদ্রীসুতঃ শূরো যদাহ রণকর্কশঃ।
বচনং সর্ব্বযোধানাং তন্মতং পুরুষোত্তম ! ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

এবং বদতি বাক্যন্তু যুযুধানে মহামতৌ।
সুভীমঃ সিংহনাদোহভূদ্‌যোধানাং তত্র সর্ব্বশঃ ॥৯॥
সর্ব্বে হি সর্ব্বশো বীরাস্তদ্বচঃ প্রত্যপূজয়ন্।
সাধু সাধ্বিতি শৈনেয়ং হর্ষয়ন্তো যুযুৎসবঃ ॥১০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে সহদেবসাত্যকিবাক্যে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তস্মাদিতি। তন্মতমিত্যনুমানম্, সর্ব্বেষামেব তদ্দুঃখশ্রবণাৎ ॥৮॥

এবমিতি। যুযুধানে সাত্যকৌ। সিংহনাদোহভূৎ পারম্পরিকক্রমেণ ॥৯॥

সর্ব্ব ইতি। সর্ব্বশঃ সর্ব্বাভ্যো দিগ্‌ভ্যঃ। শৈনেয়ং সাত্যকিম্ ॥১০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

যদেতদিতি ॥১—৩॥ যদি যদ্যপি ভীমাদয়ো ধার্ম্মিকাঃ স্যুঃ, তথাপি অহং ধর্ম্মমুৎসৃজ্য তেন সহ যোদ্ধুমিচ্ছামি ॥৪—৫॥ মহাবাহো ! হে কৃষ্ণ ! ॥৬—১০॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৫॥

আপনার কি স্মরণ হয় না যে, পাণ্ডবগণকে বনে কৌপীন-মৃগচর্ম্মধারী ও দুঃখিত দেখিয়া আপনারও ক্রোধ হইয়াছিল ? ॥৭॥

অতএব পুরুষোত্তম ! বীর ও রণকর্কশ সহদেব যে কথা বলিয়াছেন, তাহা সমস্ত যোদ্ধারই অভিমত" ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—মহামতি সাত্যকি এইরূপ বলিলে, তখনই সকল দিকেই যোদ্ধৃগণের অতিভয়ঙ্কর সিংহনাদ হইল ॥৯॥

এবং যুদ্ধার্থী সকল বীরই সকল দিক্ হইতে 'সাধু সাধু' বলিয়া সাত্যকিকে আনন্দিত করিয়া তাঁহার সেই বাক্যের প্রশংসা করিলেন ॥১০॥

—:*:—

---

(৮)...তন্মতং মধুসূদন !—পি। * '...একাশীতিতমোঽধ্যায়ঃ'—বা ব রা, '...অশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।

রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ধর্ম্মার্থসহিতং হিতম্ ।
কৃষ্ণা দাশার্হমাসীনমব্রবীচ্ছোককর্ষিতা ॥১॥
সুতা দ্রুপদরাজস্য স্বসিতায়তমূর্দ্ধজা ।
সম্পূজ্য সহদেবঞ্চ সাত্যকিঞ্চ মহারথম্ ॥২॥ (যুগ্মকম্)
ভীমসেনঞ্চ সংশান্তং দৃষ্ট্বা পরমদুর্ম্মনাঃ ।
অশ্রুপূর্ণেক্ষণা বাক্যমুবাচেদং মনস্বিনী ॥৩॥
বিদিতং তে মহাবাহো ! ধর্ম্মজ্ঞ ! মধুসূদন ! ।
যথা নিকৃতিমাস্থায় ভ্রংশিতাঃ পাণ্ডবাঃ সুখাৎ ॥৪॥
ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ সামাত্যেন জনার্দ্দন ! ।
যথা চ সঞ্জয়ো রাজ্ঞা মন্ত্রং রহসি শ্রাবিতঃ ॥৫॥
যুধিষ্ঠিরেণ সংগম্য তচ্চাপি বিদিতং তব ।
যথোক্তঃ সঞ্জয়শ্চৈব তচ্চ সর্ব্বং শ্রুতং ত্বয়া ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

রাজ্ঞ ইতি । রাজ্ঞো যুধিষ্ঠিরস্য । ধর্ম্মো হিংসাত্যাগজং পুণ্যঞ্চ অর্থো রাজ্যলাভশ্চ তাভ্যাং সহিতং যুক্তম্ । দাশার্হং কৃষ্ণম্ । স্বসিতা অতীবকৃষ্ণা আয়তাশ্চ মূর্দ্ধজা যস্যাঃ সা ॥১—২॥

ভীমেতি । সংশান্তং সন্ধীচ্ছুত্বা নিবৃত্তক্রোধম্ । মনস্বিনী কৃষ্ণা ॥৩॥

বিদিতমিতি । নিকৃতিং দ্যূতে শাঠ্যম্ । রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ । শ্রাবিতঃ শ্রাবয়িত্বা প্রেরিতঃ । যুধিষ্ঠিরেণ সংগম্য স্থিতঃ সঞ্জয়ো যুধিষ্ঠিরেণৈব যথোক্তঃ ॥৪—৬॥

বৈশম্পায়ন কহিলেন—নিবিড় কৃষ্ণবর্ণ ও দীর্ঘকেশধারিণী দ্রুপদরাজনন্দিনী কৃষ্ণা যুধিষ্ঠিরের ধর্ম্মার্থযুক্ত ও হিতকর বাক্য শুনিয়া শোকার্ত্ত হইয়া এবং মহারথ সহদেব ও সাত্যকির গৌরব করিয়া উপবিষ্ট কৃষ্ণের নিকট বলিতে লাগিলেন ॥১—২॥

মনস্বিনী দ্রৌপদী ভীমসেনকেও শান্ত দেখিয়া অত্যন্ত দুঃখিতচিত্তা এবং অশ্রুপূর্ণনয়না হইয়া এই কথা বলিলেন—॥৩॥

"মহাবাহু ধর্ম্মজ্ঞ মধুসূদন ! আপনার জানা আছে যে, দুর্য্যোধন তাহার মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া শঠতা অবলম্বন করিয়া পাণ্ডবগণকে রাজ্যসুখ

(৬) যুধিষ্ঠিরস্য দাশার্হ ! তচ্চাপি—বা ব রা নি ।

পঞ্চ নস্তাত। দীয়ন্তাং গ্রামা ইতি মহাত্মতে।।
অবিস্থলং বৃকস্থলং মাকন্দীং বারণাবতম্ ॥৭॥
অবসানং মহাবাহো! কঞ্চিদেকঞ্চ পঞ্চমম্।
ইতি দুর্য্যোধনো বাচ্যঃ সুহৃদশ্চাস্য কেশব। ॥৮॥ (যুগ্মকম্)
ন চাপি হ্যকরোদ্বাক্যং শ্রুত্বা কৃষ্ণ! সুযোধনঃ।
যুধিষ্ঠিরস্য দাশার্হ! হ্রীমতঃ সন্ধিমিচ্ছতঃ ॥৯॥
অপ্রদানেন রাজ্যস্য যদি কৃষ্ণ! সুযোধনঃ।
সন্ধিমিচ্ছেন্ন কর্ত্তব্যং তত্র গত্বা কথঞ্চন ॥১০॥
শক্ষ্যন্তি হি মহাবাহো! পাণ্ডবাঃ সৃঞ্জয়ৈঃ সহ।
ধার্ত্তরাষ্ট্রবলং ঘোরং ক্রুদ্ধং প্রতিসমাসিতুম্ ॥১১॥

ভারতকৌমুদী

অথ যুধিষ্ঠিরেণ সঞ্জয়ঃ কিমুক্ত ইত্যনুবদতি—পঞ্চেতি। হে তাত! বৎস। দুর্য্যোধন।। অবসানম্ অবশিষ্টম্। একং গ্রামম্, দেহীতি শেষঃ ॥৭—৮॥

নেতি। হ্রীমতঃ যুদ্ধেন নিষ্ঠুরকার্য্যকরণে লজ্জাবতঃ ॥৯॥

অপ্রেতি। তদা তৎ সন্ধানং ন কর্ত্তব্যম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞস্থিতি ॥১॥ স্বসিতায়তমূর্দ্ধজা অতিকৃষ্ণা দীর্ঘাশ্চ কেশা যস্যাঃ ॥২—৪॥ মন্ত্রং শমপ্রধানম্ ॥৫—১০॥ প্রতিসমাসিতুং প্রতিপক্ষতয়া স্থাতুম্ ॥১১॥ কশ্চন অর্থঃ শমোপায়ঃ শক্যঃ

হইতে বিচ্যুত কবিযাছে; জনার্দ্দন! তাহাব পর রাজা ধৃতবাষ্ট্র নির্জ্জনে নিজের মন্ত্রণা শুনাইয়া সঞ্জয়কে যে পাঠাইয়া দিয়াছিলেন, তাহাও আপনাব বিদিত আছে; তৎপরে যুধিষ্ঠিব সঞ্জয়েব সহিত মিলিত হইয়া তাহাকে যাহা বলিয়াছিলেন, সে সমস্তও আপনি শুনিয়াছেন ॥৪ ৬॥

(যুধিষ্ঠির সঞ্জয়কে বলিয়াছিলেন যে,) 'বৎস! মহাবল দুর্য্যোধন! তুমি আমাদিগকে পাঁচখানিমাত্র গ্রাম দান কব; অবিস্থল, বৃকস্থল, মাকন্দী, বারণাবত এবং অবশিষ্ট পঞ্চম যে কোন একখানি গ্রাম আমাদিগকে দান কর' এই কথা দুর্য্যোধনকে ও তাহাব বন্ধুবর্গকে বলিও ॥৭—৮॥

কিন্তু যদুনন্দন কৃষ্ণ! দুর্য্যোধন, লজ্জাশীল ও সন্ধিপ্রার্থী যুধিষ্ঠিরের সে কথা শুনিয়াও তাহা রক্ষা কবে নাই ॥৯॥

অতএব 'কৃষ্ণ! দুর্য্যোধন যদি রাজ্য না দিয়াই সন্ধি করিবার ইচ্ছা করে, তবে আপনি সেখানে যাইয়া কোন প্রকারেই সন্ধি কবিবেন না ॥১০॥

(৯).. হ্রীমতঃ সন্ধিমিচ্ছতঃ—বা ব রা নি।

নহি সাম্না ন দানেন শক্যোঽর্থস্তেষু কশ্চন।
তস্মাত্তেষু ন কর্ত্তব্যা কৃপা তে মধুসূদন! ॥১২॥
সাম্না দানেন বা কৃষ্ণ। যে ন শাম্যন্তি শত্রবঃ।
যোক্তব্যস্তেষু দণ্ডঃ স্যাজ্জীবিতং পরিরক্ষতা ॥১৩॥
তস্মাত্তেষু মহাদণ্ডঃ ক্ষেপ্তব্যঃ ক্ষিপ্রমচ্যুত!।
ত্বয়া চৈব মহাবাহো! পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥১৪॥
এতৎ সমর্থং পার্থানাং তব চৈব যশস্করম্।
ক্রিয়মাণং ভবেৎ কৃষ্ণ! ক্ষত্রস্য চ সুখাবহম্ ॥১৫॥
ক্ষত্রিয়েণ হি হন্তব্যঃ ক্ষত্রিয়ো লোভমাস্থিতঃ।
অক্ষত্রিয়ো বা দাশার্হ। স্বধর্ম্মমনুতিষ্ঠতা ॥১৬॥

ভারতকৌমুদী

শক্যন্তীতি। হি যস্মাৎ। প্রতিসমাসিতুং প্রতিক্ষেপ্তুম্। অসেঃ প্রয়োগঃ। ১১
নহীতি। অর্থঃ সাধয়িতুমিতি শেষঃ ॥১২॥
সাম্নেতি। যোক্তব্যো বিধাতব্যঃ পরিরক্ষতা পরিরক্ষিতুমিচ্ছতা ॥১৩॥
তস্মাদিতি। তেষু দুর্য্যোধনাদিষু ॥১৪॥
এতদিতি। এতৎ কৌরবেষু মহাদণ্ডক্ষেপণম্, পার্থানাং সমর্থমুচিতম্ ॥১৫॥

কারণ, মহাবাহু! পাণ্ডবেরা সৃঞ্জয়গণের সহিত মিলিত হইয়া ভয়ঙ্কর ও ক্রুদ্ধ দুর্য্যোধনের সৈন্য সংহার করিতে সমর্থ হইবেন ॥১১॥

মধুসূদন! সাম কিংবা দানদ্বারা ধার্ত্তরাষ্ট্রগণের নিকটে কোন বিষয়ই সাধন করা যাইবে না, অতএব আপনি তাহাদের উপরে দয়া করিবেন না ॥১২॥

কৃষ্ণ! যে সকল শত্রু, সাম বা দানদ্বারা শান্ত না হয়, তাহাদের উপরে দণ্ডপ্রয়োগ করাই জীবনরক্ষার্থীর উচিত ॥১৩॥

অতএব মহাবাহু কৃষ্ণ! আপনি পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত মিলিত হইয়া ধার্ত্তরাষ্ট্রগণের উপরে সত্বরই গুরুতর দণ্ড প্রয়োগ করুন ॥১৪॥

কৃষ্ণ! এই কার্য্যটা করা পাণ্ডবগণেরও উচিত, আপনারও যশস্কর, ক্ষত্রিয়-জাতিরও সুখজনক ॥১৫॥

যদুনন্দন! ক্ষত্রিয়ই হউক বা ক্ষত্রিয়ভিন্ন বর্ণই হউক, যদি লোভী হয়, তবে তাহাকে বধ করা স্বধর্ম্মানুষ্ঠায়ী ক্ষত্রিয়ের অবশ্য কর্ত্তব্য; কিন্তু ব্রাহ্মণ

অন্যত্র ব্রাহ্মণাত্তাত। সর্ব্বপাপেষ্ববস্থিতাৎ।
গুরুর্হি সর্ব্ববর্ণানাং ব্রাহ্মণঃ প্রসৃতাগ্রভুক্ ॥১৭॥ (যুগ্মকম্)
যথাঽবধ্যে ভবেদ্দোষো বধ্যমানে জনার্দ্দন।।
স বধ্যস্যাবধে দৃষ্ট ইতি ধর্ম্মবিদো বিদুঃ ॥১৮॥
যথা ত্বাং ন স্পৃশেদেষ দোষঃ কৃষ্ণ। তথা কুরু।
পাণ্ডবৈঃ সহ দাশার্হ। সৃঞ্জয়ৈশ্চ সসৈনিকৈঃ ॥১৯॥
পুনরুক্তঞ্চ বক্ষ্যামি বিশ্রম্ভেণ জনার্দ্দন।।
কা তু সীমন্তিনী মাদৃক্ পৃথিব্যামস্তি কেশব। ॥২০॥
সুতা দ্রুপদরাজস্য বেদিমধ্যাৎ সমুত্থিতা।
ধৃষ্টদ্যুম্নস্য ভগিনী তব কৃষ্ণ। প্রিয়া সখী ॥২১॥
আজমীঢ়কুলং প্রাপ্তা স্নুষা পাণ্ডোর্মহাত্মনঃ।
মহিষী পাণ্ডুপুত্রাণাং পঞ্চেন্দ্রসমবর্চ্চসাম্ ॥২২॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয়েণেতি। আস্থিত আশ্রিতঃ। হে তাত। বৎস। কৃষ্ণাপেক্ষয়া জ্যেষ্ঠযোর্যুধিষ্ঠির-ভীমসেনযোঃ পত্নীত্বাদীদৃশং সম্বোধনম্। প্রসৃতানাং দত্তানামগ্রং ভুঙ্‌ক্তে ইতি সঃ ॥১৬—১৭॥
যথেতি। অবধ্যে বধ্যমানে যথা দোষঃ শক্তিমতঃ পাপম্ ॥১৮॥
যথেতি। স্পৃশেৎ সংবধ্নীয়াৎ ॥১৯॥
পুনরিতি। বিশ্রম্ভেণ বিশ্বাসেন। সীমন্তিনী স্ত্রী ॥২০॥
সুতেতি। বেদিমধ্যাৎ যজ্ঞীয়বেদিমধ্যস্থানাৎ। ভর্ত্তুরর্জ্জুনস্য সখ্যাৎ সখ্যম্ ॥২১॥
আজেতি। আজমীঢকুলং কুরুবংশম্। স্নুষা পুত্রবধূঃ ॥২২॥

সকল পাপে লিপ্ত থাকিলেও তাঁহাকে বধ করা উচিত নহে। কারণ, ব্রাহ্মণ সকল বর্ণেরই গুরু এবং দানীয় দ্রব্যের অগ্রভাগভোজী ॥১৬—১৭॥

জনার্দ্দন! ধর্ম্মজ্ঞেরা জানেন যে, অবধ্যকে বধ করিলে যেমন দোষ হয়, বধ্যকে বধ না করিলেও তেমনই দোষ হয় ॥১৮॥

অতএব যদুনন্দন কৃষ্ণ! যাহাতে এই দোষ আপনাকে স্পর্শ না করে, আপনি সৈন্যসমন্বিত—পাণ্ডব ও সৃঞ্জয়দের সঙ্গে মিলিত হইয়া তাহাই করুন ॥১৯॥

জনার্দ্দন কেশব! আমি বিশ্বাসবশতঃ পুনরুক্তরূপে বলিব—পৃথিবীতে আমার মত নারী কে আছে? ॥২০॥

কৃষ্ণ! আমি বেদিমধ্য হইতে উঠিয়াছি, দ্রুপদরাজার কন্যা, ধৃষ্টদ্যুম্নের ভগিনী এবং আপনার প্রিয়সখী ॥২১॥

সুতা মে পঞ্চভির্বীরৈঃ পঞ্চ জাতা মহারথাঃ।
অভিমন্যুর্যথা কৃষ্ণ! যথা তে তব ধর্ম্মতঃ ॥২৩॥
সাহং কেশগ্রহং প্রাপ্তা পরিক্লিষ্টা সভাং গতা।
পশ্যতাং পাণ্ডুপুত্রাণাং ত্বয়ি জীবতি কেশব! ॥২৪॥
জীবৎসু পাণ্ডুপুত্রেষু পাঞ্চালেষ্বথ বৃষ্ণিষু।
দাসীভূতাস্মি পাপানাং সভামধ্যে ব্যবস্থিতা ॥২৫॥
নিরমর্ষেষ্বচেষ্টেষু প্রেক্ষ্যমাণেষু পাণ্ডুষু।
পাহি মামিতি গোবিন্দ! মনসা চিন্তিতোঽসি মে ॥২৬॥
যত্র মাং ভগবন্! রাজা শ্বশুরো বাক্যমব্রবীৎ।
বরং বৃণীষ্ব পাঞ্চালি! বরার্হাসি মতা মম ॥২৭॥

ভারতকৌমুদী

সুতা ইতি। ধর্ম্মতো ন্যায়তঃ। পাণ্ডবানাং পিতৃষ্বস্রীয়ত্বাৎ পুত্রস্থানীয়া ইত্যর্থঃ ॥২৩॥
সেতি। কেশগ্রহং দুঃশাসনকর্তৃককেশাকর্ষণম্। সভাং দ্যূতসভাম্ ॥২৪॥
জীবৎস্বিতি। দাসীভূতা দাসীবদ্ব্যবহারপাত্রীভূতা, পাপানাং দুর্য্যোধনাদীনাম্ ॥২৫॥
নিরিতি। নিরমর্ষেষু ক্রোধশূন্যেষু। পাণ্ডুষু পাণ্ডবেষু। মে ময়া ॥২৬॥
যত্রেতি। শ্বশুরো ধৃতরাষ্ট্রঃ। বরার্হা বরদানযোগ্যা ॥২৭॥

আর অজমীঢ়বংশে আসিয়াছি এবং মহাত্মা পাণ্ডুর পুত্রবধূ ও পঞ্চ ইন্দ্রতুল্য তেজস্বী পঞ্চ পাণ্ডবের মহিষী হইয়াছি ॥২২॥

তা'র পর, মহাবীর পঞ্চ পাণ্ডবের ঔরসে আমার মহারথ পঞ্চ পুত্র জন্ম গ্রহণ করিয়াছে, তাহারা আপনার নিকটে ধর্ম্ম অনুসারে অভিমন্যুরই তুল্য ॥২৩॥

কিন্তু কেশব! পাণ্ডবগণের সমক্ষে এবং আপনি জীবিত থাকিতে সেই আমি দুঃশাসনের হস্তে কেশাকর্ষণভোগ করিয়াছি, নানাবিধ কষ্ট পাইয়াছি এবং সভায় উপস্থিত হইয়াছি ॥২৪॥

এবং পাণ্ডবগণ, পাঞ্চালগণ ও বৃষ্ণিবংশীয়গণ জীবিত থাকিতে আমি সভার মধ্যে থাকিয়া পাপিষ্ঠগণের ব্যবহারে দাসীর ন্যায় হইয়াছি ॥২৫॥

তা'র পর, পাণ্ডবেরা ক্রোধশূন্য ও নিশ্চেষ্ট হইয়া দেখিতে থাকিলে, 'হে গোবিন্দ! আমাকে রক্ষা করুন' এই কথা বলিয়া আমি আপনাকে স্মরণ করিয়াছিলাম ॥২৬॥

যদুনাথ! আমার শ্বশুর রাজা (ধৃতরাষ্ট্র) যখন আমাকে এই কথা বলিয়া-

(২৭) ..ভগবান্ রাজা—বা ব রা নি।

অদাসাঃ পাণ্ডবাঃ সন্তু সরথাঃ সায়ুধা ইতি ।
ময়োক্তে যত্র নির্ম্মুক্তা বনবাসায় মাধব ! ॥২৮॥
এবংবিধানাং দুঃখানামভিজ্ঞোঽসি জনার্দ্দন ! ।
ত্রায়স্ব পুণ্ডরীকাক্ষ ! সভর্ত্তৃজ্ঞাতিবান্ধবান্ ॥২৯॥
নন্বহং কৃষ্ণ ! ভীষ্মস্য ধৃতরাষ্ট্রস্য চোভয়োঃ ।
স্নুষা ভবামি ধর্ম্মেণ সাহং দাসীকৃতা বলাৎ ॥৩০॥
ধিক্ পার্থস্য ধনুষ্মত্তাং ভীমসেনস্য ধিগ্‌বলম্ ।
যত্র দুর্য্যোধনঃ কৃষ্ণ ! মুহূর্ত্তমপি জীবতি ॥৩১॥
যদি তেঽহমনুগ্রাহ্যা যদি তেঽস্তি কৃপা ময়ি ।
ধার্ত্তরাষ্ট্রেষু বৈ কোপঃ সর্ব্বঃ কৃষ্ণ ! বিধীয়তাম্ ॥৩২॥

ভারতকৌমুদী

অদাসা ইতি। নির্ম্মুক্তা দাস্যাদ্বিচ্যুতাঃ, বনবাসায় প্রস্থিতা ইতি শেষঃ ॥২৮॥
এবমিতি। ত্রায়স্ব দুর্য্যোধনাদীনাং বধেন রক্ষ ॥২৯॥
নন্বিতি। সম্বোধনে নন্বশব্দঃ। ধর্ম্মেণ ন্যায়েন ॥৩০॥
ধিগিতি। ধনুষ্মত্তাং প্রশস্তধানুষ্কত্বম্ ॥৩১॥
স্ববক্তব্যমুপসংহরতি যদীতি। বিধীযতাং ত্বযেতি শেষঃ ॥৩২॥

ছিলেন—'পাঞ্চালি ! তুমি ববদানেব যোগ্য বলিযা আমি মনে কবি ; সুতরাং তুমি বব গ্রহণ কর' ॥২৭॥

মাধব ! 'বথ ও অস্ত্রেব সহিত পাণ্ডবেবা দাসত্ব হইতে মুক্ত হউন' আমি এই কথা বলিলে, পাণ্ডবেরা যখন দাসত্বমুক্ত হইযা বনবাসের জন্য প্রস্থান কবিয়াছিলেন ॥২৮॥

জনার্দ্দন পুণ্ডবীকাক্ষ ! আপনি আমাদের এইরূপ সকল দুঃখই জানেন ; অতএব ভর্ত্তা, জ্ঞাতি ও বন্ধুবর্গেব সহিত আমাদিগকে রক্ষা করুন ॥২৯॥

কৃষ্ণ ! আমি ধর্ম্ম অনুসাবে ভীষ্ম ও ধৃতবাষ্ট্র—দুই জনেবই পুত্রবধূ হই ; তথাপি পাপিষ্ঠেরা বলপূর্ব্বক আমাব উপবে দাসীব ন্যায় ব্যবহার করিয়াছিল ॥৩০॥

অতএব কৃষ্ণ ! অর্জ্জুনেব ধনুর্দ্ধবত্বেও ধিক্, ভীমের বাহুবলেও ধিক্। যেহেতু সেই দুর্য্যোধন মুহূর্ত্তকালও জীবিত রহিয়াছে ॥৩১॥

সুতরাং কৃষ্ণ ! আমি যদি আপনাব অনুগ্রহের পাত্র হই এবং আপনাব

---

(২৮)…বনবাসায় কেশব !—বা ব রা নি ।

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা মৃদুসংহারং বৃজিনাগ্রং সুদর্শনম্।
সুনীলমসিতাপাঙ্গী সর্ব্বগন্ধাধিবাসিতম্ ॥৩৩॥
সর্ব্বলক্ষণসম্পন্নং মহাভুজগবর্চ্চসম্।
কেশপক্ষং বরারোহা গৃহ্য বামেন পাণিনা ॥৩৪॥
পদ্মাক্ষী পুন্দরীকাক্ষমুপেত্য গজগামিনী।
অশ্রুপূর্ণেক্ষণা কৃষ্ণা কৃষ্ণং বচনমব্রবীৎ ॥৩৫॥ (বিশেষকম্)
অয়ন্তু পুণ্ডরীকাক্ষ। দুঃশাসনকরোদ্ধৃতঃ।
স্মর্ত্তব্যঃ সর্ব্বকার্য্যেষু পরেষাং সন্ধিমিচ্ছতা ॥৩৬॥
যদি ভীমার্জ্জুনৌ কৃষ্ণ। কৃপণৌ সন্ধিকামুকৌ।
পিতা মে যোৎস্যতে বৃদ্ধঃ সহ পুত্রৈর্মহারথৈঃ ॥৩৭॥

ভাবতকৌমুদী

ইতীতি। মৃদুঃ কেশানাং কোমলত্বাদেব কোমলঃ সংহ্রিয়ত ইতি সংহারো বেণী যস্য তম্, বৃজিনাগ্রং বক্রাগ্রভাগম্, "বৃজিনং কল্মষে ক্লীবং কেশে না কুটিলে ত্রিষু" ইতি মেদিনী, সুদর্শনং সুন্দরম্। কেশপক্ষং কেশপাশম্, গৃহ্য গৃহীত্বা। পুণ্ডরীকাক্ষং পদ্মপলাশনয়নম্ ॥৩৩—৩৫॥

অযমিতি। অয়ং কেশপক্ষঃ। পবেষাং বিপক্ষাণাং ভবনে ত্বযেতি শেষঃ ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

কর্ত্তুমিতি শেষঃ ॥১২—১৪॥ সমর্থং যুক্তম্ ॥১৫—১৬॥ প্রসৃতং প্রদত্তঞ্চ তদগ্রাঞ্চ তস্য ভোক্তা প্রসৃতাগ্রভুক্ পূজ্য ইত্যর্থঃ ॥১৭—৩২॥ মৃদুসংহারং বেণীরূপেণ সমাহৃতমপি মৃদুং বৃজিনাগ্রং কুটিলাগ্রং কেশবৎ সূক্ষ্মাগ্রং বা। "বৃজিনঃ কুটিলেঽন্যবৎ" ইতি বিশ্বঃ। সুদর্শনং

যদি আমাব উপবে দয়া থাকে, তবে আপনি আপনাব সকল ক্রোধই ধার্ত্তবাষ্ট্রগণের উপবে প্রযোগ করুন" ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া নীলনযনপ্রান্তা, ববাবোহা, পদ্মনয়না ও গজগামিনী দ্রৌপদী অশ্রুপূর্ণনযনে পুণ্ডবীকাক্ষ কৃষ্ণেব নিকটে যাইযা বামহস্তদ্বারা কোমলবেণি, কুটিলাগ্র, মনোহব, গাঢ়কৃষ্ণবর্ণ, সর্ব্বসৌবভশালী, সর্ব্বসুলক্ষণযুক্ত ও মহাসর্পেব ন্যায় কান্তিসম্পন্ন কেশকলাপ ধারণ কবিযা বলিতে লাগিলেন—॥৩৩--৩৫॥

"কৃষ্ণ। আপনি সন্ধিব জন্য হস্তিনায যাইয়া সকল কার্য্যেব সমযেই দুঃশাসনকরাকৃষ্ট আমাব এই কেশকলাপ স্মবণ করিবেন ॥৩৬॥

---

(৩৬) অয়ন্তে—বা ব রা নি,···সন্ধিমিচ্ছতাম্—নি। (৩৭) পিতা মে যোৎস্যতে কৃষ্ণ।—পি।

পঞ্চ চৈব মহাবীর্য্যাঃ পুত্রা মে মধুসূদন।।
অভিমন্যুং পুরস্কৃত্য যোৎস্যন্তে কুরুভিঃ সহ ॥৩৮॥
দুঃশাসনভুজং শ্যামং সংছিন্নং পাংশুগুণ্ঠিতম্।
যদ্যহন্তু ন পশ্যামি কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৯॥
ত্রয়োদশ হি বর্ষাণি প্রতীক্ষন্ত্যা গতানি মে।
নিধায় হৃদয়ে মন্যুং প্রদীপ্তমিব পাবকম্ ॥৪০॥
বিদীর্য্যতে মে হৃদয়ং ভীমবাক্‌শল্যপীড়িতম্।
যোঽয়মদ্য মহাবাহুর্ধর্ম্মং সমনুপশ্যতি ॥৪১॥
ইত্যুক্ত্বা বাষ্পরুদ্ধেন কণ্ঠেনায়তলোচনা।
রুরোদ কৃষ্ণা সোৎকম্পং সস্বরং বাষ্পগদ্‌গদম্ ॥৪২॥

ভারতকৌমুদী

যদীতি। কৃপণৌ যুদ্ধকুণ্ঠিতৌ। পিতা দ্রুপদঃ। পুত্রৈর্ধৃষ্টদ্যুম্নাদিভিঃ ॥৩৭॥
পঞ্চেতি। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য ॥৩৮॥
দুঃশাসনেতি। পাংশুগুণ্ঠিতং ধূলিসমাবৃতম্ ॥৩৯॥
ত্রয়োদশেতি। প্রতীক্ষন্ত্যাঃ প্রতীক্ষমাণায়াঃ। মন্যুং ক্রোধম্ ॥৪০॥
বিদীর্য্যত ইতি। সমনুপশ্যতি ধর্ম্মসন্দর্শনাৎ সন্ধিমিচ্ছতীত্যর্থঃ ॥৪১॥

কৃষ্ণ! ভীম ও অর্জ্জুন যুদ্ধে কুণ্ঠিত হইয়া যদি সন্ধির কামনাই করেন, তবে আমার বৃদ্ধ পিতা আপন মহারথ পুত্রগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবেন ॥৩৭॥

আর আমার মহাবীর পঞ্চ পুত্র অভিমন্যুকে অগ্রবর্ত্তী করিয়া কৌরবগণের সহিত যুদ্ধ করিবে ॥৩৮॥

দুঃশাসনের শ্যামবর্ণ বাহুখানাকে ছিন্ন ও ধূলিবেষ্টিত অবস্থায় যদি আমি দেখিতে না পাই, তবে আমার মনের কি শান্তি হইবে? ॥৩৯॥

আমি প্রজ্বলিত অগ্নির ন্যায় ক্রোধকে হৃদয়ের ভিতরে রাখিয়া সময়ের প্রতীক্ষা করিতেছিলাম, এই অবস্থায় তেরটা বৎসর অতীত হইয়াছে ॥৪০॥

কিন্তু আজ ভীমসেনের সন্ধিসম্বন্ধি-বাক্যশল্যে পীড়িত হইয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে; যে মহাবাহু এখন ধর্ম্মের দিকে দৃষ্টিপাত করিতেছেন" ॥৪১॥

এই কথা বলিয়া আয়তনয়না ও পীবরনিতম্বা দ্রৌপদী দ্রবীভূত হৃদয়ের ন্যায় অত্যুষ্ণ নয়নজল বিসর্জ্জন করিতে থাকিয়া এবং তাহাদ্বারা সম্মিলিত

(৩৯)...পাংশুকুণ্ঠিতম্—নি। (৪০)...বিধায় হৃদয়ে—বা ব রা নি। (৪)...ধর্ম্মমেবানুপশ্যতি—বা ব রা নি। (৪২)...বাষ্পপূর্ণেন—পি।

স্তনৌ পীনায়তশ্রোণী সহিতাবভিবর্ষতী।
দ্রবীভূতমিবাত্যুষ্ণং মুঞ্চন্তী বারি নেত্রজম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
তামুবাচ মহাবাহুঃ কেশবঃ পরিসান্ত্বয়ন্।
অচিরাদ্দ্রক্ষ্যসে কৃষ্ণে! রুদতীর্ভরতস্ত্রিয়ঃ ॥৪৪॥
এবং তা ভীরু! রোৎস্যন্তি নিহতজ্ঞাতিবান্ধবাঃ।
হতমিত্রা হতবলা যেষাং ক্রুদ্ধাসি ভাবিনি! ॥৪৫॥
অহঞ্চ তৎ করিষ্যামি ভীমার্জ্জুনযমৈঃ সহ।
যুধিষ্ঠিরনিয়োগেন দৈবাচ্চ বিধিনির্ম্মিতাৎ ॥৪৬॥
ধার্ত্তরাষ্ট্রাঃ কালপক্কা ন চেচ্ছৃণ্বন্তি মে বচঃ।
শেষ্যন্তে নিহতা ভূমৌ শ্বশৃগালাদনীকৃতাঃ ॥৪৭॥
চলেদ্ধি হিমবান্ শৈলো মেদিনী শতধা ভবেৎ।
দ্যৌঃ পতেচ্চ সনক্ষত্রা ন মে মোঘং বচো ভবেৎ ॥৪৮॥

ভারতকৌমুদী

ইতীতি। কৃষ্ণা দ্রৌপদী। পীনে আয়তে চ শ্রোণ্যৌ নিতম্বৌ যস্যাঃ সা ॥৪২—৪৩॥
তামিতি। দ্রক্ষ্যসে দ্রক্ষ্যসি। ভরতস্ত্রিয়ঃ কৌরবনারীঃ ॥৪৪॥
এবমিতি। রোৎস্যন্তি রোদিষ্যন্তি। যেষাং কৌরবাণামুপরি ॥৪৫॥
অহমিতি। যমৌ নকুলসহদেবৌ। বিধিনির্ম্মিতাৎ বিধাতৃপ্রযোজিতাৎ ॥৪৬॥
ধার্ত্তেতি। শেষ্যন্তে শয়িষ্যন্তে। শ্বশৃগালানাম্ অদনীকৃতাঃ খাদ্যীকৃতাঃ ॥৪৭॥
চলেদিতি। শতধা বিদীর্ণেতি শেষঃ। দ্যৌরাকাশম্ ॥৪৮॥

স্তনযুগলকে সিক্ত কবতঃ বাষ্পরুদ্ধ কণ্ঠে অশ্রুগদ্গদভাবে, কম্পিত দেহে ও মুক্তকণ্ঠে রোদন কবিতে লাগিলেন ॥৭২—৪৩॥

তখন মহাবাহু কৃষ্ণ দ্রৌপদীকে আশ্বস্ত কবিবাব জন্য বলিলেন—"দ্রৌপদি! তুমি অচিবকালমধ্যেই কৌববরমণীগণকে বোদন কবিতে দেখিবে ॥৪৪॥

ভীরু! ভাবিনি! তুমি যাহাদেব উপবে ক্রুদ্ধ হইযাছ, তাহাদেব জ্ঞাতি, বন্ধু, মিত্র ও সৈন্য নিহত হইলে, তাহাদেব ভার্য্যারাও এইরূপই বোদন করিবে ॥৪৫॥

যুধিষ্ঠিবেব আদেশে এবং বিধাতৃপ্রেরিত অদৃষ্ট অনুসাবে ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবেব সহিত মিলিত হইয়া আমিই তাহা কবিব ॥৪৬॥

কালপক্ক ধার্ত্তবাষ্ট্রগণ যদি আমাব কথা না শোনে, তবে তাহাবা নিহত এবং শৃগাল ও কুকুরেব খাদ্য হইযা ভূতলে শযন কবিবে ॥৪৭॥

---

(৪৫)…ক্রুদ্ধাসি ভামিনী—বা ব রা নি।

সত্যং তে প্রতিজানামি কৃষ্ণে। বাষ্পো নিগৃহ্যতাম্।
হতামিত্রান্ শ্রিয়া যুক্তানচিরাদ্‌দ্রক্ষ্যসে পতীন্ ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে দ্রৌপদীকৃষ্ণবাক্যে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—○○—

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—○○—

অর্জ্জুন উবাচ।
কুরূণামদ্য সর্ব্বেষাং ভবান্ সুহৃদনুত্তমঃ।
সম্বন্ধী দয়িতো নিত্যমুভয়োঃ পক্ষয়োরপি ॥১॥

ভারতকৌমুদী

সত্যমিতি। নিগৃহ্যতাং নিরুধ্যতাম্। হতামিত্রান্ বিনাশিতশত্রূন্ ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—○—

কুরূণামিতি। ন বিদ্যতে উত্তমো যস্মাৎ সঃ। সম্বন্ধী পাণ্ডবানাং মাতুলপুত্রত্বাৎ কৃষ্ণ-
পুত্রেণ শাম্বেন দুর্য্যোধনকন্যাপরিণয়াদ্দুর্য্যোধনাদীনাঞ্চ বৈবাহিকত্বাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

রমণীয়ম্ ॥৩৩—৪০॥ হে ভীম। শত্রুভযঙ্কর কৃষ্ণ। যোঽযং ভবান্ ॥৪১—৪২॥ অত্যুষ্ণং বহ্নিম্ ॥৪৩—৪৪॥ রোৎস্যন্তি রোদিষ্যন্তি ॥৪৫—৪৯॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

—○—

হিমালয়পর্ব্বত যদি স্থানভ্রষ্ট হয়, পৃথিবী যদি শতধা বিদীর্ণ হয় এবং নক্ষত্রসমূহের সহিত আকাশমণ্ডল যদি পতিত হয়, তথাপি আমার কথা ব্যর্থ হইবে না ॥৪৮॥

দ্রৌপদি! তুমি অশ্রুসংবরণ কর; আমি তোমার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি—তুমি অচিরকালমধ্যে আপন পতিদিগকে হতশত্রু ও রাজলক্ষ্মী-যুক্ত অবস্থায় দেখিতে পাইবে” ॥৪৯॥

—○—

---

* '...দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ'—বা ব বা, '...একাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

পাণ্ডবৈর্ধার্ত্তরাষ্ট্রাণাং প্রতিপাদ্যমনাময়ম্।
সমর্থঃ প্রশমঞ্চৈব কর্ত্তুমর্হসি কেশব। ॥২॥
ত্বমিতঃ পুণ্ডরীকাক্ষ। দুর্য্যোধনমমর্ষণম্।
শান্ত্যর্থং ভ্রাতরং ব্রূয়া যুক্তবাক্যমমিত্রহন্। ॥৩॥
ত্বয়া ধর্ম্মার্থযুক্তঞ্চেদুক্তং শিবমনাময়ম্।
হিতং নাদাস্যতে বালো দিষ্টস্য বশমেষ্যতি ॥৪॥
শ্রীভগবানুবাচ।
ধর্ম্ম্যমস্মদ্ধিতঞ্চৈব কুরূণাং যদনাময়ম্।
এষ যাস্যামি রাজানং ধৃতরাষ্ট্রমভীপ্সয়া ॥৫॥

ভারতকৌমুদী

তত আহ—পাণ্ডবৈরিতি। হে কেশব! ত্বয়া পাণ্ডবৈঃ সহ ধার্ত্তরাষ্ট্রাণাম্, অনাময়ং সন্ধিনিবন্ধনং মঙ্গলম্, প্রতিপাদ্যং সম্পাদনীয়ম্। সমর্থঃ শক্তিমাংশ্চ ত্বম্, প্রশমং শান্তিঞ্চ কর্ত্তুমর্হসি, দ্বেষাদীনাং চিরনিবারণাদিত্যাশয়ঃ ॥২॥

ত্বমিতি। ইতঃ অস্মাৎ স্থানাদ্‌গত্বেতি শেষঃ। হে অমিত্রহন্! শত্রুনাশক! ॥৩॥

ত্বয়েতি। শিবং মঙ্গলময়ম্, অনাময়ং সন্তাপনাশকম্। নাদাস্যতে ন গ্রহীষ্যতি, বালো মূর্খো দুর্য্যোধনঃ, দিষ্টস্য কালস্য মৃত্যোরিত্যর্থঃ ॥৪॥

ধর্ম্ম্যমিতি। যদনাময়ং মঙ্গলম্, তদ্বক্তুমিতি শেষঃ, অভীপ্সয়া ইচ্ছয়া ॥৫॥

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ! তুমি আজ সমস্ত কৌরবেরই সর্ব্বশ্রেষ্ঠ সুহৃৎ এবং উভয়পক্ষেরই সম্পর্কশালী ও সর্ব্বদা প্রিয় ॥১॥

অতএব কেশব! পাণ্ডবগণের সহিত ধার্ত্তরাষ্ট্রগণের মঙ্গল সম্পাদন করা তোমার কর্ত্তব্য এবং তুমি শক্তিমান্ বলিয়া শান্তিস্থাপন করিতেও সমর্থ ॥২॥

সুতরাং শত্রুনাশক পুণ্ডরীকাক্ষ! তুমি এ স্থান হইতে যাইয়া শান্তির জন্য আমাদের ভ্রাতা অসহিষ্ণু দুর্য্যোধনের নিকট যুক্তিসঙ্গত কথা বলিও ॥৩॥

ধর্ম্মার্থযুক্ত, মঙ্গলময়, সন্তাপনাশক ও হিতকর বাক্য তুমি বলিলে, মূর্খ দুর্য্যোধন যদি তাহা গ্রাহ্য না করে, তবে সে, কালের (মৃত্যুর) বশবর্ত্তী হইবে" ॥৪॥

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! যাহা ধর্ম্মসঙ্গত, আমাদের হিতকর এবং কৌরবগণেরও মঙ্গলজনক, সেই বাক্য বলিবার জন্যই আমি রাজা ধৃতরাষ্ট্রের নিকট যাইব" ॥৫॥

---

(৩) ··যত্তবাচ্যমমিত্রহন্।—বা ব রা নি।

বৈশম্পায়ন উবাচ।

ততো ব্যপেতে তমসি সূর্য্যে বিমল উদ্গতে।
মৈত্রে মুহূর্ত্তে সংপ্রাপ্তে মৃদ্বর্চ্চিষি দিবাকরে ॥৬॥
কৌমুদে মাসি রেবত্যাং শরদন্তে হিমাগমে।
স্ফীতশস্যমুখে কালে কল্যঃ সত্ত্ববতাং বরঃ ॥৭॥
মঙ্গল্যাঃ পুণ্যনির্ঘোষা বাচঃ শৃণ্বংশ্চ সূনৃতাঃ।
ব্রাহ্মণানাং প্রতীতানামৃষীণামিব বাসবঃ ॥৮॥
কৃত্বা পৌর্ব্বাহ্ণিকং কৃত্যং স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ।
উপতস্থে বিবস্বন্তং পাবকঞ্চ জনার্দ্দনঃ ॥৯॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ, তমসি নিশান্ধকারে, ব্যপেতে অপগতে, বিমলে সূর্য্যে উদ্গতে উদিতে, মৈত্রে মিত্রদেবতাকে দ্বিতীয়ে মুহূর্ত্তে, সংপ্রাপ্তে উপস্থিতে, দিবাকরে, মৃদূনি কোমলানি অর্চ্চীংষি তেজাংসি যস্য তাদৃশে চ স্থিতে সতি। কৌমুদে কার্ত্তিকে মাসি, "কৌমুদঃ স্যাৎ কার্ত্তিকিকে চন্দ্রিকায়াঞ্চ কৌমুদী" ইতি বিশ্বঃ, রেবত্যাং রেবতীনক্ষত্রে। রোহিণীনক্ষত্রজাতস্য গন্তুঃ কৃষ্ণস্য রেবতীনক্ষত্রং সাধকং ভবতীতি তদেব পরিগৃহীতম্, তদানীং চন্দ্রশুদ্ধিশ্চ তস্যেতি ভাবঃ। শরদন্তে শরদৃতোরন্তিমে ভাগে, আশ্বিনকার্ত্তিকয়োঃ শরত্ত্বাৎ "ইষশ্চ উর্জ্জশ্চ শারদাবৃতুঃ" ইতি তিথিতত্ত্বধৃতশ্রুতেঃ। হিমাগমে তুষারপাতোপস্থিতৌ, স্ফীতানি স্থূলীভূতানি শস্যমুখানি ধান্যতৃণোপরিদেশা যস্মিন্ তাদৃশে কালে। কল্যঃ সুস্থদেহঃ, "কল্যং সজ্জে প্রভাতে চ কল্যো নীরোগদক্ষয়োঃ" ইতি বিশ্বঃ, সত্ত্ববতাং বুদ্ধিমতাং বরো জনার্দ্দনঃ, ঋষীণাং বাসব ইন্দ্র ইব, প্রতীতানাং সন্তুষ্টানাং ব্রাহ্মণানাম্, মঙ্গল্যাঃ পুণ্যনির্ঘোষাঃ, সূনৃতাঃ সত্যপ্রিয়াশ্চ বাচ আশীর্বচনানি শৃণ্বন্, স্নাতঃ শুচিঃ সন্, পৌর্ব্বাহ্ণিকং কৃত্যং দেবতাপূজাদিকং কৃত্বা, অলঙ্কৃতশ্চ সন্, বিবস্বন্তং সূর্য্যং স্তবেন, পাবকমগ্নিঞ্চ হোমেন, উপতস্থে যাত্রাশুভসম্পাদনায় উপাসাঞ্চক্রে। এতেন "হেমন্তপ্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে।" ইতি ভারতসাবিত্রীবচনার্থঃ সমর্থিতঃ, এতৎসন্ধিচেষ্টানৈষ্ফল্যানন্তরমেব যুদ্ধারম্ভাৎ ॥৬—৯॥

ভারতভাবদীপঃ

কুরূণামিতি ॥১॥ প্রতিপাদ্যং সম্পাদ্যম্, অনাময়ং কুশলম্ ॥২—৪॥ যাস্যামি তদেব কর্ত্তুমিতি শেষঃ। অভীপ্সয়া প্রাপ্তুমিচ্ছয়া ॥৫॥ বিমলবদ্গতে নির্ম্মলাকাশগে, মৈত্রে জন্মর্ক্ষাদষ্টমতারায়াম্,

---

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর শরৎকালের অন্তিমভাগে হিমপাত আরম্ভ হইলে, ধান ফুলিবার সময়ে কার্ত্তিকমাসে একদিন প্রভাতকালে রাত্রির অন্ধকার দূর হইল, নির্ম্মল সূর্য্য উদয় পাইলেন, তাঁহার কিরণ কোমল বোধ হইতে লাগিল এবং মৈত্রনামক মুহূর্ত্ত উপস্থিত হইল; এমন সময়ে সুস্থদেহ ও অসাধারণ বুদ্ধিমান্ কৃষ্ণ স্নান করিয়া, পবিত্র হইয়া, পূর্ব্বাহ্ণকৃত্য সমাপ্ত

ঋষভং পৃষ্ঠ আলভ্য ব্রাহ্মণানভিবাদ্য চ।
অগ্নিং প্রদক্ষিণং কৃত্বা পশ্যন্ কল্যাণমগ্রতঃ ॥১০॥
তৎ প্রতিজ্ঞায় বচনং পাণ্ডবস্য জনার্দ্দনঃ।
শিনের্নপ্তারমাসীনমভ্যভাষত সাত্যকিম্ ॥১১॥ (যুগ্মকম্)
রথ আরোপ্যতাং শঙ্খশ্চক্রঞ্চ গদয়া সহ।
উপাসঙ্গাশ্চ শক্ত্যশ্চ সর্ব্বপ্রহরণানি চ ॥১২॥
দুর্য্যোধনো হি দুষ্টাত্মা কর্ণশ্চ সহসৌবলঃ।
ন চ শত্রুরবজ্ঞেয়ো দুর্ব্বলোঽপি বলীয়সা ॥১৩॥
ততস্তম্মতমাজ্ঞায় কেশবস্য পুরঃসরাঃ।
প্রসস্রুর্যোজয়িষ্যন্তো রথং চক্রগদাভৃতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ঋষভমিতি। জনার্দ্দনঃ, অগ্রতো ভাবিনি কালে, কল্যাণং পশ্যন্ এভিঃ কর্ম্মভিঃ সম্ভাবয়ন্ সন্, পৃষ্ঠে ঋষভং বৃষম্, আলভ্য স্পৃষ্ট্বা, "লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ। হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ॥" ইতি শুদ্ধিতত্ত্বধৃতস্মৃতেঃ গোর্মঙ্গলরূপত্বাদিতি ভাবঃ। ব্রাহ্মণানভিবাদ্য, অগ্নিং প্রদক্ষিণং কৃত্বা চ, পাণ্ডবস্য যুধিষ্ঠিরস্য, তৎ সন্ধিবিষয়কং বচনং প্রতিজ্ঞায়, শিনের্নপ্তারং পৌত্রম্, আসীনং সাত্যকিমভ্যভাষত ॥১০—১১॥

রথ ইতি। উপাসঙ্গাস্তূণাঃ, শক্ত্যঃ শক্তয়ঃ, সর্ব্বপ্রহরণানি সকলান্যস্ত্রাণি চ ॥১২॥

অথাস্ত্রসংগ্রহঃ কথমিত্যাহ দুর্য্যোধন—ইতি। হি যস্মাৎ। সৌবলঃ শকুনিঃ ॥১৩॥

তত ইতি। পুরঃসরা ভৃত্যাঃ। প্রসস্রুর্জগ্মুঃ। চক্রগদাভৃতঃ কেশবস্য ॥১৪॥

করিয়া এবং অলঙ্কৃত হইয়া—ইন্দ্র যেমন ঋষিদের বাক্য শ্রবণ করেন, সেইরূপ আনন্দিত ব্রাহ্মণগণের মঙ্গলজনক, পবিত্র, সত্য ও প্রিয় বাক্য সকল শ্রবণ করিতে থাকিয়া সূর্য্য ও অগ্নির উপাসনা করিলেন ॥৬—৯॥

তাহার পর কৃষ্ণ ভাবী মঙ্গলের জন্য বৃষস্পর্শ, ব্রাহ্মণগণকে অভিবাদন এবং অগ্নিপ্রদক্ষিণ করিয়া, যুধিষ্ঠিরের সেই সকল বাক্য অনুসারেই কার্য্য করিবেন—ইহা জানাইয়া, শিনির পৌত্র উপবিষ্ট সাত্যকিকে বলিলেন—॥১০—১১॥

"সাত্যকি! আমার রথে শঙ্খ, চক্র, গদা, তূণ, শক্তি ও অন্যান্য-সকল অস্ত্র নিয়া উত্থাপিত কর ॥১২॥

কারণ, দুর্য্যোধন, কর্ণ ও শকুনির অন্তঃকরণ দূষিত এবং শত্রু দুর্ব্বল হইলেও তাহাকে অবজ্ঞা করা প্রবলের উচিত নহে" ॥১৩॥

---

(১৩) দুর্য্যোধনশ্চ—বা ব রা নিঃ।

তং দীপ্তমিব কালাগ্নিমাকাশগমিবাশুগম্‌।
সূর্য্যচন্দ্রপ্রকাশাভ্যাং চক্রাভ্যাং সমলঙ্কৃতম্‌ ॥১৫॥
অর্দ্ধচন্দ্রৈশ্চ চন্দ্রৈশ্চ মৎস্যৈঃ সমৃগপক্ষিভিঃ।
পুষ্পৈশ্চ বিবিধৈশ্চিত্রং মণিরত্নৈশ্চ সর্ব্বশঃ ॥১৬॥
তরুণাদিত্যসঙ্কাশং বৃহন্তং চারুদর্শনম্‌।
মণিহেমবিচিত্রাঙ্গং সুধ্বজং সুপতাকিনম্‌ ॥১৭॥
সূপস্করমনাধৃষ্যং বৈয়াঘ্রপরিবারণম্‌।
যশোঘ্নং প্রত্যমিত্রাণাং যদূনাং নন্দিবর্দ্ধনম্‌ ॥১৮॥
বাজিভিঃ শৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ।
স্নাতৈঃ সম্পাদয়াঞ্চক্রুঃ সম্পন্নৈঃ সর্ব্বসম্পদা ॥১৯॥ (কুলকম্‌)

ভারতকৌমুদী

তমিতি। আকাশগং বিমানমিব, আশুগং দ্রুতগামিনম্‌। অর্দ্ধচন্দ্রাদয়ঃ প্রতিমূর্ত্তয়ঃ। বৃহন্তং বিশালম্‌। শোভনা উপস্করা উপকরণানি যত্র তম্‌, বৈয়াঘ্রং ব্যাঘ্রচর্ম্মপরিবারণং পরিবেষ্টনং যত্র তম্‌। প্রত্যমিত্রাণাং শত্রূণাম্‌। শৈব্যাদীনি বাজিনাং নামানি। সম্পাদয়ামাসুঃ সজ্জীচক্রুঃ, সম্পন্নৈর্যুক্তৈঃ, সর্ব্বসম্পদা সর্ব্বালঙ্কারেণ ॥১৫—১৯॥

ভাবতভাবদীপঃ

দূতস্য হি স্বামিবলেনৈব বলবত্ত্বমিত্যর্থঃ ॥৬॥ কৌমুদে কার্ত্তিকে, রেবত্যাম্‌ অর্জ্জুনস্য ফাল্গুনীজাতস্য রেবতী মৈত্রতারা ভবতীতি প্রসিদ্ধম্‌ ॥৭—১০॥ প্রতিজ্ঞায় অনুস্মৃত্য ॥১১—১৪॥ আকাশগঃ সূর্য্যঃ, আকাশমিব চেতি পাঠে জঙ্গমাকাশতুল্যমিত্যর্থঃ। বিশালত্বাৎ নক্ষত্রোপমরত্নরচিতত্বাচ্চ; তদেবাহ—সূর্য্যেতি ॥১৫—১৭॥ সুপস্করং শোভনৈরুপকরণৈরুপেতম্‌ ॥১৮॥

তাহার পর কৃষ্ণের ভৃত্যেরা তাঁহার অভিপ্রায় বুঝিয়া তাঁহার রথ যোজনা করিবার জন্য ধাবিত হইল ॥১৪॥

সে রথখানা—প্রলয়াগ্নির ন্যায় দীপ্তিমান্‌, বিমানের ন্যায় দ্রুতগামী এবং চন্দ্র ও সূর্য্যের ন্যায় গোল দুইটা চক্রে অলঙ্কৃত ছিল; অর্দ্ধচন্দ্র, চন্দ্র, মৎস্য, পশু, পক্ষী, নানাবিধ পুষ্প ও সর্ব্বপ্রকার মণি-রত্নের চিত্রে বিচিত্র করা হইয়াছিল; তাহার আকৃতি—নবীন সূর্য্যের ন্যায় উজ্জ্বল, বৃহৎ ও সুদৃশ্য ছিল; তাহার সমস্ত অঙ্গে মণি ও স্বর্ণ সন্নিবেশিত এবং যথাস্থানে সুন্দর ধ্বজ ও মনোহর পতাকা উত্তোলিত ছিল; আর তাহাতে সর্ব্বপ্রকার উপকরণ (আসবাব) ও ব্যাঘ্রচর্ম্মের আবরণ ছিল; সেই রথখানা শত্রুগণের দুর্দ্ধর্ষ ও যশোনাশক এবং যাদবগণের আনন্দবর্দ্ধক ছিল। কৃষ্ণের ভৃত্যেরা শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহকনামক চারিটা অশ্বকে স্নানাহার করাইয়া এবং সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত করিয়া আনিয়া সেই রথে সংযোজিত করিল ॥১৫—১৯॥

মহিমানস্তু কৃষ্ণস্য ভূয় এবাভিবর্দ্ধয়ন্।
সুঘোষঃ পতগেন্দ্রেণ ধ্বজেন যুযুজে রথঃ ॥২০॥
তং মেরুশিখরপ্রখ্যং মেঘদুন্দুভিনিস্বনম্।
আরুরোহ রথং শৌরির্বিমানমিব কামগম্ ॥২১॥
ততঃ সাত্যকিমারোপ্য প্রযযৌ পুরুষোত্তমঃ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ রথঘোষেণ নাদয়ন্ ॥২২॥
ব্যপোঢ়াভ্রস্ততঃ কালঃ ক্ষণেন সমপদ্যত।
শিবশ্চানুববৌ বায়ুঃ প্রশান্তমভবদ্রজঃ ॥২৩॥
প্রদক্ষিণানুলোমাশ্চ মঙ্গল্যা মৃগপক্ষিণঃ।
প্রয়াণে বাসুদেবস্য বভূবুরনুযায়িনঃ ॥২৪॥
মঙ্গল্যার্থপ্রদৈঃ শব্দৈরন্ববর্ত্তন্ত সর্ব্বশঃ।
সারসাঃ শতপত্রাশ্চ হংসাশ্চ মধুসূদনম্ ॥২৫॥

ভারতকৌমুদী

মহিমানমিতি। ভূয়ো বহুলমেব। সুঘোষঃ সুন্দরগম্ভীরনাদঃ, পতগেন্দ্রেণ গরুড়েন ॥২০॥
তমিতি। মেরুশিখরপ্রখ্যং সুমেরুগিরিশৃঙ্গসদৃশম্। শৌরিঃ কৃষ্ণঃ ॥২১॥
তত ইতি। আরোপ্য তত্র রথে উত্থাপ্য, পুরুষোত্তমঃ কৃষ্ণঃ ॥২২॥
ব্যপোঢেতি। ব্যপোঢানি অপগতানি অভ্রাণি মেঘা যস্মিন্ সঃ ॥২৩॥
প্রদক্ষিণেতি। মঙ্গল্যা মঙ্গলসূচকাঃ ॥২৪॥
মঙ্গল্যেতি। মাঙ্গল্যার্থপ্রদৈর্মঙ্গলবিষয়সূচকৈঃ, অন্ববর্ত্তন্ত অন্বগচ্ছন্ ॥২৫॥

ক্রমে কৃষ্ণের মহামাহাত্ম্যপ্রকাশকারী ও সুন্দর-গম্ভীরনাদী সেই রথে গরুড়-ধ্বজ সংযোজিত হইল ॥২০॥

তাহার পর সুমেরুপর্ব্বতের শৃঙ্গের তুল্য, মেঘ ও দুন্দুভির ন্যায় গম্ভীর শব্দকারী এবং বিমানের ন্যায় কামগামী সেই রথে কৃষ্ণ আরোহণ করিলেন ॥২১॥

তৎপরে কৃষ্ণ সাত্যকিকে তুলিয়া লইয়া রথের শব্দে পৃথিবী ও আকাশ নিনাদিত করিয়া গমন করিতে লাগিলেন ॥২২॥

তখন ক্ষণকালমধ্যে আকাশের মেঘ তিরোহিত হইল, মঙ্গলময় বায়ু অনুকূল হইয়া চলিতে লাগিল এবং ধূলি নিবৃত্তি পাইল ॥২৩॥

কৃষ্ণের যাত্রার সময়ে মঙ্গলসূচক মৃগ-পক্ষী সকল প্রদক্ষিণ করিয়া এবং অনুকূল হইয়া গমন করিতে লাগিল ॥২৪॥

(২৫) মঙ্গলার্থপদৈঃ শব্দৈঃ—পি।

মন্ত্রাহুতিমহাহোমৈর্হূয়মানশ্চ পাবকঃ।
প্রদক্ষিণশিখো ভূত্বা বিধূমঃ সমপদ্যত ॥২৬॥
বশিষ্ঠো বামদেবশ্চ ভূরিদ্যুম্নো গয়ঃ ক্রথঃ।
শুক্রনারদবাল্মীকা মরুত্তঃ কুশিকো ভৃগুঃ ॥২৭॥
দেবব্রহ্মর্ষয়শ্চৈব কৃষ্ণং যদুসুখাবহম্।
প্রদক্ষিণমবর্ত্তন্ত সহিতা বাসবানুজম্ ॥২৮॥ (যুগ্মকম্)
এবমেতৈর্মহাভাগৈর্মহর্ষিগণসাধুভিঃ।
পূজিতঃ প্রযযৌ কৃষ্ণঃ কুরূণাং সদনং প্রতি ॥২৯॥
দেবতাভ্যো নমস্কৃত্য ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ।
প্রযযৌ পুণ্ডরীকাক্ষঃ সাত্যকেন সহাচ্যুতঃ ॥৩০॥
তং প্রয়ান্তমনুপ্রায়াৎ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চোভৌ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৩১॥

ভারতকৌমুদী

মন্ত্রেতি। বিধূমো ধূমশূন্যঃ, সমপদ্যত সমজায়ত ॥২৬॥

বশিষ্ঠ ইতি। বাল্মীকো বাল্মীকিঃ। প্রদক্ষিণমবর্ত্তন্ত "দক্ষিণে গোমৃগদ্বিজাঃ" ইতি শাস্ত্রান্মঙ্গলসূচনার্থমিতি ভাবঃ, সহিতা মিলিতাঃ, বাসবানুজমুপেন্দ্রম্ ॥২৭—২৮॥

এবমিতি। মহর্ষিগণো বশিষ্ঠাদিশ্চ সাধবো গয়াদয়শ্চ তৈঃ ॥২৯॥

দেবতাভ্য ইতি। সত্যকস্যাপত্যং সাত্যকঃ সাত্যকিরেব, তেন ॥৩০॥

তমিতি। অনুপ্রায়াৎ অন্বগচ্ছৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥৩১॥

সারস, শতপত্র ও হংসগণ সকল দিকেই মঙ্গলসূচক শব্দ করিতে থাকিয়া কৃষ্ণের অনুগমন করিতে থাকিল ॥২৫॥

মন্ত্রপাঠপূর্ব্বক আহুতি প্রদান করিতে লাগিলে, হোমাগ্নি ধূমশূন্য হইয়া আপন শিখাগুলিকে প্রদক্ষিণক্রমে সঞ্চালিত করিতে লাগিল ॥২৬॥

বশিষ্ঠ, বামদেব, ভূরিদ্যুম্ন, গয়, ক্রথ, শুক্র, নারদ, বাল্মীকি, মরুত্ত, কুশিক ও ভৃগু—এই দেবর্ষি ও ব্রহ্মর্ষিরা সম্মিলিত হইয়া যদুবংশের আনন্দজনক ও ইন্দ্রের অনুজ কৃষ্ণের দক্ষিণদিকে অবস্থান করিলেন ॥২৭—২৮॥

এইভাবে এই মহাভাগ মহর্ষিগণ ও সাধুগণ সম্মানিত করিলে, কৃষ্ণ হস্তিনানগরের দিকে যাত্রা করিলেন ॥২৯॥

তখন পুণ্ডরীকাক্ষ কৃষ্ণ দেবগণকে নমস্কার করিয়া এবং ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিবাচন করাইয়া সাত্যকির সহিত যাইতে লাগিলেন ॥৩০॥

(৩০) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

চেকিতানশ্চ বিক্রান্তো ধৃষ্টকেতুশ্চ চেদিপঃ।
দ্রুপদঃ কাশিরাজশ্চ শিখণ্ডী চ মহারথঃ ॥৩২॥
ধৃষ্টদ্যুম্নঃ সপুত্রশ্চ বিরাটঃ কেকয়ৈঃ সহ।
সংসাধনার্থং প্রযযুঃ ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভ। ॥৩৩॥ (যুগ্মকম্)
ততোঽনুব্রজ্য গোবিন্দং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
রাজ্ঞাং সকাশে দ্যুতিমানুবাচেদং বচস্তদা ॥৩৪॥
যো ন কামান্ন চ ভয়ান্ন লোভান্নার্থকারণাৎ।
অন্যায়মনুবর্ত্তেত স্থিরবুদ্ধিরলোলুপঃ ॥৩৫॥
ধর্ম্মজ্ঞো ধৃতিমান্ প্রাজ্ঞঃ সর্ব্বভূতেষু কেশবঃ।
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং দেবদেবঃ সনাতনঃ ॥৩৬॥
তং সর্ব্বগুণসম্পন্নং শ্রীবৎসকৃতলক্ষণম্।
সংপরিষজ্য কৌন্তেয়ঃ সন্দেষ্টুমুপচক্রমে ॥৩৭॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

চেকিতান ইতি। চেদিপশ্চেদিরাজঃ। সংসাধনার্থং শিষ্টাচারসম্পাদনার্থম্ ॥৩২—৩৩॥

তত ইতি। ইদং "যা সা বাল্যাৎ প্রভৃত্যস্মান্" ইত্যাদি বক্ষ্যমাণম্ ॥৩৪॥

কং কীদৃশমুবাচেত্যাহ—য ইতি। অর্থকারণাৎ প্রয়োজনবিশেষহেতোঃ। ধৃতিমান্ ধৈর্য্যশালী। শ্রীবৎসেন বক্ষোলোমাবর্ত্তেন কৃতং লক্ষণং চিহ্নং যস্য তম্ ॥৩৫—৩৭॥

কৃষ্ণ যাইতে লাগিলে, কুন্তীনন্দন যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুন এবং মাদ্রীনন্দন নকুল ও সহদেব—তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন ॥৩১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ জনমেজয়! বিক্রমশালী চেকিতান, চেদিরাজ ধৃষ্টকেতু, দ্রুপদ, কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন এবং পুত্রগণ ও কেকয়গণের সহিত বিরাট, এই সকল ক্ষত্রিয়ও শিষ্টাচার সম্পাদন করিবার জন্য (কিছু দূর) গমন করিলেন ॥৩২—৩৩॥

তাহার পর তেজস্বী ধর্ম্মরাজ যুধিষ্ঠির কৃষ্ণের অনুগমন করিয়া তখন রাজাদের সমক্ষে এই কথা বলিলেন ॥৩৪॥

স্থিরবুদ্ধি ও অলোভী যে কৃষ্ণ কাম, ভয়, লোভ, কিংবা অন্য কোন প্রয়োজনবশতঃ অন্যায়ের অনুসরণ করেন না এবং যিনি ধর্ম্মজ্ঞ, ধৈর্য্যশীল, সকল প্রাণীর চরিত্রাভিজ্ঞ, সর্ব্বভূতের অধীশ্বর, দেবতাদেরও দেবতা ও সনাতন, সেই সর্ব্বগুণসম্পন্ন এবং শ্রীবৎসচিহ্নশোভিত কৃষ্ণকে আলিঙ্গন করিয়া যুধিষ্ঠির সংবাদ বলিতে আরম্ভ করিলেন ॥৩৫—৩৭॥

(৩৩)…ক্ষত্রিয়র্ষভম্—বা ব বা নি। (৩৭) শ্লোকাৎ পরম্ '…দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

যুধিষ্ঠির উবাচ।

যা সা বাল্যাৎ প্রভৃত্যস্মান্ পর্য্যবর্দ্ধয়তাবলা।
উপবাসতপঃশীলা সদা স্বস্ত্যয়নে রতা ॥৩৮॥
দেবতাঽতিথিপূজাসু গুরুশুশ্রূষণে রতা।
বৎসলা প্রিয়পুত্রা চ মাতাঽস্মাকং জনার্দ্দন! ॥৩৯॥
সুযোধনভয়াদ্ যা নোঽত্রায়তামিত্রকর্ষণ!।
মহতো মৃত্যুসংবাধাদুদ্দধ্রে নৌরিবার্ণবাৎ ॥৪০॥
অস্মৎকৃতে চ সততং যয়া দুঃখানি মাধব!।
অনুভূতান্যদুঃখার্হা তাং স্ম পৃচ্ছেরনাময়ম্ ॥৪১॥ (কলাপকম্)
ভৃশমাশ্বাসয়েশ্চৈনাং পুত্রশোকপরিপ্লুতাম্।
অভিবাদ্য স্বজেথাস্ত্বং পাণ্ডবান্ পরিকীর্ত্তয়ন্ ॥৪২॥

ভারতকৌমুদী

যেতি। স্বস্তি মঙ্গলম্ অয়তে প্রাপ্নোত্যনেনেতি স্বস্ত্যয়নং বিষ্ণুপূজাদি। বৎসলা অস্মাসু স্নেহবতী। নঃ অস্মান্, অত্রায়ত অরক্ষৎ। মৃত্যুসংবাধাৎ দুর্য্যোধনঘটিতমরণসঙ্কটাৎ, উদ্দধ্রে উদ্ধৃতবতী। তাং মাতরং বিদুরগৃহস্থিতাম্ ॥৩৮—৪১॥

ভৃশমিতি। স্বজেথা আলিঙ্গেঃ। পরিকীর্ত্তয়ন্ কুশলিত্বেন ব্রুবন্ ॥৪২॥

যুধিষ্ঠির বলিলেন—"জনার্দ্দন। সেই যে মহিলা বাল্যকাল হইতে আমাদিগকে পরিবর্দ্ধিত করিয়াছেন, যিনি সর্ব্বদাই উপবাস, তপস্যা ও স্বস্ত্যয়নে ব্যাপৃতা, যিনি দেবতাপূজা, অতিথিসেবা ও গুরুজনের পরিচর্য্যায় নিরতা, আমাদের যে মাতৃদেবী বৎসলা ও প্রিয়পুত্রা, যিনি আমাদিগকে দুর্য্যোধনের ভয় হইতে রক্ষা করিয়াছেন, নৌকা যেমন সমুদ্র হইতে মানুষকে উদ্ধার করে, সেইরূপ যিনি গুরুতর মৃত্যুসঙ্কট হইতে আমাদিগকে উদ্ধার করিয়াছেন এবং যিনি দুঃখভোগের অযোগ্য হইয়াও আমাদের নিমিত্ত সর্ব্বদা দুঃখভোগ করিয়াছেন, কৃষ্ণ। তুমি আমাদের সেই মাতৃদেবীর নিকট অনাময়প্রশ্ন করিও ॥৩৮—৪১॥

কৃষ্ণ। তুমি সেখানে যাইয়া পাণ্ডবগণের মঙ্গলসংবাদ বলিয়া পুত্রশোকার্ত্তা মাতৃদেবীকে অভিবাদন ও আলিঙ্গন করিয়া তাঁহাকে বিশেষভাবে আশ্বস্ত করিও ॥৪২॥

(৪০)·উদ্ধরেন্নৌরিবার্ণবাৎ—বা ব রা,···দুস্তরান্নৌরিবার্ণবাৎ—নি। (৪২)···পুত্রশোকৈরভিপ্লুতাম্—পি।

উঢ়াৎ প্রভৃতি দুঃখানি শ্বশুরাণামরিন্দম।।
নিকারানতদর্হা চ পশ্যন্তী দুঃখমশ্নুতে ॥৪৩॥
অপি জাতু স কালঃ স্যাৎ কৃষ্ণ। দুঃখবিপর্য্যয়ঃ।
যদহং মাতরং ক্লিষ্টাং সুখং দদ্যামরিন্দম। ॥৪৪॥
প্রব্রজন্তোঽনুধাবন্তীং কৃপণাং পুত্রগৃদ্ধিনীম্।
রুদতীমপহায়ৈনামগচ্ছাম বয়ং বনম্ ॥৪৫॥
সা নূনং ম্রিয়তে দুঃখৈঃ সা চেজ্জীবতি কেশব।।
তথা পুত্রাধিভির্গাঢ়মার্ত্তামর্চ্চয় সৎকৃত। ॥৪৬॥

ভারতকৌমুদী

উঢ়াদিতি। উঢ়মিতি ভাবে ক্তঃ। তেন উঢ়াদ্বিবাহাৎ। শ্বশুরাণাং গৃহ ইতি শেষঃ। নিকারান্ দুর্য্যোধনাদিকৃতা যাতনাঃ, অতদর্হা নিকারাযোগ্যাপি চ ॥৪৩॥

অপীতি। দুঃখানাং বিপর্য্যয়ো যস্মিন্ সঃ। মাতরং প্রাপ্যেতি শেষঃ ॥৪৪॥

প্রেতি। কৃপণাং বিরহকাতরাম্, পুত্রগৃদ্ধিনীং পুত্রস্নেহাকুলাম্ ॥৪৫॥

সেতি। পুত্রাধিভিঃ পুত্রবিষয়কমনোব্যথাভিঃ। হে সৎকৃত। সজ্জনৈরাদৃত। ॥৪৬॥

ভারতভাবদীপঃ

সম্পাদয়ামাসুঃ সজ্জীকৃতবন্তঃ ॥১৯—২৪॥ মঙ্গল্যার্থপ্রদৈঃ বিজয়ী ভবেত্যাদিমঙ্গলাবহৈঃ ॥২৫—৩২॥ সংসাধনার্থং কার্য্যনিষ্পত্ত্যর্থম্ ॥৩৩—৪২॥ উঢ়াৎ বিবাহাৎ, যদ্বা "উঢ়স্তল্লিত-

---

অরিন্দম। আমাদের মাতৃদেবী দুঃখ ও যাতনাভোগের অযোগ্যা হইয়াও বিবাহের পর হইতেই শ্বশুরগৃহে নানাবিধ দুঃখ ও যাতনা দেখিতে থাকিয়া কেবল দুঃখই ভোগ করিতেছেন ॥৪৩॥

অরিন্দম কৃষ্ণ। দুঃখবিপর্য্যয়ের সে কাল আমার কখনও আসিবে কি? যখন আমি দুঃখিতা মাতৃদেবীর সুখসম্পাদন করিতে পারিব ॥৪৪॥

আমরা যখন বনে যাই, তখন পুত্রস্নেহাকুলা মাতৃদেবী শোকে কাতর হইয়া রোদন করিতে করিতে আমাদের পিছনে পিছনে ধাবিত হইয়াছিলেন; হায়। সেই অবস্থায়ই আমরা তাঁহাকে পরিত্যাগ করিয়া বনে গিয়াছিলাম ॥৪৫॥

সজ্জনসৎকৃত কৃষ্ণ। মাতৃদেবী নিশ্চয়ই দুঃখে মরিয়া গিয়াছেন, কিন্তু তিনি যদি জীবিতও থাকেন, তথাপি পুত্রদের জন্য মনের কষ্টে অত্যন্ত পীড়িত হইয়াই রহিয়াছেন; তুমি তাঁহাকে পূজা করিও ॥৪৬॥

---

(৪৩)…নিরাকারাহতদর্হা চ—নি। (৪৬)…তথা পুত্রাধিভির্গাঢ়মার্ত্তা হ্যানর্ত্তসৎকৃতা—পি,…হ্যানর্ত্তসৎকৃত।—বা ব রা।

অভিবাদ্যাথ সা কৃষ্ণ! ত্বয়া মদ্বচনাদ্বিভো!।
ধৃতরাষ্ট্রশ্চ কৌরব্যো রাজানশ্চ বয়োঽধিকাঃ ॥৪৭॥
ভীষ্মং দ্রোণং কৃপঞ্চৈব মহারাজঞ্চ বাহ্লিকম্।
দ্রৌণিঞ্চ সোমদত্তঞ্চ সর্ব্বাংশ্চ ভরতান্ পৃথক্ ॥৪৮॥
বিদুরঞ্চ মহাপ্রাজ্ঞং কুরূণাং মন্ত্রধারিণম্।
অগাধবুদ্ধিং ধর্ম্মজ্ঞং স্বজেথা মধুসূদন! ॥৪৯॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা কেশবং তত্র রাজমধ্যে যুধিষ্ঠিরঃ।
অনুজ্ঞাতো নিববৃতে কৃষ্ণং কৃত্বা প্রদক্ষিণম্ ॥৫০॥
ব্রজন্নেব তু বীভৎসুঃ সখায়ং পুরুষর্ষভম্।
অব্রবীৎ পরবীরঘ্নং দাশার্হমপরাজিতম্ ॥৫১॥
যদস্মাকং বিভো! বৃত্তং পুরা বৈ মন্ত্রনিশ্চয়ে।
অর্দ্ধরাজ্যস্য গোবিন্দ! বিদিতং সর্ব্বরাজসু ॥৫২॥

ভারতকৌমুদী

অভীতি। অভিবাদ্যা অভিবাদনীয়া। ধৃতরাষ্ট্রশ্চ অভিবাদ্যঃ ॥৪৭॥

ভীষ্মমিতি। ভরতান্ ভরতবংশ্যান্, অভিবাদ্যেতি শেষঃ। মন্ত্রধারিণং মন্ত্রিণম্, স্বজেথা আলিঙ্গেঃ, শূদ্রাজাতত্বেনাভিবাদনানর্হত্বাদিতি ভাবঃ ॥৪৮—৪৯॥

ইতীতি। অনুজ্ঞাতঃ 'নিবর্ত্তস্ব' ইতি কৃষ্ণেনৈবানুমতঃ ॥৫০॥

ব্রজন্নিতি। বীভৎসুরর্জ্জুনঃ। পরবীরঘ্নং বিপক্ষবীরহন্তারম্, দাশার্হং কৃষ্ণম্ ॥৫১॥

যদিতি। অর্দ্ধরাজ্যস্য বৃত্তং গ্রহণালোচনং সঞ্জাতম্। তদ্বিদিতম্ ॥৫২॥

কৃষ্ণ! প্রভু! তুমি যাইয়া আমার অনুরোধে মাতৃদেবীকে, কুরুনন্দন ধৃতরাষ্ট্রকে এবং বয়োজ্যেষ্ঠ রাজগণকে আমাদের হইয়া অভিবাদন করিও ॥৪৭॥

মধুসূদন! তুমি যাইয়া ভীষ্ম, দ্রোণ, কৃপ, মহারাজ বাহ্লিক, অশ্বত্থামা, সোমদত্ত ও ভরতবংশীয়দিগকে (আমাদের হইয়া) অভিবাদন করিয়া মহাপ্রাজ্ঞ, কৌরবগণের মন্ত্রী, অগাধবুদ্ধি ও ধর্ম্মজ্ঞ বিদুরকে আলিঙ্গন করিবে" ॥৪৮—৪৯॥

